আমাদিগেৱ সৃষ্টি কৰ। আমাদিগেৱ
মনেৱ ইচ্ছ। ও বিবেচন। জামেন।
বিদ্য। দান কৱিলে ক্ষয় ন। পাইয়।
বৱ। হৃদ্দি পায়।
পৰ্যন্তকেৱ যশ কোথাও নাই।

স্বভাবানুসারে লোক যান্ত্র ও তুচ্ছ হয়।

বিদ্যা ধন জ্ঞাতির। ভাগ করিয়া লইতে পারে ন।।

যে কেবল আপন সুখ চেষ্টা করে, সে অংশ সুখ পায়, ও তাহাকেই
মিচ বল। যায়।

গোপনে কুকর্ম করিয়া পরের অপমানহইতে পলায়ন কর। যাই, কিন্তু
আপন ঘনের দৃঢ়থকে জাড়ান যায় ন।।

অধর্ম কর্মের সুখ বিমাণি, কিন্তু সৎক্রিয়ার সুখ নিত্য।

তৃত্য ও দীন ও পন্থের প্রতি ব্যবহার দেখিয়। ভাল মন্দ স্বভাব জান। যাই।
বজ্রু গোকের আমন্দে আমন্দিত ও দৃঢ়ণে দৃঢ়িত হও, এবং প্রতিবা-
সিকে আঝু তুল্য প্রেম করিয়া প্রীতি কর।

তুচ্ছ করিলে কোন কর্ম হয় ন।; অতএন সকল কার্য মনোযোগ কর।

ভারি কর্মের আবস্ত্রে পূর্বে তাহ। ব্যক্ত হইলে তাহার ক্ষতি হইতে পারে।
আরব্লু কার্য্যের সমাপ্তি করিব।, যাহা সমাপ্তি করিতে না পার, বরং
তাহার আরভ ন। কর। ভাল।

আয়াদিগের তাৰং ইছাই কুপথে যায়, অতএব তাহ। যাহাতে সুপথে
যায়, এমত মনোযোগ করিলে সেই মনোযোগ আয়াদিগকে জ্ঞাবণি
মৱণ পর্য্যস্ত রক্ষা করিবে।

গত কালে কোন কার্য হয় ন।, এবং ভবিষ্যৎ কালও আয়াদের নহে;
অতএব বর্ত্মান কালে মনোযোগ করিয়। তাহ। সফল কর।

মাহাদিগের আশা অংশ তাহাদের নৈরাশ্যও অংশ; কিন্তু যাহাদের
আশা অধিক তাহাদের নিরাশাও অধিক।

কটুভাবি ও পরন্দুহি ও বিবাদির প্রতি কাহারও বিশ্বাস ও প্রেম
থাকে ন।।

কলাকার ও বিকলাঙ্গ ও খোঁড়া ও কাগ। ইত্যাদি লোককে দেখিয়া উপহাস
কর। অনুচিত, কেনন। ইহ। সকলেরই হওনের সন্তান। আছে।

পরের অনিষ্ট করিলে যে সুখ ও ঐশ্বর্য হয় তাহ। অনিত্য; কিন্তু সৎকর্ম
জন্য যে সুখ ও ধন তাহ। নিত্যস্থায়।

দোষিগণকে যদি আয়ৱ। ক্ষম। ন। করি, তবে ইত্যরের কাছে আয়ৱ।ও
নিজ দোষের ক্ষয়। পাইব ন।।

কুসংসগ্রী ও কুকর্মী ও বিধর্মী ও দ্বেষী ব্যক্তি তুচ্ছাস্পদ হয়।

চৌর্য ও মিথ্য। ও শঠতাহার। উপার্জন করণপেক্ষ। সামান্য কর্ম করিয়।
জীবন রক্ষ। কর। ভাল।

কুকর্মে কাল যাপন কর। উচিত নয়, কেনন। পরে আয়াদিগকে সকল
কার্য্যের হিসাব দিতে হইবে।

তাবি সুখ অতি সুন্দর বোধ হয়, কিন্তু তোগ করিলে তাহার তেমন সৌন্দর্য
থাকে ন।।

তোমার প্রতি পরের কুব্যবহার দেখিয়া সেই রূপ আচরণ করিও না,
 কিন্তু পরের ভাল আচরণ দেখিয়। তাহ। শিক্ষা কর।
 মৃৎ লোক শরীরস্থ কামাদি শত্রু ও কুস্তভাবদ্বার। সৎসারের সুখহইতে
 ব্রহ্মিত হয়।
 দুঃখ লোকের প্রতি দয়া কর। ও তাহাদিগকে রিঙ্গ হন্তে বিদায় মা
 করিয়। উপকার কর। ও তাহাদের বিলাপে ও খেদোক্তিতে ঘনোযোগ
 কর। কর্তব্য।
 অন্যের বৃক্ষিতে দুঃখী হওয়। ও পরের প্রতিষ্ঠার বাধা কর। হিংসক ও
 নিন্দক লোকের নিরশন।
 যাহার। অপরিমিতাচারী ও শত্রুর আক্ষাদজনক কার্যকারী, তাহার। ক্ষে
 ও দুর্গতি ভোগ করে।
 অন্যহইতে প্রাপ্ত হিতোপদেশ ও ধর্মশিক্ষা মনে ২ বিবেচনা করিলে ঐ
 দুই বিষয় আরও অধিক বৃক্ষি পায়।
 অন্যের কুপরামশ গুহ্য করিলে যে দোষ জন্মে, তাহাতে মনের সর্ববাস
 ও ভদ্রতার হানি হয়।
 পরিমিতাচারিন। অল্প সুখেতেও সুখী হয়, এবং সুখের সম্পূর্ণ আ-
 বাদ পায়।

CHAPTER II.

EASY COLLOQUIES.

I.—Morning.

প্রাতঃকালের বিবরণ।

কামান পড়িয়াছে।	নির্মিতে নিম্না গিয়াছ, তরিমিতে
রামচন্দ, উঠিবার বেলা হইয়াছে।	উপরের ধন্যবাদ কর, যেন তিনি
শীতু উঠ ও কাপড় পর।	তোমাকে আশীর্বাদ করিয়া সমস্ত
তুমি মুখ খোও ও দাঁতন কর।	দিন কুশলে রাখেন।
চুল আঁচড়াও।	গায়ে চাদর দেও।
এখন ছাঁটু গাড়িয়া ইঞ্চরের কাছে	আইস, রামচন্দ, আমর। বেড়াইতে
প্রার্থনা কর; তুমি যে সমস্ত রাত্	যাই।

2.—Walking.

বেড়াইবার বিবরণ।

চল, আমরা মাটে বেড়াইতে যাই
গিয়া ; সেখানে ঘেৰ ও ছাগল ও
গোকুল ও গাছ ও পক্ষী দেখি ;
কেলুয়া কুকুরকে ডাক, সে আমা-
দের সঙ্গে আসুক ।
কুকুর লেজ নাড়িত্বে ; সে আমা-
দিগকে দেখিতে ও সঙ্গে যাইতে
.ভাল বাসে ।
কেলুয়ার গায়ে হাত বুলাও ।
যাহার উহার গায়ে হাত বুলায় ও
উহাকে খাইতে দেয়, তাহাদিগকে
বড় ভাল বাসে ।
স্বাস এখনো ভিজা আছে, উহার
উপরে যাইও না ।
শুক্রা পথে বেড়াও ।
দেখ, ওখানে একটা কেঁচুয়া আছে ।
উহার গায়ে পা দিও না ।

সে ক্ষেতে কি চাস হইতেছে, তাহা
কি তুমি জান ?
ধান হইতেছে ।
সে মানুবের কাছে একটা ধানের
শীষ চাহিয়া লও ।
ধান পাকিয়াছে ।
কত বীজ আছে, গণিতে পার ? এক,
দুই, তিন, চারি, পাঁচ, ছয় ; ও
রামধন, তুমি গণিতে পার না ।
তাহার অধিক আছে ।
চল, এখন আমরা যাবে মাটি ।
আমার হাতে একটা বোল্টা
বসিয়াছে ।
এখন উড়িয়া গিয়াছে ।
আমাকে কামড়ায় নাই ।
আমরা উহাকে মারি নাই, এই
জন্যে আমাকে কামড়াইল না ।

3.—Taking refreshment.

জলপানের বিবরণ।

পৌড়া আনিয়া বৈস ।
তোমার নিমিত্তে এক বাটী দুঃ ও
চিড়া আছে, এই লও ।
ডাইন হাত দিয়া খাও ।
এই তোমার ডাইন হাত ।
চিড়া শক্ত আছে, দুধে ভিজাইয় ।
খাও ।
চিড়া মাটিতে ফেলিও না ।
চিড়া খাইবার দুব্য, ফেলিতে নাই ।
দুধে একটা মাছি পড়িয়াছে ।
বাহির করিয়া শুক্রা কাপড়ের
উপরে রাখ ।

আহা প্রায় মরিয়া গিয়াছে, ঐ নড়ি-
তেছে ও পাখা নাড়িত্বে ও
পাখা শুকাইতে চায় ।
এই জন্যে দেখ, কেমন পা দিয়া
পা দিয়া পাখা পুঁচিতেছে ।
এ মাছিকে মাটিতে রৌদ্রে রাখ ।
তাহাতে শুকাইয়া গৱম হইবে ।
ও মাছি মরে নাই, একারণ আমি
আক্ষাদিত হইয়াছি ।
ও শীঘ্ৰ ভাল হইবে, আমার এমন
ভৱসা হইতেছে ।

4.—*The cat.*

বিড়ালের বিবরণ।

বিড়াল কোথাও ?
সেখানে আছে ।
তাহার লেজ টানিও না, বড় মানিবে ।
রামকৃষ্ণকে আগাত পাইতে ভাল
মাগে না, এবং বিড়ালকেও ভাল
মাগে না ।
আমি এক বালককে একটা বিরাঙ-
লকে দুঃখ দিতে দেখিয়াছি, সে
তাহার লেজ ধরিয়া টানিল ।
তাহাতে বিরাঙ আপন ধারাল নখ
বিড়াল খুসী হইয়া হেউ ২ করে ।

বিয়ো তাহাকে এমত আঁচড়াইল,
যে তাহার গায়ে দর ২ করিয়া
বক পড়িল ।
বিরাঙের গায়ে হাত দুলাও ।
উহাকে কিছু দুধ খাইতে দেও ।
বিড়াল দুধ ভাল বাসে ।
রামকৃষ্ণ বিড়ালকে বড় ভাল বাসে,
বিড়াল তাহাকে আঁচড়াইবে না,
এবং কামড়াইবেও না ।
বিড়াল খুসী হইয়া হেউ ২ করে ।

5.—*The rainy season.*

বর্ষাকালের বিবরণ।

আমরা কি বাহিরে বেড়াইতে যাইব ?
না, বলরাম পাতিহাঁস ও রাজহাস
না, এখন না, বোধ হয় বৃষ্টি হইবে ।
দেখ, আকাশ অন্ধকার হইয়াছে ।
এখন বড় ভারী বৃষ্টি হইতেছে ।
ঘেঘহইতে বৃষ্টি পড়ে ।
পাতিহাঁস বৃষ্টি ভাল বাসে ।
দেখ, পাতিহাঁস ও রাজহাস ঝলে
সাঁতার দিতেছে ।
বলরাম কি সাঁতার দিতে জানে ?

নয় ; অতএব সে যেন পুষ্করিণী-
তে গিয়া না পড়ে, ইহা সারধান
করিতে হয়, কেননা আমরা তা-
হাকে তুলিয়া আনিতে পারিব
না, তাহাতে অন্ধায়ানে ডুবিয়া
য়িবিবে ।

বলরাম যখন বড় হইবে, তখন চী-
তার দিতে শিখিবে ।

6.—*The blind man.*

কাণা মানুষের বিবরণ।

দেখ, হারে এক জন দুঃখী দাঁড়াইয়া
আছে ।
উহার দুই চুক্ষ অঙ্ক, ও আকাশ কি
প্রথিবী কিছু দেখিতে পায় না ।
আমরা উহার এতে নিকটে থাকি-
সেও আয়াদিগকে দেখিতে পায়

না ; সে বালকের হাত ধরিয়া ২
ভুংখ করে ।
আহা, কাণা হওয়া বড় দুঃখের
বিষয় ।
আমরা ঐ কাণাকে কিছু পয়সা
দিব, সে খাবার সামগ্ৰী কিনিবে ।

এখন সে গিয়াছে।
অতি দূরে গিয়াছে।
ও রামচন্দ্র, ঘরের ভিতরে আইস,
বাবু দেও।
কাষ্ট লোকের। একটা ঘর পায়

এবং কেই ২ নিষ্ঠটে থাকিয়া
তাহাদিগকে সেবা করে ও শিঙ্কা
দেয়, আমার এমত ইচ্ছা হয়।
কেননা তাহা করিলে তাহাদের
আর শিঙ্কা করিতে হয় না।

7.—The Fire-fly.

জোনাকি পোকার বিবরণ।

ঐ গাছে অগ্নিকুলকির ন্যায় বেড়া
ইতেছে, ও কি? দেখ, অনেক আ-
ছে, এবং গাছ আলো করিয়াছে।
ছোট ২ তারার ন্যায় উড়িয়া বে-
ড়াইতেছে।
ঐ দেখ, তোমার কাপড়ের উপরে
একটা বসিয়াছে, ডুমি হাত দিয়া
ধর, হাত পুড়িবে না।
এ আমার হাতে কেমন লড়ে।
উহাকে ঘরে আনিয়া প্রদীপের
কাছে ধরিয়া দেখ।

আহা একটা মাটিয়া রঞ্জের যাচি,
এখন উহাতে প্রায় কিছু আ-
লো নাই।
উহার নাম জোনাকি পোকা, উহাকে
পাতলা কাপড়ে রাখ।
এখন উহার লেজের নীচে জলি-
তেছে, তুমি কি দেখিতে পাইতেছ?
দেখ উহার কালো মাথা ও ছোট ২
পা আছে।
উহার কত পা আছে? এক, দুই,
তিন, চারি, পাঁচ, ছয়টা আছে।

8.—The distressed Widow.

দৃঢ়গ্রন্থী বিধবার কথা।

মাতা। ওরে আমার প্রাণধন, আইস, আমর। শৈশবাসীদের বাটীতে মাই।
কন্য। আসিতেছি গো মা, চল ২।
ম। ও মা, দেখ দেখি গো, ঐ মা একটি শ্রীলোক ঘাটে বসিয়া কান্দি-
তেছে, দেখ তো গো, দেখতো ২ কি জন্যে কান্দিতেছে, দুঃখ, তা-
হার কেহ যরিয়া থাকিবে?
ক। হাঁ মা, সত্য কথাই বটে, জিজামা করিলে পরে সে এই কথা
বলিল, যে আমার স্বামী যরিয়াছেন, আর মা এখন আমার এই
শিশু শুলির হৃৎপানে কে তাকাইবে? স্বামী তো গেলেন, মা গো,
আমি বড় অনাথা।
ম। আহাহা, উহার স্বামী যরিয়াছে, তবে তো বড় দুঃখের বিষয়ই
বটে; আহা, ঈশ্বর দয়া করুন, হা গো, উহার শিশু কয়টি?

ক। হেনে দেখ মা, বলিল কি, বেটো ছেলিয়া দুইটি, আর মাইয়া
একটি, দেখিলাম সকল প্রলিট ছোটো।

মা। আচা, এমন দুঃসময়ে কি করিলে উহার উপকার হয় ?

ক। ঠী গো মা, পরশ্য মে দুইটি টাকা আমাকে দিয়াছিলা, তাহারি
একটি টাকা উহাকে দিব।

মা। ভাল ঘোর মা, তুমিও ঐ টাকাটি দেও, এবং আমিও আর
চারিটি টাকা দিবেছি; এই লঙ, পাঁচটি টাকা উহার হাতে দিয়া
দুটা ভাল কথাতে উহার প্রয়োগ জ্ঞানিয়া কিছি শোকসাম্মুণ্য করিয়া
আইস; আর হেনে শুন তো মা, চেলিয়া প্রিসিকে আমার কাছে
একবার ডাকিয়া আন তো, দর্লিয়া দি, তাহারা যেন পাঠশালায়
গিয়া লেখা পড়া শিক্ষা করে; আর এই কথা বলিয়া দি, যে আ-
পনার > সাধ্য যথে শুয় করিয়া আপনাদের আর মায়ের প্রতি
পালনের চেষ্টার থাকে।

ক। ঠী, আমি এখনি গিয়া টাকা দিয়া তাহাদিগকে তোমার কাছে
ডাকিয়া আনি, ঈ ছেলিয়া প্রলিখ তিত করিলে ঈশ্বর তুষ্ট হবেন।

মা। ঠী বাছা, ভাল তুবিয়াচ, কেননা পরের উপকার করিতে ঈশ্বরের
আচা আছে, অতএব মেটি আজ্ঞা পালিলে তিনি তুষ্ট হবেন, এবং
আজ্ঞা পালন করাও কঠিন নয়, মে তো সুখের বিষয়; দেখ,
তাহাতে উভয়েরি ভাল, যাহার উপকার করা যায় তাহারও হিত
হয়, এবং মে উপকার করে মেও ঈশ্বরের হানে পরম কুশল পায়।

9.—Rivers.

নদী।

শিব্য। কে মহাশয়, আর্ম অনিয়াচ, পৃথিবীতে অনেক ২ নদী আছে,
মেটি নদী সকল কোথাহইতে আইসে আর কোথায় যায়? আপনি
অনুগ্রহ করিয়া দলুন।

প্রফু। নদী সকল পদ্মশহইতে আইসে, এবং সমুদ্রেতে যায়।

শিব্য। নদীর জল নিয়ো পর্যত হইতে দাঁহরী আইসে, পর্বতের
উপরে দাহয়া যায় না, তবে পর্বতের উপরে এত জল কেমন
করিয়া হয়? আর মেটি জলের কথন শেষ হয় না ফেন? এবং নদীর
জল সকল নিয়ো সমুদ্রে গেলেও সমুদ্র পূর্ণ হয় না, তাহার
কারণ কি?

প্রফু। হে শিব্য, মত জল পদ্মশহইতে দাঁহরী সমুদ্রে পড়ে, ঠিক
ওই জল আরবার সমুদ্রহইতে উঠিয়া পরবৎ যায়।

শিষ্য। জল পর্কতের উপরে উঠিয়া যায়, এ কথা কখন শুনি নাই।
ষষ্ঠু। তুমি অজ্ঞান বালক, তোমার অনেক শিখিতে বাঁচি আছে;
শুন, তোমার মা যখন হাঁড়িতে জল দিয়া আপনের উপরে তপ্ত
করে, তখন সে জলহইতে কি উঠে?

শিষ্য। সে জলহইতে ধূঁয়া উঠে।

ষষ্ঠু। না, ধূঁয়া নয়, কেননা ধূঁয়াতে গন্ধ আছে ও তাহাতে চক্ষুতে
বেদন। হয়, কিন্তু তপ্ত জলহইতে যাহা উঠে, তাহার গন্ধও নাই,
এবং তাহাতে চক্ষুর বেদনও হয় না, তাহা এক প্রকার নির্মল ধূঁয়া।
কি না? তাহাকে বাস্প বলে। সেই বাস্পেতে যদি কিছু ক্ষণ হাত
রাখ, তবে হাত ভিজিয়া যায়, আর যদি অধিক ক্ষণ রাখ, তবে
প্রায় হাতহইতে ফৌটা। জল পড়ে, তবে বল দেখি জল কি উঠে না?

শিষ্য। হাঁ বটে, আমি কখন এমন বিবেচনা করি নাই, কিন্তু সত্য
বটে, বাস্পেতে জল আছে, তাহা না হইলে হাত ভিজিবে কেন?

ষষ্ঠু। বাস্প কেবল জল।

শিষ্য। কিন্তু বাস্প জলের মত দেখায় না।

ষষ্ঠু। দেখ, একটা ইট সূক্ষ্ম করিয়া। পিষিলে ধূল। হয়, আর সে ধূলা
হাতামেতে উড়িয়া যায়, এবং ইটের মত আর দেখায় না, তথাপি
সে ধূলা ইটের ছোট ষড়াগাঁড়া মাত্র। তেমনি বাস্প জলের স্ফুরু
বিন্দুমাত্র, আর সেই বিন্দু অতিশয় সূক্ষ্ম হওয়াতে চক্ষুর অদৃশ্য
হয়। হে শিষ্য, আমাকে বল, এই বাস্প কিসের তেজে উপরে উঠে?

শিষ্য। আমি বোধ করি, আপনের তেজে উপরে উঠে।

ষষ্ঠু। ভাল, এই বটে, তবে শুন, হাঁড়িতে আপনের তেজে যাহা হয়, সমুদ্রহইতেও নিত্য ২ বাস্প
উঠে, আর আকাশে গিয়া যেষ হয়; সেই যেষ বাতাসভরে পর্কতের
দিগে কিছী পৃথিবীর উপরে ঢালিত হয়, আর সেইখানে বৃক্ষি
হইয়া নদী দিয়া সমুদ্রে পড়িয়া। আর বার আকাশে উঠিয়া
পর্কতে যায়, এমত আইসে যায়, আইসে যায়, তাহার কখন শেষ
হয় না। ঢাকা যেমন নিত্য ২ ঘূরিলেও কখন হুরিবার শেষ হয় না।

শিষ্য। এখন ভাল বুঝিয়াছি। আর এক কথা জিজ্ঞাসিতে চাই, যেষ-
হইতে বৃক্ষি হয় কেমন করিয়া? যেষ বাস্পমাত্র ও যেষ তেজনি
দেখায় বটে, কিন্তু তাহাহইতে এমন বড় ফৌটা জল কেমনে হয়?

ষষ্ঠু। হাত অনেক ক্ষণ হাঁড়ির উপরে রাখিলে তাহাতে ক্রমে ২ জলের
ফৌটা হয়, ইহার কারণ এই, জলের ছোট ২ বিন্দু সকল হাঁড়ি-
হইতে উঠিয়া হাতে একত্র হয়, তাহাতে ক্রমে ২ বড় বিন্দু জাস্তে।
তেমনি যেষ অতি যন হইলে, তাহার জলবিন্দু সকল ক্রমে ২ বড়

হয় ও শেবে এত বড় হয়, যে আপন ভারেতে করিয়া নীচে পড়ে,
তাহাতে দ্রষ্টি উৎপন্ন হয়, দুঃখিয়াছ ?
শিষ্য। হঁ মহাশয়, দুঃখিয়াছি।

10.—*The Honourable Company.*

কোম্পানী বাহাদুর।

শিষ্য। হে প্রভু মহাশয়, আমি বারং শনিয়াছি, কোম্পানী এই দে-
শের রাজা; কোম্পানী কি ? আপনি অনুগৃহ করিয়া বলুন। কেহ
বলে, কোম্পানী একটী স্ত্রী লোক, সে বিলাতে বাস করে, ও মো-
নার খাটে শয়ন করে, এ কি সত্য ?

ধূর। কোম্পানী স্ত্রীলোকও নয় পুরুষও নয়, কোম্পানী একটা সত্তা।
দেখ, এক জন যে কর্ম করিতে পারে না, দশ জন মিলিয়া সেই
কর্ম করিতে পারে; ইহার দৃষ্টিষ্ঠান বলি। কলিকাতার দক্ষিণে যে
সকল চাসালোক বাস করে, তাহাদের ভূমি অতি নাবাল প্রযুক্ত
বারং হাজিয়া যায়, তাহা হইলে লোক সকল মাছ ধরিয়া দিন-
পাত করে। কিন্তু জাল না থাকিলে মাছ ভাল ধরা যায় না, এবং
এক জালের মূল্য ১০ কিশ্বা ১২ টাকা। এত টাকা এক জন দিতে
পারে না, এই অন্যে তাহাদের তিন চারি জন মিলিয়া এক জাল
কিনিয়া মাছ ব্যবসায় করে, পরে যত লাভ হয়, তাহা তাহারা
ভাগ করিয়া লয়; সেই রূপ কোম্পানী।

শিষ্য। সে কেমন ? আমি কিছু দুঃখ না।

ধূর। শুন, ইংলণ্ড দেশে অনেক মহাজন আছে, তাহারা মৌকা-
যোগে নানা দেশে গিয়া বাণিজ্য করিয়া অনেক ধন সঞ্চয় করে।
পুরুষকালে তাহারা এত ধৰ্মী ছিল না। তিন শত বৎসর হইল তা-
হাদের মধ্যে কএক জন হিন্দুস্থানেতে জাহাজ পাঠাইতে মনস্ত করিল,
কেননা তাহারা শনিয়াছিল, এই দেশে অনেক ধন পাওয়া যায়।
কিন্তু এত দূর দেশে জাহাজ পাঠাইতে গেলে অধিক ব্যয় হয়; এত
ব্যয় করা এক জনের শক্তি ছিল না, এই নিমিত্তে দশ বারে।
জন মিলিয়া টাকা একত্র করিয়া জাহাজ কিনিয়া বাণিজ্য দুর্ব্যোত্তে
বোঝাই করিয়া দিল; পরে তাহা পাঠাইয়া বলিল, এই জলযা-
তাতে যত লাভ হইবে, তাহা আমরা ভাগ করিয়া লইব। ঐ মহা-
জনের আশা পূর্ণ হইল, কেননা তাহাদের এই বাণিজ্যেতে অধিক
লাভ হইল, তাহাতে তাহারা অধিক জাহাজ প্রস্তুত করিয়া বারং
হিন্দুস্থানে পাঠাইতে লাগিল, এবং ক্রমেই অধিক লোক টাকা

দিয়। বাণিজ্যের অংশিদার হইল। এই সকল অংশিদের সভাকে কোম্পানী বলে। পূর্বকালে তাহারা কেবল বাণিজ্য করিত, সম্মতি তাহারা দেশ অধিকার করিয়। প্রজাদের কাছে কর পায়, আর প্রায় বাণিজ্য করে না। আর এখন শত ২ অংশিদার হইয়াছে।

শিষ্য। শত ২ অংশিদার হইলে দেশের শাসন কি প্রকারে হয়? তাহারা কি সকলে রাজা হইয়াছে?

পুরু। না, সকলে রাজা নয়। তাহারা সকলে একত্র হইয়। আপনাদের যথ্যহইতে ২৪ জন নিযুক্ত করিয়া থাকে। এই ২৪ জন সভা করিয়া দেশের শাসন করে। তাহাদের নাম কোট অফ ডাইরেকটর্স, এবং তাহাদের মধ্যে এক জন সভাপতি আছে। এই দেশে যত সাহেব আসিয়া ঝুঁক কি মাজিস্ট্রেট কি কলেক্টর কিম্ব। সেনাপতির কর্ম করে, তাহারা সকলে এই ২৪ জন দ্বারা নিযুক্ত।

শিষ্য। আমি শুনিয়াছি, ইংলণ্ডে এক রাণী আছেন, আর আপনি বলেন, এই সভার মোকেরা হিন্দুস্থানের উপরে কর্তৃত করে, তবে বুঝি ইহারা রাণীর অধীন নয়।

পুরু। অধীন বৈ কি? রাণী সর্বশুণ্ঠা ও কোম্পানী তাহার অধীন, আর কোম্পানীর ভজ্ঞাবধারণ ও তাহার অন্যায় নিবারণ করিতে রাণী কর্তৃত নিযুক্ত আর এক সভা আছে, এই সভাতে রাণীর মন্ত্রিয়া বলে ও তাহার নাম কোট অফ কলেক্টর, এই সভার অনুমতি ছাড়া হিন্দুস্থানের গবরনর নিযুক্ত হইতে পারে না।

শিষ্য। রাণীর ইচ্ছ। হইলে তিনি এই সকল দেশ কোম্পানীর হাত-হইতে লইতে পারেন কি না?

পুরু। রাণী পারেন না, কিন্তু ইংলণ্ডেশে যে মহাসভা আছে, সে পারে।

শিষ্য। সে আরবার কি? আর এক সভা? সে কেমন?

পুরু। আজি থাকুক, এই মহাসভার কথা অন্য কোন সময়ে বলিব।

II.—Mountains.

পর্বত।

শিষ্য। হে পুরু মহাশয়, আমি বার ২ পর্বতের কথা শুনিয়াছি; পর্বত কাহাকে বলে? অনুগ্রহ করিয়া বলুন; আমি পর্বত কথা দেখি নাই।

পুরু। এই বঙ্গদেশে পর্বত নাই বটে, কিন্তু এ দেশের উত্তর ও পূর্ব পশ্চিম সীমাতে অনেক পর্বত আছে। পর্বত মাটির কিম্ব। পাথ-রের বড় ঢোপ। সামান্য মাটির ঢোপ প্রায় ৫ হাত কি ৮ হাত অপেক্ষ।

উচ্চ নয়, কিন্তু পর্যবেক্ষণ যে সে ১০০ হাত ও ৫০০ হাত ও ১০০০ হাত, কখন ২ বা ১০০০০ ও ১৫০০০ হাত উচ্চ হয়। দেখ এক মাটির ঢাপির উপরে বালকেরা খেলার সময়ে উঠে; কিন্তু পর্যবেক্ষণের উপরে উঠিতে গেসে শ্রম না করিলে হয় না; ৫০০ হাত উচ্চ যে পর্যবেক্ষণ তাহাতে চড়িতে প্রায় এক দিন লাগে।

শিশ্য। পর্যবেক্ষণের আকার কেমন?

গুরু। পর্যবেক্ষণের দুই প্রকার আকার আছে। কোন ১ পর্যবেক্ষণের পাড়ের ন্যায় লম্বা, তাহাকে পর্যবেক্ষণে বলে, এমন পর্যবেক্ষণে কোন ২ স্থানে ৫০০ কি ৮০০ ক্রোশ লম্বা। অন্য কোন পর্যবেক্ষণ কৃষি ঢাপির গত একেবারে উচ্চ হইয়াছে, তাহাকে পর্যবেক্ষণ বলে।

শিশ্য। পর্যবেক্ষণের উপরে কি মানুষ আছে?

গুরু। অবশ্য, মানুষ থাকিবে না কেন? কোন ২ পর্যবেক্ষণের উপরে ক্ষেত্র ও বাগান আছে, ঘর আছে, নগর আছে; কিন্তু অনেক পর্যবেক্ষণে বনমাত্র থাকে। দেখ বর্ষান জেলার পশ্চিমে বীরভূমি নামক যে জেলা তাহার মধ্যে অবস্থিত আছে, কিন্তু সেই সকল পর্যবেক্ষণের উপরে কেবল বন দৃষ্ট হয়, আর সেই বনে প্রায় মানুষ থাকে না, কেবল বাঘ ও ভালুক ও হরিণ বাস করে। যে পর্যবেক্ষণ অতি উচ্চ সেই পর্যবেক্ষণে বনও হয় না, সেখানে কেবল খণ্ড ২ পাথর ও বরুফ দৃষ্ট হয়। কেননা উচ্চপর্যবেক্ষণের উপরে শীত এমন প্রবল যে সেখানে বারে ১ মাস বরফ থাকে, কখন গলে না, আর সেই খানে শীতপ্রযুক্তি কোন মনুষ্য কি পশ্চ বাস করিতে পারে না, কোন গাছও ঝঁঝে না।

শিশ্য। বাড়বানল পর্যবেক্ষণে কাহাকে বলে?

গুরু। যে পর্যবেক্ষণে আপন উঠে তাহাকেই বাড়বানল পর্যবেক্ষণ বলে।

শিশ্য। সে কেমন?

গুরু। এ বাড়বানল পর্যবেক্ষণের কথা বড় আশ্চর্য্য, শুন; এমন পর্যবেক্ষণের চূড়াতে বড় এক গভীর গর্ত থাকে, সে গর্ত কত গভীর তাহা বলা যায় না। কামানের মুখহইতে যেমন আপন ও ধূম ও গোলা বাহির হয়, তেমন সেই গর্তহইতে ধূম ও আপনের সহিত বড় ২ পাথর ও গলিত লোহা বাহির হয়। এই গলিত লোহা ও পাথর পর্যবেক্ষণের পার্শ্ব দিয়া নীচে বহিয়া যায়, আপন ও ধূম ও ভূম আকাশে উঠে, আর ভূম বাতাসভরে যেদিগে উড়িয়া গিয়া পড়ে, সেই খানকার ভূমি অনেক ক্রোশ পর্যন্ত আচ্ছাদিত হয়। কিন্তু পর্যবেক্ষণে অগ্নি নিত্য নির্গত হয় না, কখন ২ দশ কিম্ব। ত্রিশ বৎসর পর্যন্ত সেই পর্যবেক্ষণে এক প্রকার নিদৃষ্ট হইয়া থাকে, অর্থাৎ আপন নির্গত হয় না, আর যখন ঝাগে, তখন দুই তিন দিন পর্যন্ত অগ্নি বাহির হয়, পরে আর বার ঝুঁঁগিত হয়। আর বাড়বানল পর্যবেক্ষণে আপন নি-

গৰ্ত হওনের সময়ে প্রায় মেঘগঞ্জন ও বিদ্যুৎ ও ভূমিকল্প হইয়া থাকে। ইঁরাজভাষাতে বাড়বান্ন পর্বতকে বলেকেন। বলে।

শিষ্য। এ সকল কথা অসম্ভব বোধ হয়।

গুরু। অসম্ভব বটে, কিন্তু ইখৰ যিনি জগতেৱ ছিতি ও পালনকৰ্তা তাহার অসাধ্য কি?

CHAPTER III.

FABLES.

দৃষ্টান্তকথা।

1.—*The Deer and Lion.*

১। মৃগ ও সিংহ।

কোন সময়ে এক মৃগ ব্যাধের ভয়ে পলাইয়া এক গঠের ভিতরে প্রবেশ কৰিল। পরে এক সিংহ দেখানে তাহাকে ধরিয়া বধ কৰিল। তাহাতে ঐ মৃগ মৃগকালে কহিতে লাগিল, হায় ২ আমাৰ কি দুৰ্বল! হইল! আমি মনুষ্যেৰ হাতহাইতে পলাইয়া তাহাহাইতে অধিক প্রবল আৱ এক শতুৱ হাতে পড়িলাম।

ইহার তাৎপৰ্য্য এই। সাবধান হইয়া না চলিসে এমন ঘটিয়া উঠে যে মনুষ্য এক আপদহাইতে পলাইয়া তাহাহাইতে অধিক ভয়ানক অৱ্য আপনে পড়ে।

2.—*The Hare and Tigress.*

২। খরগোশ ও বাঘিনী।

একটী খরগোশ কোন বাঘিনীৰ নিকটে গিয়া কহিল, ও বাঘিনী স্তুন, প্রতি বৎসৰ আমাৰ অনেক বাচ্চা হয়, কিন্তু তোমাৰ জন্মাবধি মৰণ পৰ্য্যন্ত একটী সন্তানেৰ অধিক জন্মে না। তাহাতে বাঘিনী কহিল, আমাৰ গে এক সন্তান হয় সে তোমাৰ অনেক সন্তানহাইতেও শুচ্ছ।

ইহার তাৎপৰ্য্য এই। অনেক অধম সন্তান অপেক্ষা এক উত্তম পুত্ৰ ভাল।

3.—*The Woman and the Goose.*

৩। স্ত্রী ও হৎসী।

এক স্ত্রী একটি হৎসী পোষিত; সেই হৎসী প্রতিদিন রূপার একঁ ডিম্ব প্রসব করিত। পরে সে স্ত্রী মনে ২ কহিল, আমি যদি ইহার আহার বাঢ়াইয়া দিই, তবে প্রতিদিন দুই ২ ডিম্ব পাড়িতে পারিবে। এই আশয়ে সে তাহাকে পূর্বহইতে অধিক আহার দিতে লাগিল; কিন্তু যথেষ্ট ভোজনের দ্বারা হৎসী পেট ফাটিয়া মরিয়া গেল।

ইহার তাৎপর্য এই। মনুষ্য অধিক লাভের আকাঙ্ক্ষাতে আপনার পূর্ব পুঁজি সুন্ধ নষ্ট করে।

4.—*The Fly and the Ox.*

৪। মশা ও বৃষ।

এক মশা এক ঘাঁড়ের শূঙ্গের উপর বসিয়া অহঙ্কার প্রযুক্ত আপনাকে ভারি জান করিয়া ঘাঁড়কে কহিল, ওহে ঘাঁড়, আমার বসাতে যদি তোমার ভার বোধ হইয়া থাকে, তবে বল, আমি হানাস্তেরে উড়িয়া যাই। এই কথা শুনিয়া বৃষ বলিল, ওহে মশা, তুমি যে আমার উপর বসিয়াছ তাহা আমি টেরও পাই নাই।

ইহার তাৎপর্য এই। যে ব্যক্তি আপন খ্যাতি ও প্রচাপের অভিমান করে, সে শীঘ্ৰ লজ্জা পায়।

5.—*The Man and Death.*

৫। মনুষ্য ও মৃত্যু।

এক মনুষ্য কাঠের বোঝা লইয়া যাইতে ২ তার প্রগুচ্ছ অতিশয় ক্লান্ত হইয়া বোঝা ফেলিয়া দিল, আর আপন মৃত্যু প্রার্থনা করিল। ইহাতে মৃত্যু তাহার নিকটে উপস্থিত হইয়া কহিল, তুমি আমাকে কি জন্মে ডাকিলা? তাহা বলহ। এই কথা শনিয়া মনুষ্য বলিল, এই বোঝা আমার মন্তকে ভুলিয়া দিবার জন্মে তোমাকে ডাকিয়াছি।

ইহার তাৎপর্য এই। পৃথিবীর মধ্যে সকলেই বাঁচিতে ইচ্ছা করে। দেখ, জরাগুস্ত ও দুঃখী হইলেও প্রায় কেহ মৃত্যু চাহে না।

6.—*The Tortoise and the Hare.*

৬। কচ্ছপ ও খরগোশ।

কোন সময়ে এক কচ্ছপ ও খরগোশ এই দুই জন এক পর্বত শৃঙ্গ লক্ষ্য করিয়া, আইস, আমাদের মধ্যে কে আগে পৌছিতে পারে? এই প্রতিজ্ঞা পূর্বক দৌড়িতে লাগিল। তাহাতে খরগোশ আপন ক্ষীণতা ও লঘুতা ও ক্ষতগতি হেতুক অহঙ্কারী হইয়া পথের মধ্যে নিম্ন গেল; কিন্তু কচ্ছপ আপন ধৰ্ম্মতা ও মনস্তি প্রযুক্ত ভয় করিয়া চলিতে বি-রাম না করিয়া আগে পৰ্বতে উত্তরিল। পরে খরগোশ জাগিয়া দেখিস কচ্ছপ আগে গিয়াছে, ইহাতে বড় লজ্জিত হইল।

ইহার তাৎপর্য এই। বলবান् আর দুর্বলেতে যুদ্ধ হইলে বলবানের অসাবধান হওয়া অতি অকর্তৃব্য, কেননা এমনও ঘটিতে পারে যে সবলের তাছীল্য ও আলস্য প্রযুক্ত বলহীন জয়ী হয়।

7.—*The Bramble.*

৭। কটক বৃক্ষ।

এক কটকবৃক্ষ এক জন মালিকে কহিল, যদি কেহ আমাকে যজ্ঞ করিয়া বাগানের মধ্যে রোপণ করে, এবং প্রতিদিন আমার মূলে জ্ঞ সেচন করে, তবে রাজাৰাও অবশ্য আমার ফুল ও ফল দেখিতে প্রয়াস করিবেন। ইহাতে ঐ মালী তাহাকে লইয়া বাগানের এক সঠেজ স্থানে রোপণ করিয়া প্রতিদিন দুই বার জল দিতে লাগিল। এইরূপ করাতে তাহার কাঁটা সকল বাড়িয়া শক্ত হইল, আর যে সকল বৃক্ষ তাহার চারিদিগে ছিল, সে সকলের উপর পর্যন্ত ডাল পালা বাড়িলে ঐ সমুদয় বৃক্ষ নষ্ট হইল। পরে ক্রমে তাহার শিকড় বৃক্ষ হইয়া সমুদয় বাগান বেড়িলে কাঁটার নিমিত্তে কেহ তাহার নিকটে যাইতেও পারিল না।

ইহার তাৎপর্য এই। দুষ্টকে আশ্রয় দিয়া যত তাহার সমান্বয় করা যায়, ততই তাহার দুষ্টতা ও দোরাজ্য বাঢ়ে; এবং যত তাহার উপকার করা যায়, সে ততই অপকার করে।

8.—*The black Man.*

৮। কৃষ্ণবর্ণ পুরুষ।

এক কৃষ্ণবর্ণ পুরুষ নতুন ক্ষ্যাগ করিয়া চূপ লইয়া গান্ন মাথিতে ছিল; তাহাতে কোন ব্যক্তি তাহাকে কহিল, ওহে, কুমি কেন গাত্রে

চূণ লেপন করিতেছে ? ইহা শুনিয়া সে উত্তর করিল, গৌরবর্ণ হইবার জন্মে । পরে ঐ ব্যক্তি কহিল, ওহে কৃষ্ণবর্ণ পুরুষ, তথি আপন শরীরকে দৃঢ়া ক্লেশ দিও না, কেননা তোমার শরীর চূণকে ভাল করিতে পারে, কিন্তু চূণ তোমার কৃষ্ণ বর্ণ ঘুচাইতে পারে না ।

ইহার তাৎপর্য এই । মন্দ ভাঙকে মন্দ করিতে পারে, কিন্তু মন্দকে ভাল করিবার ক্ষমতা প্রায় কাহারও নাই ।

9.—*The Lion and the two Oxen.*

১। সিংহ ও দুই বলদ ।

কোন সময়ে এক সিংহ দুই বলদকে মারিতে তাহাদের প্রতি ধা-ইল ; তাহাতে মেই দুই বলদ একত্র হইয়া সিংহকে আপনাদিগের মধ্যে আনিতে না দিয়া শৃঙ্গের ওপার পুঁতা মারিতে লাগিল । পরে সিংহ তাহাদিগকে বঞ্চনা করিয়া কহিল, ওহে বলদেরা ! তোমরা যদি স্বতন্ত্র হও, তবে আমি কাহারও কিছু ক্ষতি করিব না । পরে এই কথায় প্রত্যয় করিয়া দুই বলদ কিন্তু ২ হইলে সিংহ উভয়কেই নষ্ট করিল ।

ইহার তাৎপর্য এই । যনুব্য সকলে যাবৎ একবাক্যস্থায় থাকে, তাবৎ তাহাদিগের উপর কেহ শত্রুতা করিয়া প্রবল হইতে পারে না, কিন্তু অনৈক্য হইলেই নষ্ট হয় ।

10.—*The Stag.*

১০। দীর্ঘশূক্র হরিণ ।

কোন কালে দীর্ঘশূক্র এক হরিণ তৃক্ষাতুর হইয়া এক জলাশয়ে গিয়া জল পান করিল । পরে জলে আপনার পাদের ক্ষণিতা দেখিয়া বি-বর্ষ হইল, কিন্তু শৃঙ্গের দীর্ঘতাতে আনন্দিত হইল । ইতিমধ্যে ব্যাখ্যাগণ উপস্থিত হইলে হরিণ প্রাণের পলাইয়া গেল ; তাহাতে বৌদ্ধেরা তাহাকে ধরিতে পারিল না । পরে সে নিবিড় বনে প্রবেশ করিলে দীর্ঘ শূক্র প্রযুক্ত বৃক্ষের শাখা ও লতাদিতে বন্ধ হওয়াতে শিকারিয়া তাহাকে অবায়াসে মারিয়া ফেলিল । হরিণ মরণকালে খেদ করিয়া কহিল, ছায় ২ আমি যে পাদকে হেয়জান করিয়াছিলাম সে আমাকে রক্ষা করিল, আর যে শৃঙ্গের বিষয়ে অহঙ্কারী ছিলাম সে আমা-কে বধ করাইল ।

উহার তাৎপর্য এই। বন্ধুর সৌন্দর্যের প্রতি দৃষ্টি না করিয়া তাহার পুণ্যের প্রতি দৃষ্টি রাখিয়া তন্মুস্যের বিবেচনা করা উচিত।

11.—*The sick Deer.*

১১। হরিণ।

কোন সময়ে এক হরিণ পীড়িত হইলে তাহার আঙ্গীয় ও পরিবার পশ্চাত তাহাকে দেখিতে আসিয়া চারিদিগে শুষ্ক ও সরস যত তৃণ পল্লব ছিল তাহা সমস্তই খাইল। পরে তাহার পীড়া শান্তি হইলে সে কিছু আহার করিতে ইচ্ছা করিল, কিন্তু কিছুই খাদ্য পাইল না, তাহাতে ক্ষুধায় তাহার প্রাণবিয়োগ হইল।

ইহার তাৎপর্য এই। অবিবেচক বন্ধু থাকা অপেক্ষা নরৎ বন্ধু না থাকা ভাস।

12.—*The Lion and the Ox.*

১২। সিংহ ও বলদ।

কোন সময়ে এক সিংহ একটা বলদ শিকার করিতে ঘনস্থ করিল, কিন্তু বলদের বলাধিক্য প্রযুক্ত নিকটে যাইতে পারিল না। পরে ছলেতে তাহার নিকটে গিয়া কহিল, ওহে বলদ, আমি একটা ছস্ট-পুষ্ট ভেড়ার ছা মারিয়াছি; অতএব আমার ইচ্ছা এই, যে আদ্য রাত্রিতে তুমি আমার গ্রহে উপস্থিত হইয়া ভোজন কর। পরে বলদ নিমত্ত্বণ শ্বিকার করিয়া সিংহের আলয়ে গমন করিল। কিন্তু সিংহ অনেক কাট ও বড় ২ হাঁড়া প্রস্তুত করিয়া রাখিয়াছে, ইহা দেখিয়া বলদ ফিরিয়া চলিল। তাহাতে সিংহ কহিল, তুমি এখানে আসিয়া কেন ফিরিয়া যাও? এই কথাতে বলদ উত্তর করিল, আমি তোমার ঘনস্থ জানিলাম; ভেড়ার ছার নিমিত্তে এতাদৃশ ঘটা সন্দেবে না, কিন্তু তাহাহাইতে বড় আর কোন জন্মের জন্মে তোমার আয়োজন বোধ হয়।

ইহার তাৎপর্য এই। হিংসকের কথা সত্য জান করা ও তাহার সহিত প্রীতি করা বুদ্ধিমান ব্যক্তির কর্তব্য নহে।

13.—*The Lion and the Fox.*

১৩। সিংহ ও খেঁকশিয়ালী।

এক সিংহ বাঞ্ছক্য প্রযুক্ত জড়াগুস্ত হইয়। কোন জীবজন্তু শিকার করিতে পারিত না ; অতএব আপন আহারের নিমিত্তে ছল করিয়। প্রতারণ। পূর্বক পীড়িতের ন্যায় হইয়। এক গর্তের মধ্যে রহিল, কেননা তাহার এই ঘনষু ছিল, কোন জন্তু আমাকে দেখিতে আইলেই আমি তাহাকে এই গর্তের মধ্যে ধরিয়। খাইব। পরে খেঁকশিয়ালী তাহার নিকটে গিয়। গহ্নের দ্বারে দাঁড়াইয়। প্রণাম পূর্বক কহিল, হে পশুরাজ, তুমি কেমন আছ? তাহাতে সিংহ বলিল, তুমি ভিড়রে আইস ন। কেন? ইহা শুনিয়া উলকামুখী কহিল, হে মহাশয়, আমি এখানে আসিয়া অমেরের প্রবেশ হওনের চিহ্ন দেখিলাম, কিন্তু কাহারও বাহির হওনের এক চিহ্নও দেখিলাম ন।

ইহার তাৎপর্য এই। বিবেচনা ন। করিয়। কোন কর্মে প্রবৃত্ত হওয়া মনুষ্যের কর্তব্য নহে।

14.—*The Lion and the Man.*

১৪। সিংহ ও মনুষ্য।

কোন সময়ে পথের মধ্যে কোন সিংহের সহিত এক মনুষ্যের সাঙ্গাং হটিলে তাহাদের বল ও বিক্রয়ের বিষয়ে পরস্পর বিবাদ হইতে লাগিল। সিংহ আপন বল ও প্রতাপের আধিক্য প্রযুক্ত আঙ্গাদিত ছিল, ইতিমধ্যে এক সিংহের গল। টিপিয়। মারিয়েছে এমত এক মনুষ্যের প্রতিশূলি ঐ মনুষ্য কোন দেওয়ালেতে চিত্ করিয়। হাসিতে ২ ঈ সিংহকে দেখাইতে লাগিল। ইহাতে সিংহ কহিল, যদি সিংহ মনুষ্যের মত চিতকর হইত, তবে মনুষ্যকে সিংহের গলা টিপিতে দিত মা, বরং এক সিংহ মনুষ্যের গলা টিপিত।

ইহার তাৎপর্য এই। গণ্ডকাস্ত সাক্ষিদ্বারা কেহ পার পাইতে পারে ন।

15.—*The Spider and the Bee.*

১৫। মাকড়সা ও মৌমাছি।

কোন সময়ে একটা মাকড়সা এক মৌমাছিকে কহিল, যদি তুমি আমাকে আপন সহবতো কর, তবে আমি তোমার মত মধু সঞ্চয়

করিতে পারি। এই কথা পুনঃপুনঃ কহনেতে মৌমাছি স্বীকার করিল।
পরে ঘাকড়সা তাহার সঙ্গী হইয়া মধু আনিতে না পারিলে মৌ-
মাছি তাহাকে ছল ফুটাইয়া মারিল। তাহাতে ঘাকড়সা মরণকালে
আপন। আপনি খেদ করিয়া কহিল, হায় ২, মে কর্ম করিবার আ-
মার শক্তি নাই এমন কর্ম কেন স্বীকার করিয়াছিলাম?

ইহার তাৎপর্য এই। যাহার যে কর্ম করণের ক্ষমতা ন। থাকে,
সে যদি আপনাকে অতি বিজ্ঞ জানাইয়া তাহাতে প্রবৃত্ত হয়, তবে
তাহার কথা মিথ্য। ও অকৃতিজ্ঞ প্রকাশ হয়, এবং সমুচিত ফলও হয়।

16.—*The Boy in the River.*

১৬। বালক।

কোন সময়ে এক বালক আপনহইতে নদীতে পড়িয়া সাঁতার না-
জানাতে ডুবুৰ হইল। এমন সময়ে পথ দিয়া এক ব্যক্তি যাইতে-
ছে, তাহ। দেখিয়া ঐ বালক প্রাণরক্ষার্থে তাহাকে ডাকিল। তাহাতে
সে নিকটে গিয়া বালককে জলে নামন হেতুক ভর্সন। করিতে লাগিলে
বালক কহিল, ওহে, প্রথমত: আমাকে বাঁচাও, পশ্চাত ভর্সন। করিও।

ইহার তাৎপর্য এই। তোমার কোন আস্তীয় আপনে পড়িলে তা-
হাকে সে আপনহইতে আগে মুক্ত করিয়া পশ্চাত ভর্সন। করা
উপযুক্ত।

17.—*The Dog and the Fox.*

১৭। কুকুর ও খেঁকশিয়ালী।

কোন সময়ে এক কুকুর কোন স্থানে এক থান বাধের চর্ম দেখিয়া নি-
কটে গিয়া দম্ভহার। কাটিতে লাগিল। পরে এক খেঁকশিয়ালী ইহ। দেখিয়া
কুকুরকে কহিল, যদি এ ব্যাপু সজীব থাকিত, তবে তোমার দম্ভহইতেও
তাহার হাতের নখ বড় দেখিতে পাইত।

ইহার তাৎপর্য এই। শক্তিমান ব্যক্তির বিপদকালে তাহাকে আক্-
ষণ করাতে ক্ষুদ্রের বীরত্ব প্রকাশ হয় ন।।

18.—*The Belly and the Members.*

১৮। উদর ও অঙ্গ।

উদর ও অঙ্গ এই দুইয়ের মধ্যে শরীরের বহন ও রক্ষার বিষয়ে বিবাদ হইলে অঙ্গ কহিল, আমি আপন শক্তিদ্বারা শরীরকে বহন করি। কিন্তু উদর উত্তর করিল, যদি আমি কিছু আহার না করি, তবে তুমি কিছু বহিতে পার না।

ইহার তাৎপর্য এই। কোন কেহ কাহাকেও তুচ্ছজ্ঞান করিবে না, কেননা সকলেই পরস্পর উপর্যুক্ত হইতে পারে।

19.—*The Sun and the Wind.*

১৯। সূর্য ও পবন।

সূর্য ও পবনেতে এই পথ হইল, আইস দেখি, আমাদিগের মধ্যে কে মনুষ্যকে বস্ত্র ত্যাগ করাইতে পারে? তাহাতে বায়ু অতিশয় বেগে বহিতে লাগিলে মনুষ্য তাহাহাইতে রক্ষা পাইবার জন্যে আপন বস্ত্র শরীরে ঝড়াইল। পরে যেব সকল উড়িয়া গেলে সূর্যের তেজ়স প্রচণ্ডরূপে উদিত হইল; তাহাতে মনুষ্য অত্যন্ত গুৰুত্ব প্রযুক্ত আপর্যন্ত বস্ত্র বোঝা জান করিয়া শরীরহাইতে খুলিয়া ফেলিল।

ইহার তাৎপর্য এই। চঞ্চল বলবানহাইতেও সুস্থির ব্যক্তির অভিপ্রায় আনন্দাদেশে সিদ্ধ হয়।

20.—*The two Cocks.*

২০। দুই কুকুড়া।

দুই কুকুড়া কোন দুব্যের নিমিত্তে ঘুঁঘু করিলে একটা জয়ী হইল, আর একটা অন্য স্থানে পলাইয়া গেল। পরে যে জিনিয়াছিল, সে এক বড় উচ্চ পালার উপরে বসিয়া আঙ্গাদে পাথা ঝট্টাইতে ও ডাকিতে ও অহঙ্কার করিতে লাগিল। ইতোমধ্যে এক কুকুর তাহাকে দেখিয়া ছেঁ মারিয়া ধরিয়া লইল।

ইহার তাৎপর্য এই। আপন পরাক্রমের অহঙ্কার করিলে শীঘ্ৰ অঙ্গা পায়।

21.—*The Hyenas drinking.*

২১। কএক মেকড়িয়া বাঘ।

কএক মেকড়িয়া বাঘ এক গর্তে গোচর্ম দেখিয়া তাহা খাইতে ঘনস্থ করিল; কিন্তু এ গর্ত জলে পরিপূর্ণ ছিল, আর চামড়াও ধা-রের নিকটে ছিল ন। তাহাতে তাহার। এক্য হটয়। এই পরামর্শ করিল, আইস, আমর। সকলে আগে সমস্ত জল পান করিয়া গর্ত শুষ্ক করি, পরে চর্ম লটয়া খাইব। ইহা স্থির করিয়া তাহার। উদর পূর্ণ হওন পর্যন্ত জল খাইল; কিন্তু অধিক জল পান করাতে সকলে পেট ফাটিয়। মরিয়া গেল; সুতরাঃ চামড়। খাইতে পাইল ন।।

ইহার তাঁপর্য এই। অশ্পুদ্ধি ব্যক্তির পরামর্শ নিষ্কল।

22.—*The Fox and the Crane.*

২২। খেঁকশিয়ালী ও হাড়গিলা।

খেঁকশিয়ালী যদ্যপিও কৌতুকাপেক্ষা প্রায় চাতুরিতেই অধিক রত, তথাপি এক বার ইহা দৃঢ় মনস্থ করিল, আমি আপন প্রতিবাসি হাড়-গিলার সহিত পরিহাস করিব। অতএব বড় আড়ম্বর করিয়। তাহাকে মধ্যাহ্নভোজনের নিমন্ত্রণ করিল। পরে সে চৌড়া অথচ চেটকা খালাতে নানা প্রকার ঘোল রাখিলে হাড়গিল। ভোজনস্থানে আসিয়া কেবল ঠেঁটের অগৃহ্যগ ডুবাইতে পারিল, কিন্তু কৃতসাধ্যে ক্রধি নিমৃত্তি করিতে পারিল ন।। ইতিমধ্যে খেঁকশিয়ালী অতি শীঘ্ৰ চাটিয়। খাইতে ছিল, আর খাও ন।, খাও ন।, এই কথা বলিয়া আপন নিমন্ত্রিত হাড়-গিলাকে জিজাস। করিতে লাগিল, আমাৰ এ সমস্ত ভক্ষ্যদুৰ্ব্য তোমাকে কেমন লাগে? কিন্তু খেঁকশিয়ালী কেবল রহস্য করিতেছে, হাড়গিল। ইহা দুঃখয়। তাহার কথায় কিছু মনোযোগ করিল ন।, দৱৎ কহিল, তোমাৰ সমস্ত খাদ্য সামগ্ৰী আমাকে বড় ভাল লাগিল। পরে বিদায়কালে হাড়গিল। খেঁকশিয়ালীকে আপন বাটীতে নিমন্ত্রণে যাইবার জন্যে এমন দৃঢ় কৃত্য দ্বারা ধৰিল যে সে কোন প্রকারে অস্বীকার কৰিতে পারিল ন।।

পরে সেই নিয়মিত দিনে খেঁকশিয়ালী আপন কথা ক্রমে তাহার বাটাতে গেলে পর যখন আদ্যদুৰ্ব্য উপস্থিত হইল, তখন সে আপনার বড় লম্বুতা দেখিল; কাৰণ হাড়গিলা সৱু অথচ গলালস্থ এমন ঘটে কুটি কুটি যাঁস ভাৰিয়া রাখিয়াছিল। সেই সকল খাদ্য

সামগীর স্বাদ পুরণ করিতে তাহার সাধ্য ছিল না, ইহাতে কেবল বৃত্তকু
হইয়া রহিল; কিন্তু হাড়গিলা আপন লম্বা চৌট ঘটের মধ্যে দিয়া
উদ্বর পরিপূর্ণ করিল। পরে খেঁকশিয়ালী এক চামসের উপরপোচ্ছে হে
কিছু বোল পড়িয়াছিল তাহা বড়ই ইচ্ছা পূর্বক চাটিতে লাগিল। এই
কালে হাড়গিলা তাহার দিগে ফিরিয়া চাহিয়া মুখ মুচ্ছিয়া কহিল,
তোমার ক্ষুধা বিলক্ষণ আচে, ইহাতে আমি বড় সন্তুষ্ট হইলাম।
আমি যেমন সে দিবসে তোমার নিম্নস্থানে খাইয়াছি, তুমিও তেমনি
প্রসন্ন হইয়া থাও, এই আমার বাসনা। খেঁকশিয়ালী এই কথা শনি-
য়া মাথা হেঁট করিল এবং বড় অসন্তুষ্ট হইল; ইহাতে হাড়গিলা
কহিল, এ বিষয়ে বিরক্ত হইও না; কেননা যাহারা রহস্য সহিতে না
পারে, তাহাদিগের কাহারও সহিত পরিহাস করা উচিত নহে।

ইহার তাৎপর্য এই। কাহারও সহিত কৌতুক করিতে গেলে সে
ফিরে গদ্য করিলে তাহা আমরা সহিতে পারিব কি না, তাহা পূর্বেই
আমাদিগের বিবেচনা করা কর্তব্য।

23.—*The Boys and the Frogs.*

২৩। বালকগণ ও বেঙ্গদিগের কথা।

এক বড় বিলেতে অনেক বেঙ্গের বসতি ছিল। তাহার ধারে কতক
গুলিন বালক হঠাতে আপরা খেলা খেলিতে লাগিল, আর জলে এক-
জাই আপরা ব্যষ্টি করিল; ইহাতে ক্ষীণ ও ভাত বেঙ্গদের বড় দুঃখ
হইল। শেষে সকলহইতে সাহসী এক বেঙ্গ বিলহইতে উপরে মুখ
বাঢ়াইয়া কহিল, হে প্রিয় বালকেরা, তোমরা এত অরাতেই কেন
আপন জাতির নিষ্ঠুর ব্রতাব শিক্ষক? তোমরা বিবেচনা করিয়া দেখ,
এ তোমাদিগের খেলা বটে, কিন্তু আমাদিগের মৃত্যু।

ইহার তাৎপর্য এই। অন্যের কুশল ও মুখবিনাশেতে আমাদিগের
যে আক্ষতাদ করা তাহা অতি অন্যায় ও নিষ্ঠুরতা।

24.—*The Herdsman and the Husbandman.*

২৪। এক গোরক্ষক ও কৃষক লোক।

কোন ঘাটের মধ্যে এক রোখাল গোচারণ করিতে ২ কথন ২ পরি-
হাসক্রমে যিথ্য। তীক্ষ্ণারূপক করিয়া কহিত, হে কৃষক লোক, আমার
গোত্র মধ্যে একটা ব্যায় আসিয়াছে, তোমরা আসিয়া রক্ষা কর;

তাহাতে চাসা লোক রাখালের এই শব্দ শুনিয়া জন্মত ও আরু অস্ত লইয়া ব্যাঘু মারিতে যাইয়া, বায় নাই, রাখাল প্রতারণ। করিতেছে, ইহা দেখিত। এই রূপ রাখালের মিথ্যা পরিহাসে কৃষক লোক অপ্রস্তুত ও পরাঞ্জুগ হইয়া যাইত। পরে এক দিন বাস্তবিক একটা ব্যাঘু গোরুর পালের মধ্যে আইল; ইহাতে রাখাল পূর্বমত উচ্ছেস্বরে কৃষক লোককে ডাকিতে লাগিল; কিন্তু কৃষকের। বিবেচন। করিল, রাখাল আমাদিগকে প্রবক্ষণ। করিতেছে। সুতরাং কেহ তাহার রক্ষার্থে নিকটে না যাওয়াতে ব্যাঘু অনেক গোরুকে নষ্ট করিয়া শেষে রাখালকেও বধ করিল। রাখাল মরণকালে খেদ করিয়া। বলিতে লাগিল, হায় ২ কৃষক লোকের সহিত পূর্বে কেন প্রতারণ। করিয়াছিলাম? যে সময়ে মিথ্যাছলে কৃষকদিগকে ডাকিয়াছিলাম, সে সময়ে তাহার। আসিয়াছিল, কিন্তু এই ক্ষণে ব্যাঘু আমাকে বধ করিল, তথাপি কেহ আসিয়া। রক্ষ। করিল না।

ইহার তৎপর্য এই। মিথ্যাবাদি ব্যক্তি কোন ক্রমে সত্য কথা কহিলেও কেহ প্রত্যয় করে না।

25.—*The Crane and the Snipe.*

২৫। এক বক ও কানাখোঁচা পঙ্কী।

কোন জলাশয়ের নিকটে এক বক ও এক কানাখোঁচা পঙ্কী বাস করিত, এবং উভয়ে বিলের মৎস্য ও কীট খাইত। পরে দৈবাং এক বৎসর অনাবৃষ্টি প্রযুক্ত ঐ বিলের তাবৎ জল শুষ্ক হইলে কেবল কর্দম মাত্র থাকিল। বকের জলহাইতে মৎস্য ধরিয়া আহার কর। অভ্যাস, কেবল কর্দমেতে যাইতে ন। পারাতে আহারের ব্যাঘাতে অত্যন্ত ঝেশ পাইয়া। বক মৃতপ্রায় হইল; কিন্তু কানাখোঁচা পঙ্কির পক্ষের মধ্যে ইতে মৎস্য উদ্ধারণের শক্তি প্রযুক্ত যথেষ্ট মৎস্য খাইয়া পরম সুখে প্রতি দিন নৃত্য করে। পরে বক অতি ধূর্ত, আর উপায়ান্তর না দেখিয়া। কানাখোঁচা পঙ্কিকে কহিল, ওহে ভাগ্যবান্ম, তুমি এবং আমি এ দুই ব্যক্তিতে বহু কালাবধি এই স্থানে বাস করি, এবং এক ব্যবসায়ও করি, কিন্তু পরস্পর আমাদিগের আলাপ ও ব্যবহার ও হন্দুতা নাই, এতো অনুচিত; অতএব আমার অভিপ্রায় হয় তোমার সহিত বক্ষুতা করি। ইহাতে কানাখোঁচা পঙ্কী বকের ধূর্ততা ন। জানিয়া স্বীকার করি করিল; পরে পরস্পর বক্ষুতা নিরূপণ করিল। কিছু দিন পরে বক কহিল, ওহে বক্ষো, বিলের জল শুষ্ক হওয়াতে মৎস্য আহরণ

করিতে না পারিয়া অনাহারে আমি অতি ক্লিষ্ট হইয়াছি, অতএব
যদি তুমি এতাদৃশ সময়ে কিঞ্চিং আহার দেও, তবে আমি রক্ষা পাই
এবং তোমার অনুচর হইয়া থাকি; পরে তোমারও বিপদকালে আমি
উপকার করিব; কিন্তু সম্পূর্ণ তোমার উপকার করণের ঘোগ্যতা আছে।
সর্বদা পরোপকার করাই আমাদের কর্তব্য হয়, যেহেতুক পরো-
পকারহইতে অধিক পুণ্য আর নাই; এবং কাতর ব্যক্তির উপকার
অবশ্যই কর্তব্য, যেহেতুক অরোগি ব্যক্তির ঔষধব্যারা উপকার করণ
নির্যৰ্থক, কিন্তু রোগি ব্যক্তির উপকার সার্থক বটে। অতএব সম্পূর্ণ
আমি^১ অনাহারে ক্লেশ পাইতেছি, তুমি আহার দিয়া আমার ক্লেশ
দূর কর। কাদাখোঁচা পক্ষী অতি দয়াশীল প্রযুক্ত বকের এই রূপ
আরোপিত সরলতা ব্যবহারে দোষামুসক্তান না করিয়া আশ্রিত জা-
নিয়া বককে প্রতিপালন করিতে লাগিল। কিছু দিন পরে মহাবৃক্ষি
হওয়াতে বিল পরিপূর্ণ হইল, তাহাতে বক জনহইতে মৎস্য ধরিয়া
থাইতে পুরুত হইল; আর কাদাখোঁচা অধিক জল পুরুক্ত কিছুই না
পাইয়া মনে ২ করিল, যে বকের উপকার করিয়াছি, সে আমার
উপকার অবশ্য করিবে। কিন্তু বকের প্রত্যুপকার করা দূরে থা-
কুক, বরং সে সর্বদা কাদাখোঁচা দোষামুসক্তান করিতে লাগিল; তা-
হাতে অন্য কোন দোষ না পাইয়া কহিল, ওহে কাদাখোঁচা, তোমার
অনর্থক মৃত্য আমার সহ্য হয় না, অতএব তোমার নিমিত্তে আমি
এ স্থান ত্যাগ করিলাম। ইহা বলিয়া সে অন্য বিলে উড়িয়া গেল।
ইহাতে^২ কাদাখোঁচা অনাহারে মরিল।

ইহার ভাষ্পর্য এই। শঠ অসদ ব্যক্তি আপন দুঃসময়ে অন্যের
নিকট নামাবিধ প্রীতিজনক বাক্যব্যারা, ও কম্পিত সরলতা ব্যবহারব্যারা
কেবল আপন কার্য্যেক্ষার করণ নিমিত্তে আস্তীয়তা করে; পরে কা-
র্য্যেক্ষার হইলে, প্রত্যুপকার দূরে থাকুক, মিথ্যা কোন দোষ দিয়া
ত্যাগ করে।

26.—The Dog in the Manger.

২৬। এক কুকুর ও ষাঁড়।

একটা কুকুর এক ঘাসের গান্দার উপর শয়ন করিয়া থাকিত;
পরে এক ষাঁড় কুধিত হইয়া ঐ ঘাস খাইবার নিমিত্তে আইল; তা-
হাতে কুকুর ষাঁড়কে দেখিয়া অতিশয় তজ্জন গজ্জন করিয়া তাড়াইয়া
দিল। ইহাতে ষাঁড় কুকুরের ক্ষয় প্রযুক্ত ঘাস থাইতে না পারিয়া
কহিল, ওহে হিসক, তুমি এ ঘাস আপনি আহার করিব। না, এবং
অন্যকেও থাইতে দিব। না; তাল, এই হিসাতেই তোমার নাশ হইবে;

এই কথা কহিয়া মাঁড় গেল। পরে ঐ কুকুর ঘাস রক্ষা করিতে ২ অনা-
হারী থাকিয়া যাইয়া গেল।

ইহার তাৎপর্য এই। হেব হিসা ক্রোধ অগ্নির ন্যায়; এই সকল
যাহাতে উৎপন্ন হয় তাহাকেই প্রথমতঃ নষ্ট করে, অতএব এই তিন-
হইতে সাবধান হওয়া মনুষের কর্তব্য।

27.—*The Farmer and the Snake.*

২৭। এক কৃষক ও এক কৃষ্ণসর্প।

এক চাসা শীতকালে অতি প্রচুরে কোন নদীর তীর দিয়া যাইতে খ-
শিশিরে ও পঙ্কে আবৃত প্রযুক্ত মৃতবৎ এক সর্পকে দেখিল, এবং
সবয় হইয়া অতি যজ্ঞপূর্ণক ঐ সর্পকে বাটীতে আনিয়া অগ্নির
উত্তাপ দিয়া বাঁচাইল, ও প্রতিদিন দুঃকল। ইত্যাদি আহার দিয়া
প্রতিপালন করিতে লাগিল। আর চাসার যে এক পুত্র ছিল, তাহার
ঐ সর্পের সহিত সর্বদা এক স্থানে বাস করা প্রযুক্ত অতি প্রণয় হইল।
সর্প এই রূপে চাসার গৃহেতে কালক্ষেপণ করে। পরে এক দিন কোন
কারণে কৃষকপুত্র সর্পকে দণ্ডাঘাত করিল, তাহাতে সর্প স্বজাতীয় ধর্মা-
নুসারে তাহাকে দখন করিবামাত্র মে যাইয়া গেল। অনন্তর সর্পের
দখনে পুত্র যাইয়াছে, কৃষক আসিয়া যখন ইহা দেখিল, তখন
সর্পকে অনেক ভৎসনা করিয়া কলিল, ওরে পাপিষ্ঠ, তোমাকে মৃত্যুন্মু-
হইতে বাঁচাইয়া প্রতিপালন করিলাম, তাহার কি এই ফল? ইহা
শুনিয়া সর্প কলিল, আমার জাতীয় ধর্ম রক্ষা করিয়াছি; আমার
উপকার করিয়া তুমি অকার্য করিয়াছ, অতএব তোমার দোষে তোমার
অনুপকার হইয়াছে।

ইহার তাৎপর্য এই। হিসুক ব্যক্তির উপকার করিলে অপ-
কার হয়।

28.—*The Brazier and the Thieves.*

২৮। এক কাঁশ্যবণিক ও দুই চোর।

দুই চোর এক কাঁশ্যবণিকের মোকাবে বাসন কর্য করিতে গিয়া দেখিল,
কাঁশ্যারী অন্য ২ জ্বেতা লোকের সহিত ব্যস্ত আছে, ইত্যবসরে এক
জন চোর একটি ছাঁটী চুরি করিয়া আপন সঙ্গ চোরের হস্তে দিলে,
সে আপন পরিধের বরের মধ্যে লুকাইয়া রাখিল। পরে অন্য?

খরিদার গেলে কাঁশারী দেখিল যে একটি ঘটী নাই, তৎক্ষণাত ঐ দুই জনকে চোর বলিয়া ধরিল। তাহাতে ও দুই চোর শপথ করিয়া অস্বীকার করিল। যে চুরি করিয়াছিল সে কহিল, ঘটী আমার হানে নাই; আর যে ব্যক্তি লুকাইয়া রাখিয়াছিল সে বলিল, আমি লই নাই। ইহাতে কাঁশারী চোরকে নির্দিষ্ট করিতে না পারিয়া কহিল, ভাল, তোমরা চুরি অস্বীকার করিলা, কিন্তু অবশ্যই তোমাদিগের মধ্যে এক জন চুরি করিয়াছে। সে যে হউক, আমাকে ছাপাইলা, কিন্তু যে পরমেশ্বরের শপথ করিসা, তাহার কাছে কথনও লুকাইতে পারিবা না; কেননা তিনি সর্বজ অন্তর্যামী ইহা জানেন, অতএব ইহার উচিত শাস্তি দিবেন।

ইহার তাৎপর্য এই। চুরি ও মহাপাতক করিলে প্রায় ধরা পড়ে। যদ্যপি মনুষ্যহইতে উত্তীর্ণ হয়, তথাপি পরমেশ্বরহইতে কদাচ উত্তীর্ণ হয় না, তিনি তাহার প্রতিফল অবশ্যই দেন, যেহেতুক তিনি সর্বব্যাপী ও সর্বজ; অতএব চুরি করা যন্ত্যের কথন উচিত নয়।

29.—*The Huntsman and the Jackal.*

২১। এক শিকারী ও শৃগাল।

এক শিকারী কোন বনে শৃগালতে যাইয়া একটা বৃহৎ শূকর ও এক শৃগকে মারিল। পরে ঐ দুইয়ের বৃহস্থার প্রযুক্ত লইয়া আসিতে ২ দিনাবসান হইল; শিকারী লোভ প্রযুক্ত শূকর ও শৃগকে ত্যাগ করিয়া যাইতে না পারিয়া এক আবুবৃক্ষের উলে থাকিল। সে হানে এক কালসর্প থাকিত, ঐ বৃক্ষের যে ২ আমু পরিপক্ষ হইত, তাহা সকল খাইত; কিন্তু শিকারিকে দেখিয়া সর্প বিবেচনা করিল, এ ব্যক্তি প্রাতঃকাল হইলেই এ সকল আমু লইয়া যাইবে, তাহাতে আমার আহারের ব্যাপার হইবে; অতএব যাহাতে আমু না লইয়া যাইতে পারে এমত চেষ্টা করা কর্তব্য; ইহা ভাবিয়া তাহাকে দৎশন করিল। পরে শিকারী বিষজ্ঞালায় পীড়িত হইয়া জ্বোধ পূর্বক এক বাণ ত্যাগ করিয়া সর্পকে তৎক্ষণাত মারিয়া ফেলিল, এবং আপনিও প্রাপ্ত ত্যাগ করিল। আর এক শৃগাল ঐ বৃক্ষের নিকটে থাকিত, সেখানে শিকারির আগমনে সে মনে ২ বিবেচনা করিতেছিল, রাত্রি হইল, এ হানে শিকারী মাস রক্ষন করিয়া থাইবে, তাহাতে আমাকেও অবশ্য কিছু দিবে; কিন্তু যদি সকল মাসই আহার করে, তথাপি অঙ্গ প্রলানও কেলিয়া দিবে, তাহাও পাইব। পরে সর্পের দৎশনে শিকারির মৃত্যু ও শিকারির বাণেতে সর্পের মৃত্যু, ইহা দেখিয়া

তৎক্ষণাত এই বৃক্ষতলে আইল, এবং যথেষ্ট ধোদ্য মাস অমাসালো পাইয়া অতি ছস্টিত্ত হইয়া বিবেচনা করিতে জাগিল, এই ঘনুষ্যকে এক মাস বজ্জন্মে থাইব, আর মৃগ শূকর এ দুয়েতে আমার দুটি মাস আহার হইবে, আর সর্পেতেও এক দিন বিলক্ষণরূপে ভোজন হইবে; কিন্তু অদ্য রাত্রি কালঙ্কেপ কোন রূপে করিয়া কল্প অবধি অশে দুই খাইব। ইহা ভাবিতে ২ টি শিকারির ধনুক দেখিয়া বিবেচনা করিল, যে এ ধনুকের চর্মনির্মিত পুল, ইহা থাইলেই এ রাত্রি যাইবে; ইহা ভাবিয়া দন্তব্যারা এই ধনুকের পুধ সপ্তর করিবা যাত্র তাহা ছিঁড়িয়া ধনুকের ছল গলায় বজ্জ হইয়া শ্রাঙ্গলের মৃক্ষু হইল।

ইহার তাৎপর্য এই ঘনুষ্যের যাবতীয় আপন প্রায় লোভ প্রযুক্তি হয়, আর অতি সঞ্চয় করিলে অতি ব্যাপ্ত হয়; অতএব লোভ এবং অতি সঞ্চয় অকর্তব্য।

30.—*The Dove and the Bee.*

৩০। এক ঘূঘু ও মৌমাছি।

এক মৌমাছি অতি তৃক্ষার্ত হইয়া কোন নদীর জল পান করিতে গিয়া জলের মধ্যে পড়িয়া নদীর বড় সুোতঃপ্রযুক্তি সেই সোতে ভাসিয়া চলিল। ইতোমধ্যে এক ঘূঘু পক্ষী মধুমক্ষিকাকে বিপদ্গুন্ত দেখিয়া নদীর প্রাপ্তভাগে যে এক বৃক্ষ ছিল, তাহার ডাল জলে নামাইয়া দিল, সেই ডাল অবলম্বন করিয়া মৌমাছি প্রাপ্তরক্ষা পাইল। কিন্তু দিন পরে ঘূঘু এক ব্যাধের জালেতে পড়িল, এবং ব্যাধ ঐ জালদড়ি টানিতেছে, এমত সময়ে মৌমাছি দেখিল, নিজ রক্ষাকর্তা ঘূঘু বিপদে পড়িয়াছে। অতএব ঘূঘুর রক্ষার্থে তৎক্ষণাত ব্যাধকে ছল ফুটাইল, তাহাতে ব্যাধ অতি পীড়িত হইয়া জালদড়ি ছাড়িয়া দিলে ঘূঘু বাঁচিল।

ইহার তাৎপর্য এই। পরের উপকার করা আপন মঙ্গলের উপায় সঞ্চয় কর।। পৃথিবীতে সকলেই পরম্পরার উপকার ও হানি করিতে পারে; অতএব ছোট বড় সকলেরই উচিত মতে উপকার কর। ঘনুষ্যের কর্তব্য।

31.—*The Frog and the Ox.*

৩১। এক ভেক আর বৃষ।

কোন প্রাপ্তরমধ্যে প্রকাশরীর এক বৃষ চরিতেছিল, সেখানে অতি প্রবীণ একটা বৃক্ষ হিস ভেক আসিয়া বৃষের দিকে মুখ বিস্তৃত করিয়া।

আপন অপত্যদিগকে ডাকিয়া কহিতে লাগিল, হেনে দেখ, একটা অসভবাকার যাঁড় চরিত্বেছে। বৃষের শরীর বৃহৎ আর পেট ঘোটা, কিন্তু যদি আমি ইচ্ছা করি, তবে এইক্ষণে ইহা অপেক্ষায় বিশ্বণ স্থূল হইতে পারি। ইহা কহিয়া তেক দুই চারি বার জমক দিয়া খাস অবরোধ করিয়া আপন উদয় সহিত করিতে লাগিল, কিঞ্চিং কালে উদয়ের চর্ম ফাটিয়া তেক মরিয়া গেল।

তাৎপর্য। আপন শক্তি ও ক্ষমতার অতিক্রম করিয়া কর্ম কর। মনুষ্যের অকর্তব্য। যে দ্যক্তি যেমত সে তদনুসারে চলুক, ইহার বিপরীতাচরণ করিলে তাহার প্রশংসন ও ঘান্যতা হওয়া দূরে থাকুক, বরং অয়ে নষ্ট হয়। প্রমাণ এই, অনেক লোক ধনবান ব্যক্তিদিগের ব্যবহার ও বিষয় দেখিয়া আপন সামর্থ্য অতিক্রম করিয়া চলে, তাহাতে সে সকল লোক মান্য না হইয়া অরায় অপমানিত হয়, এবং তাহাদের সংগ্রহ অর্থের বিনাশ হয়।

32.—*The Hyena and the Jackal.*

৩২। নেকড়িয়া ব্যাঘু আর শৃগাল।

এক নেকড়িয়া ব্যাঘু কতক প্রলিন আহারের দুব্য সংগৃহ করিয়া কোন নির্জন স্থানে প্রস্তুত করিল, ও তাহার রুক্ষার্থে ঐ দুব্যের নিকটে নিয়ত থাকিত। এক শৃগাল সে স্থানে আইল। শৃগাল স্বাভাবিক প্রতারক, লোভপ্রমুক নেকড়িয়ার সংগৃহীত দুব্য লইবার নিয়মে ব্যাঘুকে কহিল, অহে সথে ব্যাঘু, আপনি কেমন আছেন? বছকাল হইল তোমার সহিত সাঙ্গাং হয় নাই, এবং শিকার করিতেও তোমাকে দেখি নাই, কারণ কি? ব্যাঘু অজ্ঞাত অপরিচিত শৃগালের অতি প্রণয়ের আলাপে সন্দিক্ষ হইয়া শৃগাল আমাকে প্রতারণা করিবে, তদর্থে আমার সমাচার জিজ্ঞাসা করিতেছে, ইহা বুঝিয়া উত্তর করিয়া কহিল, আমার কিঞ্চিং ব্যাঘোহ হইয়াছে, এ কারণ ঘরে থাকি; বহিগর্ঘনে পীড়ার বৃক্ষ হয়; আশীর্বাদ করছ যে অরায় সুস্থ হই। শৃগাল তাহাকে প্রতারণা করিতে না পারিয়া বধ করিতে নিশ্চয় করিল, কিন্তু স্বীয় শক্তি নাই যে ব্যাঘুর সহিত যুক্তে প্রবৃত্ত হয়। অতএব তাহার সমীপে এক মেষ-পালক ছিল, তাহার নিকটে যাইয়া কহিল, অহে মেষপালক, তুমি মেষ পালন করিয়া কি পাও? আমার সহিত আইস; এই বনে একটা বৃহৎ ব্যাঘু শূণিতমস্তক হইয়া পড়িয়া আছে, তাহাকে অত্যন্ত পরিশুম করিলেই বধ করিতে পারিবা, আর ঐ মৃত ব্যাঘু নগরে লইয়া গেলে যথেষ্ট ধন পাইবা। মেষপালক তাহার কথা শুনিয়া তৎক্ষণাত যাইয়া ব্যাঘুকে বধ করিয়া লইয়া গেল। শৃগাল অনায়াসে ব্যাঘুর সংগ্রহ

সামুদ্রী প্রাণ হইয়া ভোগ করিতে লাগিল। কিন্তু অল্প দিনের পরে ঘেষপালক আকাঙ্ক্ষানুসারে ধন না পাইয়া শৃঙ্গালকে বধ করিল।

তাঁৎপর্য। প্রভারক ও মন্দকারি বক্তির কথনও ভাল হয় না। মন্দ করিলেই স্বয়ং নষ্ট হয়, অতএব লোক সম্বৰণের চেষ্টা করা অনুব্যোগ সর্বদা কর্তব্য; লোভহারা ঘনূল্য কি পর্যন্ত দুর্কর্ম না করে?

33.—*The Lion and the Mouse.*

৩৩। সিংহ আর মূর্খিক।

এক সিংহ কোন বৃক্ষতলে শয়ন করিয়াছিল, দৈবাং তাহার তীক্ষ্ণ নখবিশিষ্ট হস্তের মধ্যে এক অতি ক্ষুদ্র মূর্খিক পতিত হইল। মূর্খিক সিংহের ভয়ানকাকার আর অস্ত্রবরূপ দষ্ট দেখিয়া অত্যন্ত ভীত হইয়া সিংহকে স্তব করিয়া কহিতে লাগিল, অহে পশ্চপাজ, রক্ষা কর, আমি অতি ক্ষুদ্র জীব, আমাকে বধ করিও না, আমার হিসা করিলে তোমার কোন উপকার হইবে না; আমার মাংসেতেও তোমার পরিঠোষ হইবে না, এবং এ তুচ্ছ অতি ক্ষুদ্রকে মারিলে তোমার মহিমার বাহস্য নাই। সিংহের সদস্থকরণে মূর্খিকের বাক্যে দয়া উপস্থিত হইলে সে মূর্খিককে ত্যাগ করিল। কিছু দিন পরে ব্যাধের জালেতে ঐ সিংহ বন্ধ হইলে মূর্খিক তাহার পুরোপকার অরণ করাতে আপন দন্তহারাৰ জালের বক্স খওঁ ২ করিয়া সিংহের পরিত্বাগ করিল।

তাঁৎপর্য। ক্ষুদ্রহইতে অপরাধ হইলে তাহার প্রতিফল না করিয়া ক্ষমা করা প্রধান জানবান্ লোকের উচিত। যাহাদিগের পরম্পরার উপকার না হয়, পরমেশ্বরের সৃষ্টিতে এমত কেহ নাই; অতি ক্ষুদ্রহইতেও অতি প্রধানের উপকার হইতে পারে, অতএব কাহাকেও ক্ষুদ্র বোধ করিয়া হেয়জান করা অনুচিত।

34.—*The two Friends.*

৩৪। দুই বন্ধু।

পরম্পর অতিপ্রিয়ী দুই বন্ধু অর্থ উপার্জনার্থে দেশান্তরে যাইতেছিল, তিতোমধ্যে দম্যুষ্টাপিত এক পাত্রহ অনেক বর্গমুদ্রা এক জন পাইল। মুদ্রা হস্তগত হইত্বাতে সে ব্যক্তি বিভীষণ জনকে কহিল, হে সখে, এ পথে আসিয়া আমার যথেষ্ট অর্থলাভ হইল, হেনে দেখ, অনেক বর্গমুদ্রা পথের মধ্যে পাইসাম। সে উত্তর করিয়া বলিল, আমাদিগের পরম সৌভাগ্য বটে,

কারণ আনায়াসে অর্থমাত্ত হইল। মুদুপ্রাপ্ত ব্যক্তি কহিল, হে সখে, আমাদিগের সৌভাগ্য, এ শব্দ কছিও না; এ ধন আমি স্বয়ং পাইয়াছি; কেবল আমার সৌভাগ্য, গোমার নহে, কারণ ইহাতে তোমার অংশ নাই। ইতোমধ্যে এ মুদুর অধিকারি দস্যুর বন্ধুদ্বয়কে আক্রমণ করণার্থে উপস্থিত হইলে মুদুপ্রাপ্ত ব্যক্তি কহিল, অহে বন্ধু, দুবি আমরা দস্যুহস্তে পর্তিত হইলাম ও প্রাপ্তে মারা যাই। তখন দ্বিতীয় ব্যক্তি কহিল, হে প্রিয় সখে, এক্ষণে আমরা কেন কহ? তুমি মুদু পাইয়াছ, তুমি মারা যাও।

তাৎপর্য। যে ব্যক্তি তাহাকেও সুখের অংশী করিতে স্বীকার করে না, কিন্তু দুঃখের অংশী করিতে চেষ্টা পায়, তাহাকে বন্ধু বলা যাইতে পারে না।

35.—*The Snake and the File.*

৩৫। এক সর্প আৱ এক লোহ উখ।

এক সর্প কোন কর্মকারের দোকানে প্রবিষ্ট হইল। কর্মকার তৎকালে সেখানে না থাকাতে সর্প তাহার হিসা করিতে পারিল না; কিন্তু সমুখে একখানি তৌবুধার উখা ছিল, তাহাকে দৎশন করিলু। লোহ কঠিন ধাতু আৱ উখা অপ্রাপ্তি, তাহার দৎশনে কি হইতে পারে? সপ্রের ওঁচ উখার ধারে কাটিলে রক্ত নির্গত হইতে লাগিল। সর্প রক্ত দেখিয়া উখাকে প্রাণী নিশ্চয় জানিয়া বারম্বার বেগপূর্বক দৎশন করণে আপন দষ্ট ভয় করিয়া মুখ স্ফুত করাতে মৃতবৎ হইল।

তাৎপর্য। হিসুক মানুষ কখন ২ বাগেতে কেবল আপনার জুতি জমায়।

36.—*The cruel Man.*

৩৬। এক পথিক আৱ এক নিষ্ঠুর।

এক মাসভোজী এক ক্ষুদ্র ছাগবৎসকে বধ করণার্থে একখানি ছুরিকা আনিয়া তাহার সমুখে তীক্ষ্ণ করিতে লাগিল। ছাগল স্বাভাবিক ভীত, অস্ত্র দেখিয়া অতিভীত হইয়া বিনতিপূর্বক বধকারির নিকটে রক্ষা যাঞ্জা। করিতে ২ এক দ্রষ্টে চাহিয়া রহিল, কিন্তু মাসাশির চিঢ়ে কোন প্রকারেই দয়া হইল না, সে ছুরিকাদ্বারা ঐ ছাগলের গলা ছিপ করিল। পরে তাহার মুশ ছিম হইয়া অতি যাতনাহেতু লড়িতে লাগিল, ও হস্তপাদাদির আক্রমণ হইতেছিল। ইতোমধ্যে এক পথিক

যাইতেছিল ; মাসভোজী অতি আঙ্গামপূর্বক তাহাকে কহিল, অহে পথিক, কখনো যত ছাগলের নৃত্য দেখিয়াছ ? হেমে দেখ, আমার ছাগবৎস নৃত্য করিতেছে ।

তাৎপর্য । পরের ক্ষেপ দেখিয়া দুর্বিত না হইয়া আঙ্গাম করা ইহা দুষ্ট বভাবের বিশেষ চিহ্ন ।

37.—*The old Lion.*

৩৭। এক বৃক্ষ সিংহ আর পশ্চাদিগণ ।

এক সিংহ ঘোবনাবস্থায় অতিশয় দুর্বত্ত অপকারী ও নিষ্ঠুর ছিল, বয়োধিক হইলে অত্যন্ত দুর্বল ও জরাগুণ্ঠ হইয়া চলিবার শক্তিহীন হইয়া আপন কোঠরে পড়িয়া থাকে, আহার অভাবে অতিক্রীণ হইয়া বনস্প পশ্চাদিগণের স্থানে যান্ত্রা করে, কিন্তু কেহ দেয় না, বরং অনেকে তাহার পূর্ব ব্যবহার অরণ করিয়। তাহার প্রতিফলার্থে ইচ্ছাক্রমে সিংহের অপমান করে। তাহাদিগকে প্রতিফল দিতে সিংহের আর ক্ষমতা নাই, সুতরাং সর্বস্ব ক্ষেপ সহ্য করিয়া থাকে। এক স্থিতি এক গদ্ভ তাহার নিকট যাইয়া সিংহের পূর্ব ব্যবহার অন্য নানাবিধ ভৰ্তনাপূর্বক তাহাকে পদাঘাত করিল, তাহাতে সিংহের প্রাণবিঘ্ন হইল। অরণকালে সিংহ কহিতে লাগিল, হায়, আমি এমন দুর্ভুততা ও নিষ্ঠুরতা ও কুব্যবহার কেন করিয়াছিলাম ? এখন তাহার ফল পাইলাম। আমি যদি পশ্চাদিত সহিত সম্ব্যবহার করিতাম, তবে এক্ষণে তাহার। আমার রক্ষণ ও উপকার করিত।

তাৎপর্য । ক্ষমতাপন্ন দুর্বত্ত লোকের ক্ষমতা গেলে তাহার আঙ্গীয় কেহ হয় না, আর তাহার প্রজারাও তাহার অপমান করে। কালেতে সকলের লয় হইবে, আর ঐ কালের শকটের ঢাক। মনুষ্যের মন্তকের উপর ফিরিতেছে, তৎকর্তৃক ছোট বড় সকলেই যত্নিকাতে লীন হইবে, তখন সম্ব্যবহার ধর্মাচরণ ব্যতীত কেহ উপকারে আসিবে না।

38.—*The Householder and the Goat.*

৩৮। এক গৃহস্থ আর ছাগল ।

বড় মাসামা এক গৃহস্থ ছাগল পুরিত, পরে সে কোন দিন মাস ভোজনে অভিজ্ঞুক হইয়া একটা অতি শিষ্ট ছা এক বৃক্ষতলে বলি হিতে লইয়া। গেল, আর সরুখে বড় তীব্র খড়গ আনিয়া রাখিল। ছাগল-হানা অতিসীত হইয়া রোদন করিতে লাগিল, ও গৃহস্থের স্থানে প্রাণহান

চাইল। ছাগলের মাতাও আসিয়া গৃহস্থকে অতি বিনতিপূর্বক আপন সন্তান রক্ষার প্রার্থনা করিতে লাগল, কিন্তু গৃহস্থ তাহা শুনিয়া কহিল, আমি শাস্ত্রোক্ত কর্ম করিতেছি, ইহাতে পুণ্য আছে। ছাগী কহিল, অহে পুণ্যবান, আপন উদয় সন্দেৰার্থে আমার অপত্য নষ্ট করিবা? তুমি বহন্তে ইহাকে বধ করিতে উদ্যত, তথাচ তোমার স্থানে প্রাণদান যাজ্ঞা করিতে ২ ব্ৰোদন করিতেছে, কিন্তু তোমার চিন্তে দয়া উপজিল না। অহে গৃহস্থ, তুমি আৱ কশাই কি ভিন্ন? আৱ হত্যা কৰিলে যদি পুণ্য হয়, তবে তোমাদিগেৰ মতে পাপ কাহাকে কহ?

তাৎপৰ্য। মনুষ্য কিঞ্চিৎ শারীৰিক সুখভোগ আকাঙ্ক্ষায় কি দুঃকর্ম না কৰে? আৱ আপনই অস্তিপ্রেত সাভাৰ্থে শাস্ত্রকে অবলম্বন ছল কৰিয়া কোন অসৎকর্ম না কৰে?

39.—*The Fox and the Image.*

৩১। খেঁকশিয়ালী আৱ কাঠনিৰ্ম্মিত পুত্তলিকা।

এক খেঁকশিয়ালী কোন সুৰুধৰেৰ দোকানে গিৱা নানা প্ৰকাৰ মূৰ্তি ও পুত্তলিকা দেখিল। তাহার মধ্যে অতি সুন্দৰ সুগঠন অনুপম একটী পুত্তলিকা দেখিয়া তাহার প্ৰতি অনেক ক্ষণ নিৰীক্ষণ কৰিয়া কহিল, অৱে পুত্তলিকা, তুমি অতি মনোহৱ, অতি সুন্দৰ বট, তথাপি তোমাৰ জ্ঞান কিঞ্চিত্ত্বাত্ত্ব নাই।

তাৎপৰ্য। বাহ্য সৌন্দৰ্য হইলেই অন্তৰ সুন্দৰ হয় না, অতএব অন্যা-ন্য সুন্দৰতা অপেক্ষা মন সুন্দৰ কৰণেৰ চেষ্টা কৰ। সকলেৰ উচিত।

40.—*The Fox and the Goat.*

৪০। খেঁকশিয়ালী আৱ ছাগল।

এক খেঁকশিয়ালী আৱ ছাগল তৃক্ষাতুৰ হইয়া তৃক্ষা নিবাৰণাৰ্থে উভয়ে সম্মত হইয়া। এক কুপেৰ মধ্যে প্ৰবিষ্ট হইল। জল পান কৰিয়া ছাগল দেখিল যে কুপহইতে উঠিবাৰ পথ নাই। খেঁকশিয়ালী কহিল, আছে, মিত্ৰ; তৃক্ষা নিন্দৃত্ব হইল, একজনে ইহাহইতে উঠিবাৰ পথ না দেখিয়া আমি এক উপায় হিৱ কৰিয়াছি, তুমি অগ্ৰেৰ দুই পদ উৰ্ধ্ব কৰিয়া পশ্চাৎ পদে দিব্বৰ দিয়া মুখ বহিষ্কৃত কৰ, আমি তোমাৰ শৃঙ্খল ধৰিয়া প্ৰথম উঠিব, পশ্চাৎ তোমাকে উঠাইবাৰ কথা হইবে। ছাগল অতিমূৰ্খ মহাহষ্টচিত্ত হইয়া প্ৰতাৰক শৃঙ্খলীৰ কথায় প্ৰত্যয় কৰিয়া ঐ প্ৰকাৰে

দাঁড়াইল। শৃঙ্গালী ধূর্ণি ছাগলের শরীর ও শৃঙ্গ অবস্থন করিয়া উপরে উঠিল। পরে ছাগলের উক্তার করণের উপকার দূরে থাকুক, শৃঙ্গালী তাহাকে স্বসনা করিয়া কহিতে লাগিল, তোমার যত বড় দাঢ়ি, তাহার অর্জেক জান থাকিলে, কি প্রকারে উঠিব ইহার বিবেচনা আগু করিত।

তাংপর্য। প্রতারক ও বার্থপর ও আজ্ঞানির ব্যক্তির কথায় প্রত্যয় করিও না।

41.—*The Crow and the Sheep.*

৪১। এক কাক আর মেষ।

কোন প্রাণৱস্থায় এক মেষ চরিতেছিল, তথায় এক কাক উড়িয়া যাইয়া তাহার পৃষ্ঠে বসিল, ও ঢোকরাইতে লাগিল। ভেড়া পীড়িত হইয়া কাকের প্রতি কহিল, অরে দুষ্ট কাক, আমি নির্ধিরণোধী, কাহারে হিসা করি না, আর তোমার স্বামে কোন অপরাধ করি নাই, তবে কেন দীনহীন নিরীহ আশাকে পীড়া দেও? কাক কহিল, আমি প্রকারে তাৰৎ চতুর্থান পশুর উপর আৱৰোহণ করিয়া থাকি। ভেড়া কাহাই, অন্য পশুর উপর চড়িয়া থাকিবা, কিন্তু কুকুরের উপর চড়িতে এমন সাহস হয় না। কাক কহিল, আমি স্বামবিশেষে উপনূহ ও নমুতা ও শিষ্টতা ব্যবহার করিয়া থাকি, অর্থাৎ ক্ষীণের নিকট পরাক্রম প্রকাশ করি, আর প্রবেশের নিকট শিষ্ট হই।

তাংপর্য। দুষ্ট ও ক্ষুদ্র মনুষ্যের বীভি এই যে সহিষ্ণুদিগের উপরে যথেষ্ট দৌরাত্ম্য করে, আর বলবানের নিকটেও যায় না।

42.—*The Husbandman and the Ichneumon.*

৪২। এক চাসা আর বেজী।

এক চাসার ক্ষেত্রে কৃতকষ্টলিন শৃঙ্গাল ও শৃঙ্গক ইত্যাদি জন্ত প্রতিদিন আসিয়া শস্য খাইত ও নষ্ট করিছে। কৃষি তাহারিগকে ধরিবার নিয়মিতে জাল পাতিয়া রাখিল, তাহাতে শৃঙ্গাল ইত্যাদি শস্যহিংসুক জন্ত ধরা পড়িল। তাহার স্থিত্যে এক বেজী দৈবক্রমে ঐ ক্ষেত্রে গিয়াছিল, দুরদৃষ্টে প্রযুক্ত সেও জালে বদ্ধ হইল। বেজী ব্রাতোবিক ভীত আর কোমলশরীর, জালের রঞ্জুতে ছিঞ্চিত্ব হইয়া চাসাকে অনেক স্তৰদ্রোত্ত করিয়া বিনতিপূর্বক কহিতে লাগিল, অহে চাসা, তোমার ক্ষেত্রের কোন অপকার করি নাই; আমার সহিত মনুষ্যের কোন অসূয়া নাই; আমি তোমারিগের চির-

କାଳେର ଆଶ୍ରିତ, ଉପକାର ସ୍ୟତିତ କଥନ କୁଣ୍ଡି କରି ନାହିଁ; ଦେଖ, ତୋମା-
ଦିଗେର ସରେ ସର୍ପ ଆସିଲେ ଦି ନା, ଆର ମୂସିକ କୁଣ୍ଡିକାରକ ଜଳ୍ପ ତାହାକେ
ଆୟି ନୁଟ୍ କରି, ତାହାତେ ତୋମାଦିଗେର ଖାଦ୍ୟଦୂର୍ଯ୍ୟ ଅପଚାଯ ହୟ ନା; ଅତେବେ
ଆମାକେ ନା ମାରିଯା ମୁକ୍ତ କରୁ। ଚାମା କହିଲ, ସଥାର୍ଥ, ତୁମି ସାହା କହିଲା
ତାହା ମତ୍ୟ ବଟେ, କିନ୍ତୁ ତୁମି ମନ୍ଦକାରି ଓ ଦୁଷ୍ଟ ସ୍ୟକ୍ତିର ସହିତ ସଙ୍ଗ
ହଇୟାଛ, ଅତେବେ ତାହାର ସହିତ ଶାନ୍ତି ପାଇତେ ଉଚିତ ହୟ। ଇହା କହିଯା
ମେ ବେଜୀକେ ବଧ କରିଲ ।

ତାଂପର୍ୟ । ଦୁଷ୍ଟ ଲୋକେର ସହିତ ଥାକିଲେ ଦୂରଦୃଷ୍ଟ ପ୍ରାପ୍ତ ହୟ; ଅମ୍ବସଙ୍ଗେ
ଥାକିଯା ଯଦ୍ୟପି ଅମ୍ବ କର୍ମ ନା କରେ ତଥାଚ ତାହାର ଦଶେର ଅନ୍ଧୀ ହୟ ।

43.—*The Huntsman and the Snake.*

୪୩ । ଏକ ଶିକାରୀ ଆର ସର୍ପ ।

ଏକ ଶିକାରୀ ବନ୍ଦୁକହାରୀ ଏକଟା କପୋତକେ ମାରିଲେ ଆକ୍ରମଣ କରିଲେ-
ତିଲ, ଇତୋଥିଥେ ଏକ ସର୍ପର ଗାତ୍ରେ ତାହାର ପଦାଘାତ ହଇବାତେ ସର୍ପ
ତାହାକେ ଦେଖି କରିଲ । ଶିକାରୀ ସର୍ପଦଶନ ଜୀବାଳାତେ ଅତି ପୀଡ଼ିତ
ହିୟା ଭୂମିତେ ପଡ଼ିବାତେ କପୋତ ପଲାଇଯା ଗେଲ, ଶିକାରୀ ବିଷେର ଜୀବା-
ଳାତେ ମରିଲ ।

ତାଂପର୍ୟ । ପରେର ହିସା କରିଲେ ଆପନାର କୁଣ୍ଡି ହୟ ।

44.—*The Trumpeter.*

୪୪ । ଶତ୍ରୁହଞ୍ଚେ ପତିତ ଏକ ରଗମିଳ୍ଲାବାଦ୍ୟକର ।

କୋନ ଯୁଜ୍ନେତେ ଏକ ରଗମିଳ୍ଲାବାଦ୍ୟକର ଜୟି ସୈନ୍ୟେର ହଞ୍ଚେ ପତିତ ହିଲେ
ଜୟି ସୈନ୍ୟେର ସିପାହୀରୀ ତାହାର ଶିରଶ୍ରେଷ୍ଠନ କରିଲେ ପ୍ରବୃତ୍ତ ହିଲ । ସିଙ୍ଗା-
ଓୟାଳା ମହାଭିତ ହିୟା ସିପାହୀରିଗକେ ବିନତିପୂର୍ବକ କହିଲେ ଲାଗିଲ,
ଅହେ ଯୋଜା ସକଳ, ସେ ସ୍ୟକ୍ତି କାହାକେ ଓ ହିସା କରେ ନା, ତାହାକେ ବଧ
କରୁ କି ବିଚାରୁମିଳି ହୟ? ଆୟି ବାଦ୍ୟକର କାହାରେ ହିସା କରି ନାହିଁ,
ତୋମାଦିଗେର ସହିତ ଯୁଦ୍ଧ କରି ନାହିଁ, ତବେ କେନ ଆମାକେ ମାରିବା? ସିପାହୀ
କହିଲ, ତୁମି ବ୍ରହ୍ମାଣ୍ଡ କାହାକେ ହତ୍ୟା କର ନା ବଟେ, କିନ୍ତୁ ହତ୍ୟା କରିଲେ ଅନ୍ୟ
ଦକ୍ଷଳକେ ପ୍ରବୃତ୍ତ କରାଓ; ତୁମି ହତ୍ୟାକାରିହିତେ ଓ ଦୁଷ୍ଟ, ତୋମାକେ ବଧ କରୁ
ଉଚିତ ହୟ, ତୁମି ମିଳାବାଦ୍ୟ ନା କରିଲେ କେହ ଯୁଦ୍ଧ ପ୍ରବୃତ୍ତ ହୟ ନା ।

ତାଂପର୍ୟ । ସେ ସ୍ୟକ୍ତି ମନ୍ଦ କର୍ମେ ପ୍ରବୃତ୍ତ କରେ, ମେ ମନ୍ଦକାରିହିଲେ
ତେବେ ଅଧିମ ।

45.—*The Pigeons, the Hawk, and the Kite.*

৪৫। কপোত ও বাজ আর চিল।

এক স্থানে কতক পুলিন কপোত বাস করিত, মেখানে একটা চিল আসিয়া তাহাদিগের উপর সর্বস্তু দৌরাত্ম্য করে, তাহার অপত্য নষ্ট করে, ও নানা প্রকার গৃহপীড়া দেয়। কপোতের খাসব্যস্ত হইয়া এক বাজের নিকট যাইয়া আপনাদিগের ক্লেশাবস্থা জাত করিয়া কহিল, চিলের দৌরাত্ম্যেতে আমরা আর তিষ্ঠিতে পারি না, তোমার শরণ লই-লাম; আমাদিগকে রক্ষা করহ। বাজ উত্তর করিয়া কহিল, ভাল, ইহার অপেক্ষা আমার ভাগ্য কি? অন্যায়ে তোমাদিগের উপকার করিব, আর শরণাগত ব্যক্তির রক্ষা না করিলে বড় পাপ; এই মত নানা প্রকার মনঃপীড়িজনক বাক্যবারী আশ্বাসিয়া চিলকে যথেষ্ট নিষ্ঠা করিয়া কহিতে সাগিল, সে দুষ্ট বড় পাপী, দৰ্শ উদয়ের নিমিত্তে নিরীহ কপোত-দিগকে নষ্ট করা বড় দুর্কর্ম; তোমরা স্বচ্ছদে বাস করহ, কোন ভাবনা নাই। পরে বাজ প্রতিনিন্দা আহারোপযুক্ত কপোত বধ করিয়া খাইয়া সর্বনাশ করিল।

তাংপর্য। বিপদগুস্ত হইয়া ক্ষমতাপন্ন অধোর্মিক লোকের আশ্রিত হওয়া মনুষ্যের কর্তব্য নহে, কারণ তাহারা প্রথমে ভয়সাজনক নানা বাক্যবারী আশ্বাস দিয়া পরে তাহাকে আপনি নষ্ট করে।

46.—*The Animals' Petition.*

৪৬। পশ্চাদি জীব আর ভগবান।

কোন কালে বর্ণ জন্মৱা আপনি ২ বর্তমান অবস্থাতে বিরক্ত হইয়া ভগবানের নিকটে প্রার্থনা করিল যে হে ভগবন, আপনি আমাদিগকে যে অবস্থা দিয়াছেন, তাহাতে বড় ক্লেশ বোধ হয়; অতএব অনুকূল হইয়া আমাদিগকে উত্তম অবস্থা দিউন। উষ্টু আসিয়া প্রার্থনা করিল, আমার শৃঙ্খ হউক, তাহাতে আপন উপস্থিত হইলে রক্ষা পাইতে পারিব, এবং সৌন্দর্যের ও বাহুল্য হইবে। ময়ুর যাঙ্গাক করিল, আমার দ্বার কোকিলের ন্যায় হউক। ধৰণোশ হরিণের ন্যায় ঝঁতগতিশক্তি চাহিল। ভগবান উত্তর করিয়া কহিলেন, অরে পশ্চাদিগণ, আপনি ২ বর্তমান অবস্থাতে সন্তুষ্ট থাক, অবস্থাস্তুর প্রাপ্তির বাসন। কেবল ঘনের বৈলক্ষণ্যমাত্, সন্তোষ ন। থাকিলে অবস্থাস্তুরেও সুখ হয় ন।। উষ্টু তাহা ন। মানিয়া আপন অবস্থায় বৈরক্তি ব্যক্ত করিবাতে ভগবান কুপিত হইয়। শৃঙ্খ ন। দিয়া তাহাকে কাষকাটা করিলেন।

তাংপর্য। সন্তোষ ন। থাকিলে দরিদ্র ব্যক্তি রাজ্যাভিষিক্ত হইয়াও সুখী হইতে পারে ন।। পরমেশ্বর তাৎ জীবের বিষয়ে কর্তব্য মতে নিয়াছেন, তাহার নিম্ন করিলে কথন ভাল হয় ন।।

47.—*The Frogs and their Kings.*

৪৭। ভেক আৰ সারস।

এক জলাশয়ে কঠলিন ভেক বাস কৱিত, তাহারু ভুন্ত হইয়া বিবেচনা কৱিল, পৃথিবীৰ মধ্যে সকলেৱ রাজা আছে; কোৰ প্ৰধান ব্যক্তি আমাদিগেৱ রাজা হইলে ভাল হয়। ইহা মনে কৱিয়া ভগবানেৱ স্থানে স্তবস্তোত্ৰপূৰ্বক প্ৰার্থনা কৱিতে লাগিল, ওহে জগৎপতি, তোমাৰ সৃষ্টিতে সকল জাতিকে রাজা দিয়া প্ৰতিপালন কৱিতে, আমাদিগকেও এক জন রাজা দেও। ভগবান কইলেন, তোমৰু উত্তম অবস্থায় আছ, রাজাৰ আবশ্যকতা নাই; কাৰণ অমৰীন অবস্থা ভাল, পৰাধীন হওয়াতে বড় ক্লেশ হয়। তাহারু তাহা না মানিয়া পুনৰ্বাৰ প্ৰার্থনা কৱিলেন ভগবান একখনো বৃহৎ শুক্র কাষ্ঠ ক্ষেপণ কৱিয়া কহিলেন, এই তোমাদিগেৱ রাজা, ইহাকে মান্য কৱিও। ভেকেৱু কাষ্ঠাকাৰ রাজা পাইয়া তৎকালে অতিছষ্টিচিন্ত হইয়া অতি সমাদৱে বিনয়পূৰ্বক ভূমিষ্ঠ হইয়া কাষ্ঠরাজা-কে প্ৰণাম কৱিল। এই রূপে কিছু কাল গত হইলে এক দিন তাহাদিগেৱ মধ্যে এক ভেক আৰু ২ ভেকদিগকে কহিল, অহে ভেক সকল, আমাদিগেৱ রাজা যে দিন অবধি আসিয়াছেন তদবধি কিছুই কহেন না; চল তাহার নিকটে যাইয়া দেখি ইহার বৃন্তান্ত কি। এই কথা কহিয়া সকলে ক্ৰমে ২ তাহার নিকটবৰ্তী হইলে কাষ্ঠরাজা কিছুই কহেন ন। ইহা দেখিল। পৱে তাহার উপৱ আৱোহণ কৱিয়া অতি কোলাহল শব্দপূৰ্বক বাতুল্লাস উলঞ্চন কৱিয়া কহিল, এ রাজা কাষ্ঠমাত্ৰ, আমাদিগেৱ অক-মিদ্য; ভগবান আমাদিগকে প্ৰতাৱণ কৱিয়াছেন; ইহা বলিয়া পুনৰ্বাৰ ভগবানেৱ নিকট প্ৰার্থনা কৱিতে লাগিল। তখন ভগবান কুপিত হইয়া একটা বৃহৎ সারস পঞ্চিকে পাঠাইলেন। সারস এ জলাশয় ভেকগারে আসিবামাৰেই আপনাৰ বাভাবিক অতি কৰ্কশ চীৎকাৰশব্দ কৱিতে ২ ভেকদিগেৱ নিকট আসিয়া উপস্থিত হইল। তাহাতে ভেকেৱু কহিল, হঁ উপযুক্ত পাত্ৰ, রাজাৰ ঘোগ্য বটে, ইহাঁৰ যেমত ধ্যান তদনুসারে ঘৰ, ইহাঁহইতেই আমৰা সুখী হইব। ইহা বিবেচনা কৱিয়া সমস্তুমে রাজাকে প্ৰণাম কৱিতে আইল। কিন্তু সারস তৎক্ষণাৎ আপন বৰ্ধমানু-সারে তাহাদিগকে ক্ৰমে ২ ভক্ষণ কৱিতে লাগিল। তাহাতে অনেক ভেকেৱ মাঝ হইলে অবশিষ্ট ভেকেৱু যাইয়া পুনৰ্বাৰ ভগবানেৱ স্থানে

প্রার্থনা করিল, হে ভগবন, রক্ষা কর, আমাদিগের এমত রাজাতে প্রয়োজন নাই; ইনি আমাদিগের রক্ষা করিবেন কি? সর্বনাশ করিলেন। তখন ভগবান् কহিলেন, এ তোমাদিগের রাজা নহে, এ শাস্তি; এক্ষণে আর কোন উপায় নাই, কেবল দৈর্ঘ্যবলম্বন কর।

তাৎপর্য। মনুষ্য যথন ভাল অবস্থায় থাকে তখন তাহা জানিতে প্রায় না পারিয়া তাহার পরিবর্তন আকাঙ্ক্ষা করে, কিন্তু সেই আকাঙ্ক্ষা প্রায় তাহাদিগের দুর্ভাগ্যের কারণ হইয়া উঠে।

48.—*The Misanthropist.*

৪৮। এক খল ব্যক্তি আর ফকীর।

এক অতিথি ব্যক্তি চিরকাল সৎসাধারণে থাকিয়া আপন সাধ্য-মূসারে পরের অপকার ও হিংসা করিয়া কাল যাপন করিত; পরে অধিক বয়স হওয়াতে বলের হুস হইতে লাগিল, তখন পূর্বমত পরের অপকার ও কুব্যবহার করণে অশক্ত হইয়া দৃষ্ট মনে বিবেচনা করিয়া কহিল, যদ্যপি এখন আমি আপন প্রতিবাসির হিংসা করিতে পারি না, তথাপি তাহাদিগের অমঙ্গল প্রার্থনা করিয়া থাকি, কিন্তু আমি মরিলে ইহাও হইবে না; অতএব যাহাতে চিরকাল ইহাদিগের অপকার হয় এবত কোন উপায় চেষ্টা করিব। এই বিবেচনা করিয়া নগরহইতে যাইয়া ব্যাঘু ভলুকাদি ব্যাপ্ত নিবিড় বনে প্রবেশ করিল। তথায় এক ফকীর থাকে; ফকীর মনুষ্য দেখিয়া আশচর্য বোধ করিয়া জিজ্ঞাসা করিল, অহে বনপ্রবেশক, তুমি কে? সে কহিল, আমি খলপ্রধান, আপন শরীর ব্যাঘুকে ভোজন করাইব, এই অভিপ্রায়ে আসিয়াছি। আমার বৃত্তান্ত শুন; আমি চিরকাল লোকের মন্দ ও হিংসা করিয়াছি, এইক্ষণে জরাগুরু হইয়াছি, কিন্তু অধর্ম প্রতিপালনার্থে বিবেচনা করিয়া। এই বনে আপন মাস ব্যাঘুদি জনকে দিয়া ভোজন করাইতে হির করিয়াছি; কারণ আমার মাস ভোজন করিলে ঐ ব্যাঘুদি জন মনুষ্য-মাসের আবাসন পাইয়া গুমের সকল লোককে ধরিয়া থাইবে।

তাৎপর্য। খল মনুষ্য পরের অপকার চেষ্টাতে কখন ২ আপনার সর্বনাশও ঝীকার করে।

49.—*The old Man and his Ass.*

৪৯। এক বৃক্ষ আরবী আর গদ্দড়।

এক বৃক্ষ আরবী আর তাহার পুত্র এই দুই জন একটী গদ্দড় লইয়া ছানাক্ষেত্রে ঘাইতেছিল। পথের মধ্যে বৃক্ষ আরবী পুত্রকে কহিল, তুমি

ইহাতে আরোহণ কর, আমি পদবুজে যাই। তাহাতে পুত্র গাধার উপর চড়িল, আর তাহার পিতা হাঁটিয়া চলিল। কতক দূরে গেলে পর লোকেরা দেখিয়া পুত্রকে নিম্ন করিয়া কহিতে লাগিল, অরে অধার্মিক, এই প্রচঙ্গ রোদ্রে তোমার বৃক্ষ পিতাকে হাঁটাইয়া লইয়া যাইতেছ, আর আপনি গর্দভের উপর বসিয়া যাইতেছ? ইহা শুনিয়া পুত্র বড় অপ্রতিভ হইয়া পিতাকে গাধার উপর চড়াইয়া আপনি হাঁটিয়া চলিল। কতক দূরে গেলে পর লোকেরা বৃক্ষ আরবিকে বড় মন্দ কহিতে লাগিল, অরে চগাল নির্মেহ, আপনি সওয়ারিতে বৃক্ষে যাইতেছ, আর পুত্রের ক্লেশ দেখিতেছ? তাহাতে আরবী অপরক্ষ হইয়া পুত্রকে আপন পার্শ্বে চড়াইয়া লইল। দুই জন আরোহণ করিলে অভিভাব প্রমুক গর্দভ কষ্টে চলিতে লাগিল। তখন লোকেরা পিতাপুত্র উভয়কেই মন্দ কহিতে লাগিল, অরে নিষ্ঠুর আরবি, আপন দুয়েতেও যতন কর না? এই ক্ষুদ্র পশুর উপরে দুই জন আরোহণ করিয়াছ; এ মরিয়া গেলে কাহার ক্ষতি হইবে? ইহা শুনিয়া আরবিয়া পিতা পুত্র দুই জন নামিয়া হাঁটিয়া চলিল এবং গাধাকে অগুৰ লইয়া চলিল, কিন্তু তাহাতেও লোকেরা আরবার মন্দ কহিতে লাগিল, অরে অনভিজ্ঞ নির্মোধ আরবি, দুই জন এই উত্পন্ন বালুকা দিয়া পদবুজে যাইতেছ, সওয়ারি গাধাকে অগুর লইয়াছ? যদি আরোহণ না করিবা, তবে তোমাদের গর্দভে কি ফল?

তাৎপর্য। সর্ববাদি সমত প্রায় কোন কর্ম হয় না।

50.—*The Gardener and the Dog.*

৫০। এক মালী আর কুকুর।

এক মালির কুকুর দৈবাং কুপে পড়িল। মালী দেখিয়া তাহাকে উঠাইবার নিমিত্তে কুপের মধ্যে প্রবেশ করিয়া কুকুরের অবলম্বনার্থে আপন হস্ত তাহার প্রতি বিস্তার করিল। কুকুর দুঃখীল ঘনে করিল, মালী আমাকে কুপের মধ্যে অধিক নিমিপু করিবে, এ নিমিত্তে হস্ত বিস্তার করিয়াছে, অতএব রাগত হইয়া মালির অঙ্গুলি কামড়াইল, তাহাতে মালী উপরে উঠিল, কিন্তু কুকুর কুপের মধ্যে রহিল। তখন মালী কুকুরকে করিল, তোমার বড় দুষ্টতা ও কুব্যবহার, আমি তোমার উপকার করিতে আইলাম, কিন্তু তুমি তাহা অস্বীকার করিয়া তাহার বিপরীতাচরণ করিলা, এবং যে হস্তহারা তোমার রক্ষা হইত তাহাতেই ক্ষত করিল।

তাৎপর্য। যাহার উপকারবোধ নাই, তাহার উপকার করা পঙ্গ-শ্রমাত্ম।

51.—*The two Frogs.*

৫১। দুই ভেক।

দুই ভেক ছিল ; তাহাদের মধ্যে একটা কোন জলাশয়ে থাকিত, অন্য ভেক রাজপথের পার্শ্বের নিম্ন স্থানে বাস করিত। তাহাতে কোন বৎসর অনাবৃষ্টি হওয়াতে জলাশয়ের ভেক দেখিল যে হিতীয় ভেকের বসতিস্থান শুক্ষপ্রায় হইল ; অতএব সে স্থানে থাকিলে সে মার। যাইবে, ইহা বিবেচনা করিয়া কইল, অহে সজ্জাতি যিত্র, তোমার স্থান শুক্ষ হইল, তুমি বরং এই জলাশয়ে আসিয়া থাক। কিন্তু রাজপথের ভেক তাহাকে আপনার অনিষ্টকারী বোধ করিয়া তাহার কথায় সম্মত না হইয়। উত্তর করিয়া কইল, এ স্থান আমার জয়ভূমি ; দেশে ত্যাগ করিয়া অনিষ্টিত সুগের আশাতে কেন অন্য স্থানে যাইব ? আমার এই স্থান ভাল, আমাদিগের গোষ্ঠীর এমত রোতিও নাই যে স্থানস্থরে যাই। পরে তাহার বসতিভূমি অধিক শুক্ষ হইয়। রাজপথের সহিত মিলিত হইল, তাহাতে তাহার উপর দিয়া গাড়ির ঢাকা গিয়া ভেকের শরীর চূর্ণ করিল।

তাঁৎপর্য। যে ব্যক্তি পরকে কেবল অবিশ্বাস করিয়া সন্দেহ প্রযুক্ত তাহার কাছে উপকৃত হইতে চাহে না, তাহার নিজ দোষেই অমঙ্গল হয়। আর যে অবস্থায় জয়িয়াছে, সেই অবস্থায় চিরকাল থাকিতে মনে ছির করে যে সোক, সে প্রায় আপনাকে মূর্খ দেখায়।

52.—*The Musalmán and his Goat.*

৫২। এক মুসলমান আর ছাগল।

এক মুসলমান খাদ্যের জন্যে বাজারহইতে একটি ছাগল কিনিয়া আনিতেছিল, ইতোমধ্যে কএক জন প্রতারক ঐ ছাগল দেখিয়া বুভুক্ষাপ্রযুক্ত পরামর্শ পূর্বক সেই মুসলমানের পশ্চাত্ত্ব যাইতে লাগিল। এবং কেহ কইল, কি কাল হইয়াছে ? মুসলমান হইয়। শূকর স্তকে লইয়। যাইতেছে। মুসলমান তাহ। শুনিয়া ভাবিতে লাগিল, ইহার। ছাগলকে শূকর কেন কহিতেছে ? আরে। কেহ কইল, অরে দুরাস্ত। মুসলমান হইয়। শূকর স্তকে করিয়াছ। যাহাকে সংশ করিলে প্রায়শিক্ত করিতে হয় ? তুই মুসলমানের বৎসজ্ঞাত নহিস। এই কথা শুনিয়। সে ঐ ছাগলকে স্তকহইতে স্তুরিতে নামাইয়। বিশেষ কুপে নিরীক্ষণ করিতে লাগিল, কারণ আমার ভুক্তি হইয়। থাকিবে, তাহার। এমত বোধ জয়িয়াছিল। কিন্তু ছাগল বটে, শূকর নহে, ইহা

দেখিয়া সে কহিতে লাগিল, ইহারা কি উচ্চত হইয়াছে? এই জন্যে
আমার কৃত ছাগলকে শুকর কহিতেছে? আর বার লইয়া চলিল।
কতক দূর যাইতে ঐ প্রতারকদের মধ্যে কেহ ২ অগুগামী হইয়া মুসল-
মানের বেশ ধরিয়া সমুখ্যাগত হইয়া কহিল, অরে নরাধম কুলকুষ্ঠার,
তুমি আমাদের অত্যন্ত বিরুদ্ধ পর্যাচরণ করিতেছ, শুকর লইয়া যাই-
তেছ; ভাল, কাজির নিকটে কহিয়া তোমার শাস্তি করিব। এই কথা
শনিয়া মুসলমান বিবেচনা করিল, প্রথম লোক যে কহিয়াছিল তাহাতে
আমার প্রত্যয় হইয়াছিল না; আরবার দেখি আমার সজাতীয়ও
কহিতেছে, অতএব দুর্য আমার দৃষ্টি ও জানের বৈলক্ষণ্য হইয়া থা-
কিবে; যাহা হউক, সত্য কিম্বা মিথ্যা, জননৰ হইলে অবশ্যই ধর্মের
হনি হয়। এই বিবেচনাতে সে ছাগল পরিয্যাগ করিয়া গেল, পরে
ঐ প্রতারকের মহাহন্ত হইয়া ছাগল লইয়া যাইল।

তাৎপর্য। লোকে কি বলে, তাহাতে হঠাৎ বড় মনোযোগ করা
অতি মুর্খের কর্ম।

53.—*The Dog and his Shadow.*

৫৩। কুকুর ও তাহার প্রতিবিম্বের কথা।

কোন কুকুর এক খও মাস মুখে করিয়া সন্তুরণন্তরা এক নদী পার
হওন্তে সময়ে জলমধ্যে আপন প্রতিবিম্ব দেখিল। অতএব আর এক
কুকুর উভয় মাসখণ্ড মুখে করিয়া যাইতেছে, ইহা বৌধ করিয়া ঐ মাস
খও পুরণ করিবার চেষ্টাতে মুখ্যব্যাদান করিয়া তাহার প্রতি আক্রমণ
করিল, তাহাতে তাহার মুখের মাস একেবারে জলে পড়িল, এবং
ভুমদ্ধ মাসখণ্ডও লন্তু হইল না। *

তাৎপর্য। যে ব্যক্তি অনুচিত লোভ করে, তাহার এই রূপ দুর্দশা হয়।

54.—*The Crow and the Snail.*

৫৪। কাক ও শন্মুকের কথা।

এক বৃহৎ কাক শন্মুকের মাসাকাঙ্ক্ষী হইয়া, এক শন্মুক দুই তাগ
করিবার নিমিত্তে চক্ষুঘাত করিতেছিল, কিন্তু ভাঙ্গিতে পারিল না।
ইত্যবসরে এক দুষ্ট কুন্দু কাক সেই স্থানে উপস্থিত হইয়া এই হিতো-
পদেশ বাক্য করিল, হে বৃহৎ কাক, তুমি এই শন্মুককে উর্ধ্বে ক্ষেপণ কর,
তাহাতে আপনি শপ্ত হইবে, এবং তুমি অনায়াসে তাহার মাস খাইতে

পাইব। বৃক্ষে কাক সেই উপদেশামূলক করিলে শস্ত্র তৎক্ষণাত ঢৰ্হ হইল বটে, কিন্তু সেই কুন্দু কাক শীঘ্ৰ বৃক্ষহইতে অধৰ্ষ হইয়া সমুদ্রায় ভঙ্গ করিল।

তাৎপর্য। আজ্ঞাকৰি লোক আপনার জাতীকাঙ্ক্ষা না করিয়া অন্যকে হিতোপদেশ করে না।

55.—*The Fox and the Crow.*

৫৫। খেঁকশিয়াল ও কাকের কথা।

এক কাক বৃক্ষের উপরে যৎকিঞ্চিত মাঝ মুখে করিয়া বসিয়া আছে, কোন খেঁকশিয়াল ইহা দেখিয়া এ মাঝস্থাণ কি প্রকারে আমার হইবে, ইহা মনে ভাবিয়া কাককে সমোধন করিয়া কহিল, ওহে কাক, তুমি ধন্য পক্ষী, দেবতা ও মানুষদের আক্঳াদজনক; তোমার শরীরের কি সৌন্দর্য, ও তোমার পক্ষের বর্ণ কি সুন্দর। ঈশ্বর যদি তোমাকে সুস্থ হিতেন, তবে বুঝি পৃথিবীতে তোমার সদৃশ আর কোন পক্ষী থাকিত না। এই সকল বাক্য শ্রবণ করাইবার নিমিত্তে মুখ্যাদান করিল, তাহাতে মুখস্থ মাঝস্থাণ ভূমিতে পড়িল। তৎক্ষণমাত্রে শৃগাল সেই মাঝস্থাণে তোক্তন করিয়া স্থানে প্রস্থান করিল।

তাৎপর্য। যে লোক আজ্ঞাকৰিবাক্যেতে আনন্দিত হয়, তাহার ক্ষতি অবশ্য হয়।

56.—*The Crow.*

৫৬। এক কাকের কথা।

এক কাক নিজ সৌন্দর্যের নিমিত্তে অন্য ২ পক্ষির পতিত পক্ষ আপন শরীরে সংলগ্ন করিল। অন্য ২ পক্ষিরা সে কাককে এমন সুন্দর দেখিয়া ঈর্য্যা করিতে লাগিল। পরে সে সকল পক্ষ তাহার নয় কিন্তু আমাদেরি, ইহা ভাবিয়া তাহার স্থানহইতে তাহার পাখা সমেত আপন ২ সকল পাখা কাড়িয়া লইল। তাহাতে সে কাক পক্ষহীন হওয়াতে কদাকার হইয়া সকলের উপহাসাসন্দ হইল।

তাৎপর্য। বস্তাবত ধৰ্ম্মবান না হইয়া যে ব্যক্তি অন্যের ধৰ্ম্মে ধৰ্ম্মবান হইতে চাহে, তাহার অবশ্যে কেবল জজ্ঞ। ঘটে।

57.—*The Father and his Sons.*

৫৭। পিতা পুত্রবিষয়ক কথা।

এক ব্যক্তির বছ পুত্র ছিল, কিন্তু তাহাদের পরস্পর অভ্যন্তর বিবাদ ছিল, অতএব পিতা যরিবার সময়ে তাহাদিগকে ডাকিল, এবং অনেক তৃণহারা দৃঢ়রূপে এক রজ্জু করিয়া তাহাদিগকে তাহা ছিন্ন করিতে কহিল; তাহারা অনেক যত্ন করিয়াও ছিন্ন করিতে পারিল না। তখন পিতা মে রজ্জু খুলিয়া এক ২ তৃণ তাহাদিগকে ছিন্ন করিতে দিল, তাহা তাহারা আমায়াসে ছিঁড়িল। তখন পিতা কহিল, এই তোমাদের কারণ হিতোপদেশ, কেননা তোমরা যদি মিলিয়া থাক, তবে তোমাদিগকে পরাত্তব করিতে কেহই পারিবে না; কিন্তু যদি পৃথক্ক্ষণ, তবে তোমাদিগকে অনায়াসে সকলে মষ্ট করিতে পারিবে।

তাংপর্য। ঐক্য হইলে শক্তি হয়, কিন্তু অনৈক্যেতে কেবল দুর্বৰ্ণ হয়।

58.—*The Shepherd.**

৫৮। এক রাখালের কথা।

এক ধূর্ণ রাখাল, ব্যাঘু আসিয়াছে, পুনঃ ২ এ মিথ্যাকথা কহিয়া চিৎকার করে, তাহা শুনিয়া নিকটস্থ সকল লোক ব্যাঘু মারিবার জন্যে একত্র হয়, এই রূপে কৌতুক পূর্বক কিছু দিন গেল; কিন্তু এক দিন প্রকৃত ব্যাঘু দেখিয়া মে রাখাল ব্যাঘু ২ এই শব্দ করিয়া উঠিল, তাহাতে অবিশ্বাস করিয়া কোন লোকই আউল না, পরে ব্যাঘু মেষদিগকে থাইয়া ফেলিল।

তাংপর্য। মিথ্যাবাদির সত্য কথাতেও বিশ্বাস হয় না।

59.—*The Boy and the Goose.*

৫৯। এক বালক ও হৎসের কথা।

কোন বালকের এক হৎস প্রতিদিন এক বর্ণের ডিম্ব প্রসব করিত, তাহা সেই বালক লইয়া অনেক লাল করিত। পরে এক দিন মে বালক ঘনে ভাবিল, এ হৎসের উদ্দৱ বিদীর্ঘ করিলে আমি একেবারেই সে

* This fable and one or two more have already occurred; but as the style is varied, the repetition may prove instructive.

সকল স্বর্গতিষ্ঠ পাইব, ইহা ভাবিয়া সে হসকে মারিয়া ফেলিল, কিন্তু কতকগুলি ক্ষম্তি ২ ডিস্ট ব্যতিরেকে আর কিছু পাইল না।

তাঁপর্য। যে ব্যক্তি অতিশয় মোত্ত করে, তাহার ঐ রূপ মূলমুক্ত নষ্ট হয়।

60.—*The old Man and Death.*

৬০। এক বৃদ্ধের কথা।

এক ব্যক্তি বৃদ্ধ কাষ্টভার মন্তকে করিয়া গমন করিতেছিল, কিন্তু দূরে গমন করিয়া সেই ভার বহনে অপারক হইয়া মন্তকহইতে ভূমিতে ফেলিল ও অতিদুঃখে উচ্চেঃস্থরে কহিস হে মৃত্যু, আমাকে সও। তৎক্ষণে মৃত্যু তাহার নিকটে আসিয়া কহিলেন, তুমি আমাকে কি নিমিত্তে ডাকিতেছিলা? সে অতিশয় ভীত হইয়া কহিল, এই কাষ্টভার আমার মন্তকে তুলিয়া দেওনের নিমিত্তে আমি তোমাকে ডাকিয়াছি।

তাঁপর্য। এই সম্মারে অতিদুঃখি লোকেরও আন্তরিক মরণবাঞ্ছ কমাচ হয় না।

61.—*The Bird in the Corn-field.*

৬১। পঙ্কজী ও কৃষকের কথা।

এক পঙ্কজী এক কৃষকের ধান্যক্ষেত্রে বাসা করিয়া বাস করে, এবং তাহার দুই তিনটা শাবকও থাকে; ঐ পঙ্কজী প্রতিদিন আহারের ক্ষারণ অন্য ২ ছানে ঘায়। কিছু দিন পরে ঐ ক্ষেত্রের ধান্য পক্ষপায় দেখিয়া ঐ পঙ্কজী চিন্তিত হইয়া এক দিন আপন শাবকদিগকে কহিল, আমি আহারার্থে পুত্রিদিন অন্য ২ ক্ষেত্রে ঘাই, এখানে থাকি না; যদি কোন দিন কেহ আসিয়া কোন কথা কহে, তবে তোমরা আমাকে জানাইও। পরে এক দিন ঐ ক্ষেত্রের সামী পিতাপুত্রে ক্ষেত্রে আসিয়া ধান্য পক্ষ দেখিয়া কহিল, ধান্য সুপক্ষ হইয়াছে; কল্য আঝীয় সোকদিগকে ডাকিয়া ধান্য কাটিতে হইবে। ইহা পক্ষিশাবকেরা শুনিল; পরে পঙ্কজী দাসার আইলে সেই কথা তাহাকে কহিল। তাহা পনিয়া পঙ্কজী উচ্চিপ্র না হইয়া কহিল, তাম, ক্ষতি নাই, কল্য যে কথো-পক্ষেন হইবে, তাহাও আমাকে জানাইও।

পরদিন ঐ কৃষকের। পিতাপুত্রে ঐ ক্ষেত্রে আসিয়া কহিতে সাগিল, হায়; আজ্ঞায়দিগকে ডাকিলাম, তাহার। কেহই আইল না; ভাল, কল্য জাতি কুটুম্বদিগকে ডাকিয়া ধান্য কাটিতে হইবে। এই কথাও পক্ষিশাবকের। শুনিল। পরে পক্ষী বাসায় আইলে তাহার। সে কথাও তাহাকে শুনাইল; তাহাতে পক্ষী কহিল, যে হউক, উদ্বেগের বিষয় নহে; ভাল, অন্য যে কথাবার্তা হইবে, তাহাও আমাকে জানাইও।

পরে সে দিন ঐ কৃষকের। পিতাপুত্রে ক্ষেত্রের নিকটে আসিয়া কহিল, হায় কি হইবে? জাতি কুটুম্বেরাও আইল না; দূর হউক, কল্য আমর। পিতাপুত্রেই আসিয়া এই ধান্য কাটিব; ইহা এ শাবকের। শুনিল। কিঞ্চিৎ পরে পক্ষী বাসায় আইলে তাহার। কহিল, কল্য কৃষকের। পিতাপুত্রে আসিয়া ধান্য কাটিবে। ইহা শুনিয়া পক্ষী অত্যন্ত উদ্বিগ্ন হইল, ও সেখানে ইতে বাস। উঠাইয়া আপন শাবকদিগকে জাইয়া অন্যত্র বাসা করিয়া কাল যাপন করিতে সাগিল।

তাৎপর্য। আপন কর্ম আপনি না করিলে অন্যের দ্বার। প্রায় সিদ্ধ হয় ন।

62.—*The Fox and the Grapes.*

৬২। এক শূগাল ও দুক্ষাঙ্গলের কথা।

এক শূগাল কোন দুক্ষাঙ্গলতাতে বিস্তর সুপক ফল দেখিয়া তাহার উচ্চ শাখাহইতে ফল লইবার কারণ অনেক ঘন করিল; কোন প্রকারে না পাইয়া কহিল, এ সকল ফল কিছু নয়, কাচা ও অতি অষ্ট, তাহার কারণ আমি আর শ্রম করিব ন। ঈষ। এলিয়া প্রস্থান করিল।

তাৎপর্য। কোন মোক যদি কোন বস্তুর কারণ অনেক আকিঞ্চন করিয়া পাইতে ন। পারে, তবে ‘আপন মনঃপ্রিয়েদের কারণ তাহাতে দেখিবারোপণ করে।

63.—*The Man with two Wives.*

৬৩। এক জনের দুই স্ত্রী ছিল তাহার কথা।

অর্ক শ্যাম অর্ক শুল্ক কেশবিশিষ্ট অর্কবয়ন্ত এক ব্যক্তি দুই স্ত্রী বিবাহ করিল, তাহাদের মধ্যে এক স্ত্রী সমবয়স্তা, দ্বিতীয়। ন্যূনবয়স্তা ছিল। বৃদ্ধা স্ত্রী আপন মনোমত করিবার জন্যে স্বামির কাঁচা কেশ ছিঁড়িতে

লাগিল, এবং মুবতি স্তৰী আপন মনোমত করিয়ার জন্যে তাহার পাকা কেশ ছিঁড়িতে লাগিল। ইহাতে তাহার মস্তক কেশহীন হইল।

তাঁৎপর্য। যাহারা দুই পক্ষের সোককে সন্তুষ্ট করিতে চেষ্টা করে, তাহাদের প্রায় এই রূপ দুরবস্থা হয়।

64.—*The Gnat and the Lion.*

৬৪। এক মশক ও সিংহের কথা।

এক সিংহ, বনের মধ্যে অহঙ্কারে গর্জন করিতেছিল, সেই কালে এক মশক আসিয়া তাহাকে বলিল, আইস, আমরা পরস্পর যুদ্ধ করি। তাহাতে সিংহ সমত হইলে মশক তৎক্ষণাতে সিংহের নামা-ছিদ্রে প্রবেশ করিয়া তাহাকে দখন করিতে লাগিল, তাহাতে সিংহ দখনের জরুরাতে হস্তপাদাস্ফালন করিয়া তথাহইতে পলায়ন করিল। ইহাতে মশক অতিশয় অহঙ্কার করিয়া উড়িয়া গেল, কিন্তু উড়িয়া যাইবামাত্র একটা মাকড়সার জালে বন্ধ হইয়া তাহাকর্তৃক ভক্ষিত হইল। তাহাতে মরণকালে তাহার অতিশয় লজ্জা হইল; কেননা যে মশক সিংহকে এমন পরাত্ব করিল, সে এক কুন্দু মাকড়সার জালে বন্ধ হইয়া মারা পড়িল।

তাঁৎপর্য। অহঙ্কারি সোক শীঘ্ৰ পতিত হয়।

65.—*The Lion, the Ass, and the Fox.*

৬৫। সিংহ ও গর্দভ ও শৃগাল এ তিনির কথা।

সিংহ ও গর্দভ ও শৃগাল এ তিনি জন শিকার করিতে গিয়া এই নিয়ম করিল, আমাদের যাহা প্রাপ্য হইবে, তাহা সকলে সমানাংশে লটব। পরে তাহারা একটা বড় হরিণ মারিলে গর্দভ তাহা সমানাংশ করিয়া সিংহকে এক ভাগ দিল, তাহাতে সিংহ অতিক্রুদ্ধ হইয়া গর্দভকে নষ্ট করিয়া শৃগালকে কইল, তুমি ইহার অংশ কর। তাহাতে শৃগাল সমুদায় মাখস সিংহকে দিয়া যৎকিঞ্চিত্তমাত্র আপনি সইল। তাহা দেখিয়া সিংহ সন্তুষ্ট হইয়া কইল, হে ভাই শৃগাল, এতাদৃশ অংশ করণ বিবেচনা তোমাকে কে শিখাইল? শৃগাল উত্তর করিল, ঐ মৃত গর্দভ।

তাঁৎপর্য। বুক্ষিয়ান সোক যে কর্মে সাঙ্কাঁৎ বিপদ্ধ দেখিতে পায়, সে কর্ম সাবধানুরূপে করিবে।

66.—*The Crow and the Pitcher.*

৬৬। কাঁক ও কলসের কথা।

তৃষ্ণামূল এক কাঁক অপ্পি জনমূল এক কলস পাইয়া তাহাইতে জল পান করিতে চেষ্টা করিল, কিন্তু সমর্থ হইল না, ইহাতে সে কাঁক কলস ভাঙিতে ও উলটাইতে চেষ্টা করিল, কিন্তু তাহাও পারিল না। শেষে যত্রণা করিয়া একটা ২ করিয়া কঠক ক্ষুদ্র পাথর তাহার ঘর্থে ফেলিল, তাহাতে জল আপনি উচ্চীকৃত হইলে সে অনায়াসে জল পান করিয়া তৃপ্ত হইল।

তাৎপর্য। পরাক্রমদ্বারা যে কর্ম করণ দুষ্কর হয়, তাহা বুদ্ধিদ্বারা নিষ্পত্ত করিতে হয়।

67.—*The disappointed Husbandman.*

৬৭। বুদ্ধা ও এক কৃষ্ণাগ ইহাদের কথা।

এক কৃষক বুদ্ধার কাছে প্রার্থনা করিল, হে বুদ্ধন, জল ও বায়ু প্রভৃতি শস্যজনক বস্ত করিবার শক্তি আমাকে দেও। তাহাতে বুদ্ধা দণ্ড করিবার জন্যে তাহাকে তাহা দিলেন। এবং সে কৃষক আপন ইচ্ছাপূর্বক কখনো অধিক কখনো অশ্পি জলাদি ক্ষেত্রে দিতে লাগিল, তাহাতে সে অন্য ২ কৃষকহাইতে দশগুণ পরিশ্রম করিয়াও কিছু শস্য পাইল না। তাহাতে বিরক্ত হইয়া পুনর্বার বুদ্ধার নিকটে কহিল, হে বুদ্ধন, ইহাতে আমার কোন প্রয়োজন নাই, তুমি আপন শক্তি আপনি সও।

তাৎপর্য। সকলের শুভাশুভ ফলদাতা পরমেশ্বরের কর্তৃত্বে অস্তু হইয়া যে লোক কেবল আপন ইচ্ছাতে ফল লাভ করিতে চাহে সে নির্বোধ।

68.—*The Bear and the Bee.*

৬৮। ভালুক ও মধুমক্কিকার কথা।

এক ভালুক এক মধুমক্কিকার দৃশ্যন্তে এমন ঝুঁক হইল যে সে পাগলের ঘৃত দৌড়িয়া তাহার বাসা ভাঙিয়া ফেলিল, তাহাতে সকল মধুমক্কিকা আসিয়া তাহার উপরে পড়িয়া তাহার শরীর ক্ষতবিক্ষত

করিল। তখন সে মূর্ছাপন্ন হইয়া চিন্তা করিল, আমি যদি একের হিসা সহ্য করিতাম, তবে অনেকের হিসা সহিতে হইত না।

তাঁপর্য। যদি কেহ ষষ্ঠিকশ্চিং হিসা সহ্য করিয়া থাকে, তবে তাহার উপরে অধিক হিসা পড়ে না।

69.—*The bold Merchant.*

৬৯। এক মহাজন ও এক জাহাজির কথা।

এক মহাজন এক জাহাজিকে জিজাসা করিল, তোমার পিতা কিরুপে মরিয়াছেন? সে উত্তর করিল, আমার পিতা ও পিতামহ সমন্বে ডুবিয়া মরিয়াছেন। মহাজন প্রত্যুত্তর করিল, তবে তোমার কি ডুবিয়া মরিবার ভয় নাই? জাহাজী জিজাসিল, ভাল, তোমার পিতা পিতামহ কিরুপে মরিয়াছেন? মহাজন উত্তর করিল, শয্যাতে। জাহাজী প্রত্যুত্তর করিল, তবে তোমার যেমন শয্যাতে উঠিতে ভয় নাই, তেমন আরও জাহাজে যাইতে ভয় নাই।

তাঁপর্য। অভ্যসদ্বারা ভয় নষ্ট হয়।

70.—*Foolish expectation.*

৭০। এক নির্ঝোধ লোক।

এক নির্ঝোধ যাত্রা করিতে ২ কোন নদীর নিকটে আসিয়া তাহার তীরে বসিয়া ভাবিল, ভাল, নদীর জল চলিয়েছে, চলিয়া যাউক; সকল জল গেলে যখন শুক্র ভূমি হইবে তখন পারে যাইব, কিছু বিলম্ব হইবে, সাধ্য কি? ইহা ভাবিয়া অনেক ক্ষণ বসিয়া দেখিল নদীর গমন নিযৃত হইল না।

তাঁপর্য। কোন লোক বিষয় বিবেচনা না করিয়া মিথ্যা আশার অবলম্বনে থাকিলে এইরূপ দুরবস্থাপ্রাপ্ত হইয়া সোকের উপহাস্য হয়।

71.—*The Blind and the Lame.*

৭১। এক অঙ্গ ও এক খণ্ড লোকের কথা।

এক অঙ্গ ও এক খণ্ড উভয়ের এক স্থানে যাওনের আবশ্যক হইলে অঙ্গ খণ্ডকে বলিল, তুমি আমার ক্ষেত্রে উপরে আরোহণ করিয়া

আমাৰ পথদৰ্শক হও। তাহা কৱিলে মেই দুই জন উত্তমকূপে গন্ধব্য
ছানে উপস্থিত হইল।

তাৎপর্য। পৱন্পৰ উপকাৰ কৱিলে সকলেৰ জাত হয়।

72.—*The Eagle and the Crow.*

৭২। এক মহাপক্ষী ও কাকেৱ কথা।

এক মহাপক্ষী উচ্চ পৰ্বতহাইতে ছেঁ মারিয়া এক ক্ষুদ্ৰ ঘেৰেৱ উপৱে
পড়িয়া তাহাকে লইয়া পৰ্বতে উঠিল, তাহা দেখিয়া এক কাক মেই
মৃহৎ কৰ্ম কৱিতে উৎসুক হইয়া ছেঁ মারিয়া এক ঘেৰেৱ উপৱে
পড়িয়ামাত্ৰ তাহাৰ পা ঘেৰেৱ বোমসমূহেৱ মধ্যে বন্ধ হইল; তাহাতে
কাক চীৎকাৰ কৱিতে লাগিল, পৱে ঘেৰপালকেৱা তাহাকে ধৰিয়া
মারিয়া ফেলিল।

তাৎপর্য। আঝুশক্তি বিবেচনা না কৱিয়া ঘহতেৱ কৰ্মানুসাৰে
কৰ্ম কৱিতে উদ্যত হইলে ক্ষুদ্ৰ প্ৰাণিৰ এইরূপ দুর্দশা হয়।

73.—*The two Cats and the Monkey.*

৭৩। দুই বিড়াল ও এক বান্দৰেৱ কথা।

দুই^১ বিড়াল যৎকিঞ্চিৎ খাদ্যদুব্য পাইয়া তাহা সমানাংশে ভাগ
কৱিতে না পারিয়া এক বান্দৰেৱ নিকটে গেল। বানৰ তরাজু বাহিৰ
কৱিয়া দুই খণ্ড কৱিয়া তাহাতে চঢ়াইল; এবং এক ভাগ অধিক হইলে
তাহা সমান কৱিবাৰ জন্যে তাহাৰ কিছু অধিক আপনি খাইল, তাহাতে
মুতৰাং অন্য ভাগ ভাৱি হইলে পুনৰ্কৰ্ম সেইরূপ কৱিল। এইরূপ
বার ২ কৱাতে সে ধূৰ্ত বানৰ সমূহায় খাদ্যদুব্য খাইল, এবং দুই
বিড়াল হতাশ হইল।

তাৎপর্য। আপনাদেৱ বিষয়ে পৱন্পৰ অসন্তুষ্ট হইয়া পৱেৱ নিকটে
বিষয় সম্পৰ্ক কৱিলে এইরূপ সৰ্বনাশ হয়।

74.—*Love of Independence.*

৭৪। আজ্ঞালঙ্ঘন।

এক বাদশাহ দেশভূমণ কৱিতে গিয়া ৰাধিকৃত এক মহানগৱে
উপস্থিত হইয়া শুনিলেন, এই নগৱে এত জন সতৰি বৎসৱ বয়স্ক

বৃক্ষ আছে, সে জ্ঞাবধি কখনো নগরের প্রাচীরের বাহিরে যায় নাই। বাদশাহ ঐ আশ্চর্য বৃক্ষটি শ্রবণ করিয়া তাহাকে সম্মতিরের আহারসাধন বৃক্ষ নিরূপণ করিয়া দিলেন, এবং কহিলেন, তুমি যদি এই নগরের বাহিরে না হও, তবে যাবজ্জীবন এইরূপ বৃক্ষ পাইবা, নতুবা তোমার এই বৃক্ষ থাকিবে ন।। কিছু কাল পরে ঐ ব্যক্তি বাদশাহের আজ্ঞাতে আপনাকে বৃক্ষ জান করিয়া ঐ নগরে থাকিতে বিরক্ত হইতে লাগিল। পরে সেখানহইতে বাহির হইয়া অন্যত্র গেল, তাহাতে তাহার সে বৃক্ষিছেদ হইল।

তাংপর্য। যন্মুষ্য যে কর্ম আপন ইচ্ছাতে সর্বদা করে সেই কর্ম অন্যে আজ্ঞা করিলে আর করিতে চাহে ন।

75.—*The Hare and his Friends.*

৭৫। খরগোশ ও তাহার মিত্রের।

এক খরগোশ চিরকাল এক বনে বসতি করে, কোর পশ্চর সহিত বিরোধ বিস্তার কিছুই করে না, কাহারে মন্দের কথাতেও থাকে না, তাহাতে সেই বনের তাৎপর্যর তাহাকে ভাল বাসে, ও সকলেরি সহিত তাহার পরম মিত্র। এই কুপে কিছু কাল যায়। এক দিন ঐ বনে শিকারিরা শিকার করিতে আইল, ও তাহাদের সহিত অনেক কুকুর আইল। খরগোশ দূরহইতে আপনার প্রাণমাশক শিকারিদের কোলাহল শুনিয়া ভীত হইল, কিন্তু এই বনে আমার অনেক ২ মিত্র আছে, তাহারা অবশ্য এই বিপৎকালে আমাকে রক্ষা করিবে, ইহা যন্মে ভয়সা করিল। ইতোঘাটে ভয়ানক শব্দ করিয়া কুকুরের। খরগোশকে আক্রমণ করিতে ধাবমান হইল, তখন খরগোশ প্রাণভয়ে অনেক ক্ষণ পর্যবেক্ষণ দৌড়িয়া আন্ত হইয়া, অর্ক মৃতবৎ হইয়া আর চলিতে পারিল না। ইত্যবসরে তাহার প্রধান মিত্র ঘোড়া ঐ পথে যাইতেছে দেখিয়া খরগোশ কতক আশ্রম্ভ হইয়া কহিল, হে মিত্র, আমার এই বিপৎকাল উপরিত, এ সময়ে আমাকে রক্ষা কর; যদি তোমার পৃষ্ঠের উপরে আমাকে আরোহণ করিতে দেও, তবে আমি কুকুরহইতে রক্ষা পাই। ঘোড়া উত্তর করিল, হায়, তোমার দুঃখ দেখিয়া আমার অতিশয় দয়া হয়, স্বাহনা নাই, পশ্চাৎ তোমার সকল মিত্র আসিতেছে। পরে এক বলবান বৃষ আইল, তাহাকেও ঐ কুপ কাতব বাক্য কহিল। বৃষ কহিল, আমি তোমাকে কেমন প্রেম করি তাহা এই নন্মের সকলেই জানে; কিন্তু অমুক বৃক্ষের নোচে এক গাবী আমার অপেক্ষাতে আছে, অতএব এখন আমি বিলম্ব করিতে পারি ন।; তুমি ইহাতে জুন্দ হইও

না, তোমার সঠিত আমার বড় প্রীতি; দেখ পশ্চাং ছাগল আসিতেছে, তাহার পৃষ্ঠে আরোহণ কর। পরে খুরগোশ ছাগলের নিকটে গিয়া ঐ রূপ কহিল, তাহাতে ছাগল কহিল, আমি ও আন্ত, আমার চক্ষু ভারী, ও আমি অস্তুক ছির রাখিতে পারি না, কিন্তু তব নাই, পশ্চাং যেব আসিতেছে। যেব কহিল, আমি আপনি দুর্বিজ, আপন রোমের ভার সহিতে পারি না, এবং কুরুরহইতে তোমার যেমন ভয় আমারও ডেমনই ভয়। পরে সে দুঃখি খুরগোশ গোবৎসকে কহিল, হে মিত্র, আমাকে মৃত্যুহইতে রক্ষা কর। সে কহিল, আমাহইতে বলবানেরা যে কর্ম করিল না, আমি দুর্বিজ হইয়া কি সে কর্ম করিব? যদি আমি তোমাকে উদ্ধার করি, তবে আমার ঐ সকল মিত্রেরা কি কহিবে? তৃষ্ণি জান আমি তোমাকে কেমন প্রেম করি, কিন্তু অতি প্রিয় ব্যক্তি ও ভিন্ন হইবে; সেলাম, দেখ কুরু আগতপ্রায়।

তাঁপর্য। সম্পর্কালে অনেক মিত্র মিলে, কিন্তু বিপৎসনায়ে মিত্র পাওয়া দুর্জন্ত।

CHAPTER III.

ANECDOTES.

ইতিহাসমালা ।

1.—*Solomon's decision.*

এক সময়ে দুই স্ত্রী রাজার নিকটে আসিয়া। তাঁহার সমুখে দাঁড়াইল। পরে তাহাদের এক জন নিবেদন করিল, হে মহারাজ, আমি ও আমার সঙ্গিনী এই স্ত্রী আমরা। উভয়ে এক গ্রহে বাস করি; অপ্প দিন হইল আমি সেই গ্রহে এক পুত্র প্রসব করিলাম, এবং আমার প্রসবের পর তৃতীয় দিবসে এই নারীও এক পুত্র প্রসব করিল; সেই গ্রহে আমরা দুই জন ব্যতিরেকে আর কেহ থাকে না। পরে এক বাণিজ্যে আমরা নিম্ন গেলে এই স্ত্রী ঘুমের ঘোরে আপন বালকের উপরে শয়ন করাতে টাহার বালক মরিল। তাহাতে এই স্ত্রী মধ্যরাত্রিতে উঠিয়া নিন্দিতা যে আমি আমার ক্রোড়হইতে আমার বালককে

জাইয়া আপন বক্ষস্থলে শয়ন করাইল, এবং আপনার মৃত বালককে আমার বক্ষস্থলে শয়ন করাইল। পরে প্রত্যুষে আমি আপন বালককে দুঃখ পান করাইতে উঠিয়া তাহাকে মৃত দেখিলাম, কিন্তু সে যে আমার প্রসূত বালক নয়, প্রাতঃকালে ইহা সপষ্ট জানিয়া এই ঝীকে কহিলাম, কিন্তু ইনি আমার এই জীবৎ বালককে দেন না; অতএব মহারাজের কাছে নিবেদন করিতেছি। তখন অন্যা ঝী উত্তর করিল, না মহারাজ, এই জীবৎ পুত্র আমার, কিন্তু ইহার যে পুত্র ছিল সে মরিয়াছে। সে প্রত্যুত্তর করিল, না মহারাজ, মিথ্যা কহিতেছেন, ইনি আমার জীবৎ পুত্র নইয়া। আপন মৃত পুত্র আমার বক্ষস্থলে রাখিয়াছিলেন। এই প্রকারে বিষম দ্বন্দ্জ হইল। এক পুত্রের উপরে উভয়েই অধিকার করিতে চাইল, কিন্তু সে কাহার পুত্র তাহার সাক্ষী কেহই নাই; অতএব রাজা বিষম বিচারে পড়িলেন। তখন রাজা ঘোষককে আজ্ঞা করিলেন, তুমি শত্রুগনার। এই বালককে দ্বিখণ্ড করিয়া দুই ঝীকে সমানাংশে বিভাগ করিয়া দেও। তাহাতে অন্যা ঝী কহিল, এ উত্তম বিচার, ইহাতে বালক তোমারও হইবে না। এবং আমারও হইবে না; ছেদন করিয়া সমানাংশ করাটি ভাল। কিন্তু ঐ বালকের যথার্থ গর্ত্ত্বাদিগী যে ঝী, সে রাজবিচার শনিয়া দোহাটি দিয়া উচ্চেঘরে কান্দিয়া। কহিল, মহারাজ, বালককে বধ করিও না, তবৎ উহাকে বালক দেও, আমি চাহি না। তখন বালক যে যথার্থ এই ঝীর গর্ভজাত, রাজা টাহা নিশ্চয় জানিয়া তাহাকে বালক সমর্পণ করিলেন, এবং অন্যা ঝীকে দূর করিয়া দিলেন। রাজাৰ এই প্রকার বিচারের কৌশল দেখিয়া সকল লোক চমৎকার জান করিল।

2.—*The Thieves discovered.*

এক মহাজনের অনেক তুলা চুরি গেলে পর সে রাজাৰ নিকটে গিয়া তাহা জাত করিল। তাহাতে রাজা অনেক অনুসন্ধান করিলেও কোন প্রকারে চোর ধরিতে পারিলেন না। তখন সেই দেশের এক প্রধান লোক নিবেদন করিল, মহারাজ, যদি আজ্ঞা করেন, তবে আমি চোর ধরিয়া দিতে পারি। তাহাতে রাজা অনুমতি দিলে পর সে এক দিন সেই স্থানের ভূমাভূত অনেক লোককে নিম্নৰূপ করিয়া আপন বাটীতে আনিয়া সভা করিল। পরে আপনি সেই সভাতে উপস্থিত হইয়া হঠাৎ সকলের মুখের প্রতি দৃষ্টি করিয়া কহিল, নির্মজ্জ তুলাচোরের। আপন ২ মাড়ীতে তুলা লাগাইয়া আমার বাটীতে আসিয়াছে। এ কথা শনিয়া যাহারা তুলা চুরি করিয়াছিল, তাহার। হঠাৎ আ-

পন ২ দাঢ়িতে হাত দিল, তাহাতে সে তাহাদিগকেই চোর নিশ্চয় করিল। অতএব তাহার এ প্রকার মন্ত্রণার কৌশলেতে রাজা সন্তুষ্ট হইয়। তাহাকে প্রশংসন করিলেন।

3.—*The impartial King.*

এক প্রজা রাজার নিকটে যাইয়া আদাস করিল, হে মহারাজ, গত রাত্রিতে আমার বাটীতে বড় দৌরায় হটিয়াছে; মহারাজের শিবিরহস্তিতে এক ব্যক্তি আসিয়া বল পূর্বক আমার বাটীতে প্রবেশ করিয়া আমার এক দাসীকে বলাঁৎকার করিয়াছে। তাহাতে রাজা কহিলেন, সে কে? তাহা তুমি জান না? ভাল, সে যদি অদ্য রাত্রিতে তোমার বাটীতে যায়, তবে তৎক্ষণাত আমাকে সৎবাদ দিবা; আমি তাহার উচিত দণ্ড করিব। পরে সেই দিন রাত্রিতে ঐ সৈন্য পুনর্বার তাহার বাটীতে আইলে এই প্রজা তৎক্ষণাত গিয়া রাজাকে সৎবাদ দিল; তাহাতে রাজা খড়গহস্ত হইয়া সন্ধর তাহার মহিত তাহার গৃহে প্রবেশ করিয়া অগ্রে প্রদীপ নির্বাণ করিলেন, পরে ঐ দুষ্ট লোকের মন্তক ছেদন করিয়া পুনর্বার প্রদীপ আনিতে আজ্ঞা করিলেন। তাহাতে সে প্রদীপ আনিলে রাজা ঐ হত ব্যক্তির মুখাবলোকন করিয়া পরমেশ্বরকে প্রণাম করিলেন; পরে ঐ গৃহস্থের নিকটে কিছু খাদ্য সামগ্ৰী চাহিলেন। তাহাতে সে কিঞ্চিৎ খাদ্য আনিয়া নিলে রাজা আঙ্গুল পূর্বক তাহা ভোজন করিলেন। তখন ঐ গৃহস্থ আশৰ্য্য জান করিয়া রাজাকে জিজ্ঞাসা করিল, মহারাজ, আপনি আসিয়া অগ্রে প্রদীপ নির্বাণ করিলেন, পুনশ্চ প্রদীপ আনিতে আজ্ঞা করিলেন, এবং হত ব্যক্তির মুখ দর্শন করিয়া ইঞ্চৰকে প্রণাম করিলেন, এবং ক্ষুদ্র প্রজা যে আমি আমার কাছে খাদ্য চাইয়া খাইলেন, এই সকলের কারণ কি, তাহা জানিতে আমার বড় বাঞ্ছ। রাজা কহিলেন, তুমি আদাস করিলে পর আমি অনুমান করিলাম, আমার পুত্র ব্যতিরেকে এমত সুসাহসের কর্ম আৱ কেহ করিতে পারে ন।; কিন্তু যে হউক, এমত দুষ্কর্মকাৰিকে বিনষ্ট না করিয়া আমি জলগুহণও কৰিব না, এই প্রতিজ্ঞা করিয়াছিলাম; এই নিমিত্তে বধ কৰণ সময়ে প্রদীপ নির্বাণ করিলাম, কেননা পুত্রের মুখ দেখিলে পাছে ক্ষমা কৰিতে হয়; পরে প্রদীপ আনাইয়া হত ব্যক্তির মুখ দেখিলে, সে আমার পুত্র নয়, ইহা দেখিয়া মহা আঙ্গুলে ইঞ্চৰকে প্রণাম করিলাম, এবং প্রতিজ্ঞা পূৰ্ণ হইলে নিয়মানুসারে তোমার কাছে চাইয়া ভোজন করিলাম।

4.—*Efficacy of the King's bow.*

এক বুক্ষণ পশ্চিত এক বণিকের নিকটে আপন এক সহস্র মুদ্রা গছিত রাখিয়। আপনি দূরদেশে গমন করিলেন। কিছু দিন বিলম্বে তিনি প্রত্যাগমন করিয়। বাটীতে আসিয়। এ বণিকের নিকটে আপনার টাকা চাহিলেন, কিন্তু বণিক অস্বীকার করিয়া কইল, সে কি কথা? তুমি আমার কাছে কখনো টাকা রাখ নাই; তুমি দুষ্ট লোক, মিথ্যাকথা কহিতেছ। তাহাতে বুক্ষণ তাহার সহিত কলহ করিলে নিকটস্থ অনেক লোক একত্র হইয়া কইল, না, না, তুমি মিথ্যা কহিতেছ, বণিক অতি বিশাসী লোক, কখনো বিশাসযাতকতা করিয়া কাহারে। কিছু অপহর করে নাই, তাহা আমরা জানি। এই প্রকারে সকলেই তাহাকে মিথ্যাদানী ও ঠক করিস। তাহাতে বুক্ষণ অন্য কোন উপায় না পাইয়া রাজাৰ নিকটে যাইয়া আপনার যথোর্থ বৃত্তান্ত সকল রাজাকে জাত করিলেন। তাহাতে রাজা কহিলেন, ভাল, তুমি তিনি দিন এ বণিকের দোকানের নিকটে ঘোনি হইয়া বসিয়া থাক; চতুর্থ দিনসে আমি সেই পথ দিয়া গমন করিয়। তোমাকে নমস্কার করিব, এবং তুমি ও তুম্বপ ব্যবহার করিও, কিন্তু আমাকে কিছু কহিও না; পরে আমি তথাহইতে প্রস্থান করিলে তুমি বণিকের কাছে আর বার আপন টাকা চাহিও; তাহাতে সে কি উত্তর করে, তাহা আমার কাছে আসিয়া কহিব। পরে বুক্ষণ রাজাজানুসারে এ বণিকের দোকানের নিকটে গিয়া তিনি দিন চূপ করিয়া বসিয়া থাকিলেন; চতুর্থ দিনসে যখন রাজা প্রগল্ভকৃপে অস্থারোহণে এ পথ দিয়া গমন করেন, তখন তিনি এ বুক্ষণকে দেখিয়া অঞ্চল পুর রাখিয়। তাহাকে প্রণাম করিলেন; তাহাতে সে বুক্ষণও রাজাকে নমস্কার করিলেন। তখন রাজা তাহাকে কহিলেন, হে ভট্টাচার্য, তুমি আমার কাছে কএক দিন কেন যাও না, ও আপনার বিষয় কিছুই কহ না? তাহাতে বুক্ষণ ঘন্টক চালনযাত্র করিল, কিছুই উত্তর করিল না। তখন বণিক এই সকল দের্থিয়া যনেৰ বড় ভীত হইল, এবং রাজা গেলে পর বুক্ষণকে ডাকিয়া জিজ্ঞাসা করিল, যখন তুমি আমার কাছে মুদ্রা রাখিয়াছিল, তখন আমি কোন স্থানে ছিলাম? এবং তখন আমার কাছে আর কে ছিল? তাহা কহ, কি জানি যদি এ বিষয় আমি বিস্মৃত হইয়া থাকি। তাহাতে বুক্ষণ তাহা কহিলে বণিক কহিল, হঁ ২, তুমি সংজ্ঞ কহিতেছ, এখন আমার যনে হইল। এই প্রকার অনেক ছল করিয়া সে এ বুক্ষণকে তখনি টাকা ফিরিয়া দিল।

5.—*The Tricker tricked.*

দুই ব্যক্তি এক প্রাচীনা স্ত্রীলোকের নিকটে আপনাদের কিছু সম্পত্তি গচ্ছিত রাখিয়া কহিল, আমরা দুই জন যখন একত্র হইয়। আসিব, তখন তুমি আমাদের এই সকল ফিরাইয়। দিব।, কিন্তু এক জন আইলে দিব। না। পরে কিছু দিন বিলম্বে তাহাদের এক জন আসিয়া কহিল, আমার অংশি ব্যক্তি মরিয়াছে, অতএব গচ্ছিত দুব্য আমাকে দেও। তাহাতে সে স্ত্রী কি করিবে? তাহাকেই সকল দুব্য দিল। কিন্তু অল্প দিন পরে অপর ব্যক্তি আসিয়া গচ্ছিত দুব্য চাহিল, তাহাতে সে স্ত্রী কহিল, তোমার অংশি আসিয়া কহিল, সে মরিয়াছে; অতএব সকল দুব্য সে লইয়। গেল। তাহাতে সে ক্ষেত্র করিয়। ঐ বৃক্ষ স্ত্রীকে রাজার নিকটে লইয়। গিয়া দিচার প্রার্থন। করিল। তখন রাজা বিবেচনাতে ঐ স্ত্রীকে নিরপরাধিনী জানিয়। ঐ মনুষ্যকে কহিলেন, তোমর। দুই জন একত্র হইয়। না আইলে ঐ দুব্য সকল পাইব। না, উই স্বীকৃত ছিল।; তবে একাকী আসিয়। কি প্রকারে তাহা পাইতে পার? রাজার এই কথ। শনিয়। সে কিছু উত্তর দিতে না পারিয়। ফিরিয়। গেল।

6.—*The Slave discovered.*

এক ব্যক্তির এক ঝীত দাস পলায়ন করিলে পর কিছু দিন বিলম্বে সে অন্য এক নগরে তাহার সাক্ষাৎ পাইয়। তাহাকে ধরিয়। কহিল, তুই কেন পলাইয়া আসিয়াছিস? তাহাতে সে কিছু উত্তর করিতে না পারিয়। আপন প্রভুর বস্ত্র ধরিয়া কর্তৃত, আমি পলাইয়াছি? না, তুই পলাইয়াছিস। তুই আমার ঝীত দাস; আমার অনেক টাকা চুরি করিয়া পলাইয়া আসিয়াছিস; আজি তোকে ধরিয়। রাজার কাছে লইয়। যাই। এই প্রকারে এ বলে, তুই আমার ঝীত দাস; ও বলে, তুই আমার ঝীত দাস; কিন্তু কে ঝীত দাস, তাহার স্থির না হওয়াতে উভয়েই রাজার নিকটে গিয়া আদাম করিল। তাহাতে রাজা প্রথমে কিছুই স্থির করিতে না পারিয়। শেষে কহিলেন, তোমর। ঐ গবাক্ষের নিকটে গিয়া গবাক্ষহইতে দুই জনই একেবারে আপন। গুৰী বাহির কর; তাহাতে কে ঝীত দাস তাহা আমি জানিব। তাহাতে তাহার। গিয়া ঐ গবাক্ষহইতে আপন। গুৰী বাহির করিলে রাজা হঠাৎ জঙ্গাদকে কহিলেন, শীঘ্ৰ ঐ ঝীত দাসের মন্তক ছেদন কর। তাহাতে ঝীত দাস ভয়েতে হঠাৎ আপনার মন্তক টানিয়। লইল, কিন্তু তাহার

প্রভু পূর্বের মত থাকিল। অতএব যে মন্ত্রক টানিয়া লইল, সেই নিশ্চয় ক্রীত দাস, ইহা জানিয়া রাজা তাহাকে প্রহার করিয়া তাহার প্রভুর হস্তে তাহাকে সমর্পণ করিলেন।

7.—*The Memory refreshed.*

এক ব্যক্তি এক বধিকের নিকটে আপন সর্বস্ব গচ্ছিত রাখিয়া আপনি দুরদেশে গমন করিল। পরে কিছু দিন বিলম্বে সে প্রবাস-হইতে বাটৌতে আইলে ঐ বধিকের নিকটে গিয়া আপন ধন চাহিল। কিন্তু বধিক অঙ্গীকার করিয়া কহিল, তুমি কখনো আমার নিকটে কিছু রাখ নাই। অতএব সে নিরুপায় হইয়। এই হৃতাঙ্গ রাজাকে জাত করিল। তাহাতে রাজা কিঞ্চিৎ বিবেচনা করিয়া কহিলেন, বধিক তোমার গচ্ছিত ধন দিতে চাহে না, এ কথা তুমি এখন কাহাকেও করিও না, তাহাতে আমি এক কোশল করিয়া তোমার টাকা দেওয়াইব। পরে রাজা বধিককে ডাকাইয়া কহিলেন, তুমি আমার অমেক দিনের বধিক, অতি বিশ্বাসের পাত্র, এ কারণ এঙ্গে তোমাকে এক মন্ত্রিভূত পদ দিতে ইচ্ছা করিঃ তুমি আমার মন্ত্রী হও। তাহাতে সে কৃতাঞ্জলি হইয়া আঙ্গাদ পূর্বক স্বীকার করিল। পরে সে গৃহে গেলে রাজা সেই আদ্বাসকারি ব্যক্তিকে ডাকিয়া কহিলেন, তুমি এখন বধিকের নিকটে ঘাটিয়া আপনার টাকা চাহ; তাহাতে সে দিবে। তখন সে বধিকের নিকটে গিয়া টাকা চাহিলে বধিক কহিস, হাঁ, তুমি ভাল সংয়ে আসিয়াছ ; তোমার টাকার বিষয় আমি ভুলিয়াছিলাম, কিন্তু গত রা-ত্রিতে আমার অরুণ হইল। এ কথা কহিয়া সে তাহার সর্বস্ব তাহাকে সমর্পণ করিল। পরে বধিক মন্ত্রী হইবার জন্মে অরুণ করিয়া রাজার নিকটে গেলে রাজা কোন ছল করিয়া তাহাকে দূর করিয়া দিলেন।

8.—*The mended Bag.*

এক ব্যক্তি এক থলীতে দুই সহস্র রোপ্য মুদ্রা রাখিয়া তাহার মুখ বক্ষ ও মুদ্রাক্ষিত করিয়া এক বিচারকর্তার নিকটে গচ্ছিত রাখিয়া আপনি প্রবাসে গেল। কিছু দিন বিলম্বে সে আসিয়া বিচারকর্তার কাছে আপন থলী চাহিলে সে ঘেরপ বক্ষ ও মুদ্রাক্ষিত থলী রাখিয়াছিল, উক্তপ প্রাপ্ত হইল; কিন্তু তাহা খুলিয়া তাহার মধ্যে কেবল তামু মনুষ্যাত্ম দেখিল। অতএব সে বিচারকর্তার সহিত কলহ করিলে বিচারকর্তা তাহাকে কহিল, তোমার থলাতে কি ছিল,

তাহা তুমি আমাকে দেখাও নাই; যেমন থলী রাখিয়াছিল। তেমনি পাইয়াছ, লইয়া চলিয়া যাও। ইহা বলিয়া বিচারকর্তা তাহাকে দূর করিয়া দিল। অতএব সে রাজার নিকটে গিয়া এই অবিচারের বিষয় জাত করিলে রাজা কিঞ্চিৎ বিবেচনা করিয়া কহিলেন, এক্ষণে তোমার থলী আমার নিকটে রাখিয়া যাও, পরে আমি বিচার করিব। অপর পরিবিসে রাজা গোপনে আপনার বসিবার এক আসন ঢি঱িয়া রাখিয়া প্রভাতে মৃগয়াতে প্রস্থান করিলেন। অনন্তর ফরাস অর্থাৎ পরিষ্কারক দাস আইলে সে ঐ বহুমূল্য আসন ছিছে দেখিয়া ভয়েতে কাঁপিতে লাগিল, এবং অন্য ফরাসকে তাহা দেখা-ইয়া কঠিল, মহারাজ ইহা দেখিলে আমাকে একেবারে বধ করিবেন। তাহাতে সে জিজাসিল, এই দৈব ঘটনা আর কেহ দেখিয়াছে বা শুনিয়াছে? ফরাস কহিল, ন। তখন সে কঠিল, তবে উদ্বিগ্ন হইও না, কেননা তাই নগরে এমত নিপুণ এক রিপুকর আছে যে সে ইহা উত্তম কুপে ঘূড়িয়া দিবে, তাহা কেহ ঠাহরাইতে পারিবে ন। তাহাতে ফরাস সেই রিপুকরের দোকানে গিয়া তাহাকে পুরষ্কার দিয়া ঐ রাত্রির মধ্যে সেই আসন এমত উত্তমকুপে সারাইয়া আনিল, যে তাহা ঘোড়া এমত কেহ অনুমান করিতে পারে ন। পরে প্রাতঃকালে ফরাস সিংহাসনের উপরে সেই আসন পাঠিসে বখন রাজা আসিয়া সিংহাসনে বসিলেন, তখন ঐ আসন অঙ্গিন দেখিয়া ফরাসকে জিজাস করিলেন, এই আসন কে সারিল? তখন রাজা জানিতে পারিয়াছেন, ইহা জানিয়া ফরাস প্রথম করিয়া কাঁপিতে লাগিল; তাহাতে রাজা তাহাকে কহিলেন, তোমার ভয় নাই, এ আসন তুমি ছিঁড়ে নাই, কিন্তু কোন প্রয়োজনার্থে আমি ছিঁড়িয়াছি; এখন ইহা এমত উত্তমকুপে কে সারিল, তাহা কহ।

তখন ফরাস সেই রিপুকরকে ডাকাইয়া দেখাইলে রাজা তাহাকে কঠিলেন, তুমি উত্তম কাহুকর, এবং জিজাসিলেন, তুমি এই বৎসরের মধ্যে কোন থলী সারিয়াছ? সে কঠিল, হঁ মহারাজ, সারিয়াছি। রাজা জিজাসিলেন, সে থলী দেখিলে তুমি চিনিতে পার? সে কঠিল, হঁ মহারাজ, পারি। তাহাতে রাজা সেই থলী আনাইয়া তাহাকে দেখাইলে সে দেখিবারাত তাহা চিনিয়া কঠিল, এই নগরের বিচারকর্তা আমাকে এই থলী সারিতে দিয়াছিলেন; ইহা আমি সারিয়াছি। তখন রাজা সেই বিচারকর্তাকে ডাকাইয়া কহিলেন, আমি তোমাকে সাধু জানিয়া বিচারকর্তৃস্থান দিয়াছিলাম, কিন্তু তুমি এখন উক্তরতা কেন শিখিল? বিচারকর্তা কঠিল, হে মহারাজ, আমার প্রতি এমত অপবাদ কে দিল? রাজা কহিলেন, আমি দিতেছি, ইহা বলিয়া সেই থলীর রিপু তাহাকে দেখাইলেন, তাহাতে বিচারকর্তা নিরুত্তর হইয়া থৰঁ কাঁপিতে লাগিল। পরে রাজা তাহাকে যথোচিত দণ্ড প্রদান করিলেন।

9.—*An evil Conscience.*

এক ব্যক্তি আপন গৃহে কিছু টাকা হারাইলে পর মে গৃহের প্রত্যেক লোককে জিজ্ঞাসা করিল, কিন্তু তাহা পাইয়াছি এমত কেহ শীকার করিল না; অতএব সে বিচারকর্তার কাছে গিয়া নিবেদন করিল। তাহাতে বিচারকর্তা মেই গৃহের সমস্ত লোককে ডাকাইয়া তাহাদের সংখ্যানুসারে সমান কএক ঘটি প্রস্তুত করিয়া প্রত্যেককে এক ২ ঘটি দিয়া কহিলেন, তোমরা আপনৰ ঘটি লইয়া কল্য আমার নিকটে পুনর্বার আসিবা; যে চোর, তাহার ঘটি অদ্য রাত্রিতে এক অঙ্গুলি দৃঢ়ি পাইবে; অতএব কল্য তাহা দেখিয়া আমি চোর নিশ্চয় করিব। পরে তাহারা বিদায় হইলে মে চোর মে মনে ২ ভাবিল, আমা-রই ঘটি বৃদ্ধি পাইবে; ভাল, যদি অগ্রে এক অঙ্গুলি কাটিয়া ফেলি, তবে এক অঙ্গুলি বাড়িলে সকলের সমান হইবে। ইহা বিবেচনা করিয়া সে আপন ঘটি হইতে এক অঙ্গুলি কাটিয়া ফেলিল। পরদিন সকলে আপন ২ ঘটি লইয়া বিচারকর্তার সঙ্গে উপস্থিত হইলে বিচারকর্তা ঐ ব্যক্তির ঘটিকে এক অঙ্গুলি ছোট দেখিয়া তাহাকেই চোর নিশ্চয় করিয়া তাহাহইতে ঐ সকল মুদ্রা রাখিব করিয়া দিলেন।

10.—*Adhering to the Letter.*

কোন নিষ্ঠুর মহাজন এক দৃঢ়ি লোককে ধূম দিয়া কহিল, তুমি যদি নিয়মিত দিনে ধূম পরিশোধ না কর, তবে আমি তোমার শরীরহইতে এক সের মাস ছেদন করিয়া লইব। পরে সে ব্যক্তি ঐ দিনে পরিশোধ করিতে অপারুক হইলে মহাজন কহিল, তবে শরীরহইতে আমাকে এক সের মাস ছেদন করিয়া লইতে দেও; কিন্তু সে দিতে শীকার করিল না। অতএব উভয়ে কলহ করিয়া বিচারকর্তার নিকটে উপস্থিত হইলে বিচারকর্তা মহাজনকে কাইলেন, তুমি উহাকে ক্ষমা কর। কিন্তু সে ক্ষমা করিতে শীকার করিল না। অতএব বিচারকর্তা মনে ২ কৃপিত হইয়া তাহাকে আজ্ঞা দিলেন, তুমি উহার শরীরহইতে এক সের মাস ছেদন করিয়া লও, কিন্তু যদি এক সেবের এক রতিমায় মৃত্যুবিধিক হয়, তবে আমি তোমার প্রাণদণ্ড করিব। তখন মহাজন এমত কঠিন আজ্ঞা শুনিয়া অসাধ্যতা প্রযুক্ত আর কিছু কহিল না।

11.—*False Witnesses detected.*

দরিদ্র দুই মহোদয় ভিক্ষার্থে প্রবাসে যাইতে ২ পথের মধ্যে এক থলো মুদ্রা ও দুই পদ্মরাগ মণি কুড়াইয়া পাইল। তাহাতে কনিষ্ঠ

কহিল, আমার মনোবাঞ্ছী সিন্ধ হইল; অতএব আমি এঙ্গে বাটীতে প্রস্থান করি। কিন্তু জ্যেষ্ঠ কহিল, আমি যদি অর্থ পাইলাম, তবে কোন ২ তীর্থ করিয়া ফিরিয়া আসি। ইহা বলিয়া উভয়ে ধন বিভাগ করিয়া লইল, এবং জ্যেষ্ঠ কনিষ্ঠকে কহিল, আমার এই অংশ তুমি সঙ্গে লইয়া যাও, আমার ভার্যাকে দিও। কিন্তু কনিষ্ঠ বাটীতে উপস্থিত হইয়া আপন ভুত্তপজ্ঞীকে মণির অংশ মা দিয়া কেবল মুদ্রার অংশ দিল। পরে তিনি বৎসর বিলম্বে জ্যেষ্ঠ ব্যক্তি বাটীতে উপস্থিত হইলে আপন পজ্ঞীর নিকটে মণি না পাইয়া কনিষ্ঠ ভুত্তাকে জিজামা করিল, মণি কি করিল? তাহাতে সে কহিল, তোমার স্ত্রীকে দিয়াছি। জ্যেষ্ঠ কহিল, সে বলিতেছে, আমি মণি পাই নাই। কনিষ্ঠ কহিল, তোমার স্ত্রী মিথ্যা বলিতেছে; আমি তাহাকে মণি দিয়াছি। তখন জ্যেষ্ঠ আপন স্ত্রীকে বিস্তর অনুমোগ করিতে লাগিল, তাহাতে সে স্ত্রী মিথ্যা অপবাদ-গুরুত্ব হওয়াতে ক্রোধ করিয়া বিচারকর্তার কাছে গিয়া আদাম করিল। তখন বিচারকর্তা তাহার স্বামিকে ও দেবরকে ডাকাইয়া প্রথমে দেবরকে জিজামা করিল, তুমি এই স্ত্রীকে মণি দিয়াছ, ঈহার সাক্ষী কেহ আছে? সে কহিল, দুই জন ঈহার সাক্ষী আছে। তখন বিচারকর্তা তাহাদিগকে আমিতে আজ্ঞা করিলে সে দুই জনকে কিন্তু টাকা দিয়া শিক্ষা করাইয়া আনিল। পরে তাহারা এই সাক্ষী দিল, ঈনি যখন আপন ভুত্তপজ্ঞীকে মণি দিসেন, তখন আমরা সে স্থানে ছিলাম; আমরা তাহাকে মণি দিতে দেখিয়াছি। অতএব বিচারকর্তা জ্যেষ্ঠকে আজ্ঞা করিল, তুমি আপন স্ত্রীর নিকটহইতে মণি গুহণ কর; ইহা বলিয়া তাহাদিগকে বিদায় করিল। অতএব ঐ স্ত্রী রোদন করিতে ২ রাজাৰ সমীপে গিয়া আদাম করিল, এবং কহিল, আমি বিচারকর্তাৰ নিকটে গিয়াছিলাম, কিন্তু তিনি যথার্থ বিচার করিলেন না। তখন রাজা ঐ দুই ভুত্তাকে ও দুই জন সাক্ষীকে ডাকাইয়া প্রত্যেককে পৃথক্ক ২ স্থানে রাখিলেন, এবং প্রত্যেককে এক ২ খণ্ড ঘোম দিয়া আজ্ঞা করিলেন, সেই মণি কৃত বড়, এবং তাহার আকৃতি কেমন, তাহা এই ঘোমদ্বারা নির্মাণ কর। তাহাতে দুই ভুত্তা এক পরিমাণ ও এক আকৃতি নির্মাণ করিস; কিন্তু সাক্ষীরা অন্যান্য প্রকার নির্মাণ করিল। পশ্চাত রাজা ঐ স্ত্রীকেও এক খণ্ড ঘোম দিয়া আজ্ঞা করিলেন, তুমিও সেই মণির আকৃতি নির্মাণ কর। তাহাতে সে কহিল, সেই মণির আকৃতি কেমন তাহা বলুন; নতুবা কি প্রকারে জানিব? আমি তাহা কখন দেখি নাই। তখন রাজা ঐ দুই জন সাক্ষীকে অতিশয় শজন করিয়া বিচারকর্তাকে অনুমোগ করিয়া কনিষ্ঠহইতে মণি লইতে জ্যেষ্ঠকে আজ্ঞা করিলেন।

12.—*Summoning a Tree.*

এক বৃক্ষ এক যুবার কাছে থগ লইয়াছিল। কিছু দিন পরে যুবা ঐ টাকা চাহিলে বৃক্ষ কহিল, আমি তোমার কিছু ধারি ন।। অতএব যুবা রাজা নিকটে নিবেদন করিল। তাহাতে রাজা বৃক্ষকে ডাকাইয়। জিজাসা করিলেন; তুমি ইহার কিছু ধারি কি না? বৃক্ষ উত্তর করিল, আমি উহার কিছুই ধারি ন।। তখন রাজা যুবাকে জিজাসা করিলেন, তুমি যে ইহাকে টাকা দিয়াছ, ইহাত সাঙ্গী কেহ আছে? যুবা কহিল, কেহ সাঙ্গী নাই। তখন রাজা বৃক্ষকে শপথ করিতে আজা করিলেন। তাহাতে যুবা হাসিয়। কহিল, মহারাজ, উনি শপথ ভয় করেন ন।; অন্যের বিষয়েও গ্রিধ্যানাঙ্গ্য দিয়। থাকেন। পরে রাজা যুবাকে জিজাসিলেন, তুমি যখন বৃক্ষকে টাকা দিয়াছিল।, তখন কোন্ স্থানে দিয়াছিল।? যুবা কহিল, এক বৃক্ষের তলে। রাজা কহিলেন, তবে তোমার সাঙ্গী নাই, এ কথা কেন কহিল? এই বৃক্ষই তোমার সাঙ্গী। তুমি বৃক্ষের নিকটে গিয়। রাজা তোমাকে ডাকিতেছেন, এ কথা কহ। ইহাতে বৃক্ষ ইষদ্ধাস্য করাতে যুবা কহিল, মহারাজ, আপনকার আজাতে বৃক্ষ আসিবে ন।। রাজা কহিলেন, তুমি আমার মোহর লইয়া যাও; মোহর দেখাইলে বৃক্ষ অবশ্য আসিবে। তখন যুবা রাজমোহর লইয়া গমন করিলে কিঞ্চিৎ পরে রাজা বৃক্ষকে কহিলেন, যুবা মেই বৃক্ষের নিকটে উপস্থিত হইতে পারিয়াছে কি ন।? তোমার কি বোধ হয়? তখন বৃক্ষ কহিল, এখনো সেখানে যাইতে পারে নাই। পরে যুবা বৃক্ষের নিকটে উপস্থিত হইয়। তাহাকে রাজমোহর দেখাইয়। কৃহিল, রাজা তোমাকে ডাকিতেছেন। এ প্রকার পুনঃক কহিলেও তাহার উত্তর না পাওয়াতে যুবা অতি ভাবিত হইয়। রাজার নিকটে ফিরিয়। আসিয়। কহিল, আমি তোমার মোহর দেখাইয়। ডাকিসেও বৃক্ষ কোন উত্তর দিল ন।। রাজা কহিলেন, হঁ, বৃক্ষ আসিয়। সাঙ্গ্য দিয়। এখন চলিয়। খেল। তখন বৃক্ষ আশ্চর্য জান করিয়। কহিল, হে মহারাজ, কৈ? এখানে কোন বৃক্ষ আইসে নাই, এবং সাঙ্গ্যও দেয় নাই। রাজা কহিলেন, বৃক্ষ আইসে নাই, সে সত্য বটে, কিন্তু বৃক্ষহইতে আমি সাঙ্গ্য পাই-সাম। কেননা যখন আমি তোমাকে কহিসাম, যুবা মেই বৃক্ষের নিকটে উপস্থিত হইয়াছে কি ন।, ইহাতে কি বুঝ? তখন তুমি কহিল।, এখনো উপস্থিত হইতে পারে নাই। ভাল, যদি তুমি মেই বৃক্ষের তলে যুবা-হইতে টাক। ন। লইয়াছ, তবে তাহা কি প্রকারে চিনিল।? যদি মেই স্থানে টাক। ন। লইত।, তবে কোন্ বৃক্ষের তলে? এ কথা অবশ্য আমাকে জিজাসা করিত।; অতএব যুবা সত্য কহিতেছে। তাহাতে বৃক্ষ অপ্রতিভ হইয়। আপনার অপরাধ বীকার করিয়। যুবাকে টাক। দিল।

13.—*The ready Fisherman.*

এক ধীরের নদীতে মৎস্য ধরিতে ২ এমত এক উত্তম মৎস্য পাইল, যে তাদৃশ মৎস্য দুর্বল। অতএব বিবেচনা করিল, আমি যদি এই মৎস্য হট্টে লইয়া যাই, তবে অল্প মূল্য পাইব, কিন্তু যদি রাজাৰ নিকটে লইয়া যাই, তবে তিনি সন্তুষ্ট হইয়া আমাকেও সন্তুষ্ট কৰিবেন। ইহা ভাবিয়া ধীরের ঐ মৎস্য লইয়া রাজাৰ নিকটে গেলে রাজা মৎস্য দেখিয়া এমত সন্তুষ্ট হইলেন, যে ধীরেকে তৎক্ষণাত্ এক শত মুদ্রা পারিতোষিক দিতে আজ্ঞা কৰিলেন। কিন্তু যদ্বী এই কর্ম অপরিমিত জানিয়া রাজাকে কহিস, এক মৎস্যের মূল্য শত মুদ্রা দেওয়া পরামর্শসম্বন্ধ নয়। রাজা কহিলেন, আমি কহিয়াছি, ন। দিলে আমার অপমান হইবে। যদ্বী পরামর্শ দিল, এই মৎস্য পুঁলিঙ্গ কি ঔলিঙ্গ? তাহা আপনি ধীরেকে জিজাস। করুণ; তাহাতে যদি পুঁলিঙ্গ বলে, তবে ঔলিঙ্গ আনিতে, এবং যদি ঔলিঙ্গ কহে, তবে পুঁলিঙ্গ আনিতে আজ্ঞা করুণ; তাহাতে ধীরের এ প্রকার মৎস্য পুনর্বার আনিতে ন। পারিলে সতরাখ পারিতোষিক পাইবে না। তখন রাজা যদ্বীর মন্ত্রগতে ধীরেকে জিজাসিলেন, এই মৎস্য পুঁলিঙ্গ কি ঔলিঙ্গ? তাহাতে ধীরের কহিল, এটা ঝুঁব। ইহাতে রাজা হাস্য কৰিয়া তাহাকে দুই শত মুদ্রা পারিতোষিক দিলেন।

14.—*The List of Pools.*

কতিপয় অশ্ববধিক রাজাৰ নিকটে আসিয়া উত্তম ২ অশ্ব দেখাইলে রাজা অতি সন্তুষ্ট হইয়া উচিত মূল্য দিয়া তাহাদেৱ অশ্ব সকল মনোনীত কৰিয়া ক্রয় কৰিলেন, এবং অধিক দুই লক্ষ মুদ্রা দিয়া কহিলেন, তোমৰা এই টাকা লইয়া গিয়া আপনাদেৱ দেশহষ্টিতে আমাৰ জন্যে উত্তম ২ অশ্ব কৰিয়া আনিও। পরে তাহারা প্ৰস্থান কৰিলে পৰ রাজা কোন দিনে ভোজনেৰ সময়ে কেড়ুক ভাবে যদ্বিকে আজ্ঞা কৰিলেন, আমাৰ রাজ্যেৰ মধ্যে যত মুৰ্খ লোক আছে, সেই সকলেৰ নাম এক পত্ৰেতে লেখে। যদ্বী কহিল, মহারাজা, আপনকাৰ কৰিবাৰ পূৰ্বে আমি তাহা লিখিয়াছি, এবং মহামহিমেৰ নাম তাহাৰ প্ৰথমে অক্ষপাত কৰিয়াছি। রাজা জিজাসিলেন, মুৰ্খদেৱ প্ৰথমে আমাৰ নাম কেন লিখিলা? যদ্বী উত্তৰ কৰিল, ঐ অশ্ববধিকেৱা কোন দেশীৰ লোক, তাহা ন। জনিলেও তাহাদেৱ প্ৰতিভূ ন। লইয়া অশ্ব কিনিতে তাহাদিগকে দুই লক্ষ মুদ্রা দিলেন, এ অতি মুৰ্খেৰ

কর্ম। তাহাতে রাজা কহিলেন, তাহার। যদি অথ লঁয়া আইসে, তবে কি হইবে? যত্নী কহিল, তবে মহামহিমের নাম কাটিয়। তাহার পরিবর্তে প্রথম পংক্তিতে তাহাদের নাম লিখিব।

15.—*The Poet's life saved.*

এক কবি রাজার নিকটে অপরাধী হইলে রাজা ঘাতককে আড়া করিলেন, তুমি আমার সমুখে ইহার মস্তক ছেদন কর। তাহাতে কবি অতিশয় কম্পান্তি হইলে রাজার কোন অম্বচ্য তাহাকে পরিহাস করিয়। কহিল, তোমার এ কি দীরঘ? পুরুষবাচার ভয় কি? তাহাতে কবি উত্তর করিল, ভাল, তুমি যদি পুরুষবাচার সুযোগ চাহ, তবে আইস, আমার পদ গৃহণ কর। তখন রাজা তাহার এই পরিহাসবাক্যে সন্তুষ্ট হইয়। হাস্য করিয়। তাহাকে ক্ষমা করিলেন।

16.—*The six Loaves.*

এক ব্যক্তি নিয়ম করিয়া প্রতিদিন ছয় রুটী ক্রয় করিত। তাহাতে তাহার বক্তু এক দিন জিজ্ঞাসা করিল, তুমি প্রতিদিন ছয় রুটী লঁয়া কি কর? সে কহিল, এক রুটী আমি সঞ্চয় করি; দ্বিতীয় রুটী ফেলিয়া দি; আর দুই রুটী ফিরিয়। দি; এবং অন্য দুই রুটী আমি ধূধ দি। তাহাতে তাহার বক্তু কহিল, তোমার কথা আমি দুঃখিতে পারিলাম না, সম্পর্ক করিয়। বল। সে কহিল; যে রুটী আমি সঞ্চয় করি, তাহা ভক্ষণ করি; এবং অন্য যে রুটী ফেলিয়া দি, তাহা আমার শুঙ্গকে দি; ও যে দুই রুটী ফিরিয়া দি, তাহা আমার মাতা পিতাকে দি; আর যে দুই রুটী ধার দি, তাহা আপন সত্ত্বানন্দিগকে দি।

17.—*Blind Fortune.*

তাইমুর সৎ নামক থঞ্চ হিন্দুস্থান জয় করিলে পর কোন দিনে কএক জন গায়ককে আস্থান করিয়া কহিলেন, আমি শুনিয়াছি এই নগরে উত্তম গায়ক আছে; অতএব আমি কিছু গান শুনিতে চাহি। তাহাতে এক অন্ত গান আরম্ভ করিলে রাজা তাহার গানেতে অতিশয় আ-

জ্ঞানিত হইলেন, এবং তাহাকে জিজ্ঞাসা করিলেন, তোমার নাম কি? তা-হাতে সে বলিল, আমার নাম সৌভাগ্য। রাজা বলিলেন, তবে সৌভাগ্য কি অক্ষ? গায়ক উত্তর করিল, আর কি? যদি সৌভাগ্য অক্ষ না হইত, তবে পঙ্গুর বাটীতে কথনও আসিত না। তখন রাজা এই কথার কোশ-লেতে সন্তুষ্ট হইয়া তাহাকে যথেষ্ট পারিতোষিক প্রদান করিলেন।

18.—*The Physician.*

এক ব্যক্তি এক চিকিৎসকের নিকটে গিয়া কহিল, আমার উদরে বেদন হইয়াছে; আমাকে কিছু ঔষধি দেও। চিকিৎসক জিজ্ঞাসিল, অদ্য তুমি কি ভোজন করিয়াছ? সে কহিল, একখান দণ্ড রঁটী। তখন চিকিৎসক কিছু ঔষধি লইয়া তাহার চক্ষুতে দিতে কহিল। সে জিজ্ঞাসিল, হে কবিরাজ মহাশয়, উদরবেদনার সহিত চক্ষুর কি সম্বন্ধ? কবিরাজ কহিল, আগুন তোমার চক্ষু ভাল করিতে হইবে, কেননা যদি তোমার চক্ষু ভাল থাকিত, তবে তুমি দণ্ড রঁটী দেখিয়া ভোজন করিতো না।

19.—*The Poet and the rich man.*

এক কবি এক ধনবানের ঘণ্ট ও প্রণের উত্তমরূপে বর্ণনা করিল, কিন্তু ধনী তাহাকে কিছুই পারিতোষিক দিল না। পরে অন্য দিনে কবি তাহার অঘশ ও মূর্খতার উত্তমরূপে বর্ণনা করিল; তাহাতেও ধনী তাহাকে কিছু কহিল না। পরে এক দিনস সেই কবি ঐ ধনবানের দ্বারে উপবিষ্ট ধাক্কিলে ধনবান কবিকে জিজ্ঞাসিল, হে মহাশয়, তুমি আমার অনেক প্রশংসন করিয়াছিলো, তথাপি আমি তোমাকে কিছু দি নাই; এবং আমার অনেক নিষ্কাও করিয়াছিলো, তথাপি আমি তোমাকে কিছু বলি নাই; এখন কি যদে করিয়া আমার দ্বারে বসিয়া আছ? কবি কহিল, যদি তোমার মৃচ্যু হয়, তবে তোমার নিমিত্তে বিসাপ করিতে পাইব, এই কর্মের আসাতে বসিয়া আছি।

20.—*Plainness and Politeness of speech.*

এক রাজা স্বপ্নেতে দেখিলেন যেন তাঁহার সমস্ত দণ্ড পড়িয়া গিয়াছে। অতএব রাজা গণকদিগকে আঙ্গান করিয়া, এই স্বপ্নের ফল কি? ইহা জিজ্ঞাসা করিলে এক জন কহিল, তোমার সন্দান সন্ততি ও কুটুম্ববর্গ তো-

যার অগ্রে প্রাণ্যাগ করিবে, এই ফল হইবে। তাহাতে রাজা ক্লোধ করিয়া সেই ব্যক্তিকে কারাগারে বন্দ করিয়া অন্য এক গণককে ডাকিলেন। সে আসিয়া স্বপ্নের এই তৎপর্য কহিল, মহারাজ, তোমার সন্তান সন্তি ও কুষ্ঠবর্গ ইহাদের সর্বাপেক্ষ। তোমার আরও দীর্ঘায় হইবে। তখন রাজা তাহার এই গণনা গুহ্য করিয়া তাহাকে যথেষ্ট পারি-তোষিক দিলেন।

21.—*Haughtiness reproved.*

এক ব্যক্তি হঠাৎ অনেক ধন পাইলে পর তাহার পূর্বকার এক বন্দু তাহার সহিত সাঙ্কাঁও করিতে আইল। তখন ধনবান তাহাকে জিজ্ঞাসা করিল, তুমি কে? কি নিমিত্তে আসিয়াছ? তাহাতে সে কহিল, হায়! আমাকেও কি চিনিতে পার না? আমি তোমার প্রাচীন বন্ধু; শুনিলাম তুমি অন্ত হইয়াছ, একারণ তোমাকে দেখিতে আইলাম।

22.—*The hungry King.*

এক রাজা মৃদু পরাজিত হইয়া শত্রুপক্ষীয় এক পদাতির হস্তে ধূত হইলেন, কিন্তু তিনি রাজা, ইহা সেই সেনা জানে না। লরে ঐ সেনা তাহার সন্তকে আপনার পুটলী দিয়া লইয়া চলিল। অপর সেনা স্বস্থানে উপস্থিত হইলে রাজাকে কিঞ্চিংয়াত্ তঙ্গুল দিয়া কহিল, ইহা পাক করিয়া খাও। তখন রাজা অতি ক্ষুধিত ছিলেন, একারণ কি করিবেন? সেই তঙ্গুল লইয়া এক হাঁড়িতে ঢাকাইয়া অগ্নির তাপ যেন না জাগে, একারণ আপনি দূরে বসিলেন; তাহাতে এক কুকুর আসিয়া সে হাঁড়ি লইয়া পলায়ন করিল। তাহা দেখিয়া রাজা হাস্য করিলেন, কিন্তু ঐ সেনা জুন্দ হইয়া কহিল, ওরে মুখ, কুকুরে তোর ভাতের হাঁড়ি লইয়া গেল, তাহা দেখিয়া হাসিতেছিস? তোর আঙ্গুলের কারণ কি, তাহা আমাকে বল। রাজা মৌন হইয়া থাকিলেন। তাহাতে সেনা আরও ক্লোধ করিয়া কঠিপয় কশায়াত করিলে রাজা কহিলেন, পূর্বে আমার এমত অবস্থা ছিল, আমি যখন মৃগয়া করিতে যাইতাম, তখন এক শত উষ্ট্রের উপরে আমার পাকের দুবাদি আমার সঙ্গে যাইত; কিন্তু অন্য আমার এমত অবস্থা, যে এক মুঠি তঙ্গুল উপস্থিত, তাহাও কুকুরে লইয়া গেল। ইহা শুনিয়া সেনা তাহাকে রাজা জানিয়া আপন অপরাধ ক্ষমা প্রার্থনা করিয়া তাহাতে মুক্ত করিল।

22.—*The Parrot.*

এক জন এক শুকপঙ্কি পুরিয়া তাহাকে কথা কহিতে শিক্ষা করা। ইল ; তাহাতে ঐ পঙ্কিকে কোন কথা জিজ্ঞাসা করিলে ‘ইহাতে সন্দেহ কি?’ সে ইহাইমাত্র উত্তর করিত। এক দিবস ঐ ব্যক্তি সেই শুককে বিজ্ঞয় করিতে হট্টে লইয়া গেল। এক ঘোগল তাহার মূল্য জিজ্ঞাসা করিলে সে কহিল, ইহার মূল্য এক শত মুদ্রা। তখন ঘোগল ঐ শুককে জিজ্ঞাসা করিল, তুমি কি এক শত মুদ্রা মূল্যের ঘোগ্য হইবা? তাহাতে শুক অভ্যাসানুসারে উত্তর করিল, ইহাতে সন্দেহ কি? অতএব ঘোগল আচ্ছাদিত হইয়া শত মুদ্রা দিয়া। ঐ শুক ক্রয় করিয়া লইয়া গেল ; কিন্তু তাহাকে যখন যাহা জিজ্ঞাসা করে, তখন সে ইহাই মাত্র উত্তর করে, ইহাতে সন্দেহ কি? ইহা দেখিয়া ঘোগল যে ঐ পঙ্কিকে শত মুদ্রা দিয়া ক্রয় করিয়াছে, ইহাতে সজ্জিত ও দৃঢ়খিত হইয়া কহিল, আমি এই পঙ্কিকে ক্রয় করিয়া মূর্খত্ব প্রকাশ করিয়াছি। তাহাতে পক্ষী কহিল, ইহাতে সন্দেহ কি? তাহা শুনিয়া ঘোগল হাসিয়া পঙ্কিকে ছাড়িয়া দিল।

23.—*A compliment returned.*

এক দিবস রাজা ও রাজপুত উভয়ে মৃগয়াতে গমন করিসেন। তৎকালৈ মহাগীর উপস্থিত হইলে তাঁহারা উভয়ে আপনাদের বস্ত্র ভ্যাগ করিয়। এক কৌতুকী লোকের পৃষ্ঠে রাখিয়া পরিহাস করিসেন, হে কৌতুকী, তুমি এক গদ্দভের ভার লইয়াছ। কৌতুকী উত্তর করিল, মহারাজ, এক গদ্দভের ভার নহে, দুই গদ্দভের ভার লইয়াছি।

24.—*Touching Eloquence.*

এক মুসলমান নিত্যে পিরের গান করিত, তাহাতে শ্রোতাদের মধ্যে এক বৃন্দা স্তু অতিশয় রোদন করিত, অতএব এ ভাল বুঝিতে পারে, এবং ধর্মের প্রতি ইহার অত্যন্ত শ্রদ্ধা আছে, ইহা বলিয়া সকলেই তাহার প্রশংসন করিত। কিন্তু এক দিন সে স্তু ইহা শুনিয়া কহিল, আমি ধর্মকথার ভাব কিছুই বুঝিতে পারি না; তথাপি আমি যে রোদন করি, তাহার কারণ শুন। আমি এই গায়কের মত দাঢ়ী বিশিষ্ট। এক ছাগী পুরিয়াছিলাম, তাহাকে বড় ভাল বাসি-

তাম, অশ্পি দিন হইল সে ঘরিয়াছে। তাহাতে আমি যখন এ গায়কের দাঢ়ির প্রতি দৃষ্টি করি, তখনি সেই ছাগী ঘনে পড়ে, এই জন্যে আমি রোদন করি।

25.—*The Dervish's turban.*

কোন ব্যক্তি এক উদাসীনের উক্ষীক লইয়া পলায়ন করিলে ঐ উদাসীন কবরস্থানে গিয়া বসিল। তাহাতে নিকটস্থ লোকেরা তাহাকে কহিল, যে জন তোমার উক্ষীক লইল সে উদাসনে পলায়ন করিল, তুমি কবরস্থানে বসিয়া কি কর? উদাসীন উচ্চর করিল, শেষে তাহাকে এখানে আসিতে হইবে, এই নিমিত্তে আমি এ স্থানে বসিয়াছি।

26.—*The King and his Minister.*

এক রাজা আপনার যত্নের সহিত একজ খঙ্গুর ভোজন করিয়ে ছিলেন, তাহাতে মন্ত্রী আপনার নিকটস্থ ষে পাত্রে বীজ ফেলিতেছিলেন, রাজাও সেই পাত্রে বীজ ফেলিলেন। পরে উভয়ের ভোজন সাজ হইলে রাজা কৌতুক ভাবে যত্নিকে কহিলেন, তুমি বড় ভোক্তা, তোমার পাত্রে অনেক বীজ দেখিতেছি। মন্ত্রী উচ্চর করিল, মহারাজ আমাহইতেও উদ্বৃত্তি, কেননা মহারাজ কত খঙ্গুর আহার করিয়াছেন, তাহা যেন কেহ গণনা করিতে না পাবে, এই জন্যে বীজদুন্ধ সকলই গুস করিয়াছেন।

27.—*Two Extremes.*

এক দিবস সেকদম্বর রাজা আপন সভাস্থানের নিকটে কহিলেন, আমি তখনে কাহাকে মৈরাশ করি নাই; যে যাহা প্রার্থনা করিয়াছে, তাহাকে তাহা দিতে বীকার করিয়াছি। এমন সময়ে এক জন প্রার্থনা করিল; মহারাজ, এক পয়সাতে আমার প্রয়োজন আছে, আমাকে তাহা প্রদান করুন। তাহাতে রাজা কহিলেন, রাজার নিকটে এমত অশ্পি প্রার্থনা করাতে রাজার অপমান হয়, অধিক প্রার্থনা কর। তাহাতে সে প্রার্থনা করিয়া কহিল, মহারাজ, তবে আমাকে এক রাজ্য প্রদান করুণ। তখন রাজা কহিলেন, তুমি প্রথমে আমার অপমানজনক প্রার্থনা করিলা; পরে দ্বিতীয়বার যে প্রার্থনা করিলা তাহা তোমার অবস্থার উপযুক্ত নহে; অতএব দুই প্রার্থনাতেই তোমার মুর্দ্দতা প্রকাশ হইল। ইহাতে সে সজ্জিত হইয়া নীরব হইল।

28.—Evils of a bad hand-writing.

এক জন অন্য জনকে এক পত্র লিখিয়া দিতে নিষেদন করিলে সে বলিল, আমার চরণে বেদনা হইয়াছে, আমি লিখিতে পারি না। তাহাতে সে জিজাসিল, চরণের সহিত লেখনের সম্ভব কি? লেখক কহিল, তাহা সকলের নাই, কিন্তু আমার আছে। কেননা যাহার নিকটে যে পত্র আমি লিখি, তাহা তাহার নিকটে গিয়া পাঠ করিয়া দিতে হয়, নতুন্বা আমার সেখা অন্য কেহ পাঠ করিতে পারে না।

29.—Mortified Curiosity.

এক ব্যক্তি পত্র লিখিতেছিল, তখন তাহার নিকটে উপবিষ্ট অপরি-চিত অন্য ব্যক্তি তাহা অবলোকন করিতে লাগিল। তাহাতে লেখক ইহা লিখিল, এক অপরিচিত মূর্খ সোক আমার নিকটে বসিয়া আমার লিপি পাঠ করিতেছে, একারণ কোন বিশেষ কথা লিখিতে পারিলাম না। তাহাতে সে কহিল, তুমি কি আমাকে নির্মোধ জান, কেন বিশেষ কথা লিখ না? আমি তোমার লিপি পড়িতেছি না। লেখক উত্তর করিল, যদি তুমি আমার লিপি পড় নাই, তবে আমি যাহা লিখিয়াছি, তাহা কি প্রকারে জানিলা?

30.—A Cock's logic.

এক বাজপক্ষী এক কুকুটকে কহিল, তোমরা বড় অকৃতজ্ঞ জাতি, কেননা যে মনুষ্যেরা তোমাদিগকে পালন করে ও ঘৃহের ঘട্টে বাস-স্থান দেয়, তাহারা তোমাদিগকে ধরিতে ইচ্ছা করিলে তোমরা পলায়ন কর। কিন্তু দেখ, আমরা বন্যপক্ষী হইলেও যদি কোন মনুষ্যের নিকটে অল্প দিন পালিত হই, তবে তাহার উপকারার্থে বনহইতে অন্যান্য পক্ষি মৃগয়া করিয়া আনিয়া তাহাকে দি; এবং যত দূরে গমন করি, ডাকিবামাত্র তাহার নিকটে আগমন করি। কুকুট উত্তর করিল, তুমি কখনো বাজপক্ষিকে শুলে বিজ্ঞ হইয়া অগ্নিতে দক্ষ হইতে দেখিয়াছ? কিন্তু আমি অনেক ২ কুকুটকে শুলে বিজ্ঞ হইয়া দক্ষ হইতে দেখিয়াছি, এবং কত শতকে অগ্নিতে ভর্জিত করিতেও দেখিয়াছি। তুমি যদি এক বাজপক্ষিকে কেবল শুলে বিজ্ঞ হইতে দেখিতা, তবে উড়িয়া বহুদূরে পলায়ন করিতা, আর আসিতা না। তাহাতে বাজ মিরুত্তর হইল।

31.—*Love of Independence.*

এক বিজ সোক রাজার অতিপ্রিয় পাত্র ছিল, কিন্তু সে সর্বস্মা আপন দাঢ়ির কেশ উৎপাটন করিত, এই তাহার ব্রতাব ছিল; এ কারণ রাজা তাহাতে নিষেধ করিয়া কহিলেন, তুমি যদি পুনর্ক্ষার দাঢ়ির এক গাছ কেশ উৎপাটন কর, তবে আমি তোমাকে নিশৃঙ্খ করিব। পরে কিছু দিন বিলম্বে ঐ ব্যক্তি রাজার মনোনীত কোন কর্ম উত্তম রূপে নিষ্পত্ত করাতে রাজা তাহার প্রতি প্রসন্ন হইয়া কহিলেন, তুমি কি চাহ? যাহা চাহ তাহাই তোমাকে দিব। তাহাতে সে বিজ ব্যক্তি কহিল, আমার দাঢ়ি ইচ্ছানুসারে ব্যবহার করিতে পারি, এইমাত্র প্রার্থনা করি। তাহাতে রাজা ঈষদ্বাস্য করিয়া তাহা করিতে অনুমতি দিলেন।

32.—*Let well alone.*

এক জন আপন দাসকে আজ্ঞা করিল, কল্য প্রাতঃকালে একত্র দুই কাক দর্শন করিলে আমাকে কছিবা, আমি গিয়ু তাহা দর্শন করিব, কেননা প্রাতঃকালে যুগ্মকাক দর্শন অতি মঞ্জুরজনক, তদ্বারা সমস্ত দিন আনন্দে ক্ষেপণ হয়। পরে প্রাতঃকালে তাহার দাস একত্র দুই কাক দেখিয়া আপন প্রভুকে জাত করিল, কিন্তু প্রভু আসিতে ২ এক কাক উড়িয়া গেল। সে আসিয়া এক কাকমাত্র দর্শন করিল, ইহাতে আপন দাসের প্রতি ক্ষেপণ তাহাকে কশাঘাত করিতে লাপিল। ঐ সময়ে তাহার বস্তুর বাটীহাইতে নানাবিধি উত্তম ২ খাদ্যসামগ্ৰী উপচৌকন আইল। তাহাতে ঐ দাস কুহিল, হে মহাশয়, আপনি দুই কাক না দেখিয়া এক কাকমাত্র দর্শন করিয়াছেন, ইহাতে বিৰুক্ত হইবেন না; যেহেতুক এক কাককে দেখিয়া আপনি উত্তম খাদ্য পাইলেন; কিন্তু যদি দুই কাক দর্শন করিতেন, তবে কি জানি আমার মত কশাঘাত খাইতেন।

33.—*A pattern for quacks.*

এক বৈদ্য যখন, ২ কবরছানে গমন করিত, তৎ ২ কালে বস্ত্র দিয়া আপনার মুখ ও মস্তক আচ্ছাদন করিত। তাহাতে এক জন ইহার বিশেষ কারণ জিজাসা করিলে বৈদ্য উত্তর করিল, এই কবরছানে যত লোক পোতা আছে, তাহারা সকলেই আমার ঔষধ পান করিয়া মরিয়াছে, এই জন্যে আমি সজ্জিত আছি।

34.—*Opportune madness.*

এক দিবস এক দুর্জন রাজা একাকী নগরহস্তিতে বহির্গমন সহয়ে বৃক্ষতলে এক ব্যক্তিকে বসিতে দেখিয়া। জিজ্ঞাসা করিলেন, এই নগরের রাজা কেমন ঘনুষ্য, অত্যাচারী কি ধার্মিক? তাহাতে সে কহিল, রাজা বড় অত্যাচারী। তখন রাজা কহিলেন, তুমি আমাকে চির? সে কঠিল, না। তাহাতে রাজা কহিলেন, আমি এই দেশের রাজা। ইহা শনিয়া সে অতি ভীত হইলেও জিজ্ঞাসা করিল, আমি কে, তাহা আপনি জানেন? রাজা কহিলেন, জানি না। সে কহিল, আমি অমুক সদাগরের পুত্র। আমি প্রতি মাসে তিন দিবস ক্ষিপ্ত হই, আদ্য ঐ তিন দিবসের এক দিবস। ইহাতে রাজা হাস্য করিয়া তাহাকে আর কিছু কহিলেন না।

35.—*Payment in kind.*

এক কবি এক ধনির নিকটে গিয়া তাহার অনেক প্রশংসন করিল, তাহাতে ধনী অতি আছন্নাদিত হইয়া তাহাকে কহিল, এঙ্গে আমার নিকটে টাকা নাই, কিন্তু ধান্য অনেক আছে; তুমি যদি কল্য আমার নিকটে পুনর্দ্বার আইস, তবে তোমাকে তাহার কিছু দিব। পরে পর-দিন প্রাতঃকালে কবি ধনির নিকটে গমন করিবায়াত্র ধনী তাহাকে জিজ্ঞাসা করিল, আপনি কি নিমিত্তে আসিয়াছেন? কবি কহিল, গত কল্য তুমি আমাকে কিছু ধান্য দিতে দ্বিকার করিয়াছিল। সেই নিমিত্তে আমি এখন আসিয়াছি। তাহাতে ধনী উত্তর করিল, তুমি অতি মূর্খ; কেননা তুমি আমাকে যেমন বাক্যব্যাপ্তি সন্তুষ্ট করিয়াছিল, আমি তোমাকে উদ্ধৃত বাক্যব্যাপ্তি সন্তুষ্ট করিয়াছি; অধিকভ তোমাকে ধান্য দিব কেন? ইহাতে কবি উজ্জিত হইয়া চলিয়া গেল।

36.—*A compliment.*

এক উদাসীন কোন অপরাধ প্রযুক্ত এক হাপ্সি অর্থাৎ কাফরী কোত্যালের নিকটে আনীত হইলে কোত্যাল তাহার সকল মুখে কাণী দিয়া নগরের সর্বত্র ফিরাইতে আজা দিল। তাহাতে উদাসীন কহিল, ও মহাশয়, আমার সকল মুখে কাণী দিও না। কেননা তাহা দিলে সকল সোক বোধ করিবে যে হাপ্সি কোত্যালকে নগর ফিরাইতেছে। কোত্যাল এই কথাতে হাস্য করিয়া তাহাকে ক্ষমা করিল।

37.—*The blind Man's Lamp.*

এক অক্ষ অঙ্ককার রাত্রিতে মন্তকে এক মৃষ্টিকার জালা ও দক্ষিণ হস্তে এক প্রদীপ লাইয়া ধাইতেছিল ; তাহাতে কোন জন তাহাকে বলিল, ওরে মুখ্য, তুমি অক্ষ, তোমার দিবা রাত্রি দুই সংগ্রাম, তবে কেন প্রদীপ জ্বালিয়া ধাইতেছ ? তাহাতে অক্ষ হাস্য করিয়া কহিল, এই প্রদীপ আমার নিমিত্তে লই নাই, কিন্তু তোমার নিমিত্তে, কি জানি অঙ্ককারে তুমি আমার জালা ভাঙ্গিয়া ফেলিবা ।

38.—*A cheap insult.*

এক উদাসীন এক মুদির মোকানে গিয়া কোন দুর্য ক্রয় করিবার জন্যে অতি অর্থনৈতিক হইলে মুদি তাহাকে দুর্ব্বাক্য কহিল ; তাহাতে উদাসীন মুদির মন্তকে জুতা মারিল । অতএব মুদি বিচারকর্তাৰ নিকটে গিয়া তাহা নিবেদন করিল, তাহাতে বিচারকর্তা উদাসীনকে ডাকাইয়া জিজাসিল, তুমি কেন মুদিকে জুতা মারিয়াছ ? সে কহিল, মুদি আমাকে দুর্ব্বাক্য কহিয়াছে । বিচারকর্তা কহিল, ও উদাসীন, তুমি বড় অপরাধ করিয়াছ ; সে গালি দিলে তুমি তাহাকে প্রহার করিয়াছ ; অতএব অর্দ্ধমুদু তোমার দণ্ড করিলাম, তুমি মুদিকে ঐ অর্ক মুদু দেও । তাহাতে উদাসীন তৎক্ষণাৎ বস্ত্রহইতে এক মুদু বাহির করিয়া বিচারকর্তাৰ হস্তে দিয়া তাহার মন্তকে এক চর্মপাদুকাঘাত করিয়া কহিল, তোমার যদি এমত বিচার হয়, তবে ইহার অর্দ্ধমুদু তুমি লও, আর অর্দ্ধমুদু মুদিকে দেও ।

39.—*The Painter turned Physician.*

এক চিত্রকর আপন জন্মস্থান ত্যাগ করণ পূর্বক অন্য নগরে গিয়া চিকিৎসা করিতে আবস্থ করিল । পরে তাহার দেশস্থ এক ব্যক্তি আসিয়া জিজাসা করিল, তুমি এখন কি ব্যবসায় কর ? তাহাতে চিত্রকর কহিল, এখন চিকিৎসা ব্যবসা করিয়া থাকি । সে জিজাসিল, এ ব্যবসা কর কেন ? চিত্রকর উত্তর করিল, চিকিৎসা ব্যবসাতে যদি আমার দুটি হয়, তবে মৃষ্টিকা তাহা গোপন করে ।

40.—*A good Reproof.*

এক দুঃখী কবি এক ধনির নিকটে গিয়া তাহার এমত নিকটে বসিল
যে উভয়ের মধ্যে এক বিষৎমাত্র অন্তর ছিল। তাহাতে ধনী বিরক্ত
হইয়া কহিল, তোমাতে এবং গদ্দভোতে কি ভক্তি? কবি উত্তর করিল,
এক বিষৎমাত্র। তাহাতে ধনী অতি সজ্জিত হইয়া আপনার কুটি
শীকার করিল।

41.—*A Beggar's wants.*

এক ভিক্ষুক এক ধনির দ্বারে গিয়া কিছু যাজ্ঞা করিলে কোন ব্যক্তি
বাটীহইতে উত্তর করিল, গৃহিণী গৃহে নাই। তাহাতে ভিক্ষুক কহিল,
আমি এক খণ্ড ঝটীর নিমিত্তে যাজ্ঞা করিয়াছিলাম, গৃহিণীতে আ-
মার প্রয়োজন নাই।

42.—*A Dilemma.*

এক রাজা কোন বিজ ব্যক্তিকে আস্থান করিয়া কহিসেন, আমি
তোমাকে এই নগরের শাসনকর্তা করিতে ইচ্ছা করি। তাহাতে সে
কহিল, আমি এ কর্মের উপযুক্ত নহি। রাজা জিজ্ঞাসিলেন, কেন উপ-
যুক্ত নহ? সে উত্তর করিল, যদি আমার বাক্য সত্য হয়, তবে আমাকে
কয়া করা কর্তব্য; আর যদি মিথ্যা হয়, তবে মিথ্যাবাদিকে শাসন-
কর্তা করা অনুচিত হয়। ইহাতে রাজা তাহার নিবেদন গ্রহণ করিয়া
তাহাকে বিদায় করিলেন।

43.—*A Faqir's luck.*

এক দিবস কোন প্রধান লোক এক লক্ষ্য স্থাপন করিয়া তাহাতে
বাগ ক্ষেপণ করিতেছিল, এবং সে স্থানে অনেক ধনুর্ধর উপস্থিত ছিল,
কিন্তু কেহ সেই লক্ষ্য বিজ্ঞ করিতে পারিতেছিল না। এমন সময়ে এক
ফকির তথায় উপস্থিত হইয়া ভিক্ষা যাজ্ঞা করিল। তখন ঐ প্রধান
লোক সেই ফকিরের হস্তে আপনার ধনুর্ধাপ দিয়া কহিল, তুমি ঐ
লক্ষ্য বিজ্ঞ কর। তাহাতে ফকির সেই লক্ষ্য দৃষ্টি করিয়া হঠাতে বিজ্ঞ
করিল। অতএব ঐ প্রধান লোক অতি সন্তুষ্ট হইয়া তাহাকে এক শত মুদ্রা

পারিতোষিক দিয়। কহিল, তুমি গমন কর। কিন্তু ফকির উত্তর করিল, আমাকে অকৃতকার্য করিয়া বিদায় করিও না। ইহাতে প্রধান লোক বিহু হইয়া কহিল, তোমাকে একশত মুদ্রা পারিতোষিক দিলাম, তখাপি তুমি কহিতেছ, আমি অকৃতকার্য রইলাম, কেমন কথা? ফকির উত্তর করিল, আমি লক্ষ্য বিজ্ঞ করিয়াছি, তমিয়িত্বে একশত মুদ্রা পাইয়াছি; কিন্তু ভিক্ষা করিয়াছি, তমিয়িত্বে কি পাইয়াছি? তখন এ প্রধান লোক হাস্য করিয়া তাহাকে আরে। কিছু পারিতোষিক দিল।

44.—*An Author proved true.*

এক ব্যবস্থাপক রাত্রিতে পুস্তক পাঠ করিতেই এই বচন পাঠ করিল, যাহার ক্ষুদ্র মন্তক ও দীর্ঘ আঞ্চ থাকে, সে শূর্খ হয়। ঐ ব্যবস্থাপকের স্বাভাবিক ক্ষুদ্র মন্তক ও দীর্ঘ আঞ্চ ছিল, এ কারণ ভাবিল, আমার ক্ষুদ্র মন্তকের বৃক্ষি করা অসাধ্য, কিন্তু দীর্ঘ আঞ্চের হাস করা সুসাধ্য বটে। ইহা বিবেচনা করিয়া সে কর্তৃরীয় অব্বেষণ করিল, কিন্তু তাহা না পাওয়াতে অনুপায় হইয়া আঞ্চের অর্জভাগ হস্তে ধরিয়া অন্য অর্দেক প্রদীপে ধরিল, তাহাতে কেশ অগ্নিতে প্রজ্বলিত হইলে তাহার শিখা তাহার হস্তে সপর্শ হইল, তখন সে আপন মুষ্টি ত্যাগ করাতে সমুদয় আঞ্চ দঞ্চ হইয়া গেল। তাহাতে ব্যবস্থাপক লজ্জিত হইয়া পুস্তকের বাক্য যে সত্য ইহা স্বীকার করিল।

45.—*A dear compliment.*

এক দিবস এক রাজা প্রাসাদোপনি বসিয়াছিলেন, এমন সময়ে এক ব্যক্তি আসিয়া তাহাকে এক পক্ষি দর্শন করাইল। তাহাতে রাজা তাহাকে আস্থান করিয়া জিজ্ঞাসিলেন, তুমি আমাকে কেন পক্ষি দেখাইতেছ? সে কহিল, হে মহারাজ, আমি এক ব্যক্তির সহিত আপনকার নিমিত্তে পথ করিয়া এই পক্ষি জয় করিয়াছি, এ কারণ তাহা মহারাজের নিকটে আনিয়াছি। ইহাতে রাজা সন্তুষ্ট হইয়া পক্ষিকে রক্ষণাগারে প্রেরণ করিলেন। পরে দুই তিন দিনের পর ঐ ব্যক্তি পুনর্চ আসিয়া কহিল, হে মহারাজ, অদ্য এই মেৰ মহাশয়ের নিমিত্তে জয় করিয়াছি, অতএব তাহা আপনকার নিকটে আনিয়াছি। তখন রাজা তাহাও গুহগ করিলেন। অপর ঐ ব্যক্তি এক মনুষ্যের সহিত তৃতীয় বার রাজার নিকটে উপস্থিত হইল। তাহাতে রাজা তাহাকে শুন্য

হচ্ছে দেখিয়। জিজ্ঞাসা করিলেন, আবু তুমি আমার নিমিষতে কিছুই আন নাই। তাহাতে সে উত্তর করিল, আমি এই মনুষ্যের সহিত রাজার নিমিষতে দুই সহস্র মুদু পথ করিয়াছিলাম, কিন্তু তাহাতে পরামিত হইয়াছি, অতএব এ ব্যক্তি মুদু লইতে মহারাজের নিকটে আসিয়াছে। ইহাতে রাজা ঈষদ্বাস্য করিয়া তাহাকে মুদু দিয়া কহিলেন, আর কখনও আমার নিমিষতে কাহারও সহিত পাশ। খেলিও না, কেননা আমি তোমাহাইতে আর কখনও কিছু লইব না, এবং তোমাকেও কিছু দিব না।

46.—*An Argument ad hominem.*

এক ব্যক্তি এক উদাসীনের নিকটে গমন করিয়া তাহাকে তিনি প্রশ্ন জিজ্ঞাসা করিল। প্রথম প্রশ্ন। মনুষ্যেরা পরমেশ্বরকে সর্বব্যাপি কহে, কিন্তু আমি কোন স্থানেই তাহাকে দেখিতে পাই না, অতএব তিনি কোথায়? তাহা আমাকে দেখাও। দ্বিতীয় প্রশ্ন। মনুষ্য অপরাধের জন্মে কেন দণ্ডাপ্ত হয়? কেননা মনুষ্য যে ২ কর্ম করে, তাহা পরমেশ্বরের নিয়োগেতেই করে; মনুষ্যের অভিজ্ঞ ইচ্ছা কিছু নাই; পরমেশ্বরের ইচ্ছার বিফল কিছুই করিতে পারে না। যদি মনুষ্য সকল কর্ম করিতে পারিত, তবে আপনার নিমিষতে সকল কর্মই ভাল করিত। তৃতীয়। কি প্রকারে পরমেশ্বর শয়তানকে নরকাশ্বিতে যত্নে। দেন? কেননা সে আপনি অগ্নিময়, তবে অগ্নি কি প্রকারে অগ্নিকে যত্নে। দিতে পারে? ইহাতে উদাসীন এক মৃৎপিণ্ড হচ্ছে লইয়। এ ব্যক্তির মন্তকে আঘাত করিল। তাহাতে সে রোদন করিতে ২ বিচারকর্তার নিকটে গিরা কহিল, আমি অমৃত উদাসীনের নিকট গিরা তিনি প্রশ্ন করিলাম, কিন্তু সে আমার মন্তকে এমত লোক্টায়াত করিল যে তাহাতে আমার মন্তক বেদন করিতেছে। তখন বিচারকর্তা উদাসীনকে ডাকাইয়। জিজ্ঞাসা করিল, তুমি ইহার প্রশ্নের উত্তর না দিয়া কেন ইহার মন্তকে আঘাত করিয়াছ? উদাসীন উত্তর করিল, এ লোক্টায়াত্মকারাই তাহার প্রশ্নের উত্তর হইয়াছে, কেননা সে কহিতেছে, আমার মন্তকে বেদন হইয়াছে। ভাল, সে যদি আপন বেদন আমাকে দেখাইতে পারে, তবে আমিও সর্বব্যাপি পরমেশ্বরকে দেখাইব। আর এই আঘাতের বিষয়ে সে কেন আদাম করিয়াছে? আমি যাহা করি, তাহাই যদি পরমেশ্বরের নিয়োগেই করি, তবে পরমেশ্বরের আজ। ব্যক্তিরেকে তাহাকে আঘাত করি নাই। আমার মাধ্য কি আছে? আর এ ব্যক্তি মৃৎপিণ্ড, তবে কেমন করিয়া মৃৎপিণ্ডার।

মৃৎপিণ্ড বেদন। পাইতে পারে? ইহাতে সেই ব্যক্তি লজ্জিত হইল, এবং বিচারকর্তা উদাসীনের প্রতি বড় সন্তুষ্ট হইল।

47.—*A Groom's meditations.*

এক অশ্বারূপ কোন নগরে উপস্থিত হইলে সে স্থানে অনেক উক্তর আছে ইহা শুনিল; অতএব সে আপন অশ্বরক্ষককে কহিল, তুমি শয়ন কর, আমি অশ্ব চৌকি দি, তোমার প্রতি আমি বিশ্বাস করিতে পারি ন। অশ্বরক্ষক উত্তর করিল, এ কেমন কথা? আমি দাস নিন্দা যাইব, প্রভু জাগিয়া থাকিবেন, এমন হইতে পারে ন। তাহাতে প্রভু শয়ন করিতে গমন করিল। অপর তিনি ঘণ্টা পরে জাগু হইয়া অশ্বরক্ষককে উচ্ছেষ্যে জিজ্ঞাসিল, তুমি কি করিতেছ? সে কহিল, আমি ইহা বিবেচনা করিতেছি, পরমেশ্বর জলের উপরে পৃথিবীকে কি প্রকারে বিস্তৃত করিবাচেন? তাহার প্রভু কহিল, তুমি এমন ভাবনাতে অন্যমনস্ক থাকিলে কি জানি কথন্ চোর আইসে, ইহাতে আমি ভীত আছি। অশ্বরক্ষক কহিল, হে প্রভো, আপনি নিশ্চিন্ত হইয়া নিন্দা যাইব, আমি চৌকি দিতেছি। তাহাতে প্রভু পুনর্বার শয়ন করিল, কিন্তু দিগ্ধীয় প্রহর রাত্রিতে আরবার উঠিয়া উচ্ছেষ্যে জিজ্ঞাসিল, হে অশ্বরক্ষক, তুমি কি করিতেছ? সে উত্তর করিল, পরমেশ্বর স্তুতি ব্যতিরেকে আকাশকে কি প্রকারে স্থাপিত করিবাচেন? ইহাই বিবেচনা করিতেছি। প্রভু কহিল, তোমার অন্যমনস্ক থাকাতে আমি ভয় করি, কি জানি কোন্ সময়ে চোর আসিয়া অশ্ব লইয়া যাইবে। অশ্বরক্ষক উত্তর করিল, হে প্রভো, আমি জাগু আছি, কি প্রকারে চোর আসিতে পারে? তাহার প্রভু কহিল, যদি শয়ন করিতে ইচ্ছা হয়, তবে শয়ন কর, আমি জাগিয়া থাকি। তাহাতে সে উত্তর করিল, আমি নিন্দালু নহি। তখন তাহার প্রভু পুনর্বার শয়ন করিল। কিন্তু এক ঘণ্টা রাত্রি থাকিতে উঠিয়া আরবার জিজ্ঞাসা করিল, হে অশ্বরক্ষক, তুমি কি করিতেছ? তখন সে উত্তর করিল, চোরের আসিয়া অশ্ব অপহরণ করিয়াচ্ছে, এখন বিবেচনা করিতেছি, কল্য তাহার সজ্জা মন্তকে বহন করিব, কি তোমাকে মন্তকে বহিয়া সইয়া যাইব।

48.—*A Miser's Terms.*

এক উদাসীন এক কৃপণের নিকটে আসিয়া কিঞ্চিং যাঙ্গা করিল। তাহাতে কৃপণ কহিল, তুমি যদি আমার এক কথা স্মীকার কর, তবে তুমি

যাহা চাহিবা, তাহা পূর্ণ করিব। উদাসীন জিজ্ঞাসিল, কি কথা? সে কহিল,
আমার কাছে কোন দান চাহিও না, আর যাহা করিতে কহিবা,
তাহা করিব।

49.—*The Miser's Token.* .

এক বাক্তির এক কৃপণের সহিত বন্ধুত্ব ছিল, পরে সে প্রবাসে
গমনের সময়ে আপন কৃপণ বন্ধুকে কহিল, হে বন্ধো, তোমার অঙ্গুরীয়টি
আমাকে দেও, আমি আপন নিকটে রাখি, তাহাতে প্রবাসে থাকিয়া এই
অঙ্গুরীয় দেখিলে সর্বদা তোমাকে মনে পড়িবে। তাহাতে কৃপণ বন্ধু
উত্তর করিল, যদি আমাকে ঘৰণ করিতে থেমার ইচ্ছা হয়, তবে অঙ্গুরী-
য়ের প্রয়োজন কি? তোমার শূন্য অঙ্গুলী দেখিলেই আমাকে ঘৰণ
করিতে পারিবা।

50.—*Partiality reproved.*

এক দরিদ্র পশ্চিম এক নগরে উপস্থিত হইয়া শুমিল, এ নগরে অমুক
ব্যক্তি বড় দাঢ়া, বিজ লোকদের সেবা যতনপূর্বক করান। অতএব সে
ভোজনার্থে তাহার বাটীতে গমন করিল, কিন্তু তাহাকে কেহ বসিষ্টেও
বলিল না ও কোন কথা কহিল না। ইহাতে সে লজ্জিত হইয়া কিরিয়া
আইল। অপর পরদিবসে সে বিবেচনা করিয়া উত্তম বন্ধু ভাঙ্গা করিয়া
আনিয়া পরিধান পূর্বক পুরুষ মেট বাটীতে গমন করিল। তাহাতে
বাটীর কর্তা তাহাকে সমাদর করিয়া যতনপূর্বক আপনার নিকটে
বসাইল, এবং ভোজন সময়ে মানাবিধ উত্তম ২ সামগু তাহাকে প্রদান
করিল। তাহাতে সে ব্যক্তি প্রথম গুাম লইয়া অগ্নে আপন পরিধান
বস্ত্রেতে রাখিল, পরে ভোজন করিতে লাগিল। তাহা দেখিয়া বাটীর
কর্তা জিজ্ঞাসা করিল, ও কি করিলা? তখন সে উত্তর করিল, গত দিবস
পুরাতন বন্ধু পরিধান করিয়া আসিয়াছিলাম, তাহাতে কেহ আমার
সহিত আলাপও করে নাই; কিন্তু অদ্য উত্তম বন্ধু পরিধান করিয়া
আইলে অনেক সমাদর ও উত্তম খাদ্য পাইলাম। অতএব বোধ হয়
ইহা আমার নিমিত্তে নয়, কিন্তু বস্ত্রের নিমিত্তে পাইলাম। ইহাতে
দাঢ়া লজ্জিত হইয়া ঝুঁটি স্বীকার করিল।

51.—*Asiatic Morality.*

এক রাজা আপন শত্রুগণের প্রতিকূলে সৈন্য প্রেরণ করিলে তাহার। গিয়া শত্রুরার। বিনষ্ট হইল। তাহাতে এক দৃষ্ট শীঘ্ৰ দৌড়িয়া রাজাকে কহিল, মহারাজের সৈন্যগণের জয় হইয়াছে। তাহাতে রাজা অতিশয় সন্তুষ্ট হইলেন, কিন্তু দৃষ্ট দিবস পরে তাহাদের পরাজয়ের সংবাদ আইলে রাজা তাহার প্রতি ঝোপ করিয়। তাহাকে দণ্ড দিতে আজ। দিলেন। তাহাতে সে উত্তর করিল, হে মহারাজ, আমি দণ্ডের পাত্র নহি। যে জন মহারাজকে দৃষ্ট দিবস সন্তুষ্ট রাখিল তাহার কি দণ্ড হইতে পারে? তাহার এই কথাতে রাজা সন্তুষ্ট হইয়। তাহাকে পারিতোষিক দিলেন।

52.—*The Astrologer refuted.*

এক রাজা এক গণককে জিজাম। করিলেন, আমার আর কত বৎসর পরমায় আছে? তাহাতে গণক গণিয়। কহিল, আর দশ বৎসর আছে। ইহাতে রাজা মনে ২ এষত উদ্বিগ্ন হইলেন, যে পীড়িতের ম্যাগ দিবারাত্রি শয্যাগত হইলেন। তাহাতে ঘন্টী কারণ জানিয়। এ গণককে রাজার সন্মুখে ডাকাইয়া আনিলেন, এবং তাহাকে জিজাম। করিলেন, তোমার কত বৎসর পরমায় আছে? সে উত্তর করিল, বিষ্ণতি বৎসর আছে। তাহাতে ঘন্টী তৎক্ষণাৎ গড়গাঢ়ার। তাহার মন্তব্য ছেদন করাইলেন। ইহ। দেখিয়া রাজার মন ক্রমে ২ মুস্তির হইল, এবং রাজা ঘন্টীর জানেতে চমৎকৃত হইয়। কোন গণকের কথা আর শনিলেন ন।।

53.—*Odd way of getting a dinner.*

কোন ক্ষুধিত ব্যক্তি গমন করিতে ২ এক পুস্তকরিগীর ভীরে এক আরবীয় ব্যক্তিকে ভোজন করিতে দেখিয়। তাহার সন্ধুগবটী হইয়। তাহাকে কহিল, আমি তোমার বাটীহইতে আইলাম। তাহাতে সে জিজামিল, আমার আর পুত্র উষ্টুদি সকলে ভাল আছে? সে উত্তর করিল, হঁ। আরবীয় সন্তুষ্ট হইয়। তাহার প্রতি আর দৃষ্টি করিল ন।। পরে ঐ ব্যক্তি বলিতে সাগিল, ও আরবীয়, তোমার সন্মুখে বিশুাম করিতেছে যে কুকুর সে তোমার কুকুরের মত; হায়! যদ্যপি তোমার কুকুর অদ্যাবধি জীবৎ থাকিত। ইহাতে আরবীয় মন্তব্য তুলিয়। জিজামিল, আমার কুকুর

কি মরিয়াছে? সে উত্তর করিল, হঁ, সে তোমার উক্তের মাস অধিক ভোজন করিয়াছিল। আরবী জিজাসিল, উক্ত কি প্রকারে মরিল? তাহাতে সে কহিল, তোমার স্ত্রীর মৃত্যু হওয়াতে তাহাকে কেহ ঘাস জস দিল না। আরবীর জিজাসিল, আমার স্ত্রী কি প্রকারে মরিল? সে উত্তর করিল, সে পুত্রশোকেতে অভ্যন্ত খেদিত হইয়া মন্তক ও বক্ষস্থলে প্রস্তরাঘাত করিল। আরবীর জিজাসিল, আমার পুত্র কি প্রকারে মরিল? সে উত্তর করিল, তাহার উপর গৃহ পাতত হইয়াছিল। এই প্রকারে আরবীর আপনার সর্বনাশের সমাচার পাইয়া মন্তকে ধূলী ক্ষেপ করিয়া মুখের অঞ্চল পরিত্যাগ করিয়া রোদন করিতে ২ আপন বাটীর দিগে গমন করিল, তাহাতে ক্ষুধিত ব্যক্তি নির্বিষে সেই অঞ্চল ভোজন করিল।

54.—*The Miser's contrivance.*

এক কৃপণ আপনার এক বন্ধুকে কহিল, আমার এক সহস্র মুদ্রা আছে, তাহা আমি নগরের বাহিরে পুঁতিয়া রাখিতে ইচ্ছা করি, কিন্তু এই শপথ কথা আর কেহ যেন জানিতে না পাবে। এট পরামর্শ করিয়া দুই জন নগরের বাহিরে গিয়া এক বন্ধুত্বলে মুদ্রা পুঁতিল। কিছু দিন বিলম্বে কৃপণ ঐ বন্ধুত্বলে একাকী গিয়া মুদ্রার চিহ্ন কিছুই দেখিতে পাইল না। অতএব সে বিবেচনা করিল, আমার বন্ধু ব্যাড়িরেকে ইহা আতঙ্ক কেহ লয় নাই; কিন্তু যদি তাহাকে জিজাসা করি, তবে সে স্বীকার করিবে না। ইহা ভাবিয়া কৃপণ তাহার বাটীতে গিয়া কহিল, আমার পুনরায় অনেক মুদ্রা সঞ্চিত হইয়াছে, তাহাও সেই স্থানে রাখিতে ইচ্ছা করি; যদি তুমি সমত হও, তবে আমরা কল্প একত্র হইয়া ঘাটী। ইহাতে তাহার বন্ধু অধিক ধনলোভতে পূর্বদেশ সকল পুনর্বার সেই স্থানে পুঁতিয়া রাখিল। পরদিনস কৃপণ একাকী সে স্থানে গমন করিয়া আপনার হাস্তাণ মুদ্রা পাইল, এবং আপন কৌশলেতে সন্তুষ্ট হইয়া সেই বন্ধুকে আর প্রত্যয় করিল ন।

55.—*The two Painters.*

দুই চিত্রকর পরম্পরার কহিল, আইস, আমরা দুই জন দুই ছবি লিখি, তাহাতে কে উত্তম চিত্রকর, তাহা পর্যবেক্ষিত হইবে। পরে এক ব্যক্তি এক থলুয়া দুক্কা চির করিয়া আপন দ্বারের উপরে টাঙ্গাইয়া রাখিল, তাহাতে দুক্কা ভুমেতে পক্ষিগণ আসিয়া চপ্পুবারা তাহা ঠোকরাইতে

লাগিল। ইহা দেখিয়া সকল মোক তাহার প্রশংসন করিতে লাগিল। পরে সে বিভীষণ চিত্রকরের বাটৌতে গিয়া জিজাসা করিল, তুমি কোথায় চিত্র করিয়াছ? তাহা দেখিব। তখন সে কহিল, এই পদ্মার পশ্চাতে আছে, দেখ। তাহাতে সে আকর্ষণ করিতে গেলে ঠক করিয়া তাহার হস্ত ভিত্তিতে লাগিল, অতএব ইহা পদ্ম নহে, এই চিত্রকর ভিত্তিতে পদ্ম চিত্র করিয়াছে, ইহা বুঝিল। তখন অন্য চিত্রকর কহিল, দেখ, আমি জয়ী হইয়াছি কেননা তোমার চিত্র পক্ষিগণের মাত্র ভূম জয়াইল, কিন্তু আমার চিত্র চিত্রকরেরও ভূম জয়াইল।

56.—*Love of the marvellous reproved.*

এক দিবস এক রাজা মন্ত্রিয় সহিত বায়ু সেবনাথে গমন করিলেন, তাহাতে এক ক্ষেত্রবিদ্যে উপস্থিত হইলে সে ঝানে ঘনুষ্যহইতেও উচ্চ কণ্ঠিপয় গোধূমবৃক্ষ দর্শিয়া রাজা আশচর্য জান করিয়া কহিলেন, এমত দীর্ঘ গোধূমবৃক্ষ আমি কখনো দেখি নাই। তাহাতে মন্ত্রী কহিল, মহারাজ, আমার দেশে ইন্দির সমান উচ্চ গোধূমবৃক্ষ জন্মে। তাহা শুনিয়া রাজা দৈহৎ হাস্য করিলেন। ইহাতে মন্ত্রী বিবেচনা করিল, রাজা আমার কথাতে অপ্রত্যয় করিয়া হাসিলেন। পরে তাহারা বাটৌতে প্রত্যাগমন করিলে মন্ত্রী কণ্ঠিপয় গোধূম বৃক্ষ পাঠাইতে আপন দেশের কোন লোককে এক পত্র লিখিলেন, কিন্তু ঐ লিপি উপস্থিত হইতে ২ শস্য সংগৃহকাল অটীত হইল, একারণ এক বৎসরের পর পরবৎসরের গোধূমবৃক্ষ তথাহইতে আসিয়া উপস্থিত হইল। তখন মন্ত্রী তাহা জানিয়া রাজসমাপ্তে উপস্থিত করিলে রাজা জিজাসিলেন, এ সকল কেন আনিয়াছ? মন্ত্রী কহিল, গত বৎসর এক দিবস আমি মহারাজকে কহিয়াছিলাম, আমার দেশে গোধূম বৃক্ষ হস্তির সমান উচ্চ হয়, তাহাতে মহারাজ হাস্য করিয়াছিলেন; অতএব আমার কথাতে মহারাজ সন্দেহ করিলেন, ইহা ভাবিয়া তাহার প্রয়াগর্থে ইহা আনিলাম। তখন রাজা উচ্চর করিলেন, হা, এখন তোমার কথাতে প্রত্যয় করিলাম, কিন্তু সাবধান, তোমার যে কথাতে কেবল এক বৎসরের পর প্রত্যয় জন্মে, এমত কথা আর কখনও কহিও ন।

57.—*How to steal a Horse.*

এক দিবস এক চোর কোন গৃহস্থের বাটৌতে অশ অপহরণ করিতে গমন করিয়া ধরা পড়িল। তাহাতে গৃহস্থ তাহাকে কহিল, তুমি কি

কৌশলে অঞ্চ হরণ কর, তাহা যদি আমাকে দেখাইতে পার, তবে আমি তোমাকে ছাড়িয়া দি। তাহাতে মে স্বীকার করিয়া অঙ্গের নিকটে গিয়া অঙ্গের পদরজ্জু মুক্ত করিয়া। তাহার মুখে বসনা দিল, পরে তাহাতে আরোহণ করিয়া কশাঘাতবার। অঞ্চকে অভিবেগে গমন করাইয়া উচ্চেঁস্বরে কহিল, দেখ, এই প্রকারে চুরি করিতে হয়। ইহা বলিয়া সে প্রস্থান করিল। তখন সত্ত্বক হইয়া অনেক লোক তাহার পশ্চাঁ দৌড়িল বটে, কিন্তু কেহই তাহাকে ধরিতে পারিল ন।

58.—*Raising the wind.*

এক দরিদ্রের এক অঞ্চ ছিল। এক দিবস মে আপন অঞ্চকে অঞ্চশালাতে বিপরীত রূপে, অর্থাৎ যে দিগে পুঁজি থাকিত সে দিগে মুখ করিয়া বাস্তিল, পরে উচ্চেঁস্বরে লোকদিগকে কহিতে লাগিল, হে মনুষ্য সকল, তোমর। আমিয়। এক আশচর্য দর্শন কর; আমার অঞ্চের পুছের দিগে মুখ হইয়াছে। তাহাতে নগরের অনেক লোক সেই স্থানে একত্র হইলে যে ২ লোক সেই আশচর্য দেখিতে অশ্বশালাতে গমন করিতে ইচ্ছা করিল, ঐ দরিদ্র তাহাদের হট্টতে কিঞ্চিৎ ২ মুদু লইয়া প্রবেশ করণের অনুমতি দিল। তাহাতে যাহার। আশচর্য প্রবেশ করিল, তাহার। অপ্রতিভ হইয়া ফিরিয়। আইল, কিন্তু কাহাকেও কিছু কহিল ন।; অতএব ঐ দরিদ্রের যথেষ্ট উপার্জন হইল।

59.—*The humble Courtier.*

মহান্মদ সুলতান আইয়াজ নামক আপন ক্রিত দাসকে অতিশয় ভাল বাসিয়। উচ্চপদে নিযুক্ত করিয়াছিলেন, একারণ সভাস্থ লোকের। তাহার প্রতি ঈর্ষ্য। করিয়া। এক দিবস রাজাকে কঁচিল, যাহারাজ, আইয়াজ প্রতি দিন একাকী কোষাগারে গমন করে, ইহাতে বোধ হয় মে কোন দুব্যাদি অপহরণ করে। রাজ। কহিলেন, আমি আপন চক্রতে দেখিলে প্রত্যয় করিতে পারি। পরদিবস আইয়াজের কোষে গমন সময়ে তাহার। রাজাকে সমাচার দিলে, রাজ। গবাক্ষ দিয়া দৃষ্টি করিয়া আইয়াজকে সিন্দুকহট্টতে পুরাতন ও মলিন বস্ত্র লইয়া পরিধান করিতে দেখিলেন। তখন রাজ। হঠাৎ কোষে প্রবেশ করিয়া তাহাকে জিজ্ঞাসিলেন, তুমি কেন এমত বস্ত্র পরিধান করিতেছ? তাহাতে মে উত্তর করিল, হে যাহারাজ, যহায়হিমের অধীনতার পূর্বে আমার এই রূপ বস্ত্র ছিল; এইক্ষণে রাজকীয় দানে উত্তম বস্ত্র পাইয়াছি, তথাপি প্রত্যহ পুরাতন বস্ত্র দেখি ও

পরিধান করি, কেননা আমার পূর্বাবস্থা অবধে থাকিলে অহঙ্কার জন্মিবে ন। এবং প্রভুর দান বিষয়েও সর্বদা কৃতজ্ঞতা থাকিবে। তখন রাজা তাহার এ প্রকার উত্তর শুনিয়। তাহার প্রশংসা করিলেন, এবং তাহাকে আলিঙ্গন করিয়। তাহার পদবৃক্ষ করিয়। দিলেন।

CHAPTER V.

MORAL STORIES.

নীতিকথা।

1.—*Honesty and Gratitude.*

১। সুজনতা ও কৃতজ্ঞতা।

মিলান নগরের কোন বাটীর দ্বারী দুই শত মুদ্রামুক্ত এক থলিয়। কুড়াইয়। পাইয়। সৎবাদলিপিব্রায়। তাহ। প্রকাশ করিল। যাহার ঐ থলিয়। হারাইয়াছিল সে সমাচার পাইয়। সেই বাটীতে আইল; পরে ঐ থলিয়। যে তাহার, ইহ। প্রচুর প্রয়াগের দ্বার। নিশ্চয় করিলে দ্বারী সে থলিয়। তাহাকে সমর্পণ করিল। তাহাতে ঐ ব্যক্তি আপনার মুদ্র। পাইয়। অতিশয় আনন্দ ও কৃতজ্ঞতা পূর্ণক ঐ দ্বারিকে বিশ্বাতি মুদ্র। পারিতোষিক দিতে চাহিল, কিন্ত দ্বারী তাহ। গুহণ করিল ন।; পরে দশ মুদ্র। দিতে চাহিল, পরে পাঁচ, তখাচ গুহণ করিল ন।। তথিমিতে সেই ব্যক্তি থলিয়। ভুঁয়িতে ফেলিয়। ক্রোধভাবে বলিল, যদি তুমি আমার প্রত্যপকার ঝীকার করিতে এ প্রকার অসম্মত হও, তবে আমি কিছুই হারাই নাই। তাহাতে দ্বারী পাঁচ মুদ্র। লইতে সম্মত হইল, এবং তাহ। গুহণ করিয়। তৎক্ষণাত দরিদ্র লোকদিগকে বিতরণ করিল।

উপকার করিলে কৃতোপকার ঝীকার কর। ও সাধ্যানুসারে উপকার কর। মহংজোকের নির্দশন।

2.—*Ingratitude punished.*

২। কৃত্যের দণ্ড।

হিত করিলে বিপরীত ভাবে যেই জন।
তাহার মঙ্গল নাহি হয় কদাচন।

এক জন ধনী অতি প্রভূব্যে অশ্঵ারুচ হইয়া নগর ভূমণ করিতে-ছিলেন। তৎকালীন তাহার অজাতসারে বস্ত্রহষ্টতে কাগজমোড়া ঘোলটী স্বর্গমুদ্রা পথে পড়িল। এক জন দরিদ্র তাহা কুড়াইয়া পাইয়া বিচারকর্ত্তার স্থানে সমর্পণ করিলে, তিনি ঘোষণাদ্বারা ঐ কথা নগরের সর্বত্র প্রচার করাইলেন; তাহাতে ঐ ধনী বিচারাসনের সম্মুখে আইলে বিচারকর্ত্তা তাহাকে ঘোরের ঘোড়ক সমর্পণ করিলেন। ধনী কহিলেন, আমার আরও অধিক মুদ্রা ছিল, অতএব যে জন ইহা পাইয়াছে, তাহার স্থানে অবশ্য তাহাও পাওয়া যাইবে। ইহাতে সেই দরিদ্র ভাসমুক্ত হইয়া বিচারকর্ত্তার স্থানে এই মিবেদন করিল, আমি যাহা পাইয়াছি, তাহা সমুদয় আপনকার স্থানে উপস্থিত করিয়াছি, আমার স্থানে আর কিছুই নাই। অমন্তর যে কাগজ ঘোড়ক করা ছিল, বিচারকর্ত্তা সেই কাগজ হস্তে লইয়া পুনর্দ্বাৰ ঘোড়ক করিয়া দেখিলেন যে ঘোল মুদ্রার অধিক তাহাতে ধরে না। তখন ধনিকে বলিলেন, এই কাগজেতে ঘোল মুদ্রার অধিক ধরে না; অতএব বোধ হয় এই স্বর্গমুদ্রা তোমার নহে, অন্য কেহ তোমার মুদ্রা পাইয়া থাকিবে, তুমি আন্তর অব্রেষণ কর। পরে দরিদ্রকে কহিলেন, এই ঘোলটী স্বর্গমুদ্রা তোমারই হইল, তুমি ইহা লইয়া গৃহে গমন কর।

3.—*Man tried by the Animals.*

৩। ঐ বিষয়।

দানানলে এক কানন দণ্ড হইতেছিল, তাহাতে এক সর্প প্রাণভয়ে ব্যাকুল হইয়া পলায়ন করিতে চেষ্টা করিল, কিন্ত অগ্নিদ্বারা বন দেষ্টিত হওয়াতে কোন প্রকারে পথ পাইল না। সেই সময়ে এক বধিক্কে তাহার লিকট দিয়া গমন করিতে দেখিয়া তাহাকে তাকিয়া বলিল, হে বক্ষা, আমার প্রাণ দাঁচাও। মে কহিল, তুমি হিংসু জন্ত, তোমার সহিত ব্যাপার করিতে ভয় করি; কি জানি হিত করিলে বিপরীত হয়। সর্প কহিল, ভয় নাই, তুমি আমার প্রাণ রক্ষা করিলে আমি কি তোমার প্রাণ সঁহার করিব? এমত ভাবনা কেন করিতেছ?

বিশিক্ষ মনে ২ বিবেচনা করিল, ভাল করিলে মন্দ কদাচ হয় না, কেননা যে জন ভাল করে। ইখর অবশ্য তাহার ভাল করেন। ইহা ভাবিয়া আপন থলিয়ার দুই পার্শ্বে দড়ি দিয়া এক দণ্ডের অগ্রে বাঁধিয়া বনমধ্যে বিস্তার কবিল, পরে সর্প থলিয়ার মধ্যে প্রবেশ করিলে তাহাকে আকর্ষণ করিয়া ছাড়িয়া দিল। সর্প ঝুঁত ও খল জন্ত বিপদসময়ে ব্যগুটা পূর্বক বিময় করিয়া বিপদহট্টে উদ্ধার পাইল, পরে আপনার সময় পাইয়া আপনার পরম হিতকারি বক্তু বিশিক্ষকে দৎশন করিয়ার উপকৰণ করিল। তাহাতে বিশিক্ষ কহিল, তোমার এ কি অবিচার? এমত আচার কেন কর? সর্প উত্তর করিল, যদ্যপি তুমি আমার উপকার করিয়াছ, তথাপি তোমার হিংসা করণে কোন বাধা নাই; কেননা যে ব্যক্তি হিতকারী হয় তাহারও অহিত করি, এই আমাদিগের ধর্মই; এবং মনুষ্যদের সহিত আমাদিগের নাশ্য নাশক ভাব সম্ভব, ও মনুষ্য আমাগ্রভৃতি সকল জন্তুর অহিতকারী; ইহা তুমি যাহাকে ইছা তাহাকে জিজ্ঞাসা কর।

তৎকালীন সম্মুখবর্তি এক গোষ্ঠে এক ঘেবকে চরিতে দেখিন। উভয়ে তাহার নিকট গাইয়া তাহাকে ঘদ্যস্থ মানিল। প্রথমতঃ সর্প তাহাকে জিজ্ঞাসা করিল, এই মনুষ্য আমার হিতকারী, ইহাকে নষ্ট করিতে পারি কি না? ঘেব কহিল, এইক্ষণে কর, এক নিয়েবও বিলম্ব করিও না; কেননা মনুষ্যের রীতি আমি বিশিষ্টকুপে জাত আছি। তাহার বিবরণ এই; আমার লোমজাত কষ্টলব্ধারা। সকলের আচ্ছাদনোপবেশন হয়; তাহাতে হিত বোধ না করিয়া আমি প্রসব করিলে আমার ক্ষেত্র শূন্য করিয়া দুঃখপোষ্য বৎসকে বলিদান করে; তজ্জন্য আমার ঘন নিরন্তর শোকাব্ধিত ও শঙ্কাগুরু, কি জানি কোন দিনে আমাকেও হত্যা করিবে; অতএব এতাদৃশ জাতির হিংসাতে কোন ক্ষতি নাই।

বিশিক্ষ কহিল, একের প্রমাণ গুহ্য নহে; দুই তিন জনের বাক্য ঐক্য হইলে ঝীকার করিব।

পরে এক প্রাচীনা গাভীর সাক্ষাৎ পাইয়া তাহাকে সমস্ত বৃত্তান্ত জাত করাইলে পর সে কহিল, মনুষ্যের চরিত্রের কথা কি কহিব? দেখ, আমি প্রতিবৎসর এক ২ বৎস দেই, এবং কেবল মাঠের তৃণ ভক্ষণ করিয়া প্রতিদিন দুঃখ দেই, তাহাতে জ্বীর, দধি, মানা প্রকার উপাদেয় খাদ্য দুর্ব্য হয়। আমি এই রূপ উপকার বহুকাল পর্যন্ত করিয়াছি। এইক্ষণে আমার বার্ষিক্যদশা দেখিয়া আমাকে আহার দেয় না, তাহাতে আমি ক্ষুধায় মরিতেছি। অতএব মনুষ্য এই রূপ দুষ্ট জাতি, তাহাকে এইক্ষণে সংহার করহ।

এই কথা শনিয়া বিশিক্ষ প্রাণের কারণ ব্যাকুল হইয়া রোদন করিতে

জাগিল। এই সময়ে সেই স্থানে স্থিত এক শৃঙ্গাল তাহাকে জিজ্ঞাসা করিল, হে ভাই, কি তারণ তুমি উদ্বিগ্ন ও ভয়বুক্ত হইয়াছ? বধিক উত্তর না করিলে সর্প কহিল, তবে তাহার বিবরণ শুন। ইনি আমাকে দোবানলহইতে রুক্ষ। করিয়াছেন, এখন আমি ইহাঁকে দেখশন করিব, কেননা হিত করিলে বিপরীত করাই আমাদিগের রীতি; এবং অনুব্য দুষ্ট ও বধযোগ্য, যেৰ ও গভী এমত প্রশংসন দিয়াছে।

শৃঙ্গাল বলিল, এ কথা আমার অসচেত বোধ হয়, কেননা উনি অগ্নি-হইতে তোমাকে কি প্রকারে উদ্ধার করিতে পারেন? সর্প কহিল, বনের মধ্যে দশম-মুক্ত থলিয়া ফেলিয়া দিলেন, আমি তাহাতে প্রবেশ করিলে অগ্নিহইতে টানিয়া তুলিলেন; সেই থলিয়া ঐ দেখ, তাহার ক্ষেত্রে আছে। শৃঙ্গাল কহিল, তোমার এতাদৃশ প্রকাণ শয়ীর; এমত ক্ষুদ্র থলিয়ার মধ্যে যে তুমি প্রবিষ্ট হইয়াছিলা, ইহা না দেখিলে আমার প্রত্যয় হয় না। তাহাতে সর্প বণিকের স্থানে থলিয়া ঢাকিয়া পুনর্দ্বাৰ তাহার মধ্যে প্রবেশ করিলে পর, শৃঙ্গাল বণিককে ইঙ্গিতে বলিল, এই সময়ে থলিয়ার মুখ দৃঢ়রূপে বক্ষন করিয়া অবিলম্বে দশারার সর্পের মস্তক চূৰ্ণ কৰ।

এই কৃপে বণিক শৃঙ্গালের বুদ্ধিমারা সর্পের মাণ করিয়া আঝ্বপ্রাপ্ত বঁচাইল।

অতএব উপকারিৰ অমঙ্গলকাৰী ও কৃত্য যে ব্যক্তি, তাহার মঙ্গল কদাচ হয় না।

4.—Value of learning.

৪। বিদ্যাভ্যাসের শুণ।

ধনের আধাৰ বিদ্যা, বিদ্যার আধাৰ যত্ন।

ধনের ফল লালসা, বিদ্যার ফল রত্ন॥

কোন রাজাৰ সভাত্ত এক জন এই কথা বলিল। পরে রাজা ঐ বচনেৰ পৰীক্ষাহেতুক আপমাৰ এক পুত্ৰকে বিদ্যা ও নীতিশিক্ষা কৰাইবাৰ কাৰণ বছ শৃঙ্গালকৃত এক শিঙ্ককেৱ স্থানে সমৰ্পণ কৰিলেন ও প্রতিদিন এক ২ মুন্তন পাঠাভ্যাস কৰাইতে আজা দিলেন; এবং অন্য পুত্ৰকে প্রত্যহ এক ২ মাঘিক্য দিতে লাগিলেন।

প্ৰথম বালকেৱ বিদ্যাৰার ক্রমে ২ বুদ্ধিবৃক্ষ হওয়াতে সে উত্তোলন নয় ও শিষ্ট ও সুবীৰ ও সুশীল হইল, এবং নীতিশিক্ষাতে তাহার আৱ ও যত্নবৃক্ষ হইল; কিন্তু দ্বিতীয় বালক ধনবাছলযদ্বাৰা উত্তোলন অহকৃত ও অশিষ্ট হইয়া বিদ্যার প্ৰতি অনাদৰ কৰিতে লাগিল।

পরে উভয়েই বয়ঃপ্রাপ্ত হইলে দুৱ দেশে গমন কৰিল। ধনী অনেক

ধন সঙ্গে লইল ; বিদ্বান् কেবল কতকগুলি পুস্তক লইল, কেননা প্রবাসে বিদ্যার পর আর মিত্র নাই ।

ধনী এক রূপের উত্তরিলে তাহার সহিত অনেক সম্পর্ক শঠ সো-কের মিলন হইল, তাহাদের দুপরামুর্শদ্বারা বেশ্যাগমনাদি যদি ক্রিয়াতে সকল ধন ব্যয় করিয়া, শেষে থগণ্ডুন্ত হইয়া কারাগারে বন্দ হইল ।

বিদ্বান্ এক রাজার সভায় উপস্থিত হইলে তাহার নয়ুটা ও শিষ্ট-তার দ্বারা মনোগত বিদ্যা প্রকাশ পাওয়াতে রাজা তাহাকে আপনার নিকট বসাইলেন; পরে তাহার সহিত আলাপ করিয়া বাসছান নিরূপণ করিয়া দিলেন । শেষে রাজার নিকট তাহার এতাদৃশ প্রতিপত্তি হইল যে তিনি তাহাকে বহু ধনের সহিত আঞ্চলিক দান করিয়া অনেক সৈন্যসামগ্র্য সঙ্গে দিয়া অদেশে পাঠাইয়া দিলেন ।

তাহার পিতা তাহার আগমনের কোলাহল শুনিয়া শক্তিত হইলেন; পরে দৃত কইল, হে মহারাজ, ভীত হইও না, আপনকার পুত্র আসিতেছেন । এই সৎবাদ পাইয়া আপন পাত্রমিত্র সকলকে পাঠাইয়া পুত্রকে বাটীতে আনিলেন, ও তাহাকে প্রেমালিঙ্গন দিয়া নিকটে বসাইয়া নানা শত মঙ্গলাচরণ করিলেন, এবং তাহার কর্মোপযুক্ত শৌর্য দেখিয়া অরাজ্যের ভার সমর্পণ করিলেন ।

রাজা র্ধনি পুত্র কারাগারে বন্দ ছিল, বিদ্বান পুত্র দৃতভারী তাহার সমাচার পাইয়া তাহার ধন শোধ করিয়া তাহাকে বাটীতে আনিলেন ।

রাজা এই প্রকার পরীক্ষাদ্বারা বিদ্যা ও ধনের বিশেষ বুঝিলেন ।

5.—*The same subject.*

৫। বিদ্যারত্নম মহাধন ।

বিদ্যাদানের মহাপ্রশংসন শুনহ সকল ।

দাতা গুহীতার হয় দুয়েরই কুশল ॥

দেখ আর বৰ্ষ বৰ্ষ ত্যাগ করিলে দান সিদ্ধ হয়, কিন্তু বিদ্যাতে সে রূপ নয়, যেহেতুক দাতার স্বঅর্থস ব্যতিরেক দান সিদ্ধ হয় ও গুহীতার গুহণ হয় । রাশীক্ত র্ঘণ্ডপ্যাদি দান করিতে ২ তাহার হুস হয়, কিন্তু দামদ্বারা বিদ্যার হুস হওয়া দূরে থাকুক, বরং প্রতিদিন বৃক্ষ হয় । ধনের ন্যায় বিদ্যার অপচয়, অপব্যয়, অপহরণ কোন ঘতে হয় না । এবং বিদ্যা সুমন্ত্রির ন্যায় বিপদের আগে সাবধান করে ও পরিণাম দশায়; এবং যদিও কুষ্টনাহারা কখনো সক্ষট

উপর্যুক্ত হয়, তবে তাহাতে বিদ্যা সুযুক্তি দেয়। বিদ্যা অভেদ্য সঙ্গী
ও অন্তরঞ্জ !

যেমন অক্ষকারে দীপ শোভা পায়, তাদৃশ মনুষ্যের মধ্যে বিদ্যার
জ্যোতি; আর যাদৃশ এক দীপহস্তিতে অন্য দীপ জ্বালিয়া সইলে সে
দীপ নির্ধারণ হয় না, সেইরূপ এক জনের স্থানে বিদ্যা শিখিলে
অন্যের মানসাঙ্কৰার দূর হয়, এবং যে জন শিক্ষা করায় তাহারও
ক্ষতি হয় না। এতাদৃশ ধনে কাহারে। অবজ্ঞা কর। কর্তব্য নহে,
এবং সাধ্যানুসারে ব্যয় করিতে কাতর হওয়া উপযুক্ত নহে।

6.—Industry.

৬। শ্রম বিষয়ক কথা।

ধনের উন্মুক্তি শ্রম, শুন সাবধানে।

হিতার্থ বচন এই, বাথ নিজ মনে॥

এক কৃষক মৃগকালে আপনার সন্তানদিগকে কহিল, আমার দুক্কা-
ক্ষেত্রে ঔপ্ত ধন আছে। পরে তাহার মৃত্যু হইলে তাহার অস্ত্রেষ্টি
ক্রিয়ার পর তাহার পুত্রের। একত্র হইয়া ঔপ্ত ধন পাইবার কারণ
ক্ষেত্রের স্থানে ২ খনন করিল। কোন্ত স্থানে ধন পোতা ছিল তাহাদের
পিতা তাহা নিরূপণ করিয়া কহেন নাই; তরিমিতে সমুদ্রায় ক্ষেত্র
কক্ষদেশে পর্যন্ত গম্ভীর করিয়া খনন করিল, তত্ত্বাপি ধন পাইল ন।;
অতঁব সেই গম্ভীর পূর্বাইয়া দুক্কারোপণ করিলে সেই বৎসর বিষ-
শতিষ্ঠি ফল ফলিল, তাহা বিক্রয় করাতে সৎসারের ভরণপোষণাদি
করিয়া অনেক মুদু লাভ করিল। তখন দুক্কাক্ষেত্রে ঔপ্ত ধন আছে,
খনন করিলেই তাহা পাইব। এই যে কথা পিতা তাহাদিগকে কহি-
যাছিলেন, তাহার অভিপ্রায় বুঝিল; ফলতঃ শ্রম করিলে অর্থ লাভ
হইবে, কেননা যত্নে বুঝেোৎপত্তি।

7.—Indolence.

৭। আলস্য।

অলস অভাব যার তাহারি অভাব।

অভাব হইলে দুঃখের নাহিক অভাব॥

শ্রীরের মধ্যে আলস্য মহাব্যাধি; তদ্বারা নানা দোষ ও দুর্গতি
ও ক্লেশ, এই সকলের উৎপত্তি হয়।

প্রথমতঃ অলস ব্যক্তি অন্যাপেক্ষা যিথ্যা কহিতে তৎপর। তাহার প্রমাণ এই, যদি তাহাকে কেহ কহে, অমুকের নিকট যাও, তবে সে অনায়াসে কহে, অযুক্ত বাটীতে নাই; এবং কোন সামগ্ৰী আনিতে কহিলে বলে, আমি জানি তাহা যিলিবে না।

ছিঠীয় অলস লোক সুখাভিলাবী, অথচ কর্মাঙ্গম; সে আপনার কর্মে ঘনোষণ মা কৰাতে উত্তরোত্তর পূর্খবনের ও সুখের তুস কৰে, এবং কেবল দুর্কর্মে রত হয়।

তৃষ্ণায় অলস ব্যক্তি পরপ্রত্যাশী ও পরাধীন, কেননা কোন বন্ধ নিকটে প্রস্তুত থাকিলেও অন্যের সহকারিতা ব্যতিরিক্ত পাইতে পারে না।

অতএব প্রথ্যেক জনের পদানুসারে ৪২ কর্মে নিরালস্য পূর্খক নিযুক্ত থাকা উপযুক্ত হয়।

8.—Charity.

৮। দান।

দানের উচিত পাত্ৰ দৱিত্তু দুর্বল।
ধনিকে কৱিলে দান নাহি ততকল॥
দুনা ক্ষেত্ৰে পুনৰ্বীজ কৱিলে রোপণ।
উভয়ের গোৱৰ যায় রূবহ সুজন॥

যেমন গোময় একত্র রাশি হইলে দুর্গন্ধ হয়, কিন্তু ভূমিতে বিস্তাৰ কৱিয়া দিলে সার বলা যায়, ধনও সেইরূপ; একত্র সঞ্চিত হইলে তদবিধারিকে কৃপণ কৰে, কিন্তু লোকদেৱ প্ৰয়োজনানুসারে ও আপনার সৎস্থানানুসারে দান কৱিলে তাহার ঐ দুর্নীয়ম ঘূচে, এবং সে ব্যক্তি দাতা বিশ্যাত হয়।

কৃষ্ণ ভূমিতে বীজ ছড়ায়, তাহাতে বছপুণ ফল হয়; তদনুরূপ বিবেচনা ও সৌজন্য পূর্খক দৱিত্তু লোকদেৱ প্রতি বিতৰণ কৱিলে তাহাদেৱ পৱিত্ৰোষ ও আপনার সন্তোষ হয়, এবং ঈশ্বৰহইতে দয়া পাওয়া যায়; কেননা যে জন ঈশ্বৰকে মানিয়া দৱিত্তুকে দান কৰে, সে ঈশ্বৰকে ধূগ দেয়।

অতএব ধনোপার্জন কৱিয়া সহ্যয় কৰা। ধাৰ্মিক লোকদেৱ উচিত।

9.—*Envy.*

ନ। ହିସା।

ପରେର ମୌଭାଗ୍ୟ ହଇଲେ ମନେ ୨ ଦୁଃଖୀ ।
ପରମୁଖେ ଦୁଃଖୀ ମନୀ ପରଦୁଃଖେ ମୁଖୀ ॥
ହିସକେର ପ୍ରତି ଏହି ଆଛେ ନିରୂପିତ ।
ଆପନହିଁତେ ଶାସ୍ତ୍ର ପାଇଁ ମୟୁଚିତ ॥

ସେଇନ ଦାବାନଲେ ବନ ଦର୍ଶକ ହୁଯ, ମେଇରାପ ହିସାଯ ମନ ଦର୍ଶକ ହୁଯ । ହିସକ ବ୍ୟକ୍ତିର ମନ କଥନେ ମୁଖୀ ଓ ସୁହିର ନାହିଁ । ମନୁଷ୍ୟେର ପ୍ରକୃତିହିଁତେ ଏହି ଦୋଷେର ମୂଳ ଉତ୍ତପ୍ତ ହୁଯ; ତାହା ଅକ୍ଷୁରିତ ହଟିବାଯାତ୍ର ଜାନାତ୍ମେ ଛେଦନ କରିଲେ ଆର ବୃଦ୍ଧି ହିଁତେ ନା ପାଇଲେ ଦୁଃଖେର କର୍ମ ଜାନା ଯାଇ ନା, ସବୁ ଅକାରଗ ମୁଖୋଷପତି ହୁଯ ।

ଉଦ୍‌ବହୁଗ । ଏକ ଜନ ଆପନ ପ୍ରତିବାସିର ଐଶ୍ୱର୍ୟ ଦେଖିଯା ହିସାଯ ଅଧୈର୍ୟ ହଇଲ, ଏବୁ ପରେର ମୁଖ ନା ଦେଖିତେ ହୁଯ ଏହି ନିମିତ୍ତେ ଏକ ବନମଧ୍ୟେ ଗିଯା ରହିଲ । ଏହି ହିସକ ବ୍ୟକ୍ତିର ଏକ ମନ୍ୟାସିର ମହିତ ମାଙ୍ଗାଇ ହଇଲ, ତିନି ତାହାକେ ଦୟା କରିଯା ଏକଥାନି କାମ୍ୟ ପାଞ୍ଚି ଦିଲେନ; ମେଇ ପାଞ୍ଚିର ପୁଣ ଏହି, ତିନ ବାର ଯାହା କାମନା କରିଯା ଫେଲିବେ, ତାହା ମିଳ୍କ ହିଁବେ । ଆର ମନ୍ୟାସି ତାହାକେ ଏହି କଥା ବଲିଲ, ତିନ ବାର ଯାହା ଚାହିଁବା ତାହା ପାଇବା, କିନ୍ତୁ ତୋମାର ପ୍ରତିବାସିଗଣେର ତାହାର ଦ୍ଵିଷ୍ଟଗୁ ହିଁବେ । ପରେ ମେ ଆପନ ବାଟୋତେ ଆସିଯା ବିବେଚନୀ ନା କରିଯା ଆମାର ଧନ ଧାନ୍ୟ ରଜତ କାଙ୍ଗନାଦି ବିବିଧ ରତ୍ନ ହଟକ ବଲିଯା ପ୍ରଥମ ବାର ପାଞ୍ଚି ଫେଲିଲ; ତାହାଇ ହଇଲ; କିନ୍ତୁ ତାହାର ପ୍ରତିବାସିର ତନ୍ଦ୍ଵିଷ୍ଟଗୁ ହଇଲ । ପରେ ପ୍ରତିବାସିର ଦୁଃଖ ହିଁବେ ଏହି ଭାବିଯା, ଆମି ଏକ ଚକ୍ରହିନୀ ହିଁ ବଲିଯା ଛିତିନ ବାର ପାଞ୍ଚି ଫେଲିଲ; ତାହାତେ ତାହାର ପ୍ରତିବାସିଗଣ ଦୁଇ ଚକ୍ରହିନୀ ହଇଲ । ଆମାର ଅର୍ଦ୍ଧେକ ବାଟୋତେ ଦହ ପଢୁକ ବଲିଯା ଶେଷ ବାର ପାଞ୍ଚି ଫେଲିଲ; ତାହାତେ ତାହାର ପ୍ରତିବାସିଗଣେର ମକଳ ବାଟୋତେ ଦହ ପଡ଼ିଲ । ପରେ ତାହାର ଦାମେରା ତାହାକେ ନିର୍ମାଳକ ହାନେ ପାଇଯା, ମକଳେ ପରାମର୍ଶ କରିଯା ତାହାକେ ମାନା ମତ ପ୍ରହାର କରିଯା, ଓ ତାହାର ମକଳ ଧନ ହରଗ କରିଯା, ନୌକା ବାହିଯା ପଲାଯନ କରିଲ; ତାହାର ଚିଂକାର ଖଣିତ କେହ ଛିଲ ନା । ତଥାନ ମେ ବଲିଲ, ଆମାର ହିସାର ଫଳ ଏହି, କେନନା ଯଦି ହିସାବାରା ଆପନ ପ୍ରତିବାସିଗଣକେ ନାହିଁ ନା କରିତାମ, ତବେ ତାହାରୀ ଆମାର ଏ ଦୂଃମୟଯେ ଅବଶ୍ୟକ ସହକାରୀ ହିଁତ, ଅଥବା ତାହାଦେର ଭୟେ କେହ ଆମାକେ ଏ ପ୍ରକାର ନିଗୁହ କରିତେ ପାରିତ ନା ।

10.—*Covetousness.*

১০। লোভ।

উপস্থিত ছাড়িয়া অনুপস্থিতে আশ।।
 যে করে নির্বোধ সেই তাহার দুর্দশ।।
 মোভে উপজয়ে ক্ষোভ জানহ নিশয়।।
 লোভির কামনা কভু পূর্ণ নাই হয়।।

এক গৃহের বাটীতে এক কপট সন্ধ্যাসী আসিয়া কহিল, আমি রূপাকে স্বর্গ করিতে পারি। এই কথার পরীক্ষার কারণ গৃহস্থ তাহাকে এক রূপার মুদু স্বর্গ করিতে দিল। সন্ধ্যাসী যদ্ব পড়িব বলিয়া এক নিঝর্ন গৃহে প্রবেশ করিল। কিছু কাল পরে বাহিরে আসিয়া রূপার মুদু আপন নিকটে রাখিয়া আপনার স্থানে যে এক স্বর্গমুদু। ছিল, তাহা গৃহস্থকে দিল। তাহাতে গৃহস্থ বিভ্য়াপন হইয়া সন্ধ্যাসির প্রবণনাতে বিশ্বাস করিল, এবং অতিশয় শ্রদ্ধা ভক্তি পূর্বৰ সপরিবারে তাহার সেবা করিতে লাগিল; আর কহিল, আমার রূপার মুদু। ও অলঙ্কারাদি যত আছে, যাশয় তাহা অনুগ্রহ করিয়া সকলি স্বর্গ করিয়া দিউন। সন্ধ্যাসী কহিল, এক নিঝর্ন গৃহ নিরূপণ কর, দেখানে সমস্ত রূতি জাগরণ করিয়া যত্ন জপ করিতে হইবে। যে আজ্ঞা যাশয় বলিয়া গৃহস্থ সন্ধ্যাসিকে এক নিভ্যালয়ে ডাকিয়া রূপার অলঙ্কারাদি তাহার স্থানে সমর্পণ করিয়া, এবং তাহার পূজার আয়োজন করিয়া সে স্থানহইতে প্রস্থান করিল। সন্ধ্যাসী গৃহস্থের প্রবোধ জ্ঞাইবার কারণ ক্ষণে ২ কোশাকুশী ও ঘটাধৰনি করিতে লাগিল। পরে গৃহস্থ আশামে বিশ্বাস করিয়া নিশ্চিন্ত হইয়া নিদু। গেল। সন্ধ্যাসী সুর্য্যেন্দিয়ের পূর্বে অলঙ্কারাদি লইয়া পলায়ন করিল। প্রভাতে গৃহস্থ তাহা জানিয়া সন্ধ্যাসির প্রতারণা বিষয়ে অনর্থক হাহাকার ও ক্রদন করিতে লাগিল।

ইহার তাঁপর্য এই, কুমত্ত্বাতে বিশ্বাস করিলে অবশ্যই প্রতারিঃ হইতে হয়; আর লোভ করিলেই যে কিছু লাভ হয় এমত নহে, বরং লোভের দ্বারা প্রাপ্ত অর্থবা উপস্থিত বস্তুর নাশ হয়।

11.—*Castles in the air.*

১১। অসার আশা।

অসম্ভব আশার নাহিক কিছু ফল।
কিছু কাল মনে সুখ, শেবেতে বিফল॥

এক জন সিপাহী এক কলমী পৃত কর করিয়া দাজারহাটতে আপনার ঘরে আমিদার কারণ ঢাকি আনা মূল্যে এক মুটিয়া ভাড়া করিল। সেই মুটিয়া কুড় ময়ুকে লইয়া অভিশয় উল্লাসিত হইয়া মনে ২ কহিতে লাগিল, ইহাতে নে বেতন পাইব, তাহাতে এক দম্পত্তী হৎস ক্রয় করিব; তাহার বাচ্চা করে ২ অমের হইবে; পরে সে সকল বিক্রয় করিয়া এক দম্পত্তী ঢাগল কিমিৰ; তাহার বাচ্চা হইলে দুঃখ বিক্রয় করিয়া আমার নির্মাহ হইবে; এবং করে ২ পাল বাড়িলে সকল বিক্রয় করিয়া সাত আট সের দুঃখ দেয়, এমত এক গাভী ক্রয় করিয়া ধন সঞ্চয় করিব। অগ্রে ময়ে বিষ্ণুর দৎস ও দেনু ঐ গাভীদ্বারা হইবে, তাহার মধ্যে যাহাদের দুই ঢাকি দষ্ট হইবে, তাহা উচ্চম মূল্যে বিক্রয় করিব। এইরূপে বহু ধনাদিপতি হইলে এক মুদ্দরী ও উপগুলা কর্য বিবাহ করিব, এবং দুই এক বৎসরের মধ্যে সন্তানও হইতে পারিবে। তখন আপনি কোন কর্ম করিব না, আমার দাসেরাই সকল করিবে; আমি কেবল দস্তিয়া ঠাকুরালী করিব। যথোত্তম আমার পুত্র অঙ্গপুরহাটতে আমিয়া আমাকে বলিবে, হে পিতঃ, ভোজন কর আমিয়া, তখন এমনি করিয়া (মাথা নাড়িয়া) বলিব, এখন ভোজন করিব না। এই কথা কহিয়া মস্তক নাড়িবা-মাত্র ঘৃতকুণ্ড মস্তকহাটতে ভূমিতে পড়িয়া ভাঙিয়া গেল; তাহাতে সিপাহী তাহাকে বেত্তাধাত করিল।

ইহার তাৎপর্য এই, যে জন আপনার পদের কিম্বা অবস্থার অধিক অথবা অসম্ভব ও দুর্লভ আশাতে মত হয়, সে কেবল নিরাশ ও দুর্দশাপ্রিত হয়।

12.—*Ingratitude reproved.*

১২। কৃত্যের ভর্মন।

এক জন কৃষিকর্মের দ্বারা কিছু ধন সঞ্চয় করিয়াছিল, পরে বৃক্ষ হইয়া আপনার সম্মুখ ভাব পুত্রকে দিল। সে ধনাদিপতি হইয়া উচ্চম বাটী ও উদ্যান ও বৈজ্ঞানিক ক্রয় করিয়া এবং দাম দামী

নিম্ন করিয়া আপনার ঐশ্বর্য বাঢ়াইল ; কিন্তু তাহার পিতার কুটীরে বাস ও ভগ্ন পাত্রে ভোজন করা ও তাহা স্বহস্তে ধোত করা ঘূঁটিল না। তাহার পৌত্র সুবোধ, সে আপন পিতারহের এই ২ অবস্থা দেখিয়া খিদ্যমান হইয়া ঠাহাকে বলিল, এই যে ভগ্ন পাত্রে ভোজন করিয়া প্রতি দিন স্বহস্তে প্রক্ষালন করিতে হয়, যদি আমার পরামর্শ শুনিয়া এই পাত্র ভাঙ্গিয়া ফেল, তবে তোমার দৃঢ় সূর হইবে। সে বৃক্ষ কহিল, তাহা কি রূপে হইতে পারে ? এ ভগ্ন পাত্র ভাঙ্গিলে তোমার পিতা আমার উপর ক্রুক্ষ হইবেন, তাহাতে বর্ণ অনেক দুর্গতি হইবে। পৌত্র বলিল, আমার বাক্য গুহণ কর, তাহাতে ভাল ব্যক্তিরিক্ত হল হইবে না। অতএব মেই প্রাচীন এক দিবস ভোজনোত্তর পাত্র ধোত করিবার ছলে ঐ পাত্র ভাঙ্গিল, তাহাতে তাহার পৌত্র দণ্ড লইয়া তাহাকে মারিতে উদ্যত হওয়াতে তাহার পিতা বলিল, তুমি কি ক্ষিপ্ত হইয়াছ ? সে কহিল, আমি ভাল বিবেচনা করিয়াছি ; কেননা এই বৃক্ষ যদি সকল পাত্র ভাঙ্গিয়া ফেলে, তবে তুমি প্রাচীন হইলে তোমার কারণ ভগ্ন পাত্র আমি কোথা পাই ? তরিষ্ণিতে তোমার পিতাকে মারিবার উপক্রম করিয়াছি। ইহা শুনিয়া তাহার পিতা জান প্রাপ্ত হইয়া আপনার পিতাকে বাটীতে লইয়া গেল, এবং তাহার সেবার কারণ দাস নিম্ন করিয়া দিল।

13.—*Advantages of Education.*

১৩। বালকদের শিক্ষা দেওয়া পিতা মাতার কর্তব্য।

সুবৃক্ষ মূলেতে বারি করিলে সেচন ।
ফলাশায় নিরাশ না হয় কদাচন ॥
পুত্রে শিখাইলে নীতি হইবে যঙ্গল ।
তাহা না হইলে সব হইবে বিফল ॥

বালকদিগের মাতা পিতার কিম্বা পালনকর্ত্তার অথবা শাসনকর্ত্তার উপযুক্ত হয়, যে তাহাদিগকে ঐহিক পারত্তিকের হিতার্থ বিদ্য। ও নীতি ও শীলতা ও গুণ ও পরিগামদর্শন জান শিক্ষা করান। এ বিষয়ে তাছীল্য কিম্বা তুটি করা করাচ কর্তব্য নহে, তাহার উদাহরণার্থ ইতিহাস।

এক বিদ্বান् রাজপুত্র মনের অধৈর্য প্রযুক্ত মন্ত হইয়া অন্তঃকরণে করিল, আমি আমার পিতার উপযুক্ত পুত্র, আমাকে রাজ্যভার দিয়া পিতা নিশ্চিন্ত হইতে পারেন ; কিন্তু তিনি ইহাতে বিলম্ব করেন, এই হেতুক ঠাহাকে নষ্ট করিয়া আপনি রাজ্যাধিকারী হইব। আর

ତେ ରାଜ୍ଞୀର ପାତ୍ରେର ଏକ କମ୍ବା ଛିଲ, ମେ କୁପବନୀ ଓ ସୁଦତି; ଅନେକ ସମୟରେ ତାହାର ବିବାହ ହେଲା ନାହିଁ, ଏ ପ୍ରୟୁକ୍ତ ମେ ଭାବିଲ, ଆମି ବିବେକିନୀ ହେଇୟା ଦେଶାନ୍ତରେ ଯାଇବ ।

ଏକ ରାତ୍ରି ରାଜସଭାତେ ନୃତ୍ୟ ହିତେଛିଲ, ରଜନୀ କିଞ୍ଚିତ୍ ଶେଷ ଥାକିତେ ନୃତ୍ୟକୀ କିଛୁ ପାରିତୋବିକ ନା ପାଇୟା କ୍ଷାଣ୍ଟା ହିତେ ଚାଇଲ; ତାହାତେ ତାହାର ଘାସି ତାହାକେ ଏହି ଖୋକ ବଲିଲ,

ଗତା ବଳ୍ତରୀ କାନେ ସ୍ଵପ୍ନା ତିଷ୍ଠତି ସର୍ବରୀ ।

ଇତି ଚିତ୍ରେ ସମାଧୀର କୁରୁ ମଜ୍ଜନର୍ଣ୍ଣମ ॥

ଅର୍ଥାତ୍ ଓ ହେ ଦ୍ଵି, ଅନେକ ନିଶା ଗତା ହିତ୍ୟାତେ, କିଞ୍ଚିତ୍ ଶେଷ ଆଛେ, ଅତଏବ ଆର କିଛୁ କାଳ ମନଃ ହିସି ଫରତ ମଜ୍ଜନେର ମନୋର୍ଝନ କର । ଦେଖ, ଆମରା ଏତ କ୍ଷଣ ପର୍ଯ୍ୟନ୍ତ ନୃତ୍ୟ କରିଯା ହିତୁ ପାଇଲାମ ନା, ତାହାତେ ସଦ୍ୟପିଲି ପାଇବାର ଆଶା ନାହିଁ, ତୁଥାଚ ଆର କିଞ୍ଚିତ୍ କାଳ ଥାକିଯା ପ୍ରଭାତ ପର୍ଯ୍ୟନ୍ତ ନୃତ୍ୟ କରିଯା ଆପନାନିଗେର କାର୍ଯ୍ୟ କରି, ତାହାତେ ମହ୍ୟ ଲୋକେରା ତୁଟ୍ଟ ହିବେନ ।

ରାଜପୁତ୍ର ଓ ପାତ୍ରେର କମ୍ବା ଏ ଲୋକେର ଅର୍ଥ ନା ଦୂରିଯା ଆପନ ପିତାକେ ସର୍ବତୋଭାବେ ଭାଲ, ଇହା ମନେ କରିଲ; ଏବେ ନୃତ୍ୟକୀର ପ୍ରତି ତୁଟ୍ଟ ହେଇୟା ତାହାକେ ଆପନ ୨ ଗଲାର ଗଜଗୁକ୍ତାର ହାର ଦିଲ ।

ମେଇ ମହାତେ କୋଟାଲେର ପୁନ୍ର ଶୋକେର ଅର୍ଥ ନା ଦୂରିଯା ଆପନ ପିତାକେ ଚପେଟୀଘାତ କରିଲ; କୋଟାଲ ତାହାକେ ହୁକ୍କେ କରିଯା ନୃତ୍ୟ କରିବେ ଲାଗିଲୁ । ତଥନ ମହ୍ୟ ଲୋକେରୀ ଚମ୍ବକୃତ ହେଇୟା କୋଟାଲକେ ଜିଜ୍ଞାସା କରିଲ, ତୋମାର ପୁନ୍ର ତୋମାକେ ମାରିଲ, ତାହାତେ ତୁମି ମେ ତାହାକେ ହୁକ୍କେ କରିଯା ଲାଇଲୀ, ଇହାର କାରଣ କି? କୋଟାଲ ଉଠିବ କରିଲ, ଆମି ଉହାକେ ନିତି ଶିଙ୍କା କରାଇ ନାହିଁ, ମେଇ ହେତୁକ ମୁଗ୍ଧ ହିତ୍ୟାତେ; ଅତଏବ ଆମାକେ ସଥ ନା କରିଯା ଯେ ପ୍ରହାର କରିଲ ଏହି ପରମ ଲାଭ ।

14.—Flattery.

୧୪ । ମ୍ରାବକେର କଥା ।

ବ୍ୟବହାରାଧିକ କ୍ରମ କରେ ଯେଇ ଜନ ।

ଆବଶ୍ୟ ତାହାର ଆଛେ କିଛୁ ପ୍ରଯୋଜନ ॥

ଯେ ଜନ କ୍ରମ ଓ ମିଥ୍ୟା ପ୍ରଶ୍ନମାତେ ତୁଟ୍ଟ ହେଲ, ମେଇ ଡିମ୍ ଅନ୍ୟ କେହ ତାହାତେ ପ୍ରତାରିତ ହେଲା ନା, ତାହାର ଉଦ୍‌ଦେଶ୍ୟ ।

ଏକ ଶୁଗାଲ କ୍ଷରିତ ହେଇୟା ଆହାରାବେଦ କରିବେଛିଲ, ଦୈଦାୟ ମୁଖେ

এক বৃক্ষেপরি এক কাটবিড়ালীকে দেখিল। সে কোমল জন্ম মুতরাং শৃঙ্গালের উপাদেয় খাদ্য, কিন্তু তাহাকে ধরিবার কোন উপায় নাপাইয়া শৃঙ্গাল তাহাকে কহিল, তোমার পিতা পিতামহ অতিশয় বলবান ও ক্ষমতাপন্ন ছিলেন, তাহার। এক বৃক্ষহইতে অন্য বৃক্ষ লম্ফ দিতে পারিতেন। সেও তাহা করিল। পরে শৃঙ্গাল বলল, তাহার। বৃক্ষের ডালহইতে এক লম্ফ দিয়া মূলে আসিতে পারিতেন। কাটবিড়ালী শৃঙ্গালের স্থবে মগ্ন হইয়া লম্ফ দিয়া মূলে নামিবামাত্র শৃঙ্গাল তাহাকে পুস করিল।

দেখ, স্তুতক কেবল স্বকার্য সাধনার্থ ব্যক্তিগত অন্য হেতু স্তুত করে না, অতএব স্তুত যাহার কর্ত্তব্যকের ন্যায় বোধ হয়, সেই সুবোধ, স্তুতের ছার। সে কখনো প্রত্যারিত হয় না; কিন্তু বাসকদিগের কর্ত্তব্য অঙ্গুলি দেওনের ন্যায় মিথ্যা স্তুতে ও প্রশংসাতে যাহার সুগ বোধ হয়, সেই নির্বোধ, এবং তাহার ক্ষতি অবশ্য হইবে।

15.—*The Source of Happiness.*

১৫। মুখের মূল।

ধনে মুখ নহে, কিন্তু মুখ হয় মনে।
অন্যের দেখহ ঘন, বিজ্ঞান দর্পণে॥

এক বিদ্যাবান् ব্যক্তির নানা শাস্ত্রাধ্যয়নছার। বড় জ্ঞানের প্রাপ্তিময় হইল। পরে তাহার অন্তর্য নিরন্তর বিদ্যা বিষয়ক ধ্যানে নিমৃক্ত ছিল, ইহাতেও তাহার ঘন কদাচিত শষ্টু হইত; কিন্তু প্রায় সর্বদা বিষ্঵র্ণ থাকিত, কেননা তাহার দশার স্থান অন্যের দশা ছিল না; এই নিমিত্তে যাহাকে দেখিত তাহারি হিংসা করিত। এক দিবস কাতর হইয়া অতিশয় নিন্দিত হইয়া স্বপ্নে দেখিল, যে এক ব্যক্তি আমার দুঃখ নিরাগার্থে এক দর্পণ দিয়া কহিতেছেন, এই দর্পণ ছার। তোমার সকল দুঃখ দূর হইবে, কেননা ইহাতে অন্যের ঘন দেখা যায়। অতএব আগে অন্যের ঘন দেখিবা, পরে ঘনি তোমার ইচ্ছা হয়, তবে তাহারই যত তুমি হইতে পারিবা।

বিজ্ঞান কৃতজ্ঞাপূর্বক দর্পণ গৃহণ করিয়া আবন্দিত ঘনে রাজপথে যাইতে ২ সুরক্ষ বস্ত্রে তুরঙ্গারোহণে ও শকট, শিবিকা, কুঞ্জের দাহনে। এবং ছত্রধারী ও পদাতিক সমভিব্যাহারী পদবুজে গমনকারি অনেক ২ লোককে দেখিয়া, মনোদৰ্শক দর্পণে দৃষ্টি করিবামাত্র প্রকাশ পাইল, যে কলঙ্ক, কলহ, বিকার, বিবৃহ, বোগ, শোক, মির্তার বি-

ঝোগ, লোভ, ক্ষোভ, হিংসা, ঈর্ষ্য। ইত্যাদি বিষয়াধীন হওয়াতে কাহারও ঘন কোন মতে শাস্তি নহে।

পরে রাজসভাতে উপস্থিত হইয়া দর্পণে দেখিল, কেহ রাজার ভয়ে কল্পিত, কেহ অপ্রতিত হইবার আশঙ্কায় ভৌত, কেহ বা রাজার অগোচরে প্রজাগণের উপরে সিংহের ন্যায় উজ্জ্বলগজ্জ্বলকারী, কিন্তু রাজার সাক্ষাতে শৃঙ্গালের ন্যায় ভীত ও চোরের ন্যায় অপযানগুরুত্ব, কেহ বা ঘান ও নাম বাঢ়াইবার কারণ বিশ্বাসিত কর্মে বিশ্বাসঘাতকী হইয়া ও রাজধন অপব্যয় করিয়া শেষে প্রহারালয়ে বন্ধ হইতেছে। অতএব সৎসাহের এতাদৃশ সুখাপেক্ষাতে উদাসীন হওয়া ভাল, ইহা জাত হইল।

পরে এক বিবাহের সভায় উঠত্রিয়া দেখিল, কেহ অপত্যাভাবে, কেহ অপত্যের শোকে; কেহ বিবাহ সন্ধানে, কেহ বিবাহ বকনে; কেহ কন্যার স্বারে, কেহ পুন্ডের বিবাহ হেতুক; কেহু বনিতা, দুইতা, জামাতা, ইত্যাদির শোকে; কেহ বা কুলাভাবে, কেহ কুল রাখিবার নিমিত্তে ব্যাকুল হইতেছে; এবং জাতি কুল মান রক্ষা হেম প্রবক্ষন তাহাদের মনকে আক্রমণ করিতেছে, আর জাহানিমানী ও কুলাভিমানী অনেকেই প্রকাশে আপনাদিগকে মহৎ ও শুচি বলিয়া পরিচয় দেয়, ও বজাণীয়ের সহিত আহার ব্যবহার করিতে সম্মত হয়, এবং আপনাদিগের দোষ ঢাকিবার স্থারণ অন্যকে হঠাত দোষী করে, ও অন্যকে শুচ করিয়া আঞ্চলিক বাড়ায়, কিন্তু তাহাদের আপনাদের ও পরিবারের মধ্যে অপ্রকাশে এমত কদাচার, ও নিচ ও অশুচি ও বিজাণীয় ব্যবহার, যে তাহাতে তাহাদের অনুঘরণ অত্যন্ত আকুল ও ব্যথিত।

মনুষ্যের মনোগত যত দুঃখ ও কাষ্পনিকতা তাহা বাহ্যের মুদ্রণ লক্ষণ ও বাক্যের দ্বারা আচ্ছাদিত আছে, এ মমত প্রভেদ দর্পণে দেখিয়া নিদুঃস্থাইতে উঠিয়া মেই বিনান্ত ঈশ্বরের স্ফুর ও ধন্যবাদ করিয়া কহিল, হে প্রভো, তুমি আমাকে রক্ষা করিয়াছ, আমি যে উহাদের কাহারও মত হই নাই, ইহাতে আপনাকে ধন্য করিয়া মানি। এই অবধি কাহারও সহিত অবস্থা ও ভাগ্য পরিবর্ত্ত করিতে বাসনা করিয়া আর উআদ হইব না। এই কৃপে বিনান্ত ব্যক্তি প্রত্যেক পদস্থ মনুষ্যের ঘন দেখিয়া লজ্জিত ও বিশ্রাপন হইয়া আপনাকে মুখী বোধ করিল।

মুখ বাহ্যের লক্ষণে কিম্বা ধনে কদাচ নহে, কেবল মনে। বিনান্ত ব্যক্তি এই কাষ্পনিক দর্পণে যেমন তাহা জানিতে পারিয়া আঞ্চলিক দেখিতে পাইল, মেই কৃপ যাহার জান আছে সে অন্যান্যে আন্দর্দর্পণের দ্বারা অন্যের ঘন দেখিলে আপনার অবস্থা ও পদ অবশ্য

ভাস বাসিবে, আর কাহারও হিসা করিবে না, ও কাহারও ঘত হইতে চাহিবে না; কেননা রোগ শোক মৃত্যুর অধিকার সকলের উপরে আছে; তিনিহিতে রাজপুত্র অটুলিকায় যেমন সুখভোগ করে, কুটীর ঘধ্যে ক্রষণ তদপেক্ষা অধিক সুখ ভোগ করিতে পারে। যনুব্য মনুষ্যের দৃশ্য ঐশ্বর্য দেখিয়া অকারণ হিসাতে অবৈর্য হয়, কিন্তু তাহাদের মন কি দুঃখে দুঃখিত তাহা কেহ জানে না ও বুঝে না। যেমন বলা যায়, যমূরের সুবর্ণ পাখা দেখিয়া লোক প্রিশৎসা করে, কিন্তু সে আপনার ক্ষম্য পা দেখিয়া লজ্জায় আপনি অধোবদন হয়।

16.—*Company.*

১৬। সৎসর্গের বিষয়।

সঙ্গ দোষে সদ্ষ্পৃষ্টের কেবল গৌরব যায় তাহা নহে, বরং অসদ্গুরু বর্তে। দেখ, তাম্রের থলিয়াতে সৰ্ব রাগিলে বিবর্গ হইয়া তা-মুবর্গ প্রাপ্ত হয়। অতএব যাহাকে শিখাইতে পার, কিম্বা যাহাকে স্থানে শিক্ষিত হইতে পার, অথবা মাহাকে শোধন করিতে পার, কিম্বা যাহাকর্তৃক শুন্ধ হইতে পার, এবত লোক তিনি অন্যের সৎসর্গে থাকিণ না; কেননা সঙ্গ প্রিয়ে প্রিয় ছয়, সঙ্গ দোষে দোষ হয়।

এক ভদ্র লোকের সন্তানের যাত্রা দর্শনে ও কবিতা শুবর্ণে বৎ আয়োদ ছিল। সে এক বৃত্তি এক বাটীতে কবিতা শুনিতে গিয়া আয়োদ লোকদের সহিত বসিল; মেইনিকে বড় গোল হইলে বাটীর কলা। সেই দিকের লোককে বেত্ত মারিতে লাগিল। তখন সে মনে ২ করিল, দেখ, অলসের সঙ্গে বসিলে অলসের সহিত গণিত হইতে হয়, ও তাহাদের দশাধীন হইতে হয়। অতএব এতাদৃশ কবিতা অবশেষাকে দমন করিয়া ভাল জান চেষ্টা করা আমার উপযুক্ত।

17.—*Good Manners.*

১৭। শিষ্ট নিষ্ঠপণ।

এক ঘহঞ্জাকের সন্তান এক ইতর লোকের পুত্রকে কটুক্ষি কহিল, কিন্তু ইতর লোকের সন্তান তাহা সহিল, এক কথাও কহিল না: কেননা ভাবিল; দুষ্ট ভাষা কহা অপেক্ষা সহিষ্ঠুতা করা ভাল। এই আব্যাস এক জন শিক্ষক আপন শিষ্যকে জাত করাইয়া কহিলেন, কহ দেখি বাপু, ইহার ঘধ্যে শিষ্ট কে? শিষ্য কহিল, মহাশয়,

আমার অংশে জান, কিন্তু ইতর সন্তানের নমুতান্তার। শিষ্টতা জানা গেল, ইহা বুঝি। প্রত্যেক বলিলেন, ধন্য শিষ্য, এই বটে, কেননা দোষপূর্ণ বাক্য ও কর্মের দায়। প্রকাশ পাই। দেখ, মহৎকুলে উৎপন্ন হইয়া চৌর্য, যুগ্মচৌর্য, লস্পটতা, ইত্যাদি নীচ ক্রিয়া করিতেছে, এবং নীচ কুমে উৎপন্ন হইয়াও মহৎ ক্রিয়া করিতেছে; যে-হেতুক জন্ম হউক যথাতথ্বা, কর্ম হউক ভাল।

কুল বিশেষে শিষ্ট নয়, শীল থাকিলেই হয়। তাহার বিবরণ এই, লজ্জাশীল, ধৈর্যশীল, ধৰ্মশীল, ব্যয়শীল, প্রণশীল, ইত্যাদি শীলতা-বিশিষ্ট লোককে শিষ্ট কহা যায়।

18.—Pride.

১৮। অহঙ্কারের কথা।

ধনে অহঙ্কার নহে, অহঙ্কার মনে।

বয়সেতে বিজ নহে, বিজ হয় জানে॥

অনেক ধনি লোক অহঙ্কার করে না, অনেক দরিদ্র লোক অহঙ্কার করে। যদি ধনহাটতে অহঙ্কার জন্মিত, তবে সমস্ত ধনি লোকই অহঙ্কারী হইত। অতএব অহঙ্কার ধনে নহে, কেবল মনে; আপনাকে বড় করিয়া জানা দেই অহঙ্কার। কোন ২ বিদ্বান্ও মনে করেন, আমি বড়, আমাহাটিতে আসু কেহই বড় নাই, ও আমার সদৃশ আর নাই; তৎপ্রাণুক অপরু ব্যক্তিকে অবজ্ঞা করেন। মনুষ্য পাত্রের ন্যায় ও জান জলের ন্যায়; অতএব যেমন জল নীচগামী, তেমনি জানি ব্যক্তি কদাচ আপনাকে বড় করিয়া জানে না। ঘেমন বৃক্ষাদির যে ডালে ফল ধরে, সে ডাল ফলের ভারেতে অবশ্য নত হয়। বড় গাছ হইলেই যে ফলবান् হয়, তাহা নয়। দেখ, ধন্যের শীৰ যত শয়পূর্ণ হয়, তত নমু হইয়া ভূমিতে পড়ে; তাদৃশ জানী যত জানপ্রাপ্ত হয়, তত নমু ও শিষ্ট হয়।

প্রাচীন হইলেও বিদ্যাভ্যাসে আলস্য ও লজ্জা করিও না; কেননা বিদ্যা বৃক্ষা হন না। অতএব অধিক বয়স্ম কিম্বা অপেন্যাস হইলেই যে বিজ হয়, তাহা নয়, কেবল জান থাকিলেই বিজ হয় ইতি।

19.—Humanity.

১৯। ভদ্রাচরণের কথা।

কখন কি আপন ঘটিবে ইহা কোন কেহ জানে ন।; অতএব তাহার উপায়ও করিতে আগে পারে ন। সে নিমিত্তে মকম লোকের মহিত

মুব্যবহার করা কর্তব্য, তাহাতে বিপদ্ধালে তাহার। সাধ্যানুসারে উপকার করিতে চেষ্টা করিবে। তাহার ইতিহাস।

দুই ভাই এক সওদাগরের মৌকায় ছিল; পরে ঘড়ে ঐ বোকা ডুবিবার উপক্রম হওয়াতে সেই দুই জন সোতের মধ্যে পড়িল। তখন সওদাগর দাঁড়িগকে বলিলেন, তোমর। যদি এই দুই জনকে উদ্ধার করিতে পার, তবে তোমাদিগের প্রত্যেককে একট শত টাকা দিব। তাহাতে দাঁড়ির। শীঘ্ৰ যাইয়। দুই ভাইয়ের এক ভাইকে ধরিল, হিতীয় ভুভাকে ধরিতে বিলম্ব হওয়াতে সে ডুবিয়। পড়িল। দাঁড়ির। আসিবামাত্র সওদাগর তাহাদিগকে বলিলেন, তোমর। তাহাকে ধরিতে বিলম্ব করিল। এই জন্মে সে মরিল। পরে তাহার। বলিল, হাঁ যথাপ্য, যাহা বলিতেছেন তাহা প্রয়াণ বটে, কিন্তু সকল কর্মেতে অন্তঃকরণের মিলন অপেক্ষা করে। দাঁড়িদের মধ্যে এক জন বলিল, এক দিবস আমি আন্ত হইয়। বনে পড়িয়। রহিয়াছিলাম; তাহাতে ইনি আপন উপর আমাকে আরোহণ করাইয়। আমার ঠিকানায় পৌছাইয়। দিয়াছিলেন; আর যিনি মরিলেন, তিনি আমাকে কোঢ়া মারিয়াছিলেন, সেই নিয়মে আমি তাহাকে ধরিতে বিলম্ব করিলাম ইতি।

20.—*The rich and the poor Man.*

২০। দরিদ্ৰ এবং মুৰ্খেৰ কথা।

দরিদ্ৰেৰ আনায়াসে লক্ষণী হওয়া সম্ভৱ।
কিন্তু মুৰ্খেৰ হঠাৎ বিদ্য। হওয়। অসম্ভৱ।

এক দেশে এক বিদ্বান् দরিদ্ৰ ও মূৰ্খ ধনবান এই দুই জনেৰ বন্ধুত্ব ছিল। কৃতক দিন পরে ঐ দুই জনেৰই এক সভায় নিমত্তুণ হইল; তাহাতে উভয়ে সেখানে উপস্থিত হওয়াতে, সভার সমষ্ট লোক ঐ বিদ্বানেৰ সমাদৰ কৰিল। তাহা দেখিয়। মূৰ্খ বড় লজ্জা পাইয়।, আপন অন্তঃকৰণে চিন্তা কৰিতে লাগিলেন, আমি কেন মূৰ্খ হইলাম? আমি যদি বিদ্বান্ হইতাম, তবে সকলে আমারও সমাদৰ কৰিত। আমি ধনী বটি, কিন্তু ধন আমার সঙ্গে যাইতে পারে ন।, বিদ্য। সর্বত্র সঙ্গে যাইতে পারে; অতএব সকল ধন ব্যয় কৰিয়। বিদ্বান হইতে অস্যাবধি চেষ্টা কৰিব, এই ছিৱ কৰিলেন। সভা ভাঙিলে পর পথে যাইতে তিনি বলিলেন, হে প্ৰিয় বক্তা, তুমি যদি অনুগ্ৰহ কৰিয়। আমাৰ পৱামৰ্শ গুহণ কৰ, তবে উভয়েৰই ঘন্টল হইতে পারে। তাহাতে জানী জিজাসা কৰিলেন, সে কি কথা? তিনি উত্তৰ

করিলেন, আমার সমস্ত ধন তুমি সঙ্গ, এবং তোমার বিদ্যা আমাকে দেও। ইহাতে বিদ্বান্ বলিলেন, তুমি ধন সহজে দিতে পার বটে, কিন্তু আমি তোমাকে বিদ্যা সহজে দিতে পারি না। এই কথা শনিয়া ধনী বলিলেন, হে ভাই, আমি ধনের মমতা ত্যাগ করিতে পারিলাম, তুমি কি বিদ্যার মেহ ত্যাগ করিতে পারিলা না? তাহাতে তিনি বলিলেন, শুন ভাই, আমাদের এমত বিবাদের আবশ্যক কি? আইস, আমর সাহেব লোকের নিকটে যাই, তাহার। বিবেচক, অবশ্য কোন মতে দুই জনকে বুঝাইতে পারিবেন। এই নিষ্ঠয় করিয়া দুই জন তাহাদের সম্মুখে যাইয়া সেলাম করিয়া সকল নিবেদন করিল। তাহারা অবগত হইয়া বলিলেন, এখনি তোমাদিগকে দেখা-ইতেছি। পরে ঠাঁদা করিয়া কতগুলি টাকার ছার। দরিদ্র বিদ্বান্কে ধনবান্ করাইয়া মূর্খকে বলিলেন, তুমি পাঠশালায় যাইয়া বিদ্যা শিক্ষা কর, তবে প্রশংসন হইব; যদি ঠাঁদাছার। বিদ্যা দেওয়া সড়ব হইত, তবে এইক্ষণে তোমাকে বিদ্বান্ করিতাম।

21.—*The greedy King.*

২১। লোভির কথা।

অতিশয় লোভেতে সকল হারাণ যায়।

এক প্রজার উদ্যানের মধ্যে সকল বৃক্ষহইতে মূল্যবান্ এক উচ্চম আতা বৃক্ষ ছিল; সেই বৃক্ষের ফল প্রজা প্রতিনৎসুর রাজাকে দিত; রাজা ও সেই আতা অতিশয় ভাল বাসিতেন। অতএব তিনি কিছু কাল পরে ঠাহরাইলেন, এই বৃক্ষ নিজ উদ্যানে রোপণ করিলে তাহার সমস্ত ফল আমি পাইব। ইহ। মনে করিয়া তাহাকে স্থানান্তর করাতে বৃক্ষ শুরু হইয়া গেল, তাহাতে ফলের এবং বৃক্ষের দুইয়েরই শেষ হইল।

22.—*A foolish choice.*

২২। ধনাকাঞ্চি বালকের কথা।

দুই ভাই এক পাঠশালায় বিদ্যাভ্যাস করিতেছিল, ইতোমধ্যে এক ব্যবসায়ী সেই পাঠশালায় যাইয়া জিজাসা করিলেন, এখানে এক জন চাকর পাওয়া যাইতে পারে কি না? তাহাতে এক ভাই তাহাকে জিজাসা করিল, মহাশয় কি মাহিনা দিবেন? তিনি বলিলেন, আমি

মাসে ২ পাঁচ টাকা করিয়া দিব; কেবল জিনিস পত্র লইয়া আমার সঙ্গে যাইবে, কিন্তু লেখা পড়ার আবশ্যক নাই। তাহাতে সে বলিল, ভাল, আমি ভুত্তার সহিত পরামর্শ করিয়। মহাশয়কে সমাচার দিব। তিনি বলিলেন, ভাল, তবে আমি এখন যাই। পরে সে তাহার কনিষ্ঠকে বলিল, হে ভাই, আমি এই পরামর্শ ঠাহরাইয়াছি, কত দিন লেখা পড়া করিলে বিছানা হইব কি না, তাহার ঠিকানা নাই; অতএব এই সওদাগরের সঙ্গে যাওয়া আশার ভাল; কেননা ইহাতে যদি কিছুই না হয়, ততাপি কোন ব্যবসায়দ্বারা কালক্ষেপণ করিতে পা-রিব। তখন কনিষ্ঠ কহিল, হে ভাই, তুমি জানহইতে ধন এখন ভাল বাসিলা, কিন্তু শেষে মন্দ হইবে। দেখ, বিবেচক কৃত্যকের ভাল বৃক্ষ বাগানে রোপণ করে, কিন্তু সে অনেক বিলম্বে সফল হয়; ততাপি তাহাদের এমত প্রত্যাশা থাকে, যে যখন বৃক্ষ ফলবান হইবে তখন ভাল ফল পাইব। আর কোন ২ অবিবেচক কৃত্যক ভাবে, যে আমি অন্য বৃক্ষ রোপণ করিব, যাহাতে অল্প দিনে ফল হইবে; সে অল্প দিনে সফল হয় বটে, কিন্তু এক বৎসরের ঘণ্টে বৃক্ষসূক্ষ নষ্ট হয়; ভাল বৃক্ষ তাদৃশ নয়।

তাৎপর্য। বালক কালে ধনে লোভ করিলে বিদ্যা অভ্যাস হয় না।

23.—*The studious Boy.*

২৩। বিদ্যাভ্যাসের কথা।

এক দিন শ্যামচান্দ নামে এক বালক আপন পিতার নিকটে যাইয়া বেঢ়ে হাত করিয়া এই নিদেন করিল, হে পিতা, অদ্য আমি যখন নগর ভুম্য করিতে যাইতেছিলাম, তখন পথের ঘণ্টে কতকগুলি বালক পরস্পর এই রূপ কথোপকথন করিতেছিল, ভাইরে, আমাদের অদ্য বড় বেল। হইয়াছে, চল, শীঘ্ৰ করিয়া পাঠশালায় যাইয়া আপন ২ পাঠ অভ্যাস করি, মতুৱা ওৱল মহাশয় আমাদের প্রতি জোধ করিবেন, আর পাঠশালাহইতে ঘরে আইসে যদি আমাদের পিতা আমাদিগকে জিজ্ঞাসা করেন, তোমরা অদ্য কি শিক্ষিয়াছ? তবে বলিতে না পা-রিলে আমাদের লজ্জা হইবে; অতএব এইক্ষণে পাঠশালায় গিয়া আপন ২ পাঠ শিঙ্গা কর। উচিত হয়; তাহা করিলে আমরা জান পাইব, এবং আমাদের মাতা পিতা আমাদের প্রতি তুষ্ট হইয়। আ-মাদিগকে মেহ করিবেন। যেহেতুক জানবান পুত্রকে দেখিলে পিতা মাতা আনন্দিত হন, কিন্তু মূর্খ পুত্র পিতা মাতার দুঃখস্বরূপ; ইহা কহিয়া তাহার। সকলে পাঠশালায় গেল।

পরে শ্যামচান্দ কহিল, হে পিতঃ, আমি তাহাদের এই রূপ কথোপ-কথন শুনিয়া লজ্জিত হইলাম; কেননা আমার বয়স ক্রমে ২ বৃক্ষি হইতেছে। যদি আমি এখন বিদ্যা উপার্জন না করি, তবে ইহার পর বিদ্যাভ্যাস করা আমার দুষ্ফর হইবে। তাহার পিতা এই সকল বৃত্তান্ত জাত হইয়া। তাহাকে এক জন মুশকিকের নিকটে বিদ্যাভ্যাসের নিমিত্তে নিযুক্ত করিয়া দিলেন। কতক দিন পরে শ্যামচান্দ আপন পিতার সমুক্তে গিয়া প্রণাম করিবামাত্র তাহার পিতা তাহাকে জিজাসা করিলেন, যে হে পুত্র, তুমি এত দিন কি শিক্ষা করিয়াছ? তাহাতে সে যাহা ২ শিক্ষা করিয়াছিল, সে সমস্ত আপন পিতার স্থানে পরিচয় দেওয়াতে তাহার পিতা আঙ্গুদিত হইয়া তাহাকে এক ঘোহর দিয়া কহিলেন, ইহাতে তোমার যাহা বাঞ্ছা তাহা কর। পরে সে সেই ঘোহরটা পাটিয়া পিতাকে প্রণাম করিল, এবং বিদায় হইয়া ও বাটীর বাহির যাইয়া নগর ভুমধ করিতে ইচ্ছা করিল। ইতোযথে বনের ভিতরহইতে এক রূব তাহার কর্ণে প্রবিষ্ট হইল, সেই রূব শুনিয়া বনের মধ্যে প্রবেশ করিবামাত্র দেখিল, এক বালক ধূলা মাথিয়া রোদন করিতেছে। তাহার নিকটে গিয়া প্রিয় বাক্যদ্বারা তাহাকে জিজাসা করিয়া বলিল, তুমি কি কারণ জন্মন করিতেছ? সে বালক তাহার প্রিয় বাক্যে আনন্দিত হইয়া কহিল, আমি লেখা পড়া শ্যাগ করিয়া খেল। করিতেছিলাম, তাহা দেখিয়া আমার পিতা আমাকে মারিয়াছেন, তাহাতে আমি বনে আসিয়া কালিতেছি। তখন শ্যামচান্দ তাহাকে অনেক হিত বাক্যদ্বারা বশ করিয়া সুপর্ণ দিয়া বনহইতে বাহির করিয়া নগরে আনিল।

তৎপর্য় । বাল্যাবস্থা থাকিতেই বিদ্যাভ্যাস করা বালকদের উপন্যুক্ত হয় ; কেননা অধিক বয়সে বিদ্যাভ্যাস অনেক আয়াসে হয়।

24.—*Best Revenge.*

২৪। কুবাক্যের শাসন।

যাহার কুস্তাব সে কুকথা কহে ; যাহার সুস্তাব সে সুকথা কহে।

এক রাজাৰ পুত্রকে কোন দুঃখিৰ বালক গালি দিয়াছিল ; তাহাতে রাজপুত্ৰ কালিতে ২ রাজাৰ নিকট আসিয়া। এই কথা বলিল, হে পিতঃ, অদ্য আমি খেলা করিতে গিয়াছিলাম, তাহাতে অঘুকেৱ বালক যাহা ইচ্ছা তাহাই বলিয়া আমাকে গালি দিয়াছে। রাজা তাহা শুনিয়া মন্ত্রিগকে ডাকিয়া জিজাসা করিলেন, আমার পুত্রকে

যে গালি দিয়াছে, তাহাকে কি শাস্তি দেওয়া তোমাদের বিচারে উচিত হয়? তাহাদের ঘথ্যে কেহ বলিলেন, তাহাকে কাটিয়া ফেলিতে আজ্ঞা করুন; কেহ কহিলেন, কারাগারে বন্ধ করিতে আজ্ঞা দিউন; এই প্রকারে তাহারা সকলে বলিতে লাগিলেন। তখন রাজা আপন পুত্রকে ডাকিয়া এই কথা কহিলেন, আমি রাজা বটি, এবং বিচার করিয়া শাস্তি দিলে দিতে পারি; কিন্তু তাহাতে কে ভাল কে মন তাহা জানা যায় না। অতএব যদি তুমি ভাল হইতে চাহ, তবে এই কালাবধি ক্ষমা করিতে শিক্ষা কর; উহাকে ক্ষমা কর। তখন রাজপুত্র তাহাকে ক্ষমা করিয়া এই কথা বলিলেন, দেখ, আমার শাস্তি দিবার ক্ষমতা থাকিতেও তোমাকে ক্ষমা করিলাম, অতএব তুমি আর কাহাকেও গালি দিও না, এবং তোমাকে কেহ গালি দিলেও এই রূপে তাহাকে ক্ষমা করিব।

তাংপর্য। বালকদের বালক কালাবধি নীতি শিক্ষা কর। কর্তব্য।

25.—A Dunce.

২৫। বিদ্যান্ত ও মূর্খের বিষয়।

বিদ্যা যত্ন করিলে পাওয়া যায় ও সাধিলে সিদ্ধ হয়।

এক বালক বিদ্যাভ্যাসে যত্ন না করিয়া আপন ইচ্ছানুসারে কালক্ষেপণ করিত, এবং সুশিক্ষায় ও হিতবাক্যে অবহেলা করিয়া কুসংস্কারে ভূষণ করিত। পরে যৌবনাবস্থায় অস্ত্র ও বস্ত্রাভাবে অধিক দুঃখ পাওয়াতে সে যামে ২ দুই টাকা খাহিমাতে কর্ম করিতে লাগিল; কিন্তু তাহাতে বড় ক্লেশ বোধ হেতুক, তাহার এক বন্ধুর নিকটে যাইয়া কাঠরোল্টিতে জিজাসা করিল, হে ভাটি, তুমি কি রূপে সাহেব লোকের কর্ম করিয়া প্রতি যামে দশ ও অধিক টাকা পাইতেছ; কিন্তু আমি সমস্ত দিন কার্যে মগ্ন থাকিয়া তোমাহইতেও অধিক পরিশূল করি, তথাপি যামে ২ দুই টিন টাকার অধিক পাই না, ইহার কারণ কি? সে বলিল, হে অবোধ মির, তুমি বালক কালে বিদ্যাভ্যাসে হেলা করিয়াছিল; আমি অনেক ক্লেশ পাইয়াও বছবিধ যত্ন পূর্বক অস্বীক করিয়া বিদ্যা পাইয়াছি, তিনিটিতে এখন আমি এ পদস্থ হইয়াছি; তুমি বিদ্যাভ্যাসে যত্নবান্ত হও নাই, এই কারণ মস্তুতি দুরবস্থা প্রাপ্ত হইয়াছ। আমি বিদ্যান্ত লোকের প্রযুক্তি শুনিয়াছি, বিদ্যা বলেন, আমার সেবা যে ব্যক্তি করে, আমি তাহাকে অবশ্য ধনের নিকট পৌছাইয়া দিব।

26.—*The two Sons.*

୧୬। ଏକ ବୃଦ୍ଧ ମନୁଷ୍ୟ ଓ ତାହାର ଦୁଇ ପୁତ୍ରେର କଥା ।

କତକ ଦିବସ ହଇଲ ଆମି ଏକ ଗୋଟିଏ ଦେଖିଲାମ, ଏକ ପ୍ରାଚୀନ ବ୍ୟକ୍ତି କତପୁଲି ପ୍ରତିବାସି ଲୋକେର ସହିତ ଏକବ୍ରତ ହଇଯା ଏକ ବୃଦ୍ଧଙ୍କ ବିନ୍ଦୁରିତ ଛାଯାତେ ସମୟାଛିଲ । ମେଇ ପ୍ରାଚୀନ ଲୋକେର ହଞ୍ଚେ ଏକ ଲିପି ଛିଲ । ପରେ ମେଇ ଲିପି ତାହାର ପ୍ରତିବାସି ଲୋକେର ମଧ୍ୟେ କୋଣ ବ୍ୟକ୍ତି ପାଠ କରିତେ ଲାଗିଲ । ମେଇ ମନୁଷ୍ୟ ଆମି ମେଖାନେ ଉପ-ସ୍ଥିତ ହଇଯା ଦେଖିଲାମ, ଅତ୍ୟନ୍ତ ହର୍ଷେ ମନୁଷ୍ୟେର ଅନୁଃକରଣ ଯାଦୁଶ ପ୍ରଫୁଲ୍ଲ ହୁଯ, ମେଇ ପ୍ରାଚୀନ ଲୋକେର ଘନ ତାଦୁଶ ପ୍ରଫୁଲ୍ଲ ହଇରାଛିଲ; ଏବଂ ଲିପି ପାଠେର ଦ୍ୱାରା ମେଇ ବୃଦ୍ଧ ଆପନି ଯାଦୁଶ ଛଟିଚିତ୍ତ ହଇଲ, ତାହାର ପ୍ରତି-ବାସି ଲୋକେରୀ ଯେନ ତାଦୁଶ ମନୁଷ୍ୟ ହୁଏ, ଏମନ ତାହାର ଆକାଙ୍କ୍ଷା ଦେଖିଲାମ; ଏବଂ ଆମିଓ ଯେନ ମେଇ ଆମୋଦୀ ଆମୋଦିତ ହଇ, ତାହାର ଏମନ ଇଚ୍ଛା ଆଛେ, ଏହି ପ୍ରକାର ଆମାର ବୋଧ ହଇଲ; କେବଳ ମେ ହଞ୍ଚୋତୋଳନ କରିଯା କହିଲ, ଦେଖ, ଆମାର ଆନନ୍ଦଦାୟକ ମେ ଗୋବିନ୍ଦ-ଚନ୍ଦ୍ର ନାମା ପୁତ୍ର, ମେ ଆମାର ବ୍ୟାଯେର କାରଣ ଏକ ଛଣ୍ଡି ପାଠାଇଯାଛେ । ତାହାତେଇ ଆମି ବୁଝିଲାମ, ଏହି ଲିପି ଏବଂ ଛଣ୍ଡି ଇହାର ପୁତ୍ରେର ନିକଟ-ହଇତେ ଆସିଯାଇ ଥାକିବେ । ତଦମୟତ ଆମି ଐ ପ୍ରାଚୀନେର ପୂର୍ବାବହୀ ଜୀବିତେ ବାଞ୍ଛୁ କରିଯା ଏକ ଜନକେ ଜିଜାମା କରିଲାମ, ତାହାତେ ତାହାର ସକଳ ବିଷୟ ଜୀବିତ ହଇଲାମ ।

ଐ ପ୍ରାଚୀନ ବ୍ୟକ୍ତିର ନାମ ରାଜକୁମାର । ମେ ପୂର୍ବେ ଧନୀ ଛିଲ, କିନ୍ତୁ ମନୋ-ଗରୀ କର୍ମେର ଅପଚରେ ଓ ଏକ ଶଠ ମିତ୍ରେର ଚାତୁରୀଦ୍ୱାରା ତୀହାର ପ୍ରାୟ ଭିଜୁକୁରେ ଅବସ୍ଥା ହଇଯାଛେ । ତାହାତେ ତୀହାର ଯେ ୨ କପଟାଜୀଯ ଛିଲ, ତାହାର ଆଜୀଯତା ତ୍ୟାଗ କରିଲ । ଏବଂ ବଦନଟୀଦ ନାମେ ଯେ ତୀହାର ଜ୍ୟୋତି ପୁତ୍ର ମେ ଅତିଶ୍ୟ ଦୂରତ୍ତ ଓ ଅଧାର୍ମିକ, ଏବଂ ମର୍ଦନା ପିତାର ଅବଧ୍ୟ, ଓ ପାଠଶାଳାଯ ଯାଇଯା ଶିକ୍ଷକେର ଆଜ୍ଞା ଅବଜ୍ଞା କରିତ ; ପରେ ମେ ଯୌବନାବହୀତେ ଏତାଦୁଶ କୁଞ୍ଜିଯାଇଥିତ ହଇଲ, ଯେ ତାହାର ପ୍ରତିବାସିରୀ ତାହାର ସହିତ ଆଲାପଓ କରିତ ନା, ବର୍ତ୍ତମାନ ମନ୍ଦ ମନ୍ଦମର୍ଗ ପ୍ରମୁକ ତାହାର ନିକଟହିଲେ ଦୂରେ ଥାକିତ, ଆର ଯେ ସକଳ ଲୋକ ଆପନାଦେର ଶ୍ଵଭା-କାଙ୍କ୍ଷା, ମେ ସକଳ ଲୋକ ତାହାକେ ଘୃଣା କରିଯା ଅଗୁଣ୍ୟ କରିତ । ଆର ଆପନି ଯେମନ ଦୁଷ୍ଟ, ତତ୍ତ୍ଵପ ଆର ଦୁଇ ଜନେର ସହିତ ମେ ପ୍ରଗ୍ରହ କରିଲ । ପରେ ଏହି ତିନ ଜନେ ଆମୁଷ୍ୟ ପ୍ରୟକ୍ଷ କର୍ମ କରିତେ ଇଚ୍ଛା କରିଲ ନା, ଓ ଲିଖନ ପଟମେତେ ଅକ୍ଷମ ପ୍ରୟୁକ୍ତ ମୂହରିଗିରି କିମ୍ବା ଅନ୍ୟ ୨ କର୍ମ କରି-ତେଣ ତାହାର ଯୋଗ୍ୟ ଛିଲ ନା, ଏବଂ ତାହାଦେର ଆଜୀଯବର୍ଗେରାଓ ତା-ହାଦେର ପ୍ରତି ବିମ୍ବିତ ହଇଲ, ଇହାତେ ତାହାର ଚୌର୍ଯ୍ୟ ଦୃଢ଼ିତେ ମନ୍ତ୍ର କରିଲ,

এবং যাবৎ পর্যন্ত রাজকৃত ধরা না পড়িল, ও কারাগারে বন্দ ন। হইল, তারও পর্যন্ত এতক্ষণাতেই কাল যাপন করিত। অনন্তর তাহার। ধূত ও বিচারিত হইয়া রাজপথ বন্ধনের কারণ যাজজীবন পর্যন্ত মৃত্যুকা খননরূপ দণ্ড প্রাপ্ত হইল। এই দুষ্ট পুত্র এই রূপে তাহার পিতাকে দুর্গতিকৃপ জলপান করাইল, পরে আপন পুত্রের এমত কুক্রিয়াতে ও আপন দুর্ভাগ্য হওয়াতে সে বৃক্ষ ঘনুষ্য মৃত্যবৎ হইল।

তাহার কনিষ্ঠ পুত্র যাহার নাম গোবিন্দচন্দ্ৰ, সে অতি সুশীল বালক, এবৎ অন্য ২ দুশ্চিন্তি ও অলস বালকদের সহিত ঝীড়া কিম্বা কুক্রিয়াদি কিছুই করিত না; প্রত্যহ সুই বার পাঠশালায় যাইত, আর সে বিদ্যাতে এমত যন্মোযোগ কৰিল, যে অন্য বালকাপেক্ষা শীঘ্ৰ উত্তম স্থানে নিযুক্ত হইল। সে পাঠশালায় অন্য বালকদের সহিত বিবাদ কিম্বা উচৈঃস্বয়ে শব্দ ইহার কিছুই করিত না; এবৎ অন্য বালকদিগের অপরাধও শিক্ষককে কহিত না, বরং তাহাদের বিবাদ ঘন্ট পূর্বক তক্ষন করিত, এবৎ তাহার পুর ঘণাশয়ের উজ্জ্বা যাহাতে হয়, এমন কর্ম কদাচ করিত না, কিন্তু শিক্ষকের ডুটি জ্ঞান-ইতে সচেষ্ট থাকিত; আর যে সকল বালক আপন ২ পাঠ্যভ্যাসে অশক্ত হইত, তাহাদিগকে সে আপন জানানুসারে সহ্যক রূপে শিক্ষা করাইত, অতএব সে স্থানের বাসকদের সে অতি প্রিয়তম ছিল, এবৎ পাঠশালার সকলেই তাহাকে মেহ করিত। সেই বালক যন্মোযোগ পূর্বক সুন্দর রূপে লিখন পঠন শীঘ্ৰ শিক্ষা করাতে পণ্ডিত ও অন্য ২ শিষ্ট লোক সকলেই পুনঃপুনঃ তাহাকে আশীর্বাদ করিত।

অনন্তর যখন সে বালক সকল বিদ্যাতে নিপুণ হইয়া পাঠশালা ত্যাগ করিল, তৎক্ষণাৎ এক সাহেব তাহার সুখ্যাতি শুনিয়া তাহাকে এক কর্মে নিযুক্ত করণের নিমিত্তে তাহার পিতার নিকট এক লিপি পাঠাইলেন। সে লিপির বিবরণ এই, যদি তোমার পুত্রকে আমার নিকটে পাঠাও, তবে তাহার প্রতিপালনে ও বিদ্যাভ্যাসে ও কল্যাণে আমি যজ্ঞপূর্বক সহকারী হইব। তাহাতে ঐ বৃক্ষ ঘনুষ্য পত্ৰ-দ্বারা। এই সমস্ত অবগত হইয়া আপন স্থান নিকটে গিয়া প্রায়মৰ্শ করিয়া। এই স্থির করিল, আমার পুত্রের যাওয়া কর্তব্য বটে; অতএব তাহার যাওনের আয়োজন করিয়াও সে প্রাচীন ঘনুষ্য পুত্র-মেহ প্রযুক্ত তাহার বিদেশ গমনে তাদৃক সম্ভত ছিল না, কিন্তু অন্য ২ লোকের বিস্তর কহনেতে তাহার সেই প্রিয়তম পুত্রকে যাইতে অনুমতি দিল; এবৎ সে জানিত, যে সেখানে সকল আবশ্যক দ্রব্য পাওয়া যায়, অতএব এমত স্থানে যাইতে দেওয়া আমার কর্তব্য। কিন্তু প্রকৃত রূপে জাত না হইলে, এমত দুঃখজনক বিষেদে তাহার কথনো সম্ভতি হইত না। তদনন্তর যাত্রাকালীন আঞ্চলিকবর্গ ও সহ-

বয়স্ক বক্ষু সকল তাহাদের প্রিয়তম গোবিন্দচন্দ্রকে বিদায় করিতে আইল; আর অন্যান্য যে বালকেরা তাহার নাম ঝুঁত ছিল, তা-হারাও খিদ্যমান হইল। পরে গোবিন্দচন্দ্র আপন পিতার ও সকল বক্ষুর স্থানে বিদায় হইয়া কর্মস্থানে গমন করিল; কিছু কাল পরে সেই সাহেবের নিকটে গিয়া উত্তরিল। সাহেব তাহাকে দেখিবামাত্র শক্ত হইয়া লাইলেন, এবং যাহাতে সে সুখে থাকে, এমত এক পদ দিতে আপন দেওয়ানকে আজ্ঞা করিলেন।

এখন প্রায় এক বৎসর হইল সে সেই স্থানেই আছে, এবং স্বদেশস্থ লোকেরা যেমত তাহাকে রেহ করিত, তদেশীয় লোকেরাও তদনুরূপ করিতে জাগিল; আর ক্রমেই সে এমত নিপুণ হইল, যে সকল পুস্তক ও পত্রাদি অন্গরাজ সুন্দর কল্পে লিখিতে ও পড়িতে পারে। আর যে লিপির বিষয় পূর্বে কহিয়াছি সে গোবিন্দচন্দ্রের হস্তের লিপি, ও তথ্যে যে ছাড়ি ছিল, সে তাহার বক্ষ পিতার ব্যয়ের কারণ পাঠা-ইয়াছিল। আর তাহার ঘাইনা বাড়াইতে তাহার প্রভূর মানস আছে, তাহাতে তাহার অধিক সাহস হইয়াছে; এবং বক্ষ পিতা ও মূর্খ ভুতা ব্যতিরেক তাহার আর উদ্বেগ ছিল না। এবং যে শিখকের ঘনোযোগন্তারা সে পাঠশালায় যজনপূর্বক বিদ্যাভ্যাস করিয়াছিল, সেই প্রতি মহাশয়কে নয়কার জানাইতে পিতাকে লিখিল, কেননা তৎকালীন প্রধানের ঘর্ম জানিত না, কিন্তু এইকথে জাত হইয়াছে। এবং আপন সমবয়স্ক বক্ষুদের প্রতিও লিখিল, যেন তাহারা মিথ্যা কালক্ষেপণ না করে, কেননা এখন প্রধান ঘর্মজ্ঞান না হইলে বড় খোদান্তির হইতে হইবে।

27.—Damon and Pythias.

১। বক্ষুতার কথা।

দিয়নুবিয় নামক ব্যক্তি সিরাকুষ দেশের বাদশাহ হইয়া সর্বদা শল্য কর্ম করিতেন। এক দিবস ঐ বাদশাহ দায়োন নামে এক ব্যক্তির উপরে কোন দোষাবোপ করিয়া তাহাকে কহিলেন, এ অপরাধেতে তোমার ফাঁসি হইবে। এই কথা শুনিয়া দায়োন আপনার শ্রী পুত্রদিগকে দেখিবার নিমিত্তে ঐ বাদশাহকে কহিলেন, আমার শ্রী পুত্রদিগকে দেখিতে বড় ইচ্ছা হইয়াছে, তুমি আমার প্রাণদণ্ড করিলে তাহা-দিগকে আর দেখিতে পাইব না; অতএব হে বাদশাহ, কিছু কালের নিমিত্তে আমাকে বাটী যাইতে দিউন। পরে বাদশাহ কহিলেন, তুমি

ষাইয়া প্রাণভরে পলাইব। না, ইহা কি রূপে বিশ্বাস করিতে পারি? দামোন উত্তর করিলেন, যদি আমার প্রত্যাগমনে তোমার প্রত্যয় না হয়, তবে আমার বঙ্গু পুরিয়কে বঙ্গকরণে রাখুন। এই মত ছির হইলে পর তিনি বাদশাহের অনুমতি লইয়া আপন ঘরে গেলেন।

পরে বাদশাহ দামোনের আইসনের নিয়মকালের মধ্যে তাহার বঙ্গু পুরিয়কে দেখিতে কারাগারে গিয়া তাহাকে কহিলেন, তুমি দামোনের কথায় বিশ্বাস করিয়া বড় নির্বোধের কর্ম করিয়াছ; তুমি কি প্রকারে বুধিয়াছ যে সে ব্যক্তি তোমার নিমিত্তে কিম্বা অন্য কাহারে নিমিত্তে আপন প্রাণ দিবে? পুরিয় এই কথা শুনিয়া ছান না হইয়া বাদশাহকে কহিলেন, হে প্রভো, আমার বঙ্গুর বিষয়ে আমার কোন সন্দেহ নাই; আর তাহার পরিবর্তে বর্ণ আমি শত ২ বার মরি, দেও ভাল। তিনি আসিব বলিয়া গিয়াছেন, তাহার অন্যথা কদাচ করিবেন না, ইহা আমার নিশ্চয় বোধ আছে; এবং তিনি সক্ষে আমার প্রাণমণ হইবে না, ইহা আমি নিশ্চয় জানি। কিন্তু পরমেশ্বরের নিকটে এই প্রার্থনা করি, তিনি আমার বঙ্গুকে বাঁচাইয়া রাখুন, অর্থাৎ যাহাতে নিয়মিত কালে আগমন করা তাহার অসাধ্য হয়, এমত কোন আটক উপস্থিত করন; কারণ নিয়মিত দিনের মধ্যে এখানে আসিলে তিনি অবশ্য করিবেন, তাহাতে তাহার ক্রী পুত্র বড় দুঃখ পাইবে। আমি মরি, তাহাতে হানি নাই, কিন্তু তাহার বাঁচিয়া থাকা অভ্যাশ্যক। বাদশাহ এই সকল কথাতে চমৎকৃত প্রয়ুক্ত অবাক হইয়া রহিলেন। পরে নিয়মিত দিন উপস্থিত হইলে ফাঁসি দিবার জন্যে ঐ পুরিয়কে কারাগারহইতে বাহির করিয়া আনা হইলেন। পুরিয় হষ্টিচিতে গমন করিয়া ফাঁসি দিবার মঞ্চে ঢিয়া হস্ত-স্তারা সঙ্গে করিয়া সোকসমূহকে কহিতে সামিলেন, আমি পূর্বে যে প্রার্থনা করিয়াছি, বুঝি পরমেশ্বর অনুগ্রহ করিয়া তাহা শুনিয়াছেন। কারণ দামোনের না আসিবাতে আমি এই অনুভব করিতেছি, ঈশ্বর তাহার আইসনের কোন ব্যাঘাত করিয়া থাকিবেন। আমার যত্নের পরে যদি আইসনে, সুতরা ২ বাঁচিবেন, সে অতি উত্তম। এই সকল কথা সাজ হইবামাত্র একটা কলস হইল, তাহাতে ঐ ফাঁসি দেওয়া কিঞ্চিংকাল ছাগিত রহিল। তৎপরে ঐ দামোন অতিশয় বেগেতে আসিয়া ঘোড়াহইতে নামিয়া ঐ ফাঁসি দিবার মঞ্চে শীমু উঠিয়া পুরিয়কে কোল দিয়া কহিলেন, বঙ্গু হে, পরমেশ্বরকে বিস্তর প্রশংসা করি, যে তিনি তোমাকে এ স্বরক্ষ আপনহইতে মুক্ত করিলেন। পুরিয় দামোনকে কোল দিয়া বিষ্঵র্ষ হইয়া কহিলেন, হে বক্তো, তুমি এত ব্যক্ত হইয়া কেন আসিয়াছ? ইহাতে তো তোমার সর্বনাশ হইবে। এক্ষণে আমার এই দুঃখ যে আমি আস্ত্রপ্রাপ দিলেও তোমার প্রাণ রক্ষা করিতে পা-

ରିଲାମ ନା । ଦିଯନୁସିଫ ଏଇ ସକଳ କଥା ଶୁଣିଯା ବିଅଯାପର୍ବ ହଇଲେନ, ଏବଂ ତାହାର ଅନ୍ତଃକ୍ରମେତେ ଦୟାଓ ଜାଗିଲ । ପରେ ତିନି ସିଂହାସନହିତେ ନାମିଯା ମେଇ ଫୌଜି ଦିବାର ଘଷେର ନିକଟେ ଗିଯା କହିଲେନ, ତୋମାଦିଗେର ଦୁଇ ଜନେର ମେଘନ ବନ୍ଧୁତା ଏମତ ଆମି କୋଥାଓ ଦେଖି ନାହିଁ । ତୋମରା ବୀଚିଯା ଥାକହ ; ଧର୍ମ ଆଛେ, ଏବଂ ଧର୍ମେର ମୁଦ୍ରାପନକର୍ତ୍ତା ଏକ ପରମେଶ୍ଵର ଆଛେନ, ଇହା ତୋମରା ସମ୍ପ୍ରମାଣ କରିଯାଛ । ତୋମରା ସମ୍ମାନ ସୁକୁମାର ହଇଯା ମାନ୍ୟ ଥାକିଯା ଆମାକେଓ ତୋମାଦିଗେର ଉତ୍ତମ ବନ୍ଧୁତାର ଭାଗୀ କର ।

28.—*The House of Pitch.*

୧୮ । ଜୌଗହେତ୍ର ପରୀକ୍ଷା ।

ଦୁର୍ଯ୍ୟୋଧନ ପାଞ୍ଚ ପୁଭ୍ରିଙ୍କକେ ଛଲପୂର୍ବକ କୋନ ମମୟେ ବାରଗାବତ ନଗରେ ସାଇତେ ପ୍ରବୃତ୍ତି ଦିଲ, ଆର ପୁରୋଚନ ନାୟକ ଆପନାର ଏକ ଜନ ଦାସକେ ଅଗ୍ନେ ପାଠାଇଯା ମେଖାନେ ତାହାଦିଗକେ ନଟେ କରିବାର ଜନ୍ୟ ଏକ ଜୌଗହ ନିର୍ମାଣ କରିତେ ଆଜ୍ଞା ଦିଲ । ପୁରୋଚନ ଗିଯା ଉତ୍ତମ ସ୍ଥାନ ବାଞ୍ଛିଯା ତାହାତେ ପରିପାଟୀ ଏକଟା ଅଟ୍ଟାଲିଙ୍କା ବାନାଇଲ, କିନ୍ତୁ ଅପ୍ରକାଶରୂପେ ତାହାର ବ୍ୟକ୍ତିତ୍ବ ଓ ଛାତରେ କାଟେତେ ଓ ଚତୁର୍ଦିକେ ସୀ ଓ ଜୋ ଓ ଶୋଗ ଓ ଟୈଲ ରାଖିଲ, ସେବ ମେ ସରେ ଅଗ୍ନି ଜାଗାଇଲେ କୋନ ମନ୍ତ୍ର ନିବାରଣ କରୁନ୍ତା ନୀ ଯାଏ । ସୁଦେଶ ତ୍ୟାଗ କରିବାର ପୂର୍ବେ ସୁଧିଷ୍ଟିତରେ ମୁହଁ ବିଦୁର ସ୍ନେହ ଭାବାଜ୍ଞାଲେ ବଲିଲ, ସଥା ।

ବାରଗାବତେରେ ଯାହ ପଞ୍ଚ ମହୋଦର ।

ସାବଧାନେ ଥାକିବେ ଆହୟେ ତାହେ ଡର ॥

ସୁଯୋନି ଅନ୍ତକ ଯେଇ ଶୀତଳେର ରିପୁ ।

ତାହେ ସାବଧାନେତେ ରାଖିବେ ମସ ବପୁ ॥

ପଞ୍ଚ ଭୂତୀ ବାରଗାବତ ନଗରେ ପୌଛିଲେ ପର ପୁରୋଚନ ଆମିଯା କର-ପୁଟେ ନମଶ୍କାର କରିଯା ତାହାଦିଗକେ ବଲିଲ, ଏଥାନେ ଏକ ମନୋହର ଦିବ୍ୟ ହାନେ ନିର୍ମିତ ରାଜ୍ୟୋଗ୍ୟ ପୁରୀ ଆଛେ; ଆପନକାଦେର ଆଗମନ ଶୁଣିଯା ଆମି ତାହା ମଣିତ କରିଯା ପ୍ରକ୍ଷତ କରିଯାଛି, ଆପନକାରୀ ମେଖାନେ ଗିଯା ବାସ କରନ ।

ପାଞ୍ଚବଗଧ ଛନ୍ତ ହଇଯା ମେଇ ମନୋହର ଆଲୟେ ପ୍ରବେଶ କରିଲ । କଏକ ଦିନ ପରେତେ ସୁଧିଷ୍ଟିତରେ ମନେ ମନ୍ଦେହ ଜାଗିଲେ ମେ ଭୀମକେ ବଲିଲ, ସେ ଏହି ସରେର ବିଷୟେ ଆମାର ବିଶ୍ୱାସ ହୁଏ ନା, ତୁମ ଏକ ବାର ତାହାର ପରୀକ୍ଷା କର, ମେଥି । ବୃକ୍ଷୋଦର ସରେର ଆୟୁଷ ଲାଇଲେ ଜୋଏର ଗଢ଼ ପା-

ইয়ী। বসিল, এই অবশ্য অগ্নির ঘর, এখানে থাকা ভাল নয়। যুধিষ্ঠির বলিল, যে কথা পূর্বে বিদ্যুর বলিয়াছিল, যে অবোনি অন্তক অর্থাৎ অগ্নির বিষয়ে সাবধানে থাক, সে কথা এখন বুঝা গেল; এই ঘরে থাকা আমাদের অনুচিত, হস্তিমাপুরে ফিরিয়া যাওয়াও হয় না, কারণ সেখানে আমাদের পরম শত্রু দুর্যোধন আমাদিগকে সৎহার করিবে, আবরণ বরু রাত্রিয়েগে অবরুদ্ধ পলাই। এই যত পরামর্শ করিয়া পাঁচ ভাই শুভ রাত্রিতে সেই জোগুহে আপন হাতে আঞ্চল লাগাইলে পরে বনে পলারন করিয়া প্রাণ রক্ষা করিল।

CHAPTER VI.

EXTRACTS FROM SCRIPTURE.

1.—*Pharaoh's Dream.*

এক দিনে পূর্বকালীয় মিসরদেশের ফিরৌণ রাজ এই স্বপ্ন দেখিল। সে মদীকুলে দাঁড়াইয়া থাকিলে নদীহাঁটতে সাতটা ছষ্টপুষ্ট সুন্দর গোর উঠিয়া প্রান্তের চরিতে লাগিল। পরে আর সাতটা কৃশ ও কুৎসিত গোর নদীহাঁটতে উঠিয়া নদীর তীরে ঐ গোরদের নিকটে দাঁড়াইল। পরে সেই কৃশ কুৎসিত গোর ঐ সপ্ত ছষ্টপুষ্ট সুন্দর গোরকে গুস করিল। তখন ফিরৌণের নিদু ভঙ্গ হইল। তাহার পরে ফিরৌণ নিদৃত হইলে ছিতোয় বার স্বপ্ন দেখিল; এক বেঁটাতে সাত স্তূলাকার উত্তম শীষ উঠিল। পরে পূর্বৌয় বাযুতে শুক্র আর সাত ক্ষীণ শীষ উঠিল। এবং সেই সাত জীণ শীষ ঐ সাত স্তূলাকার পূর্ণ শীষ গুস করিল। পরে ফিরৌণের নিদু ভঙ্গ হইলে তাহা স্বপ্নমাত্র হইল।

পরে প্রাতঃকালে তাহার ঘন উদ্ধিপ্ত হইলে সে সোক পাঠাইয়া মিসরদেশের তাৎক্ষণ্য আয়াবিদিগকে ও জানিদিগকে ডাকাইল; কিন্তু ফিরৌণ তাহাদের কাছে স্বপ্নের কথা কহিলে তাহাদের মধ্যে কেহই ফিরৌণকে তাহার অভিপ্রায় কহিতে পারিল না। তখন প্রধান পানপাৰ্ত্ত কাছক ফিরৌণকে নিবেদন করিল, অদ্য আপন অপরাধ অরণ করিতেছি। ফিরৌণ আপন দুই ভূত্যের প্রতি, অর্থাৎ আমার ও প্রধান মৌদকের প্রতি জোখাস্থিত হইয়া আমাদিগকে রক্ষক সৈন্যাধিপতির কারাগারে বক্ষ করিয়াছিলেন। তাহাতে আমি এবং সে এক রাত্রিতে

স্বপ্ন দেখিলাম ; এবং দুই জনের স্বপ্নের দুই প্রকার অর্থ হইল। তখন সে ছানে আমাদের সহিত রুক্ষক সৈন্যাধিপতির এক ইন্দোয় মুবদাস ছিল। আমরা তাহাকে স্বপ্ন কহিলে সে আমাদের স্বপ্নের অর্থ কহিল ; প্রত্যেক জনের স্বপ্নের অভিপ্রায় কহিল। তাহাতে সে আমাদিগকে ঘেরুপ ফল কহিয়াছিল, তজ্জপই ষটিল ; অর্থাৎ মহারাজ আমাকে নিজ পদে নিগুল করিলেন, ও তাহাকে উহুকন করিলেন।

তখন ফিরোগ্ যুবফকে আনিতে লোক পাঠাইলে তাহার। কারাগার-হটচে তাহাকে শীগু আনিল। পরে সে ক্ষেত্রকর্ম করিয়। ও ব্রহ্মাস্তর পরিধান করিয়। ফিরোগের নিকটে উপস্থিত হইল। তখন ফিরোগ্ যুবফকে কহিল, আমি এক স্বপ্ন দেখিয়াছি, তাহার তৎপর্য কেহ কহিতে পারিঃ ন। ; কিন্তু তুমি তাহা শুনিয়। তাহার তৎপর্য কহিতে পার, টহা শুনিলাম। তাহাতে যুবফ ফিরোগকে উত্তর করিল, তাহা আমি পারিঃ ন। , কিন্তু ঈশ্বর ফিরোগকে মঙ্গলযুক্ত উত্তর দিবেন। তখন ফিরোগ্ কহিল, আমি স্বপ্নেতে নন্দীর ভীতে দাঁড়াইয়াছিলাম ; তাহাতে নন্দীইতে সাত হষ্টপুষ্ট সন্দৰ গোরু উঠিয়। প্রায়ে চরিতে লাগিল। পরে মিসর্দেশে ঘান্দশ কখন দেখি নাই, এমত আরে। সাত কৃশ ও কুৎসিত গোরু উঠিল। এবং এই কৃশ কুৎসিত গোরু সেই পুরোহীর হষ্টপুষ্ট সাত গোরুকে গুাস করিল। কিন্তু তাহার। তাহাদিগকে গুাস করিলে গুাস করিয়াছে, এমন বোধ হইল ন। ; কেনন। পূর্বকার ন্যায় কুৎসিত থাকিল। তখন আমার নিন্দ। সন্ত হইল। পরে আমি পুনর্বার এক স্বপ্ন দেখিলাম, এক বেঁটাতে শূলাকার উত্তম সাত শীষ উঠিল। পরে পূর্বীয় বায়ুতে শুষ্ক ও ঝীণ ও ঝ্লান সপ্ত শীষ উঠিল। এবং এই ঝীণ ঝ্লান সাত শীষ সেই শূলাকার উত্তম সাত শীষ গুাস করিল। এই স্বপ্ন আমি মায়াবিদিগকে কহিলাম, কিন্তু কেহ ইহার অভিপ্রায় কহিতে পারিল ন।

তখন যুবফ ফিরোগকে উত্তর করিস, ফিরোগের দুই স্বপ্নের এক অভিপ্রায় ; ঈশ্বর যাহা করিতে উদ্যত আছেন, তাহাই ফিরোগকে সাত করিয়াছেন। ঐ সপ্ত উত্তম গোরু সপ্ত বৎসরবৰ্তন, এবং ঐ সপ্ত শীষেতেও সপ্ত বৎসর বুঝায় ; দুই স্বপ্নই সমান। এবং তাহার পশ্চাত উঠিয়াছে যে কৃশ ও কুৎসিত সপ্ত গোরু, তাহারাও সপ্ত বৎসরবৰ্তন ; এবং পূর্বীয় বায়ুতে শুষ্ক যে সপ্ত কৃশ শীষ, তাহার। দুর্ভিক্ষের সপ্ত বৎসর হইবে। আমি ফিরোগকে কহিতেছি, ঈশ্বর যাহা করিতে উদ্যত আছেন, তাহা ফিরোগকে দেখাইতেছেন। দেখ, অগ্নে সমস্ত মিসর্দেশে সপ্ত বৎসর অতিশয় সুভক্ষ্য হইবে, পশ্চাত সপ্ত বৎসর এমত দুর্ভিক্ষ হইবে, যে মিসর্দেশের সমস্ত সুভক্ষ্যের বিমৃতি হইবে। এবং সেই দুর্ভিক্ষেতে দেশ নষ্ট হইবে, এবং সেই দুর্ভিক্ষার। পূর্বকার সূত-

ক্ষেয়ের অনুভব হইবে না; এবং তাহা অতি অসহ্য হইবে। ফিরোধের মুই বার দুপ্তি দর্শনের ভাব এই, ইঞ্চুর ইচ্ছা নিশ্চয় করিয়া শীঘ্ৰ ঘটাইবেন। অতএব ফিরোগু এক বিবেচক জানি পুরুষের চেষ্টা করিয়া তাহাকে মিসরুদ্দেশের উপরে নিযুক্ত করুন। আর ফিরোগু এই কর্ম করুন; যে সপ্ত বৎসর সূক্ষ্ম্য হইবে, সেই সময়ে দেশে অধ্যক্ষগণ নিযুক্ত করিয়া মিসরুদ্দেশহইতে পঞ্চমাংশ লাউন। পঞ্চাংশ সেই উত্তম বৎসরের শস্য সংগৃহ করিয়া তাহার। প্রতি নগরে খাদ্যের জন্যে ফিরোধের হস্তে তাহা সঞ্চয় করিয়া রক্ষা করুক। এইরূপে মিসরুদ্দেশে ভাবিদুর্ভিক্ষের সপ্ত বৎসরে দেশস্থদের জন্যে সূক্ষ্ম্য সঞ্চিত থাকিলে মুর্ভিক্ষেতে দেশ রক্ষা হইবে না। তখন ফিরোধের ও তাহার সকল ভৃত্যদের দ্বিতীয়ে এই কথা উত্তম বোধ হইল।

2.—Joseph's Exaltation.

পরে ফিরোগু আপন ভৃত্যদিগকে কহিল, ইহার তুল্য পুরুষ যাহাতে ইঞ্চুরের আজ্ঞা আছে, এমত আর কাহাকে পাইব? তখন ফিরোগু যুৰফক্তে কহিল, ইঞ্চুর তোমাকে এই সকল জাত করিয়াচ্ছেন; অতএব তোমার তুল্য বিবেচক ও জানী আর কে আছে? আমি তোমাকে আপন গৃহের অধ্যক্ষকর্মে নিযুক্ত করিলাম, আমার তাবৎ লোক তোমার কথার বশীভূত থাকিবে; কেবল সিংহাসনে আমি তোমাঁ-হইতে বড় থাকিব। ফিরোগু যুৰফক্তে আরেো কহিল, দেখ, তাবৎ মিসরুদ্দেশের উপরে আমি তোমাকে নিযুক্ত করিলাম। পরে ফিরোগু আপন হস্তহইতে অঙ্গুরীয় খুলিয়া মূৰক্কের হস্তে দিয়া তাহাকে সূক্ষ্মবন্ধু পরিধান কৱাইয়া তাহার গলদেশে সূবর্ণ হার দিল। এবং তাহাকে আপনার ছিতীয় বৰ্থে আরোহণ কৱাইল, এবং লোকের। তাহার অগ্নেু অবেকু (ইটু পাতু) বলিয়া ঘোষণ করিল। এই রূপে সে তাহাকে সমস্ত মিসরুদ্দেশের অধ্যক্ষ কৱিল। পরে ফিরোগু যুৰফক্তে কহিল, আমি যদি ফিরোগু হই, তবে তোমার আজ্ঞা বিনা সমস্ত দেশে কোন লোক ছাত পা নাড়িতে পারিবে না। এবং ফিরোগু যুৰফক্ষের নাম সাক্ষিৎপানেহ (নিগৃত বাক্য প্রকাশক) রাখিল। এবং ওন্ত নগরবাসি পোটীকের নামক যাজকের আসিনং নাম্বী কৱ্যার সহিত তাহার বিবাহ দিল। পরে যুৰফ সমুদ্র মিসরুদ্দেশে গমনাগমন কৱিতে লাগিল।

যুৰফ তিশ বৎসর বয়সের সময়ে ফিরোধের সাক্ষাতে উপস্থিত হইল; তখন যুৰফ ফিরোধের নিকটহইতে প্রস্থান করিয়া মিসরুদ্দেশের

সর্বত্ত ক্রুমণ করিল। পরে সেই সুভক্ষেয়ের সপ্ত বৎসর পৃথিবীতে প্রচুর রূপে শস্য জমিল। সেই সপ্ত বৎসরে মিসরুদেশে জাত সকল শস্য সৎগুহ করিয়া প্রতি নগরে সঞ্চয় করিল। এবং যে ২ মগরের চারিবিগের ভূমিতে যত শস্য হইল, তাহা সেই ২ নগরে সঞ্চয় করিল। এই রূপে যুবক শম্ভুদের বালুকার ন্যায় এমত শস্য সৎগুহ করিল, যে তাহার গণনা করুণ ত্যাগ করিল, কেননা তাহা অপরিমিত ছিল।

অপর দুর্ভিক্ষ বৎসরের পূর্বে যুবকের ঔরসে ওন্ন নগর নিবাসি পোটীকের যাজকের আসিনৎ নামনো কর্মাতে দুই পুত্র জন্মিল। তাহাতে যুবক তাহাদের জ্যেষ্ঠের নাম যিনশি (বিশৃঙ্খি) রাখিল, কেননা সে কহিল, ঈশ্বর আমার সকল ক্লেশের ও পিতৃগ্রহের বিশৃঙ্খি জন্মা-ইয়াছেন। এবং ছিতীর পুত্রের নাম ইফুয়িম (ফলবান) রাখিল, কেননা সে কহিল, দেশে দুঃখগুল্ল যে আমি, আমাকে ঈশ্বর ফলবান করিয়াছেন। পরে মিসরুদেশে যে সুভক্ষেয়ের সপ্ত বৎসর ছিল, তাহা সম্পূর্ণ হইল, এবং যুবকের বাক্যানুসারে দুর্ভিক্ষের সপ্ত বৎসরের আরম্ভ হইল। তাহাতে অন্য সমস্ত দেশে দুর্ভিক্ষ হইল, কিন্তু সমস্ত মিসরুদেশে ভক্ষ্য ছিল। পরে সমস্ত মিসরুদেশে দুর্ভিক্ষ ঘটিলে প্রজাবর্গ ফিরোধের নিকটে ভক্ষ্যের জন্যে প্রার্থনা করিল; তাহাতে ফিরোগ্রসকল মিসুরী-দিগকে কহিল, তোমরা যুবকের নিকটে যাও; সে যাহা কছে, তা-তাই কর। তখন সর্বদেশেই দুর্ভিক্ষ হইল। এবং দেশের তাদে স্থানে অতি প্রবল দুর্ভিক্ষ হইলে যুবক সকল স্থানের গোলা খুলিয়া মিসুরীদিগকে শস্য বিক্রয় করিতে সামিল। এবং নানাদেশীয় লোকেরা মিসরুদেশে যুবকের নিকটে শস্য ক্রয় করিতে আইল, কেননা সকল দেশেই প্রৱৰ্তন দুর্ভিক্ষ হইল।

3.— Jacob sends his Sons into Egypt.

অপর মিসরুদেশে শস্য আছে, এই কথা শনিয়া কিনান দেশ নিবাসি যাকুব আপন পুত্রদিগকে কহিল, তোমরা পরস্পর আপনাদের প্রতি দ্রষ্টি করিয়া আছ কেন? সে আরেক কহিল, মেথ, আমি শনিলাম মিসরে শস্য আছে, অতএব তোমরা তথায় গিয়া আমাদের জন্যে শস্য ক্রয় করিয়া আন; তাহাতে আমরা না মরিয়া বাচিব। পরে যুবকের সশ স্তুতা শস্য ক্রয় করিতে মিসরে গেল। কিন্তু যাকুব যুবকের সহাদর বিন্যামীনৃকে ভুত্তগণের সঙ্গে পাঠাইল না, কেননা সে কহিল, যদি ইহাকেও বিপদ হচ্ছে।

তখন বাবাকারি লোকদের সঙ্গে যাকুবের পুত্রগণ শস্য ক্রয়

করিতে গেল, কেবল কিনান্দেশেও দুর্ভিল ছিল। তখন যুষ্ম ঐ দেশের অধ্যক্ষ হয়ে আসে সকল দেশের লোকদের স্থানে শস্য বিক্রয় করিতেছিল; তাহাতে যুষ্মফের ভূত্তগণও আসিয়। তাহাকে ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিল। তখন যুষ্ম আপন ভূতাদিগকে দেখিয়। চিনিল, কিন্তু তাহাদের কাছে অপরিচিতের ন্যায় ব্যবহার করিয়। নিষ্ঠুর কথাতে কহিল, তোরা কেোথাইতে আসিয়াছিস? তাহারা কহিল, কিনান্দেশহইতে শস্য কিনিতে আসিয়াছি। কেবল যুষ্ম আপন ভূতাদিগকে চিনিলেও তাহার। তাহাকে চিনিতে পারিল ন।

তখন যুষ্ম তাহাদের বিষয়ে পূর্বদৃষ্টি সকল স্বপ্ন আরণ করিয়। তাহাদি গকে কহিল, তোরা চায়লোক, এই দেশের অনাবৃত স্থান সকল সন্তান করিতে আসিয়াছিস। তাহার। কহিল, হে প্রভো, তাহা নয়, আপন কার এই দামের। শস্য কিনিতে আসিয়াছে। আমর। সকলেই একের সন্তান, ও বিশ্বস্ত লোক, আপনকার এই ভূত্যের। চার নহে। তখন সে তাহাদিগকে কহিল, না না, তোরা দেশের অনাবৃত স্থান সকল দেখিতে আসিয়াছিস। তাহার। কহিল, আপনকার এই দামের। দ্বাদশ ভূত। কিনান্দেশ নিবাসি এক জনের পুত্ৰ; এবং দেখুন, আমাদের পিতার নিকটে আমাদের কনিষ্ঠ ভূত। আছে, এবং এক জন নাই। তখন যুষ্ম তাহাদিগকে পুনর্বার কহিল, আমি তোদিগকে যে চারের কথা কহিতেছি, তোর। তাহাই বটিস। আমি তোদের পরীক্ষা লইতে কিরণের আয়ুর দিব্য করিয়া কহিতেছি, তোদের কনিষ্ঠ ভূত। এ স্থানে না আইলে তোর। এখানহইতে যাইতে পারিবি ন। তোদের এক জনকে পাঠাইয়। আপন ভূতাকে আন, এবং তদবধি তোদিগকে বন্ধ থাকিতে হইবে; পরে তোদের কথা সত্য বটে কি না, তাহা পরীক্ষ। করিলেই জানা যাইবে; নতুবা আমি কিরণের আয়ুর দিব্য করিয়। কহিতেছি, তোর। অবশ্য চার বটিস। পরে যুষ্ম তাহাদিগকে তিন দিন কারাগারে বন্ধ রাখিল। এবং তৃতীয় দিনে তাহাদিগকে কহিল, জীবের প্রতি আমার ভয় আছে; এই কর্ম কর, তাহাতে দাঁচিবি। তোর। যদি বিশ্বস্ত লোক, তবে আপনাদের এক ভূতাকে এই কারাগারে বন্ধ রাখিয়। সুর্ভিক্ষের জন্য বাটীর শস্য সইয়। না। তোর। আপন কনিষ্ঠ ভূতাকে আমার নিকটে আনিলেই তোদের কথা সপ্রযাপ হইবে; তাহাতে মরিবি ন।

তাহার। সেইরূপ করিল; পরে পরস্পর কহিল, আমর। আপন ভূত। যুষ্মফের বিষয়ে নিশ্চয় অপরাধী আছি, কেবল আমাদের কাছে কাকুতি করিলে আমর। তাহার মনের ব্যাকুলতা দেখিয়াও তাহা শুনিলাম ন। এই নিমিত্তে আমাদের এই বিপদ ঘটিল। তখন কলেন্ট তাহা-দিগকে কহিল, তোমর। ঈ যুবার বিষয়ে পাপ করিও না, এই কথা

আমি কি তোমাদিগকে কহি নাই? তথাপি তোমরা মানিজা না; দেখ, এখন তাহার হকের নিকাশ লওয়া যাইত্বেছে। কিন্তু যুষ্ফ যে তাহাদের কথোপকথন বুঝিল, ইহা তাহার। বুঝিতে পারিল না, কেননা যুষ্ফ বিভাষিষ্ঠার। তাহাদের সহিত কথা কহিতেছিল। পরে যুষ্ফ তাহাদের নিকটইতে গিয়া জন্ম করিল; এবং পুনশ্চ আসিয়া তাহাদের সঙ্গে কথোপকথন করিয়া তাহাদের ঘণ্যহইতে শিমিরোন্কে ধরিয়া তাহাদের সাক্ষাতেই বাঁধিল।

পরে যুষ্ফ তাহাদের ছালাতে শস্য পূর্ণ করিয়া প্রত্যেক জনের ছালায় টাকা ফিরিয়া দিতে এবং তাহাদিগকে পাথের সামগ্ৰী দিতে আজী দিস; তাহাতে স্তৃত্যোরা তজ্জপ করিল। পরে তাহারা আপন ২ গৰ্দনের উপরে শস্য চাপাইয়া তথাহাইতে প্ৰস্থান করিল। কিন্তু উত্তরিবার স্থানে গিয়া এক জন আপন গৰ্দনকে আহার দিতে ছালা খুলিয়া আপন টাকা দেখিল, কেননা ছালার মুখেই টাকা ছিল। তখন সে ভূতা-দিগকে কহিল, আমার টাকা ফিরিয়াছে; এই দেখ, তাহা আমার ছালাতে আছে। তাহাতে তাহাদের মন উৎপন্ন হইল, ও ভীত হইয়া পৰম্পৰা কহিল, ঈশ্বর আমাদের প্রতি এই কি করিলেন?

পরে তাহারা কিনান-দেশে আপন পিতা যাকুবের নিকটে উপস্থিত হইলে আপনাদের যাহা ২ ঘটিয়াছিল, সে সমস্ত তাহাকে জাত করিয়া কহিল, সেই দেশাধ্যক্ষ আমাদিগকে দেশস্থ চার জান করিয়া নিষ্ঠুর কথা কহিল। তাহাতে আমরা তাহাকে কহিলাম, আমরা চার নহি, বিশ্বেষ সোক; আমরা বৃদ্ধশ ভূতা, সকলেই এক পিতার সন্তান; আমাদের মধ্যে এক জন নাই, এবং পিতার নিকটে কিনান-দেশে আর এক কনিষ্ঠ ভূতা আছে। তখন সে দেশাধ্যক্ষ আমাদিগকে কহিল, আমি ইহাতে তোদিগকে যাথার্থিক সোক বুঝিতে পারি, যদি তোরা আপনাদের এক ভূতাকে আমার নিকটে রাখিয়া আপনাদের গৃহের দুর্ভিক্ষের জন্যে শস্য লইয়া যাইস, এবং আপনাদের কনিষ্ঠ ভূতাকে আমার নিকটে আনিস, তবে তোরা যাথার্থিক সোক, চার নহিস, তাহা বুঝিব। পরে তোদের ভূতাকে তোদের স্থানে দিব, তাহাতে তোরা এই দেশে বাণিজ্য কৰিতে পারিবি।

পরে তাহারা ছালাহাইতে শস্য চালিলে প্রত্যেক জন আপন ২ ছালাতে আপন ২ টাকার গুহ্বি পাইল। তখন সেই সকল টাকার গুহ্বি দেখিয়া তাহারা ও তাহাদের পিতা ভীত হইল। তাহাতে তাহাদের পিতা যাকুব কহিল, তোমরা আমাকে পুত্রহীন করিতেছ; দেখ, যুষ্ফ নাই, ও শিমিরোন্ম নাই, আর বার বিন্যামীন্কেও লইয়া যাইতে চাহিতেছ; এই সকলি আমার বিৱৰণে হইতেছে। তাহাতে রুবেন্ম আপন পিতাকে কহিল, আমি যদি তোমার নিকটে তাহাকে না আনি, তবে আমার

দুই পুত্রকে বধ করিও; তুমি আমার হস্তে বিনয়াশীলকে সমর্পণ কর; আমি তোমার স্থানে তাহাকে পুনর্ভার আনিয়া দিব। তখন সে কহিল, আমার পুত্র তোমাদের সঙ্গে যাইবে না, কেননা তাহার সহোদরের অরণ্যেতে সে একা জীবৎ আছে; তোমরা যে পথে যাইতেছ, তাহাতে যদ্যপি ইহারও কোন আপদ ঘটে, তবে শোকেতে এই পাত্র চুলে আমাকে পরলোকে পাঠাইব।

4.—Second journey of Jacob's Sons.

অপর দেশে অগ্রিম দুর্ভিক্ষ থাকিলে তাহার। যিসরাহইতে মে শস্য আনিয়াছিল, সে সমস্ত ভক্ষিত হইলে তাহাদের পিতা তাহাদিগকে কহিল, তোমর। পুরোহিৎ যাইয়া আমাদের জন্যে কিছু শস্য কৃয় কর। তাহাতে যিহুদা তাহাকে কহিল, সে অধ্যক্ষ দৃচ্ছ প্রতিজ্ঞা করিয়া কহিল, তোমাদের ভূতা তোমাদের সঙ্গে না থাকিলে তোমর। আমার মুখ দর্শন করিতে পাইব। ন। অতএব যদি তুমি আমাদের সঙ্গে ভূতাকে পাঠাও, তবে আমর। তোমার জন্যে শস্য কিনিতে যাইব। কিন্ত যদি ন। পাঠাও, তবে আমর। যাইব না; কেননা সে অধ্যক্ষ কহিল, তোমাদের ভূতা তোমাদের সঙ্গে ন। থাকিলে তোমর। আমার মুখ দর্শন করিতেও পাইব। ন। তাহাতে যাকুব কহিল, তোমাদের আর এক ভূতা আছে, ইহা ঐ যনুষ্যের কাছে কহিয়া আমার প্রতি এমন কুব্যবহার কেন করিলাই? তাহার। কহিল, সে আমাদের ও আমাদের জাতিদের বিষয়ে সূচকারপে জিজানিয়া কহিল, তোমাদের পিতা কি অদ্যাবধি জীবৎ আছেন? ও তোমাদের কি আরো ভূতা আছে? তাহাতে আমর। তছাক্যানুসারে উত্তর করিলাম; কিন্ত তোমাদের ভূতাকে এখানে আন, এমন কথা সে কহিবে, তাহ। কি প্রকারে জানিতে পারি? পরে যিহুদা আপন পিতা ইস্তায়েলকে কহিল, তুম ঐ যুবাকে আমার সঙ্গে পাঠাইয়া দেও; এবং আমর। উঠিয়া প্রস্তাব করি; তাহাতে আমর। ও তুমি ও বালকের। সকলেই রক্ষ। পাইব, যদিব ন। আমি তাহার প্রতিশ্রুত হইলাম, ঐ দায় আমার হস্তহস্তে বুঝিয়া লইব। আমি যদি উহাকে আনিয়া তোমার সম্মুখে ন। রাখি, তবে ঐ দোষ সর্বকালে আমাতেই বর্তিবে। আমাদের যদি এত বিলম্ব ন। হইত, তবে আমর। হিতীয় বার ফিরিয়া আসিতে পারিতাম। তখন তাহাদের পিতা যাকুব তাহাদিগকে কহিল, যদি এমত হয়, তবে এক কর্ম কর; আপনাদের পাত্রেতে এই দেশের উত্তম ফল লও; সেই অধ্যক্ষকে উপচোকন নিতে মসজ। ও গঙ্গাস ও বটন্ ও বাদাম ও পঁগাঁপল ও মধু কিঞ্চিৎ।

ଲେ । ଏବେ ଆପନାଦେର ହକ୍କେ ହିଂସଣ ଟାକୀ ଲେ, ଏବେ ତୋମାଦେର ଛାଳାର ଯୁଥେ ସେ ଟାକା ଫିରିଯା ଆମିଯାଛେ, ତାହାଓ ହକ୍କେ ଲଈଯା ଯାଓ, କି ଜାନି, ତାହାତେ ବା ଭ୍ରାତ୍ରି ହଇଯାଛିଲ । ଏବେ ଆପନାଦେର ଭ୍ରାତାକେ ଲେଇୟା ଉଠିଯା ପୁରୁଷାର ସେଇ ଅଧ୍ୟକ୍ଷେତ୍ର ମିକଟେ ଯାଓ । ସର୍ବଶକ୍ତିମାନ ଦ୍ୱିତୀୟ ତୋମାଦିଗକେ ସେଇ ଅଧ୍ୟକ୍ଷେତ୍ର ଏମତ ଅନୁଗୃହୀତ କରନ, ସେ ସେଇ ଅଧ୍ୟକ୍ଷ ଆପନି ତୋମାଦେର ଅନ୍ୟ ଭ୍ରାତାକେ ଓ ବିନ୍ଦ୍ୟାମୀନ୍ତକେ ଛାଡ଼ିଯା ଦେଇ; କିନ୍ତୁ ସମ୍ମ ଆମାକେ ପୁରୁଷିନ ହଇତେଇ ହୟ, ତବେ ପୁରୁଷିନ ହଇଲାମ ।

ତଥନ ତାହାରୀ ସେଇ ଉପଚୌକନ ଦୁର୍ଯ୍ୟ ଓ ହିଂସଣ ଟାକୀ ଓ ବିନ୍ଦ୍ୟାମୀନ୍ତକେ ମଙ୍ଗେ ଲଈଯା ଉଠିଯା ମିମରେ ଗିଯା । ଯୁଷକେର ସମୁଖେ ଦାଁଢ଼ାଇଲ । ତଥନ ଯୁଷକ ତାହାଦେର ମଙ୍ଗେ ବିନ୍ଦ୍ୟାମୀନ୍ତକେ ଦେଖିଯା ଆପନ ଗ୍ରହାଧ୍ୟକ୍ଷକେ କହିଲ, ଏହି ଯନ୍ତ୍ର୍ୟଦିଗକେ ଆମାର ବାଟୀତେ ଲଈଯା ଯାଓ, ଏବେ ପଞ୍ଚ ମାରିଯା ଖାଦ୍ୟଦୁର୍ଯ୍ୟ ପ୍ରକ୍ଷତ କର; ଇହାରୀ ମଧ୍ୟାହ୍ନକାଳେ ଆମାର ମଙ୍ଗେ ଭୋଜନ କରିଲେ । ତାହାତେ ମେ ଯୁଷକେର ଆଜାନୁମାରେ ତାହାଦିଗକେ ଯୁଷକେର ବାଟୀତେ ଲଈଯା ଗେଲ । କିନ୍ତୁ ଯୁଷକେର ଗ୍ରହେ ତାହାଦେର ଲଈଯା ଯାଓୟାତେ ତାହାରୀ ଭିତ ହଇୟା ପରମାନାର କହିଲ, ପୂର୍ବେ ଆମାଦେର ଛାଳାତେ ସେ ଟାକା ଫିରିଯା ଗିଯାଛିଲ, ତାହାରି ଝମେ ଆମାଦିଗକେ ଏଥାମେ ଆନିଯାଛେ; ଏଥମ ଆମାଦେର ବିନ୍ଦ୍ୟ-ଦେ ସେଇ ଦୋଷ ଦିଯା ଆଜନ୍ମଗ କରିଯା ଆମାଦେର ଗର୍ଦନ୍ତ ଓ ଲଈୟ ଆରା-ଦିଗକେ ଝିତ ଦାମେର ନ୍ୟାୟ କରିଯା ରାଖିବେ । ତଥନ ତାହାରୀ ଯୁଷକେର ଗ୍ରହାଧ୍ୟକ୍ଷର କାହେ ଗିଯା । ଗୁହ୍ବାରେ ଥାକିରା ତାହାର ମଙ୍ଗେ କଥୋପକ-ଥନ କରିଯା କହିଲ, ହେ ଯହାଶୟ, ଆୟରୀ ପୂର୍ବେ ଶମ୍ଯ କିନିତେ ଆମି-ଯାଛିଲାମ, କିନ୍ତୁ ଉତ୍ତରିବାର ଛାନେ ଗିଯା ଆପନାଦେର ଛାଳା ଖୁଲିଲେ ଛାଳାର ଯୁଥେ ପ୍ରତ୍ୟେକ ମନୁଷ୍ୟର ପରିମିତ ଟାକା ପାଇଲାମ, ତାହା ଆୟରୀ ହକ୍କେ କରିଯା ଆନିଯାଛି, ଏବେ ଶମ୍ଯ କିନିବାର ଟାକାଓ ଆନିଯାଛି; କିନ୍ତୁ ସେଇ ଟାକା ଆମାଦେର ଛାଳାତେ କେ ରାଖିଯାଛିଲ, ତାହା ଆୟରୀ ଜାନି ନ । ତାହାତେ ସେଇ ଗ୍ରହାଧ୍ୟକ୍ଷ କହିଲ, ତୋମାଦେର ମନ୍ତ୍ରଲ ହଟକ, ଭର କରିଓ ନା, ତୋମାଦେର ଦ୍ୱିତୀୟ ଓ ତୋମାଦେର ପୈତୃକ ଦ୍ୱିତୀୟ ତୋମାଦେର ଛାଳାତେ ତୋମାଦିଗକେ ଷ୍ଟର୍ ଧନ ଦିଯାଛେନ; ତୋମାଦେର ଟାକା ଆମାର କାହେ ଛିଲ । ପରେ ମେ ଶିରିଯୋନ୍ତକେ ତାହାଦେର ନିକଟେ ଆନିଯା ତାହା-ଦିଗକେ ଯୁଷକେର ଗ୍ରହେ ଭିତରେ ଲଈୟ ପାଦ ପ୍ରକଳନାଥେ ଜୟ ଦିଲ, ଏବେ ତାହାଦେର ଗର୍ଦନ୍ତଦିଗକେ ଆହାର ଦୁର୍ଯ୍ୟ ଦିଲ ।

ଅପର ମଧ୍ୟାହ୍ନେ ପୂର୍ବେ ଯୁଷକେର ଆଗମନ କାମେ ତାହାରୀ ଉପଚୌକନ ମାଜାଇଲ, କେମନୀ ଏଥାମେ ଆମାଦିଗକେ ଭୋଜନ କରିତେ ହଇବେ, ଏଇ କଥା ତାହାରୀ ଶ୍ଵରିଯାଛିଲ । ପରେ ଯୁଷକ ଗ୍ରହେ ଆଇଲେ ତାହାରୀ ହନ୍ତହିତ ଉପଚୌକନ ମେଇ ଗ୍ରହେ ରାଖିଯା ତାହାକେ ଭୂରିଷ୍ଟ ହଇୟା ପ୍ରଥାମ କରିଲ । ତଥନ ଯୁଷକ ତାହାଦେର ମନ୍ତ୍ରଲ ଜିଜାମା କରିଯା କହିଲ, ତୋମାଦେର ସେ କି ଅଦ୍ୟାପି

জীবৎ আছে? তাহারা কহিল, তোমার দাস আমাদের পিতা অদ্যাপি জীবৎ থাকিয়া ভাল আছে। পরে তাহারা ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিল। তখন যুবক্ষ চাইয়া আপন সহোদর বিন্যামীর ক্ষেত্রে দেখিয়া কহিল, তোমাদের যে কনিষ্ঠ ভূতার কথা কহিয়াছিলা, সে কি এই? অপর সে কহিল, হে বৎস, ঈশ্বর তোমাকে অনুগৃহ করন। তখন যুবকের অভ্যক্তব্যে রেহ উপস্থিত হওয়াতে সে ব্যাকুল হইয়া রোদন করিবার স্থান অঙ্গেষণ করিয়া শীঘ্ৰ আপনার কুঠৱীতে প্রবেশ করিয়া সে স্থানে রোদন করিল। পরে সে মুখ প্রক্ষালন করিয়া বাহিরে আসিয়া ঈধৰ্য্যাবলম্বন পূর্বক ভক্ষ্য পরিবেষণ করিতে আজ্ঞা করিল। তাহাতে ভৃত্যগণ যুবকের জন্যে ও তাহার ভুত্তগণের জন্যে এবং তাহার গৃহের ভোক্তা মিসিদের জন্যে পৃথক ২ পরিবেষণ করিল, কেননা ইবিদের সহিত ভোজন করা মিসিদের ব্যবহার ছিল না, ও তাহা মিসিদের ঘৃণিত ছিল। পরে যুবক আপনার সন্ধুখে তাহাদের জ্যেষ্ঠকে জ্যেষ্ঠাধিকারানুসারে ও কনিষ্ঠকে কনিষ্ঠাধিকারানুসারে বসাইল; তাহাতে তাহারা পরস্পর আশৰ্য্য জ্ঞান করিল। এবং সে আপনার সন্ধুখ ভক্ষ্যহইতে তুলিয়া তাহাদিগকে দিল, কিন্তু তাহাদের ভাগহইতে বিন্যামীনের ভাগ পঞ্চপঞ্চ অধিক ছিল। তখন তাহারা পান করিয়া তাহার সহিত আনন্দ করিল।

5.—*Judah intercedes for Benjamin.*

অনন্তর যুবক আপন গৃহাধ্যক্ষকে আজ্ঞা করিল, এই লোকদের ছালাতে যত শস্য ধরে; তাহা পরিপূর্ণ করিয়া দেও, এবং প্রতি জনের টাকা তাহাদের ছালার মুখে রাখ। বিশেষতঃ কনিষ্ঠের ছালাতে তাহার শস্য ক্রয়ের টাকার সহিত আমার বাটী অর্থাৎ রূপার বাটী রাখ; তাহাতে সে যুবকের উক্ত আজ্ঞানুসারে করিল। অপর প্রভাত হইবামাত্র তাহারা গদ্দের সহিত বিদায় পাইল। কিন্তু নগরহইতে বিস্তর দূরে না যাইতে যুবক আপন গৃহাধ্যক্ষকে কহিল, তুমি উঠিয়া ঐ মনুষ্যদের পক্ষাং দৌড়িয়া গিয়া তাহাদিগকে ধরিয়া বল, তোমরা উপকারের পরিবর্তে কেন অপকার করিলা? আমার প্রভু যাহাতে পান করেন ও যাহার দ্বারা গথন করেন, সেই বাটী কি এই নয়? এই কর্ম করাতে তোমরা দোষী হইল।

পরে সে তাহাদিগকে ধরিয়া ঐন্তপ বাত্য কহিলে তাহারা উত্তর করিল, আমার প্রভু কেন এমন কথা বলেন? তোমার দাসদের এমত কর্ম করা দূরে থাকুক। দেখ, আপন ২ ছালার মুখে আর বার রে টাকা পাইয়াছিলাম, তাহা কিনান্দেশহইতে পুনর্বার তোমার

নিকটে আনিয়াছিলাম; তবে কিরুপে আপন প্রভুর গৃহইতে স্বর্ণ কিংবা রূপ। চুরি করিব? ও তোমার দাসদের মধ্যে যাহার নিকটে তাহা পাওয়া যায়, সে যতক, এবং আমরাও প্রভুর ক্রিত দাস হইব। তাহাতে সে কহিল, ভাল, তোমাদের কথানুসারেই হউক; যাহার কাছে তাহা পাওয়া যাইবে, সে আমার দাস হইবে, কিন্তু অন্যের। নির্দোষ হইবে। তখন তাহারা তৎক্ষণাত সূর্যিতে আপন ২ ছালা নামাইলে প্রত্যেক জন আপন ছালা খুলিতে লাগিল। তাহাতে সে গৃহাধ্যক্ষ জ্যোষ্ঠাবধি আরম্ভ করিয়া কনিষ্ঠ পর্যন্ত সমাপ্তি করিয়া ছালা খুঁজিলে বিন্যাশীনের ছালাতে সেই বাটী পাওয়া গেল। অতএব তাহারা প্রত্যেক জন আপন ২ বন্ধু চিরিয়া আপন গদ্দতে ছালা চাপাইয়া পুনর্বার নগরে আইল।

অপর যিহুদা ও তাহার ভূত্তগণ মূখফের গ্রহে পুনর্বার আইল; এবং মূষক তদবধি তথার থাকিলে তাহার। তাহার অন্যে ভূমিতে দণ্ডযৎ হইল। তখন মূষক তাহাদিগকে কহিল, তোমরা এ কেমন কার্য করিলা? এমন পুরুষ যে আমি, আমি অবশ্য গগনা করিতে পারি, ইহা কি তোমরা জান না? তাহাতে যিহুদা কহিল, আমরা প্রভুর নিকটে কি উত্তর দিব? ও কি কথা কহিব? ও কি রূপেই বা আপনাদিগকে নির্দোষ করিব? ঈশ্বর তোমার দাসদের দুষ্টী প্রকাশ করিয়াছেন; দেখ, আমরা ও যাহার কাছে বাটী পাওয়া গিয়াছে সকলেই প্রভুর দাস হইলাম। তাহাতে মূষক কহিল, এমন কর্ম আমাহইতে না হউক; যাহার কাছে বাটী পাওয়া গিয়াছে, সেই আমার দাস হইবে, কিন্তু তোমরা কুশলে পিতার নিকটে যাও।

তাহাতে যিহুদা নিকটে গিয়া কহিল, হে প্রভো, আপনি ফিরোগের তুম্য; এই দাসদের প্রতি যদি ক্রোধ প্রজ্জলিত না হয়, তবে প্রভুর কর্ণগোচরে কিছু নিবেদন করি। তোমাদের পিতা বা ভূতা আছে? ইহা প্রভু এই দাসদিগকে জিজাস। করিয়াছিলেন; তাহাতে আমরা প্রভুকে উত্তর করিয়াছিলাম, আমাদের পিতা আছে, সে বৃক্ষ; এবং তাহার বৃক্ষবস্ত্বার এক কনিষ্ঠ পুত্র আছে, তাহার ভূতা মরিয়াছে, সেই যাত্র তাহার ভাতার পুত্র আছে, এই জন্যে পিতা তাহাকে সেহ করেন। পরে আপনি এই দাসদিগকে কহিয়াছিলেন, তোমরা তাহাকে আমার কাছে আন, আমি তাহার প্রতি দৃষ্টিপাত করিব। তখন আমরা প্রভুকে কহিয়াছিলাম, সে যুবা পিতাকে ত্যাগ করিতে পারিবে না, কেননা সে পিতাকে ছাড়িয়া আইলে পিতা মরিবে। তাহাতে তুমি এই দাসদিগকে কহিয়াছিলা, তোমাদের সঙ্গে কনিষ্ঠ ভূতা ন। আইলে তোমরা আর আমার মুখদর্শন পাইব। ন। পরে তোমার এই দাসগণ পিতার নিকটে উপস্থিত হইয়। তাহাকে প্রভুর এই সকল কথা কহিলে পিতা আমাদিগকে কহিল, তোমরা পুনর্বার গিয়া আমাদের জন্যে কিছু শস্য

ক্রয় কর। তাহাতে আমরা কহিলাম, যাইতে পারিব না; যদি কনিষ্ঠ ভূতা আমাদের সঙ্গে থাকে, তবে যাই; কেননা কনিষ্ঠ ভূতা সঙ্গে না থাকিলে আমরা সেই অধ্যক্ষের মুখদর্শনও পাইতে পারি না। তাহাতে তোমার দাস আমার পিতা কহিল, আমার সেই ভার্যাহইতে দুই ঘৃত পুর হয়, তাহা তোমরা জান। তাহার এক জন গেলে আমি কহিলাম, সে খণ্ড ২ হইয়া ছিল হইয়াছে, এবং তদবধি আমি তাহাকে আর দেখিতে পাইলাম না। এখন আমার নিকটহইতে ইহাকে লইয়া গেলে যদি ইহাকেও কোন বিপদ ঘটে, তবে তোমরা শোকেতে এই পাকা চুলে আমাকে পরলোকে পাঠাইব। অতএব তোমার দাস সে আমার পিতা, তাহার কাছে আমরা উপস্থিত হইলে আমাদের সঙ্গে যদি এই যুবা না থাকে, তবে সে এই যুবাকে না দেখিলে তৎক্ষণাং মরিবে; কেননা তাহার প্রাণ এই যুবার প্রাণেতে দাঁধা আছে; তাহাতে তোমার দাসেরা শোকেতে পাকা চুলে তোমার দাস সেই আমাদের পিতাকে পরলোকে পাঠাইবে। কেননা তোমার দাস আমি আপন পিতার নিকটে এই যুবার প্রতিভূত হইয়া কহিয়াছি, আমি যদি তাহাকে তোমার নিকটে না আনি, তবে পিতার সাক্ষাতে সদাকাল দোষী থাকিব। অতএব নিবেদন করি, এই যুবার পরিবর্তে প্রভুর নিকটে আমি দাস হইয়া থাকি, কিন্তু এই যুবাকে ভূতাদের সহিত বিদায় কর। কেননা এই যুবা আমার সহিত না গেলে আমি কি প্রকারে পিতার নিকটে যাইতে পারি? এবং যে আপন পিতাকে ঘটিবে, তাহা কি প্রকারে দেখিতে পারি?

6.—Joseph makes himself known.

পরে যুষফ নিকটস্থ সোকদের সাক্ষাতে অবৈর্য হইয়া কহিল, আমার সম্মুখাহইতে প্রত্যেক মনুষ্যকে বাহির কর। তাহাতে অন্য কেহ না থাকিলে যুষফ ভূতাদের সাক্ষাতে আপন পরিচয় দিতে লাগিল। তাহাতে উচ্চেঘরে এমত রোদন করিল, যে ফিলিরুরা ও ফিরোজের গৃহস্থিত সোকের। তাহা শুনিতে পাইল। যুষফ আপন ভূতগণকে কহিল, আমি যুষফ, আমার পিতা কি অদ্যাপি জীবৎ আছেন? কিন্তু তাহার ভূতগণ তাহার সাক্ষাতে উদ্বিগ্ন হওন প্রসূত উত্তর করিতে পারিল না। পরে যুষফ আপন ভূতগণকে কহিল, বিনয় করি, আমার নিকটে আইস; তাহাতে তাহার। নিকটে গেল। তখন যুষফ কহিল, তোমরা যাহাকে ফিলুরগামিদের কাছে বিক্রয় করিয়াছিস, তোমাদের সেই যুষফ ভূতা আমি। কিন্তু তোমরা আমাকে এই স্থানে বিক্রয় করাতে

এখন খেদাপ্তি ও আপনাদের প্রতি বিরক্ত হইও না ; কেবল প্রাণ রুক্ষার্থে ইঁশ্বর তোমাদের অগ্নে আমাকে পাঠাইয়াছেন। দেখ, দেশে দুই বৎসর মাত্র দুর্ভিক্ষ হইল ; আরো পঞ্চ বৎসর এরূপ হইবে, তাহাতে চাসকরণ ও শস্যকাটন হইবে ন। ইঁশ্বর পৃথিবীতে তোমাদের বৎশ রক্ষা করিতে ও শহোপকারণারা। তোমাদিগকে প্রাণে দাঁচাইতে তোমাদের অগ্নে আমাকে পাঠাইয়াছেন। তোমরা আমাকে পাঠাইয়াছ তাহা নয়, ইঁশ্বর পাঠাইয়াছেন, এবং আমাকে ফিরোগের পিতা ও তাহার বাচ্চীর প্রভু ও সমস্ত দেশের অধ্যক্ষ করিয়াছেন। অতএব তোমরা পিতার নিকটে শীঘ্ৰ হাইয়া তাঁহাকে কহ, তোমার পুত্র যুবক এইরূপ কহিল, ইঁশ্বর আমাকে সমস্ত মিস্রদেশের প্রভু করিয়াছেন ; তুমি আমার নিকটে আসিস, বিলম্ব করিও ন। তুমি পূর্ব পৌত্রাদি ও পথাদি সর্বব্রহ্মের সহিত আসিয়া আমার নিকটহু হও-নার্থে গোশন প্রদেশে বাস করিব। তাহাতে আমি তোমাকে সে স্থানে প্রতিপালন করিব, নতুবা যে পাঁচ বৎসর দুর্ভিক্ষ থাকিবে, তাহাতে সপরিবারে তোমার ও তোমার সকলের দরিদ্রতা হইবে। দেখ, এই কথা আমি আপন যুথে কহিলাম, তাহা তোমরা ও বিন্যামীন ভূতা আপন চক্রতে দেখিলা। অতএব তোমরা এই মিস্র দেশে আমার ঐশ্বর্য ও যাহা দেখিলা, সে সকল আমার পিতাকে কহিয়। তাঁহাকে শীঘ্ৰ করিয়া এই স্থানে আনিব। পরে যুবক আপন ভূতা বিন্যামীনের গলে ধরিয়া রোদন করিল, এবং বিন্যামীন তাহার গলে ধরিয়া রোদন করিল। এবং যুবক অন্য ভূতাদিগকেও চুম্বন করিয়া তাহাদের গলে ধরিয়া রোদন করিল ; তখন তাহার ভূতগণ তাহার সহিত আলাপ করিতে লাগিল।

অপর যুবকের ভূতগণ আসিয়াছে, এই জন্মের ফিরোগের বাটাইতে হ্যাপ্ত হইলে ফিরোণ্ট ও তাহার ভূতগণ সকলে তুষ্ট হইল। এবং ফিরোণ্ট যুবকে কহিল, তুমি আপন ভূতাদিগকে কহ, তোমরা এই কর্ম কর, আপনাদের পশ্চগণেতে ছালা মিটাইয়। কিনারদেশে গিয়। আপনাদের পিতার সহিত সকল পরিবার আমার নিকটে লইয়। আইস। আমি তোমাদিগকে মিস্রদেশের উত্তম স্থান দিয়। দেশের উত্তম দুর্ব্য তোজন করাইব। এখন আমার আজ্ঞানুসারে এই কর্ম কর, তোমরা মিস্রহুত্তে শক্ট লইয়। গিয়। আপনাদের বালকদিগকে ও স্ত্রীলোকদিগকে ও আপনাদের পিতাকে লইয়। আইস। তাহাতে আপনাদের দুর্ব্যাদির বিষয়ে ভাবিত হইও না, সমুদয় মিস্রদেশের উত্তম ২ দুর্ব্য তোমাদের আছে। তাহাতে ইন্দুয়েসের পুত্রগণ তন্দনুসারে করিল, এবং যুবক ফিরোগের আজ্ঞানুসারে তাহাদিগকে শক্ট ও পাথেয় এবং প্রত্যেক জনকে পরিধেয় দুই ২ ঘোড়া বস্ত্র দিল, কিন্তু বিন্যামীনকে তিন শত রৌপ্যমুদ্রা ও পাঁচ ঘোড়া বস্ত্র দিল। এবং পিতার জন্যে মিস্রের উত্তম ২ দুর্ব্যেতে ভাবা-

ক্রান্ত দশ গৰ্দভ এবং পিতার পাথেয়ের জন্যে শস্য ও ঝটী ও অন্য ১
ভক্ষ্যদুব্যেতে ভারাক্রান্ত দশ গৰ্দভী পাঠাইল। এই রূপে ঘূষফ্র আপন
ভাস্তাদিগকে বিদায় করিলে তাহারা প্রস্থান করিল, এবং তাহাদিগকে
কহিল, সাবধান, পথে বিবাদ করিও না।

এই রূপে তাহারা মিসরুহইতে প্রস্থান করিয়া কিমানদেশে আপন
পিতা যাকুবের নিকটে উপস্থিত হইল। এবং তাহারা তাহাকে কচিল,
ঘূষফ্র আদ্যাবধি জোরৎ আছে, সে সমস্ত মিসরদেশের অধ্যক্ষ হইয়াছে।
এই কথাতে যাকুবের হৃদয় জড়ীভূত হইল, কারণ সে তাহাদিগকে
বিশ্বাস করিল না। তখন যে কথা ঘূষফ্র তাহাদিগকে কহিয়াছিল, সে
সকল তাহারা তাহাকে কহিল; তাহাতে সে যথন ঘূষফের প্রেরিত
সকল শকট দেখিল, তখন তাহার মন প্রফুল্ল হইল। তাহাতে ইসু-
য়েল কহিল, আমার পুত্র ঘূষফ্র আদ্যাবধি জীবিত আছে, এই যথেষ্ট;
আমি গিয়া মরণের পূর্বে তাহাকে দেখিব

7.—*History of Nabul.*

মাঝোন নিয়াসী কর্মসাধিকারী অতি মহান् এক মনুষ্য ছিল; তাহার
তিনি সহস্র মেষ ও এক সহস্র ছাগী ছিল। সেই মনুষ্যের নাম নাবল
ও তাহার স্তুর নাম অবীগহিল; ঔ স্তু উহম বুদ্ধিমতী ও সুবদনা
ছিল, কিন্তু ঐ পুরুষ জ্ঞানী ও মন্দকর্মকারী; সে কর্মিলে আঁদান
মেষের লোমচ্ছেদন করিতেছিল।

অপর নাবল আপন মেষের লোমচ্ছেদন করিতেছে, এই কথা
প্রাণুরমধ্যে দায়ুদ শুনিলে, সে আপনার দশ ঘূবকে প্রেরণ করিয়া
তাহাদিগকে কহিল, তোমরা কর্মিলে নাবলের নিকটে যাইয়া আমার
নাম কহিয়া তাহার কল্যাণ জিজ্ঞাসা কর, এবং তাহাকে এই কথা
কহ, চিরজীবী হও, তোমার ও তোমার বাঁটীর ও সর্বস্বের সর্বস্ব
মঙ্গল হউক। আমি শুনিলাম তোমার লোমচ্ছেদক আছে; এখন
আমাদের সহিত তোমার যে ২ মেষপাল ছিল, আমরা তাহাদের হিসা
করি নাই; এবং যাবৎ তাহারা কর্মিলে ছিল, তাবৎ তাহাদের কিছু
হারায় নাই। তোমার ঘূষদিগকে জিজ্ঞাসা কর; তাহারা তোমাকে
কহিবে; অতএব ঘূষগণ তোমার দৃষ্টিতে অনুগ্রহ পাউক, কেননা আমরা
শত দিবসে আইলাম; আমরা বিনয় করি, যাহা তোমার হস্তে আছে
তাহার কিছু আপন দাসদিগকে ও আপন পুত্র দায়ুদকে দিউন। তাহাতে
দায়ুদের ঘূষগণ যাইয়া দায়ুদের নাম করিয়া নাবলকে ঐ সকল কথা
কহিয়া নিখৃত হইল।

পরে নাবল দায়ুদের দাসদিগকে কহিল, দায়ুদ কে ? ও যিশয়ের পুত্র কে ? আপনাদের প্রভুকে ত্যাগ করিয়া যায়, এমত অনেক ২ ভৃত্য এই সময়ে আছে। এখন আমি কি আপনার রূটী ও জল ও আপন লোম-চ্ছেদকের জন্যে হত পশ্চ সইয়। অঙ্গাত কোথাকার লোকদিগকে দিব ? তাহাতে দায়ুদের ঘুবগণ আপন পথে পুনর্বার ফিরিয়া আসিয়া ঐ সমস্ত কথা তাহাকে কহিল। তাহাতে দায়ুদ আপন লোককে কহিল, প্রত্যেক জন খড়গ বাঁধ, তাহাতে প্রত্যেক জন আপন ২ খড়গ বাঁধিল, এবং দায়ুদও আপন খড়গ বাঁধিল। পরে দায়ুদের সহিত প্রায় চারি শত লোক গেল, এবং সৎস্থান রক্ষার্থে দুই শত মোক রহিল।

ইতিমধ্যে এক ঘুবদাস নাবলের ভার্যা অবীগয়িলকে কহিল, দেখ, দায়ুদ আমাদের কর্তৃকে নমস্কার করিতে প্রান্তরহইতে দুতগণকে পাঠাইল, তাহাতে আমাদের কর্তৃ তাহাদিগকে নিন্দা করিল ; সেই মোকেবা আমাদের বড় উপকারী ছিল ; যখন আমরা প্রান্তরে ছিলাম ও যাবৎ তাহাদের সহিত আমাদের পরিচয় হইল, তাবৎ আমাদের কিছু হিস্মা হয় নাই ও কিছু হারায় নাই। আমরা যেষ রক্ষা করিয়া তাহাদের সহিত যত কাল বাস করিলাম, তাবৎ তাহারা দিবারাত্রি আমাদের চতুর্দিশে প্রাচীরস্বরূপ ছিল। অতএব এখন তোমার কি কর্তব্য, তাহা বিবেচনা করিয়া দুঃখ, কেননা আমাদের কর্তৃর ও তাহার সমস্ত পরিজনের প্রতিকূলে অমঙ্গল হির হইয়াছে। সেও এমত দুশ্চরিত্ব যে কোন কেহ তাহার প্রতি কথা কহিতে পারে না।

অহাতে অবীগয়িল শীঘ্ৰ দুই শত রূটী ও দুই কুপা দুক্ষারুস ও পাঁচ প্রস্ত যেষ ও পাঁচ কাঠা ভাজা কলাই ও এক শত গুচ্ছ দুক্ষাফল ও দুই শত ডুমুৰচাক লইয়া গৰ্ভদের উপরে চাপাইল। এবং আপন দাসদিগকে কহিল, তোমরা আমার অগ্রে ২ চল ; দেখ, আমি তোমাদের পশ্চাত্য ২ যাইতেছি, কিন্তু ইহা সে আপন স্বামী নাবলকে জাত করিল না। পরে সে গৰ্ভভারচা হইয়া গমন করিয়া পর্বতের ধৃপ্ত পথ দিয়া যাইতেছিল ; ইতিমধ্যে দায়ুদ ও তাহার লোকেরা তাহার প্রতিকূলে যাইতেছে, ইহা দেখিয়া সে তাহাদের সহিত মিলিল। পূর্বে দায়ুদ কহিয়াছিল, এই ব্যক্তির প্রান্তরহিত সমস্ত বন্ধ আমি রক্ষা করিলাম, তাহার তাবৎ দুব্যের কিছু হারাইল না, এই কর্ম আমার দৃঢ়া হইল ; সে হিতের পরিবর্তে অহিত করিল। যদি আমি সূর্যোদয় পর্যন্ত তাহার পুরুষদের মধ্যে এক জনকেও রক্ষা করি, তবে পরমেশ্বর দায়ুদের প্রতি উদ্রিপ ও তাহার অধিকও করুন। পরে অবীগয়িল দায়ুদকে দেখিবামাত্র গৰ্ভভহইতে শৌগু নামিয়া দায়ুদের সমুখে পড়িয়া ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিল। এবং তাহার চরণে পড়িয়া কহিল, হে আমার প্রভো, এই অপরাধ আমার হইল, আমি বিমর্শ করি, আপনকার দাসীকে আপনকার

কর্ণগোচরে কথা কহিতে অনুমতি দিউন; আপনকার দাসীর কথা স্বন। আমি বিনয় করি, মেই দুষ্ট ব্যক্তিকে অর্থাৎ নাবলকে গণ্য করিও না; যেমন তাহার নাম উজ্জপ তাহার প্রণ ; তাহার নাম নাবল (অর্থাৎ মুখ) ও মৃত্যু তাহার অন্তরে আছে; কিন্তু আপনকার এই দাসী প্রভুর প্রেরিত যুবদিগকে দেখে নাই। তথাপি, হে আমার প্রভো, পরমেশ্বরের অমরতা ও আপনকার জীবৎ প্রাণের দিব্য করিয়া কহিতেছি, এখন রক্তপাত করিতে ও আপন হস্তব্রায়। আপন অপমানের প্রতিকার করিতে পরমেশ্বর আপনকাকে বারণ করিতেছেন; এখন আপনকার শৰূগুণ ও প্রভুর মন্দকারিগণ নাবলের সন্দৃশ হউক। ও আপনকার দাসীর আননিত এই উপটোকন আপনকার পশ্চাদ্গামি যুবদের কাছে দত্ত হউক। আমি বিনয় করি, আপনকার দাসীর অপরাধ ক্ষমা করুন, তাহাতে পরমেশ্বর আমার প্রভুর বৎশ স্থির করিবেন; কেননা আমার প্রভু পরমেশ্বরের পক্ষে যুক্ত করিয়া যাবজ্জীবন নির্দোষ হন। লোক উঠিয়া আপনকার তাড়না ও প্রাণ অন্তেবন করিতেছে, কিন্তু আপনকার প্রভু পরমেশ্বর আপন নিকটে জীবনরূপ বোঢ়কাতে আমার প্রভুর প্রাণকে বন্ধ করিবেন, এবং আপনকার শত্রুদের প্রাণ ফিঙ্গার ঘথ্যহইতে নিক্ষিপ্ত করিবেন। পরমেশ্বর আমার প্রভুর বিষয়ে যে সমস্ত মন্দলের কথা কহিবাছেন, তাহা বখন সফল করিয়া। আপনাকে ইস্তায়েল বৎশের উপরে রাজ্ঞিপদে নিযুক্ত করিবেন, তখন অকারণে রক্তপাত ও অপরাধির প্রতিফল দেওয়া। এই দুই বিষয় আমার প্রভুর শোকের ও দুঃখের কারণ হইবে না; কিন্তু যখন পরমেশ্বর আমার প্রভুর মঙ্গল করিবেন, তখন আপনকার এই দাসীকে স্বরূপ করিবেন।

পরে দায়ুদ অবীগয়িলকে কহিল, যিনি অদ্য আমার সহিত মাঝাং করিতে তোমাকে প্রেরণ করিলেন, ইস্তায়েলের সেই প্রভু পরমেশ্বর ধন্য। এবং তোমার পরামর্শ ধন্য, এবং রক্তপাত করণার্থে আগমনে ও আপন হস্তব্রায়। অন্যকে প্রতিফল দেওনে আমাকে নিবৃত্তকারিণী যে তুমি, তুমিও ধন্য। কেননা তোমাকে হিসা করণে আমাকে নিবৃত্তকারি যে ইস্তায়েলের প্রভু পরমেশ্বর, তাহার অমরতা দিব্য করিয়া কহিতেছি, যদি তুমি শীঘ্ৰ আমার সঙ্গে যিসিতে ন। আমিতা, তবে নাবলের গৃহে পুরুষদের মধ্যে এক জন প্রভাঃ পর্যন্ত অবশিষ্ট থাকিত ন। পরে দায়ুদ তাহার আননিত উপটোকন দুব্য তাহার হস্তহইতে লইয়া তাহাকে কহিল, তুমি আপন বাটীতে কুশলে যাও; দেখ, আমি তোমার কথায় মনোযোগ করিলাম ও তোমাকে গোহ্য করিলাম।

পরে অবীগয়িল নাবলের নিকটে আইল; তখন সে রাজ্ঞিভোজের

ন্যায় ভোজ করিতেছিল, তাহাতে নাবল অষ্টাকবরণের মত্তা প্রযুক্ত বড় আনন্দিত হইল; অতএব সে সূর্যোদয়ের পূর্বে ঐ বিষয়ের অপ্প বা অধিক কিছু তাহাকে কহিল না, কিন্তু প্রাতঃকালে নাবলের মত্তা ঘূঢ়িলে তাহার ভার্যা তাহাকে ত্রৈ সমষ্ট কথা জাও করিল; তাহাতে সে মৃতবৎ হইল ও প্রস্তরের ন্যায় স্তুত হইল। ইহার দশ দিন পরে পরমেশ্বর নাবলের প্রতি আঘাত করিলেন, তাহাতে সে মরিল।

8.—*The value of Wisdom.*

